শ্রীশঙ্করম্ ভান্থাৰলী-১য়

বেদান্ত-দর্শনের ইতিহাস

ওর ভাপ

"রাজনীতি", ''সবলতা ও ছুর্বলতা'', ''ক্**শ**তত্ত্ব" প্রভৃতি গ্রন্থ প্রণেতা

শ্রীমং স্বামী প্রজানানন্দ সরস্বতী প্রণীত

প্রথম সংস্করণ

>008

প্ৰকাশক

খীনিশিকাস্ত গলোপাধ্যায় এম, এ শ্রীশঙ্করমঠ, বরিশাল।

> কলিকাতা, ১নং রমানাথ মজুমদার ষ্ট্রীটস্থ শ্রীসরস্বতী যন্ত্রালয়ে শ্রীমহেন্দ্রনাথ দত্ত কর্তৃক মৃদ্রিত

> > প্রাপ্তিস্থান:—
> >
> > ১। শীশহরমঠ, বরিশাল।
> >
> > ২। সরম্বতী লাইবেরী
> >
> > ১নং রমানাথ মন্মুদার খ্রীট, কলিকাতা।



পরমারাধ্য গুরুদেব পরমহংস পরিব্রাজকার্য্য শ্রীম**্পঙ্করা-**নন্দ সরস্বভী মহারাজের পৃত চরণকমলে

প্রকাশকের নিবেদন

• ৺নারায়ণের অপার করুণায় আমরা "বেদান্ত-দর্শনের ইতিহাদ" এর
মৃদ্রাঙ্কন কার্য্য এই "তৃতীয় ভাগে" শেষ করিতে পারিলাম। এতদিন
আমাদের ঐকান্তিক চেষ্টা থাকা সত্তেও নানাপ্রকার অন্তরায় নিবন্ধন আমরা
এই গ্রন্থ সম্পূর্ণরূপে পাঠকমণ্ডলীব নিকট উপস্থিত করিতে পারি নাই।
বেদান্ত দর্শনের ইতিহাসের পাঠকগণ এই ভাগে গ্রন্থের পূর্ণতা দেখিতে
পাইবেন।

অনেকের অন্নরোধে গ্রন্থের শেষে আমবা গ্রন্থকার স্বামীজির সংক্ষিপ্ত জীবনী সংযোজিত করিয়া দিলান, সংক্ষিপ্ত হইলেও, ইহা পাঠে পাঠকগণ বৃঝিতে পারিবেন, গ্রন্থবার কত অন্তবাদ্ধের মধ্যে থাকিয়া এই স্থর্থ গ্রন্থ প্রশাসন করিয়াছেন; তাহার উপর আমাদের ছুর্ভাগ্য যে অন্তরীন-মৃক্ত হইয়া স্বামিজী এই গ্রন্থ দ্বিতীয়বার দেখিবার অবকাশ পান নাই—ছুরন্থ কাল তাহাকে আমাদিগের মধ্য হইতে অপ্যারিত করিয়াছে! স্থতরাং স্বামীজির অভাবে এই গ্রন্থ প্রকাশ করিতে আমাদেব যে কত অস্থ্যবিধা ভোগ করিতে হইয়াছে তাহা সহজেই অন্থমেয়।

শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ ঘোষ মহাশয় এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় ভাগের সম্পাদনের ভার গ্রহণ করিয়া আমাদিগকে বিশেষভাবে অন্তর্গৃহীত করিয়াছেন। উপযুক্ত অবসরের অভাবে তিনি এই থণ্ডের সম্পাদনের কার্য্য করিতে অপারগ হইযাছেন। ৺কাশী কুইন্স কলেজের অধ্যক্ষ (Principal, Queen's College, Benares) শ্রীযুক্ত গে:পীনাথ কবিরাজ এম, এ, মহোদয় যথেষ্ট পরিশ্রম স্বীকার করিয়া এই ভাগের পাণ্ডুলিপি দেখিলা আমাদিগকে বিশেষভাবে সহায়তা করিয়াছেন। এইজন্ম আমরা তাঁহার নিকট চিরক্ত জ্ঞার বিলোম। এই গ্রন্থ প্রকাশে গোণীবার আমাদিগকে বিশেষভাবে উৎসাহিত করিয়াছেন।

হৃংথের বিষয় এই গ্রন্থ মধ্যে অনেক মুদ্রান্ধনের ভুল এবং বিচ্যুতি হইয়াছে, স্থামগুলী অবসর দিলে আমরা পরবর্তী সংস্করণে ঐ ভূল-বিচ্যুতি সংশোধন করিয়া লইব।

'উনবিংশ শতান্ধী—প্রথম বিশেয়ত্ব'-অধ্যায়ে বান্ধালা এবং হিন্দী ভাষায় যে সকল বেদান্ত-গ্রন্থ অন্দিত ও বিরচিত হইয়াছে তাহার কতক বইএর নাম ঐ অধ্যায়ের পাদটীকায় প্রদান না করিয়া গ্রন্থণেষে 'পরিশিষ্টে' প্রদান কর। হইল। সম্পূর্ণ বইএর তালিকা দেওয়া সম্ভবপর হয় নাই।

শ্রীশঙ্করমঠ	7	ইতি—
ব্রিশাল ২২শে ভাদ্র ১৩৩৪ স	न। }	প্রকাপক।

স্থ**্রচীপত্র** ষোড়শ শতাব্দী ৬৬২–৭**৫৭**

বিষয়			পৃষ্ঠা
আচাৰ্য্য শ্ৰীঅপ্লয়দীক্ষিত		•••	686
অপ্লয় দীক্ষিতের মতবাদ			१०७
অপ্নয় দীক্ষিতের গ্রন্থের বিবরণ	•••		477
অলস্কার শান্ত্রে—কু বলয়ানন্দ, চিত্র-মীমা	ংসা · · ·	•••	475
রুত্তিবার্ত্তিকম্, নাম-সংগ্রহমান	71	•••	970
ব্যাকরণে—নক্ষত্রবাদাবলী বা পাণিনিতঃ	ন্ত্ৰবাদ নক্ষত্ৰবাদ	ন্মালা,	
প্রাকৃত চন্দ্রিকা	•••	•••	970
মীমাংসায়—চিত্রপুট, বিধিরসায়ন	•••	•••	950
স্থাপোদ্ধনী, উপক্রম-পর	গাক্রম, বাদনশ	ত্র-নালা	958
বেদান্তে—পরিমল	•••	•••	958
ন্তায়রক্ষামণি, দিদ্ধান্তলেশসংগ্র	হ, মতসারার্থ	ং গ্ৰ হ	956
শঙ্করমতে—নয়মঞ্জরী	•••	•••	950
মধ্বমতে—ভায়ম্কাবলী	•••	•••	976
রা মান্তজমতে— নয়মযুখমালিকা	•••	•••	956
ত্রীকণ্ঠমতে—শিবার্কমণিদীপিকা, রত্নত	য়ে পরীক্ষা	•••	१५७
শৈবমতে—মণিমালিকা		•••	936
শিখরিণীমালা, শিবতত্তবিবেক,	ব্ৰন্মতর্কস্তব,	শিবকর্ণামৃত	¥,
রামায়ণতাংপর্য্য-সংগ্রহ, ভারততাংগ	ার্য্য-সংগ্রহ, ি	ণবাদৈতবিনিণ	য়,
শিবাৰ্চ্চনা-চন্দ্ৰিকা, শিবধ্যান-পদ্ধতি	•••	•••	959
আদিত্যন্তবর্ত্ব, মধ্বতন্ত্রম্থমর্দন, যা	দবাভ্যুদরের ভ	গ্ৰা …	924
মন্তব্য	•••	•••	926
আচার্য্য ভট্টোজি-দৌক্ষিত	•••	•••	92
জ্ঞান্তার্ক্য সদাপির ব্রক্ষেত্র	***	***	933

বিষয়			পৃষ্ঠা
আচাৰ্য্য নীলকই সূবি	•••	•••	१२२
আচাৰ্য্য সদানন্দ যোগীক্ৰ	•••	•••	१२७
আচার্য্য হুসিংহ সরস্বভী	•••	•••	१२६
দোদ্দয় মহাচার্য্য রামানুজ দা	P	•••	१२७
মহাচার্য্যের গ্রন্থের বিবরণ	•••	•••	१२१
চণ্ডমারুত, অদৈত্বিভা-বিজয়, পরিকরবিজয়	•••	•••	929
পারাশর্য্য-বিজয়, ব্রন্ধবিভা-বিজয়, ব্রহ্মসত্র-ভার	ষ্যোপন্তাদ, বে	দান্ত-বিজয়,	٠.
সদ্বিভা-বিজয়	•••	•••	१२४
উপনিষদ্—মঙ্গলদীপিকা	•••		9 5 %
স্থদর্শন: গুরু	•••	•••	१२२
আচার্ব্য ব্যাসরাজ স্বামী	•••	•••	१२२
ব্যাসরাজৃস্বামীর গ্রন্থের বিবরণ	e - s	•…	905
ন্তায়ামৃত, তাৎপর্যাচন্দ্রিকা, ভেদোজ্জীবন	•••	•••	१७১
ব্যাসরাজ স্বামীর মতবাদ	•••	•••	৭৩২
প্রথম নিক্জি, দিতীয় নিক্জি	•••	•••	१७७
তৃতীয় মিথ্যাত্ম নিক্ষক্তি	•••	•••	৭৩৪
চতুর্থ নিরুক্তি, পঞ্চম নিরুক্তি	•••	•••	900
মিথ্যাত্ত মিথ্যাত্ত নিক্জি, দৃশুত্ত নিক্জি, জড	ত্ব নিক্তি	•••	٩٠٥ ٩
পরিচ্ছিন্নত্ব নিরুক্তি, অংশিত্ব নিরুক্তি	•••	•••	१७४
ম্ন্তুব্য	•••	•••	902
আচাৰ্য্য বিজ্ঞানভিক্ষু	•••	•••	98•
বিজ্ঞানভিক্ষুর গ্রন্থের বিবরণ		•••	৭৪৩
বেদান্তমতে— উপদেশ রত্মালা, বিজ্ঞানায়	্যত ভাষ্য, গীৰ্	হাভাষ্য,	
উপনিষদ ভাষ্য	•••	•••	৭৪৩
সাংখ্যমতে—সাংখ্যপ্রবচন ভাষ্য	•••	•••	984
সাংখ্যদার	•••	•••	988
যোগশাস্ত্রে—যোগবার্ত্তিক	•••	•••	998
বিজ্ঞানভিক্ষর মতবাদ	•••	•••	988

কাশ্মীরক সদানন্দ যতি

337712

25P 25P

শ্ৰীসৎ ব্ৰহ্মানন	<i>হ</i> স র স্থভ	-		9 3 9
ব্যাস রামাচার্য	-			৮০১
শ্রীসৎ রাহ্যবেত	হু স্থাহ্নী -			b • 8
তাঁহার গ্রন্থের বি	বরণ	•••		b.08
তত্ত্বোছোত টীকার	ব বৃত্তি, ভাষ	কল্পলতার বৃত্তি,		
তত্বপ্রকাশিকার বুর্গি	ত্ত ভাবদীপ,	বাদাবলীর টীকা	,	
মন্ত্রার্থমঞ্জরী, তত্ত্বমঞ্	এরী			b · 8
গীতাবির্তি , ঈশ,	কঠ, প্ৰশ্ন, মুগু	8ক,		••
ছান্দোগ্য,তৈত্তিরীয়	া উপনিষদের	২তার্থ ~	_	∀• ¢
শ্ৰীনিবাস আচ	恒 ())		-	ь 😘
», »,	(२)			৮০৭
" "	(0)	-	_	609
বুচ্চি বেঙ্কটাচ	ৰ্হ্য			۲۲۶
ব্ৰজনাথ ভট্ট				७ ५२
সপ্তদশ শতাকীর উ	শসংহার		•••	৮১৩
অষ্টাদশ শতাব্দীর উ	পক্র ম		•••	۶,78

অফ্টাদশ শতাব্দী ৮১৬-৮৫২

আচাৰ্য	–বেদেশ ভীর্থ	F >6
>>	শ্রীনিবাস ভীথ	৮১৭
27	অচ্যুত ক্ষয়ানন্দ তীর্থ	४८ ४
>>	মহাদেব সরস্ভী	४ २∙
>>	সদাশিবেক্ত সরস্ভী	৮২২
আত্মবিভানি	বলাস, কবিতা কল্পেলী, অবৈতেবসমঞ্জী	৮ २७
আভাৰ্যা	ডায়ন্নদীকিত	१८ इ
গোষাম	ী পুরুবেষাত্তম <i>জ</i> ী মহারাজ	b30
<u>ই</u> গ্রীনিবা:	দ দৌ ক্ষিত	۲۵۷
আচার্হ	্য বিশ্বনাথ চক্রবত্তী	৮ ७३
আচাৰ	্য বলদেৰ বিভাভূষণ	F 30

বিষয়			পৃষ্ঠা
বলদেবের গ্রন্থের বিবরণ	•••	•••	b-08
গোবিন্দভাষ্য, সিদ্ধান্তরত্ন বা ভাষ্যপীঠক			F08
প্রমেয় রত্নাবলী, গীতাভাষ্য, বেদাস্ত স	যুমস্তক, উ পনিষ	ा न्	
ভাষ্য, গুৱাবলী টীকা, বিষ্ণুসহস্ৰনাম ভাষ্য			poe
আচার্য্য বলদেবের মতবাদ	•••	•••	406
অধিকারী	•••	•••	৮৩৭
সম্বন্ধ	•••	•••	च्य
বিষয়, প্রয়োজন, ত্রন্দ	•••	•••	६०४
ব্ৰহ্ম ও জগৎ	•••	•••	₽8∘
জীব, মৃক্তি	•••	•••	⊁ 8≷
প্রকৃতি			⊁ 8৩
কাল, কশ্ম, তত্ত্বমসিবাক্য, সাধন	_		▶88
ব্রহ্মবিভায় শৃদ্রাধিকার, ভক্তি	****	_	₽8€
বলদেবের মতের সারার্থ সংক্ষেপ	•••	•••	⊬8 &
মন্তব্য	•••	•••	৮8 9
ইউরোপীয় পগুভ–সার উ	ইলিয়ুম্ (১	কা ন্ স	F85
অষ্টাদশ শতাব্দীর উপসংহার	•••	•••	⊬8 ≥
উনবিংশ শতাব্দীর উপক্রম	•••		ba•
উনবিংশ শতাকী	 ►&૭-	- ৮१ ٩	
প্রথম বিশেষত্ব–বঙ্গভাষা			b10
হিন্দীভাষা	-		b@8
দ্রিভীয় বিশেষত্র – ইউরোপীয় পা	ত্তিতগণ—		৮৫৬
কোল্কক্, উইল্নন্			ba9
চাল্ म উইল্কিন্স, রোয়ার, কাওয়েল, ব	ৎলিঙ্—		b @b
অধ্যাপক মোক্ষমূলার	_	_	469
ডেসেন্	_		৮৬০

বিষয়			ઝ ક્રી
अस्त्रवात्, भारव	_		৮৬২
থিবে৷			७७७
কৰ্ণেল্ ক্ষেক্			F68
গফ্			৮৬৫
বেনিস্, ডেভিস্. দার উইলিয়ম্ জোন্স্		_	৮১৩
কোশিন্	_	_	b19
ত্বিভীয় বিশেষত্ব– দেশীয় পণ্ডিতগণ	-		b .0p
ভূ <mark>তীয় বিশেষত্ব—ধর্ম</mark> দমাজের আ	বৰ্ভাব — ব্ৰা	ন্ধসমাজ	৮৭০
থিয়দফি	_	_	642
আৰ্য্যসমাজ	-	-	b98
চতুৰ্থ বিশেষত্ব— শাস্ত্ৰের প্ৰচার	-	_	998
উপসংহার–	-	_	৮৭৭
পরিশিষ্ট			
বৰ্ণাস্থক্ৰমে বিশদস্চী			
গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী			

আচার্যা এঅপ্রয়দীক্ষিত।

(১৫৫०— ১৬২২ शृःखक)

অপ্লয়দীক্ষিত অধৈতবাদী আচার্যাগণের মধ্যে একজন প্রধানতম আচার্যা। ইনি..একাধারে আলম্বারিক, বৈয়াকরণ ও দার্শনিক। ইনি তার্কিকের চক্রবর্ত্তী, সর্ব্বতন্ত্র-স্বতন্ত্র। সাহিত্যের ক্ষেত্রে ইহার স্থান অতি উচ্চে। কেবল ভারতীয় সাহিত্যে নহে, বিশ্বসাহিত্যেই ইহার প্রভাব স্থপরিক্ট। বান্তবিক ষোড়শ শতাকী অপ্লয়দীক্ষিতের স্থায় মনীধীর আধবিভাবে ধন্ত হইয়াছে। মোগল-সমাট আকবরের শাসনকাল হইতে শাহজাহানের শাসন-কাল পর্যান্ত এই একশত বৎসর (১৫৫৬—১৬৫৮ গুঃঅব্দ) ভারতীয় সাহিত্যের সর্বক্ষেত্রেই মনীয়িগণ আপন প্রতিভা প্রদর্শন করিয়াছেন। অলঙ্কার, ব্যাকরণ, কাব্য, নাটক ও দার্শনিক গ্রন্থের এই সময়ে সবিশেষ বিস্তার ও প্রতিপত্তি হইয়াছে। বোধ হয় রাজনৈতিক স্থশাসন গুণে সাহিত্যের এক্নপ শীবৃদ্ধি হইয়াছে। অপ্লয়দীক্ষিত আকবর ও জাহাবিরের সমসাময়িক। ১৫৫০ খৃষ্টাব্দে দীক্ষিতের জন্ম হয় এবং ৭২ বৎসর বয়সে ১৬২২ খুষ্টাব্দে তাঁহার দেহান্ত হয়। এই অনতিদীর্ঘজীবনে সাহিত্যের রাজ্যে দীক্ষিত যে প্রতিভা প্রদর্শন করিয়াছেন, বাস্তবিক তাহা অতুলনীয়। **দীক্ষিতের জীবন আলোচ**না করিতে হইলেই বিশ্বয়ে হৃদর পুলকিত হয়। সসম্মানে তাঁহার অসাধারণ মনীযার বিষয় স্মরণ করিতে হয়।

দীক্ষিতের পিতামহ অন্বিতীয় পণ্ডিত আচার্য্য দীক্ষিত। ইনিই বক্ষঃস্থলাচার্য্য নামে পরিচিত ও বিজয়নগর-রাজ কৃষ্ণদেবের সমসাময়িক। দীক্ষিতের
পিতাও যোড়শ শতাব্দীর প্রথমভাগে বর্ত্তমান ছিলেন। দীক্ষিত তাঁহারই
নিকট শিক্ষা প্রাপ্ত হন। দীক্ষিতের পিতার নাম রঙ্গরাজাধ্বরি। তিনি
অবৈতবাদী ছিলেন। তাঁহার কৃত অবৈত-বিছা-মুকুর ও বিবরণ-দর্পণ প্রভৃতি
গ্রন্থ অতি প্রামাণিক। রঙ্গরাজের তুই পুত্র। প্রথম অপ্নয়নীক্ষিত, দিতীয়
অচ্চানদীক্ষিত। ইহার পৌত্র নীলকণ্ঠ দীক্ষিত। নীলকণ্ঠ বিজয়চম্পু প্রভৃতি
স্ববিখ্যাত গ্রন্থেব গ্রন্থকাব।

দীক্ষিতের স্থলনাম অপ্লয়দীক্ষিত। সাধারণ ভাবে তাঁহাকে অপ্লয়া দীক্ষিতও বলাহ্য। তিনি কোনও স্থলে অপ্লয়দীক্ষিত, কোণাও বা অপ্লয় দীক্ষিত নামে অভিহিত হইয়াছেন। "পরিমলে" তিনি আপনাকে অপ্লয়দীক্ষিত লিথিয়াছেন। নীলক্ষ্ঠ দীক্ষিত, সমরপূস্পব দীক্ষিত, গঙ্গাধর বাজপেষীক্ষা এবং জগ্লাথ পণ্ডিতরাজ তাঁহাকে কথনও অপ্লয় বা কথনও অপ্লয়দীক্ষিত নামে অভিহিত করিয়াছেন। বোধ হ্য ছন্দেব সৌক্ষ্যাথ একপ্লইষাছে। পিতার প্রতি দীক্ষিতের প্রগাচ শ্রদ্ধা ছিল। "শিবতত্ত্ব-বিবেশে" নামক নিবন্ধে তিনি ওকর সম্বন্ধে লিথিয়াছেন—

"সর্ববিদ্যা লভোপন্ন পাবিজাত মহীরুহান্। মহাগুরুন্নমন্তামি সাদরং সর্ববৈদসঃ॥"

আবার " সিদ্ধান্তলেশ-সংগ্রহে " পিতাকেই গুরুরূপে উল্লেখ করিয়াছেন—

'' তুনু লানিহ সংগ্ৰেংণ কতিচিৎ সিন্ধান্ত ভেদান্ ধিয়ঃ

শুদ্রৈ সম্বলয়ামি তাত চবণ ব্যাখ্যা বচঃ খ্যাপিতান ॥ "

পিতার অসাধারণ বিভাবত। ও আধ্যাত্মিকতার বিষয় "পবিনলে" ও লিপিবদ্ধ করিয়াছেন (রঙ্গরাজাধ্বরির বিবরণ ৬৯৫ পুঃ দ্রপ্টব্য)।

দীক্ষিত পিতার নিকট অবৈতবাদে শিক্ষিত হন। তাঁহার পিতামহও অবৈতবাদী। রঙ্গরাজ পুলকে নিওণি ব্রহ্মবাদে অভিষিক্ত করেন। দীক্ষিত নিওণি ব্রহ্মবাদে শিক্ষিত হইলেও তাঁহাব শিবভক্তি অসামান্ত ছিল। শিশুকাল হইতেই তিনি শিবপ্রেমিক ছিলেন।

পিতার নিকট সর্বাশাস্ত্র অধ্যয়ন করিয়া তিনি স্পণ্ডিত হইলেন।
শিবপ্রেমে তাঁহার কদম ভরপুর হইল। তিনি শৈবমত সম্থাপিত করিবার জন্ত নিবন্ধাদি প্রণয়ন করিতে লাগিলেন। "শিবতত্ত্ব-বিবেক" প্রভৃতি তাহার প্রথম রচনা। এই সকল গ্রন্থে তিনি যেরপে পাণ্ডিত্যের স্কুচনা প্রদর্শন করিয়াছেন, তাহাই তাঁহার ভবিশ্বং জীবনের সাধনার অপ্রদৃত।

যথন তিনি এইরূপে শৈব সম্প্রদাযের প্রতিষ্ঠাম্লক গ্রন্থ রচনায় ব্যপ্ত, তথন ভেদধিকার ও অবৈত্দীপিকাকার নৃদিংহাশ্রম তাঁহার নিকট উপস্থিত হন—ইতিবৃত্ত বলে ইহা জানিতে পারা যায়। দীক্ষিতের ক্যায় মনীয়া আলস্থে ব্যয়িত হইতেছে দেখিয়া নশ্মদার আশ্রম হইতে নৃদিংহ স্থামী তাহার নিক্ট উপস্থিত হইলেন এবং তাহার পিতার বিভাবত্তার বিষয় তাহার শ্বতিপথে সমুদিত করিলেন। নৃদিংহ স্থামীর এই প্রবর্তনা তাঁহাকে শাস্ত্র-চর্চায় উদ্ধন্ধ কারল।

তিনি "পরিমল" "ক্যায়রক্ষামণি" দিদ্ধান্তলেশ-সংগ্রহ" প্রভৃতি গ্রন্থ রচনা করিলেন। এতদ্বিষয়ে ইতিবৃত্ত বোধ হয় প্রামাণিক। কারণ, "পরিমলের" প্রারম্ভ-শ্লোকে দীক্ষিত লিখিয়াছেন যে, গুরুর প্রদত্ত শিক্ষা তিনি ভূলিয়া গিয়াছিলেন: কিন্তু মহাপুরুষের উদ্দীপনায় উহা লিখিতে প্রবর্ত্তিত হইলেন—

" শুকুভিকপদিষ্টমথং বিশ্বতমপিতত্রবোধিতং প্রাক্তৈঃ। অবলয়্য শিব্যধীতান্ যথামতি ব্যাকরোমি কল্লতক্ষ্॥"

দীক্ষিতের পাণ্ডিত্য ও আধ্যাত্মিক মহত্বের বিবরণ চতুর্দিকে প্রচারিত হইলু। তাঁহার পিতামহ বিজয়নগর-রাজ ক্ষণেবের আশ্রিত ছিলেন। বিজ্যনগর-রাজ্পণের মধ্যে কম্ফদের একজন প্রধান রাজা। বিজ্যনগর রাজ্য ১৫৬৫ খুঃঅবেদ তেলিকোটার যুদ্ধে একপ্রকার বিধ্বন্ত হইল। তথন দীক্ষিতের বয়স ১৫ বংসর। বিজয়নগর রাজ্য ধ্বংসোম্মুখ হইলে এক নৃতন বংশের উদ্ব হয়। ইহারই নাম তৃতীয বংশ। এই বংশের রাজগণ প্রায় শতান্দী-কাল রাজত্ব করেন। স্থপ্রসিদ্ধ ভাতৃত্তয় রামরাজা, তিরুমলইরাজা এবং বেফটাদ্রি, বিজয়নগরে দ্বিতীয় বংশের শেষ রাজ্বয় অচ্যুতরাজ ও সদাশিবের রাজ্যকালে যথেষ্ট শক্তিলাভ করেন। প্রকৃত প্রস্তাবে তাহারাই রাজ। ছিলেন এবং অচ্যুত ও সদাশিব নামে মাত্র ভূপতি ছিলেন। রামরাজ ও তিরুমলই কুঞ্চদেব-রাজের তিরুমলামা ও বেঙ্গলানামী কক্সাদ্ব্যকে বিবাহ করেন। অচ্যত ১৫৩০ হইতে ১৫৪১—৪২ খৃঃ অব্দ প্যান্ত রাজত্ব করেন। সদাশিব ১৫৪২ হইতে ১৫৬৭ খু: অবদ প্র্যান্ত রাজ্য ভোগ করিয়া ছিলেন। রামরাজ ও বেঙ্কটাদ্রি তেলিকোটার যুদ্ধে নিহত হন। ভাতৃত্যের মধ্যে একমাত্র তিক্ষলই বাচিয়া ছিলেন। ১৫৬৫ খঃ অৰু হইতে ১৫৬৭ খঃ অৰু প্ৰয়ন্ত তিনি সদাশিবকে নামে মাত্ৰ সমাট বলিয়া অঙ্গীকার করেন এবং ১৫৬৮ খৃঃ অবেদ তিনি সদাশিবকে হত্যা করিয়া শিংহাসন অধিকার করিলেন। তিক্নমলইর চারিপুত্র হয়। ১৫৭৪ খৃষ্টান্ধে তাঁহার মৃত্যুতে দিতীয় পুত্র দিতীয় রঙ্গ দিংহাদনে অধিরোহণ করেন এবং ১৫৮৫ খৃষ্টান্দ পর্যান্ত রাজ্য শাসন করেন। সর্ব্ব-কনিষ্ঠ প্রথম বেঙ্কট অথবা বেশ্বটপতি তৎপরে রাজ। হন এবং ১৬১৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত বিজয়নগরের অধীশ্বর ছিলেন। Mr. Robert Sewell সাহেবের "A forgotten Empire " নামক গ্রন্থ হইতে এই বংশাবলী সন্ধলিত হইল। তিনি তাঁহার প্রাবৃতাত্তে (Antiquities) ভিন্নবক্ম বংশাবলী প্রদান করিয়াছেন।

দে স্থলে তিরুমলই বা তিম্মকে রামরাজার পুত্ররূপে গ্রহণ করিয়াছেন। দীক্ষিত প্রণীত যাদবাভাদাের ভাষ্যে রামরাজা, তিমরাজা এবং চিন্নতিম্মের পরম্পরা উল্লেখ আছে। * তিম তেলেগু ভাষায় তিরুমলইর অন্তনাম। এই শ্লোকগুলিতে তিম্মের থেরূপ উল্লেখ রহিয়াছে, তাহাতে তাঁহাকে রামরাজার পুত্র বলিয়াই মনে হয়। অক্তরূপেও ব্যাখ্যা করা ঘাইতে পারে, অর্থাৎ তিম রামরাজার ভ্রাতাও হইতে পারেন। তাহাতে Sewell সাহেবের " A forgotten Empire" এর বিবরণের সহিত মিল থাকে। চিন্নতিম্মই দ্বিতীয় রঙ্গ। তিনি তিরুমলইর পুত্র ও তৎপরবত্তী রাজা। সম্ভবতঃ তিম্মের পুত্রই সাধারণভাবে চিন্নতিম্মনামে অভিহিত হইত। যাদ্বাভাদয়ের ভাষ্য **চিন্নতিম্মের অন্নরোধে** কৃত হয়। দীক্ষিত পরিবার বহুদিন **হইতেই** বিজয-নগর-রাজপরিবারের আশ্রিত। যথন তিম্ম ১৫৬৭ খুষ্টাব্দে রাজা হন, তথন দীক্ষিতের বয়স ১৭ বৎসর মাত্র। তথনই তাহার বিভার প্রভায দশদিক আলোকিত হইতেছিল। যথন চিন্নতিমা পিতৃসিংহাসনে অধিরোহণ করেন, তথন দীক্ষিতের বয়স ২৫ বংসর এবং যথন বেঙ্কটপতি রাজা হন, তথন **দীক্ষিতের বয়দ ৩৬ বংসর। বেঙ্কটপতির মৃত্যুকালে দীক্ষিত ৬**৪ ব**ংসর ব**য়ঙ্গ বৃদ্ধ। ১৬১৪ খৃঃঅবেদ বেশ্বটপতির মৃত্যু হয়। দীক্ষিত বিজ্যনগর রাজ্যের পর পর তিন জন রাজার সভাপণ্ডিত ছিলেন। তংপ্রণীত "কুবলয়ানন্দের" শেষে তিনি বলিতেছেন—

> " অমুংকুবলয়ানন্দমকরোদপ্পয়দীক্ষিতঃ। নিয়োগাদ বেশ্বটপতেঃ নিকুপাধিকুপানিধেঃ॥"

এতদ্ব ষ্টে প্রাতীয়মান হয় ''কুবলয়ানন্দ" বেশ্বটপতির রাজ্যকালে বিরচিত হয়। "শিবার্কমণিদীপিকায়" দীক্ষিত চিন্নবোশ্বকে আপনার আশ্রয়দাত।

* "বংশে মহতি হ্ববাংশোঃ পাভুহতপ্রববচরিত পবিপূতে।
 আসীদপার মহিনা মহীবরো রামরাজ ইতি ॥
 উদপাদি তিশ্মরাজ স্তত্যেস্ব্বেরিব হ্ববাময়ান্ মণিরাজঃ ।
 ১৮রক্সং মুরারেগমলং চক্রে প্রভেব গোপী দেবা ॥
 রাঞ্চিরেয় হুচিরংধুরিস্তিতঃ সত্যসকানাম্ ।
 আরাধ্য বেল্কটেশ্রমলভত লোকোওরান্ পূলান্ ॥
 তের্ মহিতের্ জয়তি ত্রিদিবাধীশের্ পল্লবন্ধরিব ।
 শ্রীচিরতিশ্বরাজঃ প্রতাপনীরাজিতক্ষমাবলয়ঃ ॥ "
 (যাদবাভ্যদয়-ভাষ্য-ভাষ্য-প্রারম্ভ ~২—৫ শ্লোক)

রূপে উল্লেখ করিয়াছেন। চিন্নবোম্মের অন্ধ্রোধে গ্রন্থ রচিত হয়।*
এই স্লোকের পরবর্তী স্লোকে চিন্নবোম্মের গুণাবলী বির্ত ইইয়াছে।
কিন্তু কোন কোনও হস্ত লিখিত পুস্তকে এই শ্লোকটা পাওয়া যায় না প
তবে তৎপরবর্তী স্লোকটা সকল পুর্যিতেই পাওয়া যায়। গুলমরপুস্বব
দীক্ষিত সঙ্গাধর বাজপেয়াজির পিতামহ। তিনি "কুবলয়ানন্দের" রসিক-রিজনী
নামক টাকা রচনা করেন। বিসক-রিজনীতে সমরপুস্বব মহাশয় লিথিয়াছেন
যে, তাহার ভ্রাতা বেদান্তে দীক্ষিতের শিশু ছিলেন। তিনি "বাতা-প্রবন্ধে"
লিথিয়াছেন—চিন্নবোম্ম তাহার স্বর্ণাভিষেকে দীক্ষিতকে স্বর্ণদারা আর্ত
করিয়াছিলেন। তিনি বলেন—

" হেমাভিষেকসময়ে পরিতোনিষ্
সৌবর্ণ সংহতিমিধাচিক্সবোক্ষ ভূপঃ।
অপ্লয়দীক্ষিত মণেরণবছাবিছা।
কল্পড্রমান্ত কুকুতে কনকালবালম॥"

সম্ভবতঃ এই চিন্নবোম্মই চিন্নটিম। বিজয়নগর-রাজ অচ্যুতরাজ দেবের সময় গণ্টুরের (Guntur) নিকট শ্রীমান্ মল্লয় চিন্নবোম্ম একখানি শিলালিপি খোদিত করেন। এই চিন্নবোম্ম বোধ হয় বিজয়নগরের সামন্তরাজ ছিলেন। যদিও নামের সাম্য আছে, কিন্তু কালের সাম্য নাই। কারণ, অচ্যুতরাজ দীক্ষিতের প্রবেতী। স্বতরাং দীক্ষিতের আশ্রয়দাতা চিন্নবোম্ম ও অচ্যুতরাজের সমকালিক চিন্নবোম্ম পৃথক্ ব্যক্তি। অতএব চিন্নবোম্ম ও চিন্নটিম্মকে অভিন্ন বলিয়া গ্রহণ করাই সম্পত। চিন্নটিম্ম বা দ্বিতীয় রঙ্গের সময়ে (১৫৭৪—১৫৮৫ খৃঃঅব্দে) শিবাক্মণি-দীপিক। বিরচিত হয়।

"ভাষ্যমেতদনখং বিবৃদ্ধিতি স্বপ্তজাগরণয়োঃ সমংপ্রভুঃ।
 চিন্নবোম্ম নৃপরপভৃৎস্বয়ং মাংনায়ু৻্ক মহিলাধবিগ্রহঃ॥"
 (শিবাকমণি-দীপিক।— ১ পৃঃ)

় শ শ্রীচিন্নবোম্মনুপতিঃ শ্রিতপারিজাতঃ সর্ববাস্থান। পশুপতিং শরণংপ্রপন্নঃ। যঃ সার্ববভৌন পদবীমধিগন্য ধীবস্তং পূজ্যৈর মন্ত্রতে সফলত্বসদ্যাঃ।। " (শিবাক্মণি-দীপিকা ১—২)

্ '' অস্য ক্ষিতীশিতুর পারগুণাসুরাশেরষ্টাস্থদিকু বিতভোজ্জিত শাসনস্ত। অন্তঃ সদৈব বসত। বিভুনা নিযুক্তো ভাষ্যং যথামতিবলং বিশদীকরোমি।। '' দীক্ষিত যে বিজয়নগর রাজবংশের সন্মানাহ ব্যক্তি ছিলেন, তদ্বিয়য়ে সংশয় নাই। রাজগণের আশ্রয়ে থাকিয়া তাহার অর্থের অভাব হয় নাই। তাই তিনি নানারূপ য়জ্ঞ সম্পাদন করিয়াছেন। তিনি অতিশয় দয়ালু ছিলেন। য়জ্ঞার্থ পশু হত্যাকালেও তাহার হৃদয় দ্বীভৃত হইত। তংকুত সমস্ত গ্রেই তাহার সহামুভৃতিস্চক চিত্তবৃত্তিব প্রিচয় পাওয়া য়ায়।

দিদ্ধান্তকৌমুদীকাব ভট্টোজিদীক্ষিত অপ্নয়দীক্ষিতকে ওরুরপে বরণ করেন। উভয়ে কিছুকাল বারানসীতে বাস করিয়াছিলেন। দীক্ষিতের গুণ-মুগ্ধ ভট্টোজি তাহার চরণপ্রান্তে উপবেশন করিয়া ব্রহ্মস্থ ও অপ্নয়দীক্ষিত বিরচিত অন্যান্ত গ্রন্থ অধ্যয়ন করেন। ভট্টোজি তৎপ্রদীত "তত্ত্বকৌস্কতে" অপ্লয়দীক্ষিত প্রদীত "মধ্বতন্ত্রমুখ্যদ্দন" নামক গ্রন্থ হইতে বাকা উদ্ধৃত করিয়াছেন।

ভটোজি বিষ্ণুভক্ত ছিলেন। * অপ্নয়দীক্ষিতের স্থানের উদাবতঃ
দেখিয়াই বাধ হয় ভটোজি বিষ্ণুভক্ত হইলেও শিবভক্তকে গুক্তরূপে বরণ
করেন। আমাদেব মনে হয উভ্যেই শাস্ত্রজ্ঞ। তাহাদের পক্ষে শিব আর
বিষ্ণুর অভিন্নতা জ্ঞান থাকাই সম্ভবপর। স্ত্রাং শিবভক্তের শিগান গ্রহণ
স্বিশেষ আশ্চর্যোর বিষয় নহে।

দীক্ষিতের সহিত ভটোজির সম্বন্ধ অতি প্রতিপ্রদ হইলেও পরিণামে তুঃথের কারণ হইল। দীক্ষিতের যশঃ চতুদ্দিকে ব্যাপ হইল বটে, কিন্তু পণ্ডিত-রাজ জগন্নাথের সহিত তাহার বিরোধের স্ক্রেপতে হইল। ভটোজি "প্রক্রিয়া প্রকাশকার" কৃষ্ণদীক্ষিতের নিকট ব্যাকরণ-শাস্ব অধ্যয়ন করিয়াছিলেন। আর পণ্ডিতরাজ জগন্নাথেব ব্যাকরণ-শিক্ষক ছিলেন কৃষ্ণদীক্ষিতের পুল্ল বীরেশ্বর দীক্ষিত। ভটোজি "প্রোচমনোব্যা" নামক স্থায় গ্রন্থ ওক্তর

এতদ্ভির সিদ্ধান্তকৌমুদীতে যে সকল দৃষ্টান্ত দিয়াছেন ভাগতেও প্রাথমান হল বে ভটোলি বিকৃত্ত ছিলেন। "ছা" ও "ম।" প্রভৃতিব ব্যবহাব প্রদক্ষে নিয়ত্ত শোকটা রচন। করিয়াছেন -

> "জীশস্তাবতুমাপীহ দভাতে মেহপিশর্মের। শামী তে মেহপি মহারিঃ পাতুবামপি নৌ বিভুঃ॥".

মতবাদ খণ্ডন করেন। ইহাতে পণ্ডিতরাজ জগন্ধাথ অসম্ভষ্ট হন এবং ভটোজিও তৎসংশ্লিষ্ট ব্যক্তিগণের উপর জাতক্রোধ হন।

জগন্নাথ মোগল-স্মাট শাহজাহানের প্রিয়পাত্র ছিলেন। "ভামিনী-বিলাসে" তংপ্রিচয় প্রদান ক্রিয়াছেন। যথা—

" দিল্লী-বল্লভ পাণি-পল্লবতলে নীতং নবীনং বয়ঃ। "

জগন্নাথ "আদদ্ধান-বিলাদ" নামক নবাব আদদ্ধানের জীবনী রচনা করেন। তাহাব প্রাবত্তে লিখিয়াছেন যে, স্মাট্ শাহজাহান তাহাকে "পণ্ডিত-রাজ.." উপাধি প্রদান করেন। * ইতিব্যুক্তে জানিতে পারা যায়, ভট্টোজির সহিত পণ্ডিতরাজ জগন্ধাথের বিচার সময়ে দীক্ষিত ভটোজির মত-সমর্থন করেন। ইহাতে পণ্ডিতবাজ ভটোজিও দীক্ষিতের জাতশত্রু হন। এস্থলে একটা বিষয় অন্ত্রধাবন করা কর্ত্তব্য বে—এই ইতিবৃত্তের কোন মূল আছে কিনা? পণ্ডিতরাজ জগন্নাথ লিখিয়াছেন—"দিল্লী-বল্লভ পাণি-পল্লবতলে নীতং নবীনং বয়ঃ। " এস্থলে দিল্লী-বল্লভ কে ? আসফখান-বিলাসের বাক্যাত্মারে শাহজাহানই দিল্লী বল্লভ বলিয়। প্রতীত হন। শাহজাহান ১৬২৮ গুঃঅকের ২৬শে জান্তমারী সিংহাসনে আরোহণ করেন। দীক্ষিতের ৭২ বৎসরে মৃত্যু হয়। তাহার জন্মকাল ১৫৫০ গৃঃঅন। স্থৃতরাংতাহার মৃত্যুকালও ১৬২২ গৃঃঅন হইবে। শাহজাহানের সিংহাসন অধিরোহণের অস্ততঃ ৬ বৎসর পূর্ব্বে দীক্ষিতের দেহান্ত হয়। জগন্নাথেব যৌবনকালেই তিনি শাহজাহানের প্রিয়পাত্র হন। তাহা হইলে জগন্নাথের পঠদশায় ভট্টোজির সহিত বিচার-মুদ্ধ হয়। অত্যথায় কালসাম্য থাকে না। পণ্ডিতরাজ জগরাথ যথন শাহজাহানের রাজসভার কবি ছিলেন, তথন দীক্ষিতের দেহান্ত হইয়াছে; স্কুতরাং তথন ভট্টোজির সহিত জগন্নাথের বিচাব হইলে দীক্ষিত ভটোজির পক্ষাবলম্বন কবিতে পারেন ন।।

* আদক্ষান-বিলাদেব প্রারম্ভে জগন্নাথ লিথিযাচেন

"সথ সকললোকবিস্তাব বিস্তারিত মহোপকার প্রস্প্রাধীন্মান্সেন প্রতিদিন্মুজ্বদন্বজ্ঞ গল্পপাল্যান্তেনকবিজ্ঞাতিভাল্ডিকেরইনঃ কবিভিন্নপাল্যান্তেন কৃত্যুণীকৃত কলিকালেন কৃষ্তি ভূণজাল-স্মাচ্ছাদিত বেদ বন্মার্গ বিলোকনায় সমুদ্দীপিত সূত্র্কদ্ধন জ্ঞালাদালনে মুর্তিমতেব ন ব্যাবাদ্দিশান্মন্তঃ প্রদানেন দ্বিজ-কৃল্দেনা হে বা কি বা ল্লান্ত্রাল মাধুব্ক্লস্মুদ্দেল্যাল্যায়মূক্লেনাদিষ্টেন সার্ক্তেম শুভিত জ্গলাহেলাক্ষ্যান্তিলাসাংখ্যমাপ্যায়িকা নির্মীয়ত। সের্মসূপ্রতেশ সক্রেমানাম্প্রিনাল ভব্তাদিত্যাদি।"

অতএব জগন্ধাথের ছাত্রজীবনে বিচার হওয়াই সম্ভব। বিচার প্রসঞ্চে ভটোজি জগন্ধাথকে. "মেচ্ছ " বলিয়া নির্দেশ করেন। ইহাতে পণ্ডিতরাজ ক্রুদ্ধ হইয়া প্রতিজ্ঞা করেন যে, তিনি মেচ্ছন্ধপে ভটোজি-কত "মনোরমার" সতীত্ব নষ্ট করিবেন। এই বিবরণ দৃষ্টে মনে হয় পণ্ডিতরাজ ভট্টোজির সহিত বিচারকালেই মুসলমান-সম্রাটের আপ্রিত ছিলেন। হইতে পারে জাহাঙ্গীরেব সময়ও জগন্নাথ মোগল-রাজসভার কবি ছিলেন এবং ইহার সম্ভাবনাই অধিকতর। অবশ্য দৃঢতার সহিত এবিষয়ে কিছুই বলা যায় না। প্রতিশোধ রূপে পণ্ডিতরাজ অথবা ভাহার কোনও ছাত্র ভট্টোজিকত মিদ্ধান্ত-কৌমুদীর ব্যাখ্যা "মনোরমার" খণ্ডনের জন্ম "মনোরমাকুচমর্দ্দন" নানক প্রবন্ধ রচনা করেন। নাপেশ ভট্টও ভাহার কাব্যপ্রকাশের ভাগ্য-প্রারম্ভে ভট্টোজিকত অপমানের ও জগন্ধাথের প্রতিশোধের বিষয় উল্লেথ কবিয়াছেন। তথন অপ্রয়দীক্ষিত বর্তুমান ছিলেন—এরূপ উল্লেখও আছে। যথা—

" দৃপ্যদ্যবিড তৃষ্টত্প্ত্ৰশান্ মিষ্টং গুৰুদ্ৰোহিণা।
যন্ মেচ্ছেতি বচোহবিচিন্তাসদাসিপ্তৌচেহপি ভট্টোজিন।।।
তৎসত্যাপিতমেব ধৈৰ্যানিধিনা যৎ স বা মৃদ্গাৎকুচং।
নিৰ্বাধ্যাস্থ মনোৱমামবশ্যন্ত্ৰপ্ৰাম্থান্স্তিন্। "

পণ্ডিতরাজ জগন্নাথও স্বক্নত "শন্দকেস্তিভশাণোত্তেজনে " লিখিযাছেন—
" অপ্পযাত্ত্য হি বিচেতিত চেতনানাং
আর্যান্তহাময়সহং শমায়হ্বলেপান্ ॥ "

জগন্নাথ " শশিশেনা " নামক গ্রন্থেও লিথিয়াছেন—
অপ্নয়ালীক্ষিত দাবানল দপ্ধশেষং।
সাহিত্যমন্থ্রমতে সর্বৈদিনিবক্ষঃ॥"

অপ্নয়দীক্ষিতেব ন্যায় মনীষীর প্রতি এরপ তিরস্কার জগন্নাথের পক্ষে শোভন হয় নাই। দার্শনিক ক্ষেত্রে দীক্ষিত যেরূপ প্রতিভা ও পাণ্ডিত্য প্রদর্শন কবিয়াছেন, তাহাতে হিন্দু-সমাজ তাঁহার নিকট চিরক্নতক্ত থাকিবে।

জগন্নাথ দীক্ষিতের "চিত্রমীমাংসার" ক খণ্ডনার্থ "চিত্রমীমাংসা-খণ্ডন" নামক গ্রন্থ রচনা করেন। তাহণর প্রারম্ভে জগন্নাথ গর্ব্বপূর্ণভাবে তাঁহাকে বিচারযুদ্ধে অধ্বান করিয়াছেন—

ে চিত্রমীমাংস। অলম্বার শাস্ত্রেব গ্রন্থ

"স্ক্ষং বিভাব্যময়কা সমূদীরিতান। মপয়দীক্ষিতক্তাবিহ দূষণানাম্। নিশ্বংসরো যদি সমৃদ্ধরণং বিদধ্যাৎ তস্যাহমুজ্জলমতেশ্চরণে)বহামি॥

"রদগন্ধাধরীয়" নামক স্বীয় গ্রন্থেও অতি জঘন্তভাবে দীক্ষিতের উল্লেখ করিষা তাঁহার মত নিরসনে চেষ্টিত হইয়াছেন। সম্ভবতঃ অলম্বার শান্ত্রে দীক্ষিত হইতে জগন্নাথ প্রবীণ ছিলেন। কিন্তু দার্শনিক প্রভৃতি গ্রন্থে ি দীক্ষিত্তের স্থান জগল্লাথ হইতে অতি উচ্চে। দীক্ষিত ১০৪ থানি প্রবন্ধ রচনা করেন। সকল গ্রন্থ বাদ দিয়া কেবল শিবার্কমণিদীপিকা, পরিমল, সিদ্ধান্তলেশ ও ক্যায়রক্ষামণি প্রভৃতি গ্রন্থের বিচার করিলেও দীক্ষিতের স্থান ভারতীয় সাহিত্যক্ষেত্রে অতি উচ্চে। কেবল ভারতীয় সাহিত্য কেন, বিশ্ব সাহিত্যেই অপ্নয়দীক্ষিতের স্থান অতি উচ্চে। দার্শনিক ক্ষেত্রে দীক্ষিত অপরাজেয়। "পরিমলের" ক্যায় একথানি গ্রন্থই দীক্ষিতকে চিরশ্মরণীয় করিয়াছে। ইহা আশ্চর্যোর বিষয় নহে যে অলম্বার শাস্ত্রে জগ**রা**থ তাঁহার মত পণ্ডন করিবেন। কুবলয়ানন্দ ও চিত্রগীমাংসার মত পণ্ডন আশ্চার্য্যজনক ব্যাপার নহে। হযত অবসর কালে দাঁক্ষিত ঐসকল গ্রন্থ রচনা করিয়াছেন। তাই ততটা দৃষ্টি দিতে পারেন নাই। ধর্ম-কর্ম-নিরত দীক্ষিত যে অবসর পাইতেন তাহাতে দার্শনিক গ্রন্থাদিই রচিত হইত। দীক্ষিত কেবল অধৈত শাস্ত্রেই স্থপণ্ডিত নহেন, পরস্ক তিনি রামান্ত্রজ, শ্রীকণ্ঠ ও মধ্বমত প্রভৃতিতেও দক্ষ ছিলেন। সর্বাদর্শন-সংগ্রহকার বিভারণ্যের ন্যায় দীক্ষিতের দার্শনিক প্রতিভা ছিল তদবিষয়ে সন্দেহ নাই।

পূর্ব্বমীমাংসক খণ্ডদেব মীমাংসার ক্ষেত্রে একজন অদ্বিতীয় পণ্ডিত। তিনি মীমাংসার ক্ষেত্রে দীক্ষিতের মত খণ্ডন করিলেও তাহাকে শ্রেষ্ঠ-আসন প্রদান কবিয়াছেন। তিনি দীক্ষিতকে "মীমাংসকম্ধ্যন্ত " বলিষা অভিহিত করিয়াছেন।

কিছুকাল কাশীধামে বাস করিয়া দীক্ষিত দক্ষিণ দেশে প্রত্যাবর্ত্তন করেন। জীবনের শেব মুহূর্ত্ত সমাগত দেখিয়া চিদম্বরমে গমনের ইচ্ছা প্রকাশ করেন। চিদম্বরমে তাঁহার দেহত্যাগ হয়। শেষ অবস্থায় যে সকল চিস্তা তাঁহার স্কায়ে উথিত হয়, তাহা শ্লোকাকারে নিবদ্ধ করিয়াছেন। যথা—

''চিদম্বমিদং পুরং প্রথিতমেব পুণ্যস্থলং

স্থতাশ্চ বিনয়োজ্জলাঃ স্থক্তয়শ্চ কাশ্চিৎ কৃতাঃ।

বয়াংসি মম সপ্ততেরূপরি নৈব ভোগেস্পৃহা
ন কিঞ্চিদহমর্থয়ে শিবপদংদিদৃক্ষেপরম্।
আভাতি হাটক সভানটপাদপদ্দ
জ্যোতির্মধাে মনসি মে তরুণারুণােহয়ম্।।"

এই বলিতে বলিতে এবং মহাদেবকে দর্শন করিতে করিতে তাঁহার জীবনলীল। সাঙ্গ হয়। তাঁহার জীবনব্যাপিনী সাধনার ফল ফলিল। মৃত্যুকালে দীক্ষিতের বয়স প্রায় ৭২ বৎসর হইয়াছিল। তিনি ১১টা পুত্র রাথিয়া যান। ভ্রাতার পৌত্র নীলকণ্ঠদীক্ষিত তাঁহার মৃত্যুকালে উপস্থিত ছিলেন। পুত্রগণ হইতেও তাঁহাকে বেশী আশীর্কাদ করিলেন। দীক্ষিতেব অসমাপ্ত শ্লোক তাঁহার পুত্রগণ সম্পূর্ণ করিলেন—

"ন্যনং জবামরণঘোর পিশাচকীর্ণ। সংসার-মোহ-বজনী বিরতিং প্রযাত।॥"

অপ্নয়দীক্ষিতের মতবাদ

দীক্ষিত দার্শনিক মতে অদৈতবাদী বা নিগুণ ব্রহ্মবাদী ছিলেন। অদৈত বাদে সগুণ ব্রহ্মের উপাসনা নিগুণ ব্রহ্মোপলন্ধির উপায়। দীক্ষিত সর্ববৃত্তি নিগুণ ব্রহ্মবাদের প্রশংসা করিয়াছেন এবং তাহাই যে উপন্যিদের তাৎপ্যা তাহাও স্পষ্টাক্ষরে বলিয়াছেন। "শিবতত্ত্ববিবেকে" নিগুণ ব্রহ্মবাদের প্রশংসঃ দেখিতে পাওয়া যায়। "শিখরিণীমালায়" সগুণ ব্রহ্মরূপে শিবের স্তব করিয়াছেন। "শিবার্কমণিদীপিকার" (শ্রীকণ্ঠাচার্য্যের ভাষ্য-ব্যাথ্যা) প্রারহে বলিয়াছেন—উপনিষদ, আগম, পূর্ণণ, স্মৃতি ইতিনাস সকলেরই তাৎপ্যা অদ্বৈতে। পণ্ডিতের নিকট ব্রহ্মস্ত্রের তাৎপ্যাও অদৈতপর। যদিও শহর প্রভৃতি আচার্য্যাণ অদৈতবাদী, তথাপিও কেবল শিবের অন্ত্রাহেই অদৈতে নিষ্ঠা জ্যো। * এজ্যু তাহাকে বিশিষ্ট শিবাদৈতবাদী বলা যায়।

"ঘদ্যপাদৈত এব শ্রুতিশিশ্বর গিরামাগমানাং চ নিঠা
 সাকং সর্ক্রেং পুরাণ স্মৃতিনিকর মহাভারতাদি প্রবন্ধিঃ।

তিনি শ্রীকণ্ঠের ভাষ্য-ব্যাখ্যা করেন। স্বয়ং অদৈতবাদী হইয়াও বিশিষ্টা-দৈতের সিদ্ধান্ত অতি অপূর্ব্বরূপে সংস্থাপন করিয়াছেন। এরূপ উদারতা দীক্ষিতেই সম্ভব। ইংাই তাঁহার সর্ব্ব-তন্ত্র-স্বতন্ত্রভার নিদর্শন। দীক্ষিত শৈব হইলেও বিষ্ণুর প্রতি তাঁহার অগাধ ভক্তি ছিল। তৎক্রত বরদরাজ-স্তবে এবং শ্রীকৃষ্ণধ্যান পদ্ধতিতে তাঁহার সরল ঐকান্তিক বিষ্ণুভক্তি প্রকট। পরিমল ও গ্রায়রক্ষামণির প্রারম্ভেও বিষ্ণুকে স্তব করিয়াছেন। যথা—

> 'উদ্ঘাট্য যোগকলয়। স্থান্যজ্ঞকোশং ধল্যৈশ্চিরাদিপি যথাক্ষচি গৃহ্যমাণঃ। যঃ প্রস্কুরত্যবিরতং পরিপূর্ণরূপঃ শ্রেয়ঃ সমে দিশতু শাস্থতিকং মুকুন্দঃ॥"

এই শ্লোকটা কুবলয়ানন্দের প্রারম্ভেও আছে। তৎকৃত শৈবগ্রন্থাদির প্রারম্ভে নেরূপ শিবভক্তি প্রকট, এ স্থলেও সেইরূপ বিষ্ণৃভক্তি প্রকট দেখা যায়। শৈব গ্রন্থের প্রায়ম্ভে এই শ্লোকটি দেখিতে পাওয়া যায়, যথা—

> ''যস্তাহরাগমবিদঃ পরিপূর্ণশক্তে বংশে কিয়ত্যপি নিবিষ্টমন্তংপ্রপঞ্চম্। তব্মৈ তমালকচি ভাস্কর কণ্ঠরায় নারায়ণীসহচরায় নমঃ শিবায়।।"

দীক্ষিত বিষ্ণু ও শিবকে অভিন্ন বলিয়াই জানিতেন, ইহা তাহারই প্রমাণ।
সাম্প্রদায়িকতা তাঁহার হৃদ্ধে স্থান পাইতে পারে না। তিনি অদ্বৈতবাদী।
তাঁহার পক্ষে শিব বিষ্ণু ভেদরপ কুসংস্কার থাকিতে পারে না। "মধ্ব-তন্ত্রম্থমদিনের" প্রথম শ্লোকেও বলিয়াছেন যে শিব বা বিষ্ণু যাঁহাকেই হউক যে ব্যক্তি সগুণ ব্রন্ধভাবে উপাসনা করে, তাহার সহিত কোনও বিরোধ নাই
এবং বিষ্ণু ভক্তের সহিতও তাহার কোনও বিরোধ নাই। যাদবাভ্যুদ্রের
ভাগেও তিনি শ্রীক্ষের স্তব করিয়াছেন। যথা—

> তত্ত্বৈ ব্ৰহ্মস্ত্ৰাণাপি চ বিমুশতাং ভাস্তিবিশ্ৰান্তিমন্তি প্ৰতিব্ৰাচাধ্যরতৈব্ৰপি পৰিজগৃহে শঙ্কৰাদ্যৈন্তদেব। তথাপ্যস্থাহাদেব তৰুণেন্দুশিশামণেঃ অবৈত্বাসন। পুংসামাবিভিবতি নান্যথা।।''

> > (শিবার্কমণি-দীপিকা)

''অব্যাদাপূর্যদ্বংশমব্যাজমধুরস্মিতম্। গোকুলামূচরংধাম গোপিকা নেত্রমোহনম।।"

দীক্ষিত প্রধান চারি মতে ব্রহ্ম বেরে টীকা প্রণয়ন করিয়াছেন। শ্রীরামাক্ষুজের মতামুলারে "নয়ময়্থ-মালিকা" নামক নিবন্ধে ব্রহ্মস্ত ব্যাখ্যাত
হইয়াছে। মধ্বমত, "আয়মুক্তাবলী" ও তাহার স্বক্ষত ব্যাখ্যায় প্রদত্ত হইয়াছে।
শ্রীকণ্ঠের মত, "রত্মর পরীক্ষা"ও তাহার ব্যাখ্যায় প্রদত্ত হইয়াছে। শিবার্কমণিদীপিকায় শ্রীকণ্ঠের ভাষ্য ব্যাখ্যা করিয়াছেন। এই সকল গ্রন্থ তৎতৎ
মতাবলম্বিগণ পাঠ করিয়া উপক্ষত হইবেন সন্দেহ নাই। দার্শনিক-মতে
দীক্ষিত শঙ্করের অন্থবর্ত্তী। ধর্ম্মে তিনি সগুণব্রন্ধোপাসক। বোধহ্য গৃহস্থাশ্রমে
ছিলেন বলিয়াই তিনি নিগুণ উপাদনায় চিত্তার্পণ করেন নাই। বিষ্ণুর প্রতি
তাঁহার ভক্তি প্রগাঢ়, তবে শিবের প্রতি অন্থরাগ সর্ব্বাপেক্ষা বেশী দেখা যায়।
তিনি নিজেই বলিয়াছেন—"তথাপি ভক্তিস্তকণেন্দুশেধ্বে।"

দীক্ষিত পূর্বমীমাংসা শাস্ত্রে অদিতীয় পণ্ডিত ছিলেন। বেদান্তের ব্যাখ্যান্ত্রসারে মীমাংসার স্থান্ত্র গুলির বিচার বাস্তবিক্ট বিশ্বযাবহ। মীমাংসাশাস্ত্রের বিচারে তিনি সিদ্ধহস্ত ছিলেন। সমস্ত বেদান্তগ্রন্থেই তিনি মীমাংসার বিচার করিয়াছেন। বোধহয় তৎকত বেদান্তগ্রন্থগুলি পড়িলেট মীমাংসাশাস্ত্রের তাৎপর্য্য গ্রহণ করা যাইতে পারে। কল্পতক্রকার অমলানন্দ কল্পতক্রতে মীমাংসাদর্শনের স্থায় গুলি উদ্ধার করিয়া বিচার করিয়াছেন, এবং পার্থসার্থি মিশ্রের মত খণ্ডন করিয়াছেন। "কল্পতক্রর" ব্যাখ্যাকল্পে দীক্ষিত পরিমলে আরও স্থবিস্কৃত বিচারের উদ্ভাবন করিয়াছেন। দীক্ষিত-ক্ষতে "বিধিরসায়ন" প্রভৃতি মীমাংসাগ্রন্থে মীমাংসার মত প্রপঞ্চিত হইয়াছে।

দীক্ষিত "শিবার্কমণি-দীপিকায়" মীমাংসা, স্থায়, ব্যাকরণ ও অলক্ষার শাস্ত্রে প্রগাচ পাণ্ডিত্যের পরিচয় প্রদান কবিয়াছেন। শাঙ্করমতে বাচস্পতি, রামান্ত্র্সমতে স্থাদন এবং মধ্বমতে জয়তীর্থ যাহা সম্পাদন করিয়াছেন, শ্রীকঠের মতে দীক্ষিত "শিবার্কমণিদীপিকায়" তাহাই সম্পাদন করিয়াছেন। স্থালিকের মণিদীপিকায় বেশ মৌলিকতা আছে। এই নিবন্ধকে দীকা না বলিয়া মৌলিক গ্রন্থ বলাই দক্ষত। তিনি নিজে অবৈত্বাদী হইয়াও বেরূপ অসাধারণমৃত্তি বলে দৈতবাদ স্থাপন করিয়াছেন, তাহা বান্তবিকই চিত্তাকর্ষক। বোধহয় মহান্ চিন্তাশীলও ইহাতে বিশ্বিত হইবেন।

দীক্ষিত "শিবার্কমণি-দীপিকায়" যেমন বিশিষ্টাদৈত-সিদ্ধান্ত প্রতিপন্ন করিয়াছেন, পরিমলে সেইরূপ দৃঢ়তার সহিত অদৈতবাদের প্রতিষ্ঠা করিয়াছেন। বাচস্পতি মিশ্র যেমন ষড়দর্শনের টীকাকার এবং সকল দর্শনশাস্ত্র ব্যাখ্যা করেই অসাধারণ ক্বতিত্বের পরিচয় দিয়াছেন, যখন যে মতের ব্যাখ্যা করিয়াছেন, তখন তদন্তকূল যুক্তির অবতারণায় অসামান্ত বিচার-বৃদ্ধি ও মনীয়া প্রকাশ করিয়াছেন, সেইরূপ অপ্পয়দীক্ষিতও সর্বব্তন্ত্র-স্বতন্ত্রতার পরিচয় প্রদান করিয়াছেন।

"সিদ্ধান্তলেশ সংগ্রহে" অদৈ তবাদী আচার্য্যসণের যে সকল স্থানে মতভেদ আছে, তাহা অতি স্থচারুরূপে বর্ণন করিয়াছেন। অদ্বৈতবাদী আচার্য্যগণের একজীব-বাদ, নানাজীব-বাদ, বিশ্বপ্রতিবিশ্ব-বাদ ও অবচ্ছিন্ন-বাদ এবং সাক্ষিত্ব প্রভৃতি বিষয়ে মতভেদ পরিলক্ষিত হয়। তিনি অতি স্পষ্টরূপে আচার্য্যগণের মত অন্ধবাদ করিয়া বিচার করিয়াছেন। যথন সকল আচার্য্যই অদৈতবাদী তথন মতভেদ কেন ? দীক্ষিত তহুত্তরে অতি স্থন্দর কথা বলিয়াছেন। তিনি বলেন—সকল আচায্যই আত্মৈকত্ব ও জগতের মায়াময়ত্ব অঙ্গীকার করিয়া-ছেন। মায়াময় অবাস্তব জগতের সম্বন্ধে স্ব স্ব বুদ্ধি অনুসারে ব্যাখ্যা দেওয়া আচার্যাপণের মৌলিকতার নিদর্শন । মিথ্যার নানারূপ ব্যাথ্যা দেওয়ায় দোষই বা কি ? এ সম্বন্ধে দীক্ষিত বলিতেছেন—"প্রাচীনৈর্ব্যবহার-সিদ্ধিবিষয়েম্বাইত্মক্যসিদ্ধে পরং সংনহান্তিরনাদরাৎ সর্ণয়ো নানাবিধা দশিতা।" অর্থাৎ প্রাচীন আচার্য্যগণ আত্মার একত্বসিদ্ধি বিষয়েই নির্ভর করিয়াছেন। আত্মার একত্ব প্রতিপাদনের জন্ম বিশেষ যত্নও করিয়াছেন। কি কারণে ব্যবহার নিষ্পন্ন হয়, তিঘিয়ে তাহাদের আদর বা আস্থা ছিল না। তবে অল্পবৃদ্ধিদের প্রবোধের জন্ম ব্যবহারদিদ্ধি বিষয়ে নানাবিধ পন্থা বা রীতি প্রদর্শন করিয়াছেন। সিদ্ধাস্তলেশেও ব্রহ্মস্থতের ভায় চারি**টা** অধ্যায় আছে। প্রথমে—সমন্বয়, দ্বিতীয়ে—অবিরোধ, তৃতীয়ে—সাধন ও চতুর্থে— ফল নিরূপিত হইয়াছে। দিদ্ধান্তলেশে একটা বস্তুর অভাব আছে, সেইটা ঐতিহাসিকতা। যদি ঐতিহাসিক দৃষ্টিতে এই গ্রন্থ রচিত হইত, তাহা হইলে এই গ্রন্থের মূল্য আরও অধিক হইত। এই গ্রন্থানি শান্ধরমতের অভিধান স্বরূপ, কিন্তু ইতিহাস নহে। এমন অনেক গ্রন্থের ও গ্রন্থকারের নাম করিয়াছেন, যাহার বিবরণ এখন পাওয়া যায় না। আর একটা অভাবও পরিক্ষৃট। সর্বাদর্শনসংগ্রহে যেমন বিভারণ্য নিরপেক্ষভাবে সকল মতবাদ প্রপঞ্চিত করিয়াছেন, কোনওরপ সমালোচনা দ্বারা সিদ্ধান্ত নির্ণয় করেন নাই, সিদ্ধান্তলেশেও সেই অভাব আছে। গ্রন্থথানি পাঠ করিয়া দীক্ষিত কোন মতের অন্থ্যোদন করিয়াছেন, তাহা হৃদয়ঙ্গম করা স্থকঠিন। তবে ৫ ক্ষেত্রে বক্তব্য অবশ্রুই আছে। অদৈতবাদী আচায়্যগণ সকলেই শ্রীশঙ্করের পদাঙ্কান্থসরণ করিয়াছেন। উপনিষদের বাক্যের তায় ভায়ের বাক্যও গন্তীর। শান্ধরমত ব্যাথ্যাচ্ছলে এইরূপ অবস্থায় মতভেদ স্বাভাবিক। সকল আচায়্যই শ্রুতি-য়ুক্তিবলে স্বসিদ্ধান্ত স্থাপন করিয়াছেন। প্রধান বিষয়ে কাহারও মতভেদ নাই। এরূপ অবস্থায় স্বসিদ্ধান্ত নিরূপণ না করিয়া

একজাব-বাদ ও নানাজীব-বাদের বিষয়ে দীক্ষিত একজী**ব-বা**দী। বিশ্ব-প্রতিবিশ্ব-বাদ ও অবচ্চিন্ন-বাদে তিনি বিশ্বপ্রতিবিশ্ব-বাদী।

ক্যায়রক্ষামণি ব্রহ্মস্থ্রের প্রথম অধ্যায়ের ব্যাখ্যা। এই গ্রন্থে অতি সরল-ভাষায় স্কবিস্তৃতভাবে ব্রহ্মস্ত্র ব্যাখ্যাত হইয়াছে। পূর্ব্বপক্ষ ও সিদ্ধান্ত উভয়পক্ষেই অনেক মৌলিক যুক্তির অবতারণা আছে। আনন্দময়াধিকরণে (১।১।১২-১৯ স্ত্র) তাহার যুক্তিগুলি বাহুবিকই চমৎকার। স্থত্তপ্রতির ভাষা বুতিকারেব ব্যাখ্যার অফুকূল। শঙ্কর প্রথমে বুত্তিকারের মত প্রদান করিয়। শ্রুতি-বাকাবলে তাহার খণ্ডন করিয়াছেন বটে, কিন্তু সূত্রের ভাষার তাৎপ্যা তাহার ব্যাখ্যার অহুরূপ কি না তদিষয়ে দৃঢ়তরভাবে কিছুই বলেন নাই। তিনি ভাষ্যে লিখিয়াছেন -"অপরাণ্যপি স্ত্রাণি যথাসম্ভবং পুচ্ছবাক্য নিদ্দিষ্টস্ভৈব ব্রাহ্মণ উপপাদকানি দ্রপ্টব্যানি।" এ স্থানে দীক্ষিত সবিশেষ ক্রতিত্বের সহিত প্রতিপন্ন করিয়াছেন যে স্থানের ভাষাও শঙ্করের ব্যাখ্যাকুকুল। স্থায়রক্ষা-মণিতে প্রথমে আনন্দময় ব্রহ্মবাদ পূর্বপক্ষরূপে স্থাপন করিয়া ব্রহ্মপুচ্ছ-বাদ সিদ্ধান্তরপে নির্ণয় করিয়াছেন। দীক্ষিত বলিয়াছেন—"যত্ত আনন্দময় ব্রহ্মবাদে স্থত্রসারস্তম্করণ তদপি ন যুক্ত । পুচ্ছব্রহ্মবাদ এব স্থ্যাণাং স্বারস্প্র সম্থিতহাং।" (ক্যায়রক্ষামণি)। আচাঘ্য রামান্তল শহরের পুচ্ছবন্ধবাদ আক্রমণ করেন। শ্রীভাল্যে তিনি বলিয়াছেন, স্থতের ভাষা-তাৎপযা আনন্দময় ব্রহ্মপর। দীক্ষিত এস্থলে রামান্তজাচার্যা প্রভৃতির মত নিরস্ত করিয়া শাঙ্করদিন্ধান্ত আরও দৃঢ়তর ভিত্তিতে স্থাপন করিয়াছেন।

পরিমলে দীক্ষিত অতিমান্থ প্রতিভার পরিচয় প্রদান করিয়াছেন। ভাষাবিস্থাসের চাতুর্ব্যে, যুক্তির কৌশলে, বিষয়ের যথায়থ সংস্থাপনে দীক্ষিত সিদ্ধহন্ত।

অপ্লয়দীক্ষিতের গ্রন্থের বিবর্ণ।

দীক্ষিত ১০৪ থানি প্রবন্ধ রচন। করেন এইকপ ইতিবৃত্ত আছে। অনেক গ্রন্থ তংকত বলিষা প্রসিদ্ধি আছে। কোন কোন গ্রন্থ এখনও পাওয়া যায় না। কোন গ্রন্থ এখনও অপ্রকাশিত আছে। বাস্তবিক দীক্ষিতের সম্পূর্ণ গ্রন্থ প্রকাশিত হওয়া আবশ্যক, কারণ এরপ ন্নীষীব গ্রন্থ অপ্রকাশিত থাকা জাতীয় কলঃ। দীক্ষিত নিজেই স্বকৃত গ্রন্থাবলীর পরিচয় নিমুস্থ শ্লোকে প্রদান করিয়াছেন:—

"শ্রীবীরবেস্কটপতি ক্ষোণিপালক্ষ সাহতঃ।
কতঃ কুবলয়ানন্দিত্রমীমাংসয় সহ্॥
অভিধালক্ষণারন্তিবির্তি বৃত্তিবার্ত্তিকম্।
ফাদবাভ্যদয়াঝায়া ব্যাঝানং চ কতংকতেঃ॥
নামসংগ্রামালা চ ব্যাঝা তক্ষাশ্চ বিস্তৃতা।
কাঞ্চীবরদরাজক্ষ দিব্য বিগ্রহবর্ণনম্॥
ব্যাঝা তক্ষ চ সংক্লুপ্তা নাতিসংক্ষেপবিস্তরা।
সর্ব্বপাপপ্রশমনী শ্রীকৃষ্ণগান-পদ্ধতিঃ॥
সর্ব্বপতি-তরণী ত্র্গাচন্দ্রকলাস্তৃতিঃ।
আদিত্য-স্বোত্রবন্ধ চ তদ্ব্যাঝানং চ বিস্তৃত্য্য
নানাপদ্যাত্মকচতুশ্বত্সারার্থসংগ্রহঃ।
আয়ম্কাবলী তদ্মপ্রাচা্য্য মতাত্র্পা॥
মন্ত্র্থালিকাইতা লক্ষ্ণাচার্যবন্ধনি।।

শক্ষরাচার্য্যদৃষ্ট্যা চ প্রক্লপুথানয়মঞ্জরী।

শক্ষরাচার্য্যদৃষ্ট্যা চ প্রক্লপুথানয়মঞ্জরী।

আয়মৃক্ষাবলী-ব্যাখ্যা নাতিবিস্তর-সংগ্রহা।।

অবৈতশাস্ত্রসিদ্ধান্তলেশ-সংগ্রহ নামকঃ।

আয়রক্ষামণিঃ সর্ব্যস্ত্রতাৎপর্য্যবর্ণকঃ।

তথা পরিমলঃ কল্পতক্ষগূঢ়ার্থবর্ণকঃ।

শ্রীকণ্ঠভাস্তব্যাখ্যা চ শিবার্কমণিদীপিকা॥

শ্রীশিবানন্দলহরী শিবাবৈতবিনির্ণয়ঃ।

রত্তরমপরীক্ষা চ পঞ্চরত্বস্তবন্তথা॥

তথা শিথরিণীমালা ব্রন্ধতক্তবন্তথা॥

তথা শিথরিণীমালা ব্রন্ধতক্তবন্তথা॥

শিবার্চনপ্রকাশার্থচন্ত্রিকা বালচন্ত্রিকা।

মীমাংসায়াশ্চিত্রপুনিস্তথা বিধিরসায়নম্॥

মীমাংসায়ারিনগৃঢ় উপক্রমপরাক্রমঃ।

এতে চাল্যে চ বহবঃ প্রবন্ধাঃ প্রাগ্নির্মিতাঃ॥"

রামায়ণ-তাৎপর্য্য-সংগ্রহ, মহাভারত-তাৎপর্য্য-সংগ্রহ প্রভৃতি আরও অনেক প্রবন্ধ দীক্ষিত কর্ত্তক বিরচিত হইয়াছে।

অলঙ্কার শাস্ত্র।

- >। কুবলানান্দে—ইহা "চন্দ্রালোক" নামক অলম্বার গ্রন্থের বিপুল ব্যাথ্যা। এই গ্রন্থ বোম্বাই নির্গ্যাগর প্রেস হইতে প্রকাশিত হইয়াছে। কুবলয়ানন্দের কোন কোনও মত পণ্ডিতরাজ জগলাথ কর্ত্ক খণ্ডিত হইয়াছে। কুবলয়ানন্দ বেষ্টপতিব রাজ্যকালে রচিত হয়। স্কতরাং ইহা ১৫৮৫—১৬১৪ খৃষ্টাব্দের মধ্যে রচিত হইয়াছে।
- ২ । চিক্র-মীমাৎসা—এই গ্রন্থে অর্থচিত্র বিচার করা হইয়াছে। সবিস্তর উৎপ্রেক্ষা প্রকরণ পর্যান্ত এই গ্রন্থে লিখিত হইয়াছে। দীক্ষিত নিজেই

গ্রন্থণেয়ে বলিয়াছেন—"অপার্ধ চিত্রমীমাংসা ন মুদে কন্স মাংসলা। অন্করিব তীক্ষাংশোরধে নিদুরিব ধৃজ্জটেঃ।" এই প্রন্তের মত ধণ্ডন জন্ম পণ্ডিতরাজ জনমাথ "চিত্রমীমাংসাথণ্ডন" নামক প্রবন্ধ রচনা করেন। "চিত্রমীমাংসাথণ্ডন" সহ "চিত্রমীমাংসাশ বোদাই নির্ধানার প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।

- এঃ ব্রক্তি-বার্তিক্র্—এই গ্রন্থে অভিধা ও লক্ষণা এই তুই বুদ্ধি
 বিচারিত হইয়াছে। এই গ্রন্থে প্রতিপান্য বিষয় সম্পূর্ণ হয় নাই। কারণ
 প্রতিজ্ঞাত বিষয় ব্যঙ্গনাবৃত্তি নির্দ্ধিত হয় নাই। এই পুস্তক বোদাই নির্ণয়নার প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।
- ষ্ঠা নাম-সংগ্রহ-মাল্যা—ইহা অভিধানের মতন প্রবন্ধ গ্রন্থ। কবিদের মতান্তমারী স্নেহ অন্তরাগাদি পরস্পর পণ্যায়াভাস শন্ধগুলির ভেদের বিবরণ এই প্রবন্ধে লিপিবদ্ধ হইয়াছে। দীক্ষিত ইহার উপর নিজেই ব্যাগ্যা রচনা করেন। এই ব্যাথ্যা ও প্রবন্ধ কেবল নামে মাত্র প্রসিদ্ধ, বোধ হয় ইহাও পাওয়া শ্রামান।

ব্যাকরণ।

- ে। নক্ষত্রবাদাবলী বা পাপিনিতপ্রবাদনক্ষত্র-বাদমালা—ইহা ক্রোড়পত্রের ক্যায় রচিত। ২৭টা সন্ধিন্ধ বিষয়ের বিচার ইহাতে আছে। ইহা স্বতন্ত্র গ্রন্থ এবং কাশী চৌথাদা সংস্কৃত সিরিজে প্রকাশিত হইয়াছে।
- ও। প্রাক্তত তিক্রিক।—প্রাক্ত শব্দার্শাদন এই গ্রন্থে আলোচিত হ**ই**য়াছে। ইহার উপর বৃত্তি ও উদাহরণ প্রদত্ত হইয়াছে। এই গ্রন্থ প্রকাশিত হইযাতে কিনা জানা যায় নাই।

মীমাৎসা ।

- ব। চিত্রপুট –এই গ্রন্থানির প্রতিপাল বিষয় দদদে কিছুই জানিতে
 পারা বায় নাই। গ্রন্থ তুর্লভ, কোপাও প্রকাশিত হয় নাই।
- ৮। বিধি-ব্ৰসাহান—ইহা বিধিত্ৰয়ের বিচাররূপ পছে লিখিত প্রবন্ধ। এই স্থপ্রাদির গ্রন্থ কাশী চৌখাদা সংস্কৃত নিরিজে প্রকাশিত হইয়াছে।

- ৯ । স্বশোশত্যাক্তনী—ইহা বিধিরদায়নের ব্যাখ্যা। এই গ্রন্থ স্থাসিদ্ধ ও অতি, বিস্তৃত, তিন ভাগে ইহা বিভক্ত। কাশী চৌথান্থা সংস্কৃত সিরিজে বিধিরদায়ন সহ এইগ্রন্থ প্রকাশিত হইয়াছে।
- ত্র ভিশক্রম-শ্রাক্রম—উপক্রম উপদংহার প্রভৃতি দেখিয়।
 শাস্ত্রার্থ নির্ণয় করিতে হয়। দীক্ষিত এই গ্রন্থে উপক্রমের প্রাধান্ত স্থাপন
 করিয়াছেন। বেদান্তে যেরূপভাবে উপক্রমের প্রাধান্ত অন্থারে প্রতিপাদ্য বিষয়
 নির্ণীত হইতে পারে, তাহা এই গ্রন্থে সবিশেষ আলোচিত হইয়াছে। সটাক
 "উপক্রম-পরাক্রম" বেনারস সংস্কৃত সিরিজে কাশীধাম হইতে প্রকাশিত
 হইয়াছে। 'উপক্রম' মীমাংসাশান্তের ন্তায়। উহা বেদান্তে কিরূপ প্রযোগ হইতে
 পারে তাহা এই গ্রন্থে বিশ্বভাবে আলোচনা কবায়, মীমাংসা ও বেদান্দ
 উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হইতে পারে।
- >> । বাদে-সক্ষত্র-সালা—ইহাতে পূর্ব্যীমাংসাও উত্তর মীমাংসার ২৭টা প্রতিপাদ্য বিষয় আলোচিত হইমাছে। অনেক বিষয় মাহা পূর্ব্বে আলোচিত হয় নাই, এরূপ বিষয়ের অবতারণা করিয়া বিচার করা হইয়াছে। গ্রন্থের প্রারম্ভে নিজেও বলিয়াছেন:—

"তন্ত্ৰান্তৱেষত্বপপাদিতমৰ্থজাতং যংসিদ্ধবদ্ব্যবহৃতং ধ্বনিতং চ ভাষ্যে। তক্স প্ৰসাধনমিহ ক্ৰিয়তে নয়োক্ত্য। বালপ্ৰিয়েণ মূত্বাদ কথাপথেন।"

এই গ্রন্থে প্রথমে পূর্ব্বনীমাংসার নাথাগ্নিহোত্র প্রভৃতি ৮টা বিষয় এবং জীবান্ত্র্বানী শক্তিবাদ প্রভৃতি বৈদান্তিক ১৯টা বিষয় আলোচিত হইয়াছে। দীক্ষিত এই গ্রন্থে একটা অভিনব বিষয়ের আলোচনা করিয়াছেন, ভন্ম নাথাও ত্রিপুণ্ডুবারণ, এই সকল ব্রন্ধবিভার অঙ্গর্ধণে প্রতিপন্ন করিয়াছেন। প্রপ-ক্ষের মিগাছ প্রভৃতিও ইহাতে নির্ণীত হইয়াছে। এই প্রবন্ধ শ্রীরঙ্গন বাণীবিলাস প্রেস ইইতে ১৯১২ খুষ্টাক্ষে মুদ্রিত ও প্রকাশিত হইবাছে।

বেদান্ত।

১২ । প্রিমঙ্গ—ব্দাস্তে শাহ্ব-ভাষ্যের ব্যাথ্যা ভামতী, ভামতীর ব্যাথ্যা কল্লতক্ষ, এংং কল্লতক্ষর ব্যাথ্যা পরিমল। ভামতী ও কল্লতক্ষর গৃঢ়ার্থ ব্ঝিতে হইলে পরিমল একান্ত আবশ্যক। পরিমল প্রথমে কাশী বিজয়নগর-দিরিজে প্রকাশিত হয়। ১৯১৭ খুষ্টাব্দে বোম্বাই নির্ণিয়দাগর প্রেদ হইতে ভাষতীকল্পতক দহ পরিমল প্রকাশিত হইয়াছে। পরিমলে মীমাংদা-দর্শনের ভাষগুলি যেমন আলোচিত হইয়াছে এমনটা আর কোথায়ও দৃষ্ট হয় না।

- > ে ভা হার ফো নি শি নি ইন। বন্ধ স্থের প্রথম স্থারের শান্ধর ভাষা হ্রায়ী ব্যাথ্যা। এই নিবন্ধ স্থেষতমঞ্জরী দিরিজে কুম্বােণ (Kumbo-konum) শ্রীবিভা প্রেদ ইইতে প্রকাশিত হইয়াছে।
- > । সিহ্নান্তকেশসং প্রহ—ইহা অবৈতবাদী আচার্যাগণের নতবাদের অভিধান। ইহার উপরে অচ্যুত রুষ্ণানন্দ তীর্থের রুষ্ণালম্বার নামক টীকা আছে। চারিটী পরিচ্ছেদে এই গ্রন্থ সমাপ্ত। ১৮৯৪ খুষ্টান্দে কুন্তঘোণ শ্রীবিছা প্রেদ হইতে অবৈতমঞ্জরী দিরিজে দটীক দিন্ধান্তলেশ প্রকাশিত হয়। কাশী চৌথান্থা দিরিজেও ইহা প্রকাশিত হইয়াছে। কলিকাতা লোটাদ লাইবেরীও বঙ্গান্ধরে ইহা প্রকাশ করিতে আরম্ভ করিয়াছিল।
- >ে। মতসারার্থসংগ্রহ-শন্বর, শ্রীকণ্ঠ, রামানুজ, মধ্ব প্রভৃতি আচার্যাগণের মতবাদ অতি সংক্ষেপে সংগৃহীত হইয়াছে। ৭০টা শ্লোকে এই প্রবন্ধ সমাপ্ত। মধ্যভারতে এই প্রবন্ধের প্রচার আছে। দেবনাগর অক্ষরে এখনও ইহা প্রকাশিত হয় নাই।

শাঙ্কর মত।

৩৬। নহাম া নামাত প্রান্থ বার নাম্মাত প্রান্থ বার নাম্মাত প্রান্থ বার নাম্মাত প্রান্থ বার নাম্মাত

মাধবমত।

>৭। স্থাহ্মনুক্তাবলী—এই পুস্তকে আনন্দতীর্থের (মধ্যচার্য্যের)
মতবাদ প্রপঞ্চিত হইয়াছে। ইহা প্রসিদ্ধ গ্রন্থ। বোধহয় এথনও ইহা
প্রকাশিত হয় নাই। এই গ্রন্থের উপর দীক্ষিত নিজেই ব্যাখ্য। প্রণয়ন

করিয়াছেন। ব্যাথ্যা অনতিবিস্তত। সমূল টীকা মধ্যভারতে প্রচারিত। বোধ-হয় দেবনাগর অক্ষরে এখনও প্রকাশিত হয় নাই।

রামানুজমভ ৷

৯৮। নারামার্থা-মালিক। – এই প্রবন্ধে রামান্ত্রের অভিমত বির্ত হইয়াছে। এই গ্রন্থের প্রচার অতি কম। এগনও ইছা দেবনাগর অক্রেরে মুদ্রিত বা প্রকাশিত হয় নাই।

প্রক্রিক ক্রি

- ১৯ । শিবার্কমিশিকিশিকা—ইহা শ্রীকণ্ঠ ভাগ্যের ব্যাপ্যা। এই ব্যাপ্যা পরিমলের পূর্ব্বে রচিত হইয়ছে। কারণ পরিমলের পাঞ্চরাত্রাধিকরণে শিবার্কমণিদীপিকার উল্লেখ আছে। "প্রপঞ্জয়নণিদীপিকায়াং জন্তব্যঃ।"* এছলে "মণিদীপিকা" শিবার্কমণিদীপিকাকেই বুঝাইতেছে। যদি চিয়বোম্ম ও চিয়টিম্ম অভিয় হন, তাহা হইলে মণিদীপিকা ১৫৭৪ খৃঃ অব্দ হইতে ১৫৮৫ খৃঃ অব্দের মধ্যে রচিত হইয়াছে। শ্রীকণ্ঠের ভাগ্যমহ শিবার্কমণিদীপিকা ১৯০৮ খৃষ্টাব্দে হালান্ত্যনাথ শাস্ত্রী মহোদ্যের সম্পাদনায় নির্ণয়্যাপ্য প্রেমে মৃদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছে। কিন্তু তুঃথের বিষয় মাত্র প্রথম অধ্যায় প্র্যান্ত প্রকাশিত হইয়া অবশিষ্টাংশ এখনও প্রকাশিত হয় নাই।
- ২০। ব্রক্তব্য প্রীক্ষা—এই প্রবন্ধে একিচের অভিমত বিবৃত হইরাছে। হরিহ্র ও শক্তির উপাসনার বিষয় প্রপঞ্চিত আছে। বোধহয় দেবনাগর অক্ষরে এখনও এই গ্রন্থ প্রকাশিত হয় নাই।

েভদচাশ্ব

- ২১ মিলিফা —িশ্ববিশিষ্টাদৈত্পর, হরদত প্রভৃতি আচা-যোর অভিমতানুষায়ী সংক্ষিপ্ত প্রবন্ধ। ইহা গছাও পছে লিখিত।
 - নির্ণয়নাগর সংক্ষরণ ১৯১৭ খুঃআব্দের ৫৭৫ পৃষ্ঠা দ্রন্থব্য।

- ২২ । শিখবিশী মাল্পা—এই প্রবন্ধ শিধরিণীচ্ছন্দে লিখিত। ৬৪টা শ্লোকে ইহা নিবদ্ধ। ইহাতে শিবের গুণোৎকর্ম প্রতিপাদিত হইয়াছে। প্রই প্রবন্ধ ছইভাগে বিভক্ত। শ্রুতি, পুরাণ প্রভৃতির তাৎপর্যা শিবপর, ইহাই এই প্রবন্ধে নির্ণীত হইয়াছে।
- ২০ শিবভব্রবিবেক—ইং। দীক্ষতের প্রণীত উপরোক্ত শিখ-রিণীমালার স্থাসিদ্ধ ব্যাখ্যাগ্রন্থ। ইংগতে শ্রুতি, শ্বুতি, প্রাণ প্রভৃতির বাক্যবলে শিবের প্রাণাত্ত নিণীত হইয়াছে। শিবতত্ববিবেক সং শিখরিণীমালা কুস্তবোণ (Kumbokonum) শ্রীবিভাপ্রেস হইতে অদৈতমঞ্জরী সিরিজে প্রকাশিত হইয়াছে।
- ২৪। ব্রক্ষা ভক্ত ভব পুরাণ, ইতিহাস (মহাভারতাদি) প্রভৃতিতে শিবপর যে সকল বাক্য আছে, তাহার আলোচনা ও শিব-প্রাধান্ত এই প্রবন্ধে নিণ্য করা হইয়াছে। বসন্ততিলকচ্ছনেদ ইহা লিখিত হইয়াছে। দেবনাগর অক্ষরে এখনও ইহা প্রকাশিত হয় নাই।
- ২০। শ্বিক্রশাস্থত্য—এই প্রবন্ধেও শিবের উৎকর্ষ স্থাপিত হুইয়াছে। এই প্রবন্ধ শ্রীরঙ্গন বাণীবিলাস প্রেস হুইতে প্রকাশিত হুইয়াছে।
- ২৬। ব্রাহ্মান্থল-ভাৎ শর্য-সংগ্রহ—এই প্রবন্ধ গল ও পলে লিখিত। ইহাতেও শিবের উৎকর্ম স্থাপিত হইয়াছে। বোধহয় দেবনাগর অক্ষরে এখনও ইহা প্রকাশিত হয় নাই।
- ২৭। ভারতভাৎ পর্ব্য সংগ্রহ এই প্রবন্ধও গ্রহ প্রাথ এবং ইহাতে পূর্ব প্রবন্ধের অন্তর্মপ শিবোৎকর্ম স্থাপিত হইয়াছে। ইহা এখনও প্রকাশিত হয় নাই।
- ২৮। শিবাটেন্নভবিনিৰ্ণিয়-এই প্ৰবন্ধে শিবাদৈত স্থাপিত হুইয়াছে। ইহা এখনও প্ৰকাশিত হয় নাই।
- ২৯। বিশ্বার্চ্চনা-চক্রিকা-শিবপূজার বিচার এই প্রবন্ধে কর।

 হইয়াছে। এই প্রবন্ধের উপর দীক্ষিত "বালচন্দ্রিক।" নামক ব্যাখ্যা প্রণয়ন

 করিয়াছেন। এই সংক্ষিপ্ত প্রবন্ধ দেবনাগর অক্ষরে এখনও প্রকাশিত

 হয় নাই।
- ৩০। শিব্দ্রান-শক্ষতি—পুরাণ প্রভৃতি ইইতে শিবের ধ্যান বিষয়ক বাক্যসমূহ আহরণ করিয়া এই প্রবন্ধে বিচার করা হইয়াছে। ইহা স্থাসিদ্ধ গ্রন্থ। দেবনাগর অক্ষরেইং। প্রকাশিত হইয়াছে কিনা জানা যায় নাই।

- ৩১। আক্তিন্যস্তবক্তস্ক ইহা স্থ্যস্তব ব্যপদেশে অন্তর্যামী শিবের স্তব। ইহার উপর বিবরণ নামক ব্যাখ্যা আছে।
- ্ত্র সংব্ ভ্রেমুখনদর্শন—এই প্রবন্ধে মধ্বাচার্য্যের মতবাদ খণ্ডিত হইয়াছে। ভট্টোজিদীক্ষিত্র স্বীয় "তত্বকৌস্ত্রভ" নামক প্রবন্ধে এই প্রবন্ধ হইতে বাক্য উদ্ধার করিয়াছেন। এই প্রবন্ধ পত্তে লিখিত ও প্রশিদ্ধ। বোধহয় এখনও ইহা দেবনাগর অক্ষরে প্রকাশিত হয় নাই। ইহার উপরে দীক্ষিত "মধ্বমতবিধ্বংসন" নামক ব্যাখ্যা প্রণয়ন করেন।
- ৩৩। আদেবাভ্যুদেহের ভাষ্য— বেদান্তদেশিক "বাদবাভ্যুদ্য" নামক কাব্য রচনা করেন। সেই কাব্যের উপরে দীক্ষিত ভান্তা প্রণয়ন করিয়াছেন। শ্রীরক্ষম বাণীবিলাদ প্রেদ হইতে ক্রমশঃ পণ্ডাকারে ইহা প্রকাশিত ইইতেছে।

এতদ্ব্যতীত পঞ্চরত্বও ও তাহার ব্যাখ্যা, শিবানন লহরী, তুর্গাচন্দ্রকনা-স্থাতি ও তদ্ব্যাখ্যা, কৃষ্ণ্যানপদ্ধতি ও তদ্ব্যাখ্যা, বরদরাজন্তব ও ব্যাখ্যা, আহার্পিণ প্রভৃতি প্রবন্ধ দীক্ষিতের কীর্ত্তি।

দীক্ষিতের অন্তান্ত গ্রন্থগুলি প্রকাশিত হওয়া আবশ্যক। গ্রন্থগুলি প্রকাশিত হইলে বহু ঐতিহাসিক বিবরণ পাওয়া যাইবে। বিশেষতঃ সাহিত্যেরও পুষ্টি সাধিত হইবে।

মন্তব্য ।

অপ্রদাকিত অদৈত-বেদান্ত-রাজ্যে একজন প্রধান অমাত্য। অদৈত-দিদ্ধিকার মধুস্থান সরস্বতী তাহার প্রামাণ্যে অস্থাকার করিয়াছেন। *
লঘুচ্চ্রিকাকার ব্রন্ধানন্দ সরস্বতী, স্ত্রে, ভাষ্যা, ভাষতী, কল্পতক ও পরিমল এই পাঁচখানিকেই বেদান্ত নামে অভিহিত করিয়াছেন পরিমল, দিদ্ধান্তলেশ ও শিবার্কমণিদীপিক। দীক্তিতের অক্ষয়কীঠি। ভাষাব মাধুষ্যা, ভাবের গভীরতায় ও বিষ্যাের বিশ্রাাদে দীক্তিতের গ্রন্থ পৃথিবীর সাহিত্যে উচ্চতম স্থান পাইতে পারে। এরপ দার্শনিক অন্তর্দু প্রিবিরল। সর্কবি-তন্ত্র-স্বতন্ত্রতা ইহাতে পরিস্ফুট। দীক্ষিতকে জ্যোড়ে ধারণ করিয়। ভারতমাত। রত্নগুভা। যে কোন

[🎄] মধুসুদন লিথিয়াছেন—''দর্কতন্ত্র-স্বতদ্রৈর্ভামতীকার কল্পতক্ষকার পরিমলকারৈরিতি।''

নিরপেক সমালোচকই দীক্ষিতের গুণে মুগ্ধ না হইয়া থাকিতে পারিবেন না।
দীক্ষিত বাচম্পতি মিশ্রের আয় সর্বতন্ত্র-স্বতন্ত্র। তিনি দার্শনিকের চক্রবর্ত্তী,
তাঁধার প্রতিভা সর্বতােম্থী।

বৈষ্ণবসম্প্রদায় অনেক বিষয় গোপনে রক্ষা করেন। শ্রীসম্প্রদায়ের "প্রপত্তি" সম্বন্ধে দীক্ষিতের বিবরণ সঠিক। ইহাতে কোন প্রকার ভূল ভ্রান্তি নাই। বোধহ্য বৈষ্ণব বংশের সহিত সম্পর্কের জন্তই তিনি বৈষ্ণব মত বেশ জানিতে পারিয়াছিলেন। বেদান্তদেশিক শ্রীবৈষ্ণব। তাঁহার রচিত গ্রন্থের গাদবাভ্যুদ্যের) ভাগ্য রচনা কবিয়া স্বীয় অসাধারণ উদাবতার পরিচ্য প্রদান করিয়াছেন।

দীক্ষিতের আবির্ভাব-কাল ভারতের সাহিত্যক্ষেত্রে এক অভিনব যুগ। এট সময়ে ব্যাকরণ, কাব্য, নাটক, অলম্বার, দর্শন প্রভৃতি সর্কবিষয়েরই উন্নতি সাধিত হুইয়াছে। ভটোজি দীক্ষিত ব্যাক্রণে, পণ্ডিতরাজ জগনাথ অলধাবশাস্ত্রে অসাধারণ প্রতিভার পরিচয় প্রদান করিয়াছেন। দীক্ষিতের সম্পাম্য্রিক আনন্দ রায় মুখা 'বিভাপরিণ্য ও জীবানন্য' প্রভৃতি প্রবন্ধ প্রণয়ন করেন। বালকবি "রত্নকেত্দয় ও স্বভদ্র। পরিণয়" প্রভৃতি প্রবন্ধের কর্ত্তা। সার্ব্বভৌম "মল্লিকামাকত প্রকরণ" কর্তা। রত্তথেট দীক্ষিত কবি, তাতা্য্য শ্রীবৈষ্ণব, চন্দ্রগিরি মহীপতির গুরু। অসাধারণ পণ্ডিত খণ্ডদেব মীমাংদক। তিনি ভাটকোস্তভ, ভাট্টদীপিকা, ভাট্টরহস্ম প্রভৃতি প্রবন্ধের পণ্ডিতরাজ জগন্নাথ, প্রাণাভরণ, রদগন্ধাধ্রী, শশিদেনা, শক্ষেকীস্তভণাণোতেজান, ভামিনীবিলাদ, আদক্ষানবিলাদ, মনোর্মাকুচমর্দ্ধন, চিত্রমীমাংসাথণ্ডন প্রভৃতি প্রবন্ধ বচনা করেন। ভট্টোজি দীক্ষিত ব্যাকরণে সিদ্ধান্তকৌমুদী, শক্কৌস্তভ, প্রোচননোর্মা, বৈষাকরণ ভ্ষণ এবং বেদাস্তে কর্কীস্থৃত ও বেদান্ততত্ত্ববিবেক-টীকা-বিবরণ রচনা করেন। সমরপুষ্ণব দীক্ষিত ''যাত্রাপ্রবন্ধের" প্রণেতা । নীলকণ্ঠ দীক্ষিত নলচরিত, নীলকণ্ঠ বিজয়, শিবলীলার্ণব, শান্তিবিলাস, বৈরাগাশতক, সভারঞ্জন, কলিবিভ্নন, শিবোৎকর্ষমঞ্জরী, মীনাক্ষীশতক, শিবপুরাণ তামসত্বনিবাকরণ প্রভৃতি প্রবন্ধ প্রণয়ন করেন। রাজচ্ডামণি কমলিনীকলহংস, আনন্দরাঘর, ভাবনাপুরুষোত্তম, ভৈশ্মীপরিণয়, কাব্যদর্পণ, তন্ত্রশিখামণি প্রভৃতি গ্রন্থের প্রণেতা। বেম্টাপরী, তাতাচার্য্যের ভাগিনের। তিনি উত্তরচম্পু, হস্তিগিবিচম্পু, বিশ্বগুণাদর্শ, লক্ষ্মীদহন্ত্র, প্রহামানন নাটক প্রভৃতি প্রবন্ধ-কর্তা। পর্মহংদ

সদাশিবেন্দ্র অধৈতবিভাবিলাস, বোধার্য্যা অনির্বেদ, গুরুরত্বমালিক।, ব্রহ্ম-কীর্ত্তন-তর্বন্ধনী প্রভৃতি প্রবন্ধের প্রণেত।।

এই সকল সমসামারিক কবি ও দার্শনিকাগণ দীক্ষিতের যুগকে অলক্ষত করিয়াছেন। দার্শনিক সাহিত্যক্ষেত্রে দীক্ষিত অদ্বিতীয়। বোগহ্য একমাত্র বাচম্পতি মিশ্রের সহিত দীক্ষিতের তুলনা হইতে পারে। দীক্ষিত একাধারে আলফারিক, বৈয়াকরণ, মীমাংসক, দার্শনিক ও সাহিত্যিক। তিনি যাদবাভ্যাদয়ের ব্যাখ্যায় নিজের অসামাত্য সাহিত্য-রিসিকতা প্রদর্শন করিয়াছেন। দীক্ষিতের তায়ে অসামাত্য স্বাতিভা পৃথিবীতে বিরল। বিক্লনভাবের এরপ সমন্ব বোগহ্য "কোটিশ কোটিশ কোটিশ বিবলঃ।"

আচার্য্য ভট্টোজি-দীক্ষিত।

(শাঙ্গরদর্শন, ১৬ শতাক্ষী)

ভটোজি বেদান্তে দীক্ষিতের শিশা। তিনি "প্রক্রিয়াপ্রকাশ কার রুষ্থ-দীক্ষিতের নিকট ব্যাকরণ অধ্যয়ন করেন। ভটোজির প্রতিভা অসামান্য। তিনি "মনোরমায়" গুরুর মত গগুন করেন এবং বিচার সভায় পণ্ডিতরাজ জগন্নাথকে মেচ্ছ বলিয়াছিলেন, তংকলে পণ্ডিতরাজ তাঁহার জাতশক্র হন। পণ্ডিতরাজ তাঁহার মতগণ্ডন মানসে "মনোরমা-কুচমর্দ্দন" নামক প্রবন্ধ রচনা করেন। জগন্নাথ রুষ্ণদীক্ষিতের পুত্র বীরেশ্বর দীক্ষিতের শিশা।

দীক্ষিতের শিশুত্ব গ্রহণ করিয়া ভটোজি তাঁহার নিকট বেদান্ত অধ্যয়ন করেন। কাশীধামেই তাঁহার অধ্যয়ন সমাপ্ত হয়। তিনি পাণিনি-স্ত্রের বৃত্তি "সিদ্ধান্তকৌমুদী" এবং কৌমুদীর ব্যাপ্য। "প্রোচ্মনোরমা" রচনা করেন। মনোরমার উপর নানা টীকা প্রণীত হইয়াছে। শব্দরত্র: মনোরমার টীকা, ভৈরবী আবার শব্দরত্বের টীকা। মনোরমার অন্ত টীকা কল্পলতা। সিদ্ধান্ত-কৌমুদীর উপর জ্ঞানেক্র সরস্বতীর ব্যাপ্য। আছে। সিদ্ধান্তকৌমুদী ও মনোরমার নানার্গ সংস্বরণ আছে। শব্দকীস্তভে দীক্ষিত পাতঞ্জল মহাভাষ্যের প্রতিপাছ বিষয় যুক্তি-প্রযুক্তি বলে সংস্থাপন করিয়াছেন। ইহা অতি বিস্তৃত গ্রন্থ। কাশী চৌধাছা সংস্কৃত সিরিজে এই গ্রন্থ প্রকাশিত হইয়াছে। বৈয়াকরণভূষণও ব্যাকরণের গ্রন্থ। তিনি তত্বকৌস্তভে অবৈতমত প্রপঞ্চিত করিয়াছেন। তত্বকৌস্তভ শ্রীরক্ষম বাণীবিলাস প্রেস হইতে প্রকাশিত হইতেছে। এই গ্রন্থ কেরলি বেস্কটেন্দ্রের আদেশে লিখিত হয়।

এই গ্রন্থ বৈদ্যালীর মত নিরক্ত হইয়াছে।

শব্দকৌস্তভ বেরূপ পাণিনির টীকা, তত্বকৌস্তভও সেইরূপ শান্ধরভাষ্যের বিরুতি।

কি বেদান্ত-তত্ববিবেক-টীকা-বিবরণ অবৈতবাদের প্রবন্ধ। এখনও ইহা প্রকাশিত হয় নাই।

দার্শনিক মতে ভটোজি অদৈতবাদী, ব্যাকরণ শাস্ত্রে ভটোজির গ্রন্থ অতি প্রামাণিক। সিদ্ধান্তকৌমূদী ও মনোরমার অনেকানেক টীকাই ইহার প্রমাণ। রুফ্মিপ্র মনোরমার উপর কল্পলতা নামক টীকা প্রণয়ন করেন। কলিকাতায তারানাথ তর্কবাচম্পতি মহাশয় "সরলা" নামক টীকা প্রণয়ন কবিয়াছেন। জীবানন্দ বিভাসাগ্রেব সংস্করণে ইহা প্রকাশিত হইয়াছে।

আচার্য্য সদাশিব ব্রন্ধেন্দ্র।

(ষোড়শ শতাব্দী)

সদাশিব ব্রহ্মন্দ্র স্থামী দীক্ষিতের সমসাম্যিক। ইনি সন্থাসী ছিলেন। কাঞ্চী কামকোটী পীঠের তিনি পীঠাধীশ ছিলেন বলিয়া অন্থমিত হয়। ইহার রচিত "গুরুরত্বমালিকায়" ব্রহ্মবিত্যাভরণকার অদ্বৈতানন্দের বিবরণ দেখিতে পাওয়া যায়। অদৈতানন্দ কাঞ্চীর পীঠাধীশ ছিলেন।

তত্ত্বকৌন্তভের প্রারন্তে লিপিয়াছেন :—
 "কেরলি বেস্কুটেন্দ্রস্থ নিদেশাদ্বিহ্নাং মৃদে ।
 ধ্বাস্থোচ্ছিতৈর পট্তরস্তন্ততে তত্ত্বকোন্তভঃ ॥"

[া] গ্ৰন্থাৰ পাওয়া বাম :--
"ফণি ভাষিত ভাষ্যাকেঃ শব্দকৌস্তুভ উদ্ধ তঃ ।
শাল্ধবাদথভাষ্যাকেন্তত্বকৌস্তুভমূদ্ধরে ॥"

সদাশিব অদৈতবিভাবিলাস, বোধার্যাত্মনির্কেদ, গুরুরত্বমালিকা, ব্রহ্মকীর্ত্তন-তর্বদ্দনী প্রভৃতি প্রবন্ধ রচনা করেন। এই সকল গ্রন্থ এখনও প্রকাশিত হয় নাই। জাতীয় সাহিত্যের পুষ্টি সাধন করিতে হইলে এই সকল প্রাচীন গ্রন্থ প্রকাশ হওয়া একান্ত প্রয়োজন। গ্রন্থগুলি প্রকাশিত হইলে ঐতিহাসিক তথ্যও আবিষ্কৃত হইতে পারে।

সদাশিব অবৈতবাদী। তিনি নিগুণ ব্রহ্মবাদ প্রতিপন্ন করিবার জন্মই গ্রন্থরাজি বিরচন করিয়াছেন। ইনি শঙ্করেকে অন্তুসরণ করিয়া গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। ইহার নত শান্ধর্মতেরই অন্তুর্প।

আচার্য্য নীলকণ্ঠ সূরি।

(১৬শ শতাকী)

আচার্য্য নীলকণ্ঠ মহাভারতের টীকাকার। মহারাষ্ট্র দেশে ইহার জন্ম।
গোদাবরীর পশ্চিম তীরে কূর্পর নামক স্থানে নীলকণ্ঠ বাদ করিতেন।
বার্ণেলদাহেব (Burnell) বলেন—নীলকণ্ঠ ষোড়শ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন।
নীলকণ্ঠ অবৈত্তবাদী এবং অবৈত্তপক্ষেই মহাভারত ব্যাখ্যা করিয়াছেন।
গীতা ব্যাখ্যার (চতুর্বরী) প্রারম্ভে তিনি নিজ ব্যাখ্যাকে সম্প্রদায়ান্ত্রমত বলিয়া
পরিচয় দিয়াছেন, নথা—

প্রণন্য ভগবংপাদান্
 প্রাদীংশ্চ সদ্পুরন্।
 সম্প্রদায়ান্ত্রারে গীতাব্যাপ্যাং সুমারতে।

তিনি শহর ও শ্রীধর প্রভৃতিকে প্রণাম করিয়াছেন ও সম্প্রদায়ান্সারে ব্যাখ্যাও করিয়াছেন, স্ত্রাং তিনি অবৈত্বাদী।

নীলকণ্ঠ চতুর্ধর বংশে জম্মলাভ করেন। তাঁহার পিতার নাম গোবিন্দস্বি। নীলকণ্ঠকত মহাভারতের ব্যাখ্যার নাম "ভারতভাবদীপ"। নীলকণ্ঠ
গীতার ব্যাখ্যার কোন কোন স্থলে শান্ধরভাষ্য অতিক্রমণ্ড করিয়াছেন।
ধনপতি স্বির তাঁহার ভাষ্যোৎকর্ষদীপিকায় সেই সকল স্থল অসুবাদ করিয়।
খণ্ডন করিয়াছেন। ব্যাখ্যায় সামাল্য পার্থক্য থাকিলেণ্ড নীলকণ্ঠের মত
শন্ধরের অস্কুর্প। নীলকণ্ঠের টীকা সহ মহাভারত ১৮৬৩ খ্বঃ অকে বোদাইতে

মৃদ্রিত ও প্রকাশিত হয়। এই সংস্করণ অনেকবার মৃদ্রিত হইয়াছে। তেলেও অক্ষরে চারি খণ্ডে নীলকঠের টীকা সহ মহাভারত মান্দ্রাজে ১৮৫৫—১৮৬০ খৃঃ অব্দের মধ্যে প্রকাশিত হয়। নীলকঠের পূর্বে অর্জ্র্ন মিশ্র নামক একজন মহাভারতের টীকাকার ছিলেন। নীলকঠ কোন কোনও স্কলে অর্জ্র্নমিশ্রের উল্লেখ করিয়াছেন। নীলকঠ ও অর্জ্র্ন মিশ্রের টীকা সহ মহাভারত কলিকাতায় ১৮৭৫ খৃঃঅব্দে মৃদ্রিত ও প্রকাশিত হইতে আরম্ভ হয়। নীলকঠের গীতার টীকা অনেক সংস্করণে প্রকাশিত হইয়াছে। দামোদর মৃথোপাধ্যায়ের গীতার সংস্করণে ও নির্মুসাগর প্রেসের সংস্করণে নীলকঠের টীক। প্রকাশিত হইয়াছে।

নীলকণ্ঠ বেদাস্তদর্শন সম্বন্ধে কোনও প্রবন্ধ লিথেন নাই, কিন্তু গীতার টীকা রচনা করায় তাঁহাকে বৈদান্তিক আচার্য্যরূপে গ্রহণ করাই শোভন ও সম্বত।

আচার্য্য সদানন্দ যোগীন্দ্র।

(১৬ শ শতাব্দীর প্রথম ভাগ)

আচার্য্য সদানন্দ যোড়শ শতান্দীর প্রথম ভাগে অবতীর্ণ হন। "বেদান্তসার" তাঁহার কীর্ত্তি। এরূপ সরল প্রকরণগ্রন্থ অতি বিরল। সদানন্দের কাল যোড়শ শতান্দীর প্রথমভাগ। টীকাকার নৃসিংহ সরস্বতী যোড়শ শতান্দীর শেষভাগে বেদান্তসারের টীকা "স্থবোধিনী" প্রণয়ন করেন। নৃসিংহ সরস্বতী "স্থবোধিনীর" সমাপ্তিতে লিখিয়াছেন—

"জাতে পঞ্চশতাধিকে দশশতে সংবৎসারাণাং পুন:।
সঞ্চাতে দশবৎসরে প্রভূবর শ্রীশালিবাহে শকে।।
প্রাপ্তের্ন্মুখ বৎসরে শুভশুচৌ মাসেহত্মত্যাংতিথৌ।
প্রাপ্তে ভার্গববাসরে নরহরি টীকাং চকারোজ্জনাম্॥"

এই শ্লোকে দেখিতে পাই স্থবোধিনী ১৫১৮ শকান্দায় বিরচিত হয়।
শকান্দা ষোড়শ শতান্দীর প্রারম্ভে রচিত হওয়ার খৃষ্টীয় ষোড়শ শতান্দীর অন্তেই
"স্থবোধিনী" রচিত হইয়াছে, ইহা স্বস্থিত। বেদান্ত্রসারের অন্ত টীকাকার
মীমাংসক আপদেব। তিনি সপ্তদশ শতান্দীর লোক। রামতীর্থশামীও

অন্ততম টীকাকার, তাঁহার অবস্থিতি কালও সপ্তদশ শতান্দী বলিয়া অহুমিত হয়। সদানন্দ অবশ্রই স্থবোধিনীকার নৃসিংহ সরস্বতীর পূর্ব্ববর্তী। বেদান্তসারে পঞ্চদশী হইতে বাক্য উদ্ধৃত হইয়াছে, স্বতরাং ইহা বিভারণ্যের পরবর্ত্তী। চতুর্দশ শতাব্দী বিভারণ্যের কাল। পঞ্চদশ শতাব্দীতে বেদাস্কুসার অপ্লয়দীক্ষিতের সিদ্ধান্তলেশে ইহার উল্লেখ শতানীতে বেদান্ত্রদারের যেরূপ প্রাধান্ত তাহাতে পঞ্চনশ শতাব্দীতে রচিত হইলে, সম্ভবতঃ দীক্ষিত সদানন্দের সন্নিবেশিত করিতেন। তাঁহার সিদ্ধান্তলেশে উক্ত গ্রন্থে অবশ্য থাকিত। আমাদের বিবেচনায় সদানন্দের অবস্থিতি কাল ষোড়শ শতাব্দীর প্রথম ভাগ (১৫০০—১৫৫০)। ইহার অন্ত হেতৃও আছে – সদানন প্রণীত একথানি শঙ্করবিজয় আছে। মাধবের শঙ্করবিজয় প্রথম রচিত, তৎপরে আনন্দিরির শঙ্করবিজয় রচিত হয়, তৎপরে চিদ্বিলাস শঙ্করবিজয় রচনা করেন এবং চিদ্বিলাদের পরে স্থানন্দের শঙ্করবিজয় রচিত। আনন্দগিরির অবস্থিতিকাল পঞ্চদশ শতান্দী, স্বতরাং সদানন্দের স্থিতিকাল বোড়শ শতাব্দীর প্রথম ভাগ বলিয়াই অনুমিত হয়। সিদ্ধান্তলেশে আনন্দগিরি-কৃত শঙ্করবিজ্যের উল্লেখ আছে।

সদানন্দ অবৈতবাদী এবং তৎপ্রণীত "বেদান্তসার" একথানি প্রকরণ গ্রন্থ। এরূপ সরল প্রকরণগ্রন্থ অবৈত-বেদান্তে বিরল। বিষয়ের সন্ধিবেশে ও ভাষার মাধুর্যো গ্রন্থ অতীব উপাদেয় হইয়াছে। সদানন্দের মত শঙ্করের অহরণ ।* ম্যাক্ডোনেল সাহেব লিখিয়াছেন—"সদানন্দ যোগীক্ররুত বেদান্ত-সার শান্ধরমতে বেদান্তের সংগ্রহ। গ্রন্থকার সদানন্দ যে যে বিশেষ বিশেষ অংশে শক্রের মত অতিক্রম করিয়াছেন, সে সকল স্থলে সাংখ্যমতের অন্ধ্রবেশ দেখিতে পাওয়া যায়।"

আমর। কিন্তু বেদাস্তসারে সাংখ্যমতবাদের গন্ধও পাই নাই। কেমন করিয়া ম্যাক্ডোনেল সাহেব সাংখ্যমতের চিহ্ন পাইলেন তাহা বুঝা যায় না। বোধংয়

(See S. L. 1913 Ed. 402 P.)

^{*} Mc. Donell সাহেৰ তৎকৃত History of Sanskrit Literature নামক প্ৰায়ে লিখিয়াছেন :—"An excellent epitome of the teachings of the Vedanta, as set forth by Sankara, is the Vedantasara of Sadananda Yogindra. Its author departs from Sankara's views only in a few particulars, which show an admixture of Sankhya doctrine,"

তিনি সন্থ রক্ষঃ ও তমোগুণের উল্লেখ দেখিয়াই সাংখ্যমতের চিহ্ন বলিয়া গ্রহণ করিয়াছেন। মায়া বা প্রকৃতিকে শঙ্করও ত্রিগুণময়ী বলিয়াছেন। সাংখ্যের ত্রিগুণ বৈদান্তিকের অনুমোদিত। গীতার চতুর্থ অধ্যায়ের ৬ ষ্ঠ স্লোকের ভায়ে আচার্য্য শঙ্কর লিথিয়াছেন—"প্রকৃতিং বাং মম বৈষ্ণবীং মায়াং ত্রিগুণাত্মিকাং যক্ষা বশে সর্বাং জগং বর্ত্ততে, যয়। মোহিতঃ সন্মাত্মানং বাস্কুদেবং ন জানাতি, তাং প্রকৃতিং স্বামধিষ্ঠায় বশীকৃত্য * * ইত্যাদি।"

শৃষ্করও মায়াকে ত্রিগুণাত্মিক। সত্তরজন্তনোময়ী বলিয়া স্বীকার করিয়া-ছেন, স্কতরাং বেদান্তদারকার সদানন্দ শাঙ্করমত অতিক্রম করেন নাই। এস্থলে ম্যাক্ডোনেল সাহেব ভুল করিয়াছেন বলিয়া মনে হয়।

সদানন্দকত শঙ্করবিজয়ে আচার্য্য শঙ্কররের জীবনলীলা বর্ণিত হইয়ছে। তৎপ্রণীত বেদান্তদারের নানারূপ সংস্করণ হইয়ছে। নির্গর্দাগর প্রেদ হইতে কর্নেল জ্যাকব (Col. Jacob) সাহেবের ৩য় সংস্করণ ১৯১৬ খৃঃ অবদ টীকাদ্ম সহ প্রকাশিত হইয়ছে। আপদেব কত টীকাসহ বেদান্তদার শ্রীরঙ্গম্ বাণীবিলাস প্রেস হইতে ১৯১১ খৃঃ অবদ প্রকাশিত হইয়ছে। কলিকাতায় জীবানন্দ বিভাসাগরেরও এক সংস্করণ আছে, ইহাতে স্ববোধিনী ও রামতীর্থের বিদ্নানোরঞ্জনী টীকা আছে। কালীবর বেদান্তবাগীণ মহাশয়ও বঙ্গাম্বাদ সহ স্টীক বেদান্তসার প্রকাশ করেন।

বেদাস্তদার যে সর্বাত্ত সমাদৃত হইয়াছিল ও প্রামাণিক গ্রন্থরপে অঙ্গীকৃত হইত, এতগুলি টীকাই তাহার নিদর্শন। মীমাংসক আপদেব ইহার টীকা প্রণয়ন করিয়াও গ্রন্থের মর্য্যাদা বৃদ্ধি করিয়াছেন।

আচার্য্য নৃসিংহ সরস্বতী।

(১৬শ শতাব্দীর শেষভাগ)

নৃসিংহ সরম্বতী সদানন্দের বেদান্তসারের টীকাকার। স্থবোধিনী টীকা ১৫১৮ শকে অর্থাৎ ১৫৯৬ থৃষ্টাব্দে রচিত হয়। নৃসিংহ ভগবানের প্রেরণায় কাশীক্ষেত্রে স্বীয় স্থবোধিনী টীকা প্রণয়ন করেন! তিনি স্থবোধিনীর সমাপ্তিতে লিথিয়াছেন:—

"গোবর্দ্ধনপ্রেরণয়। বিমুক্তক্ষেত্রে পবিত্রে নরসিংহ্যোগী।
বেদাস্তদারক্ষ চকার টীকাং স্থবোধিনীং বিশ্বপতেঃ পুরস্তাৎ।।"

ক্রেবোধিনীর ভাষার চাতুর্য্য অভুত। দৃষ্টাস্তম্বরূপ স্থানবিশেষ উদ্ভিক্রা হইল, যথা:—

"ইহ থলু কন্চিন্মহাপুরুষে। নিত্যাধ্যয়ন-বিধ্যধীত-সকল-বেদরাশীনাং চিন্মাজাশ্রম-তজপাছয়ানন্দ-বিধয়ানাভনির্বাচনীয়-ভাবরপাজান-বিলসিতানন্ত-ভবায়ষ্টিতকাম্য-নিষদ্ধ-বিজ্ঞিত-নিত্য-নৈমিজিক-প্রায়ন্চিজ্ঞোপাসনা-কর্মাভ্য-সম্যক্ প্রসম্বেরাণামিষ্টিকাচ্পাদি-সংঘর্ষিতাদর্শতলবদতিনির্ম্মলাশয়ানাং, নলিনীদলগত-জলবিন্দুবদ্ হিরণ্যগভাদি তম্বপর্যান্তং জীবজাতং, স্বাত্মবন্মত্যোরাস্থান্ত-গতং, ক্ষণভঙ্গুরং তাপত্রয়ায়্মি-সন্দহ্মানমনিশমাত্মগুরুপশুতামতিবিবেকিনামতএব প্রহিক-প্রকৃচন্দনাদি-বিষয়ভোগেভ্যঃ আমুম্মিক হৈরণ্যগভাষ্মৃতভোগেভ্যাক্ষ বাস্তাশন ইব অতি নির্বিদ্ধ-মানসানাং, শমাদি-সাধন-সম্পন্ধানামপাতোহধিগতাখিল বেদার্থজ্ঞাদ্দ দেহাছহঙ্কারপর্যান্ত-জড়পদার্থ তদ্মিলক্ষণ স্বপ্রকাশমর্মপ্রপ্রপ্রতাগাত্মনি বন্ধানন্দ্রে সংশ্রাপন্ধানাই তজ্জ্জাস্থনমন্ত্রশ্রবাদেন মূলাজ্ঞান-নির্ত্তি-পরমানন্দ্রোপ্তি-সিদ্ধয়ে প্রকরণমার্জমাণঃ সমাপ্তিপ্রচয়গমনাদিফলক শিষ্টাচার-পরিপ্রাপ্তেষ্ট দেবতা-নমন্ধার-লক্ষণ-মঙ্কলাচরণস্থাবশ্রক্তির্তাং প্রদর্শয়ন্ লক্ষণয়াহ্যক্ষত্ত্রয়ং নির্পয়ন্ পরমাত্মানং নমজ্বতেহ্যগ্রমত্যাদিনা।"

এই বাক্যেই তিনি বেদান্তের তাৎপর্য্য নিবেশিত করিয়াছেন। ভাষা ও ভাবে নিবন্ধ অতি মনোজ্ঞ হইয়াছে। ইহাতে নৃসিংহের দার্শনিকতার পরিচয় পাওয়া যায়। নৃসিংহের গুরুর নাম রুফানন্দ স্থামী।

দোদ্দয় মহাচার্য্য রামানুজ দাস।

(রামাত্রজ দর্শন-১৬শ শতাকী)

্ দোদয়াচাথ্য বেদান্তদেশিক বেঙ্কটনাথের "শতদ্যণী" নামক প্রবন্ধের টাকাকার। চণ্ডমারুত প্রভৃতি টাকা ইহার রচিত। ইনি রঃমান্তজ্ঞ- মতাবলম্বী। মহাচার্য্য অপ্পয়দীক্ষিতের সমসাময়িক। বাধ্লকুল-ভ্ষণ শ্রীনিবাসাচার্য্য ইহার গুরু। তাহার নিকট শিক্ষা প্রাপ্ত হইয়াই মহাচার্য্য উপাধি প্রাপ্ত হন। বেদাস্থাচার্য্যের প্রতি ইহার ভক্তি প্রগাঢ়। ইহার জন্মস্থান শোলিষ্ণার। তিনি চণ্ডমাক্ষতের প্রারম্ভে লিথিয়াছেন—

> "অব্যান্ধনৌহনমশেষজনেষ্ দাক্ষাৎ নারায়ণো নরবপুগুরুরিত্যধীণাম্। বাচং দমর্থয়িতুমচ্যত্তমেব জাতং শ্রীশ্রীনিবাস গুরুবেশমহং ভজামি॥"

মহাচার্য্যের প্রন্থের বিবরণ।

১। চ্প্রাক্তি শত দূষণীতে বেষটনাথ যেরূপ অসাধারণ দার্শনিকতার পরিচয় দিয়াছেন, মহাচার্যাও তৎপ্রণীত "চণ্ডমারুত" প্রণয়নে দার্শনিক স্ক্র্ম দৃষ্টির সবিশেষ পরিচয় প্রদান করিয়াছেন। চণ্ডমারুত কলিকাতা এশিয়াটিক সোসাইটী হইতে বিব্লিওথিকা ইণ্ডিকা সিরিজে প্রকাশিত হইতে আরম্ভ হইয়াছে। এখনও ইহা সম্পূর্ণ হয় নাই। আনন্দ চার্লু মহোদর ইহার সম্পাদক ছিলেন। ১৯০৩—১৯০৪ খৃষ্টাব্দ পর্যান্ত তুই খণ্ড প্রকাশিত হইয়া আর প্রকাশিত হয় নাই। ইহা তৃঃখের বিষয়। সম্পূর্ণ গ্রন্থ প্রকাশিত হওয়া প্রয়োজন। কাঞ্চী হইতেও এক সংস্করণ (অসম্পূর্ণ) প্রকাশিত হইতেছে। মহাচার্যা চণ্ডমারুত ব্যতীত আরপ্র বহু প্রবন্ধ রচনা করেন।

- ২। অবৈভবিক্সা-বিক্তম্ব এই প্রবন্ধে দ্বৈত ও অদৈতবাদের
 মত সকল গণ্ডন করিয়াছেন। এই প্রবন্ধে তিনটী পরিচ্ছেদ আছে।
 প্রথমে, প্রপঞ্চমিথাাত্ব ভঙ্গ, দ্বিতীয়ে, জীবেশ্বরৈক্য ভঙ্গ এবং তৃতীয়ে অথণ্ডার্থ
 ভঙ্গ আলোচিত ও সিদ্ধান্তিত হইয়াছে। প্রধানতঃ অদ্বৈতবাদ গণ্ডনের জন্ম প্রবন্ধ রচিত হইলেও প্রসঙ্গ ক্রমে দৈতবাদ গণ্ডিত ইইয়াছে। এই প্রবন্ধ এখনও প্রকাশিত হয় নাই। (১)
- এ। শব্দিকব্ধ-বিজ্ঞান-এই প্রবন্ধে বিশাদী বিষ্ণুভক্ত শ্রীবৈষ্ণবের লক্ষণাবলী নির্ণীত ও বর্ণিত হইয়াছে। এই প্রবন্ধ এখনও প্রকাশিত হয় নাই। (২)

- ৪। পাঝাশহ্য-বিজ্জ্ম—এই নিবন্ধে বিশিষ্টাদৈত-মত সমর্থিত হইয়াছে। এই নিবন্ধে বন্ধপুত্র বিশিষ্টাদৈতপর ব্যাখ্যাত হইয়াছে। (৩)...
- বিষ্ণুর অভিন্নত্ব প্রতিপাদিত হইয়াছে। আচার্য্য এই প্রবন্ধে যুক্তি
 বিষ্ণুর অভিন্নত্ব প্রবিষ্ণুর পরবন্ধত্ব প্রতিপাদন করিয়াছেন। (৪)
 বিষ্ণুর পরবন্ধত্ব প্রবিদ্ধার প্রবিষ্ণাছন । (৪)
 বিষ্ণুর পরবন্ধত্ব প্রবিষ্ণাছন ।
 বিষ্ণুর পরবন্ধত্ব প্রবিষ্ণুর পরবন্ধত্ব প্রবিষ্ণাছন ।
 বিষ্ণুর পরবন্ধত্ব প্রবিষ্ণুর পরবন্ধত্ব প্রবিষ্ণাছন ।
 বিষ্ণুর পরবন্ধত্ব পরবন্ধত্ব পরবন্ধত্ব প্রবিষ্ণাছন ।
 বিষ্ণুর পরবন্ধতা পর্মাত্ব পরবাদ্ধ ।
 বিষ্ণুর পরবাদ্ধ ।
 বিষ্ণু
- ৬। ব্রহ্মসূত্র-ভাবেষ্যাপাস্থাস—রামান্থজের শ্রীভায়্যের উপরে এই নিবন্ধ রচিত হইয়াছে। এই নিবন্ধেও তর্কজালের স্বষ্টি করিয়া পর-মত খণ্ডন পূর্বক রামান্ত্জ-মত স্থাপন করিয়াছেন। (৫)
- ৭। বেদ্যান্ত-বিক্তন্ত্র—এই প্রবন্ধ পাঁচটী উল্লাসে বিভক্ত।
 প্রথম উল্লাসের নাম "গুরূপসদন-বিজয়"। এই অংশে ব্রহ্মজিজ্ঞার শিয়ের
 আচার নিণীত হইয়াছে। শিয়া ব্রহ্মজিজ্ঞার হইয়া গুরুর প্রতি কির্প্রপ্রহার করিবে তাহাই এই অংশে নিণীত ও বিচার করা হইয়াছে। (৬)
 বেদান্তবিজয়ের পঞ্চম উল্লাসের নাম "বিজয়োলাদ"। এই থণ্ডে বিশিষ্টাছৈত
 মতাজুদারে বিষ্ণুর প্রব্রহ্মত্ব নিণীত হইয়াছে। (৭)
- ৮। সদ্বিত্যা-বিক্তয়—এই প্রবন্ধে মহাচার্য্য অবিভার সত্তা অস্বীকার ও নিরসন করিয়াছেন। সদ্বিতা বিজয় এখন পর্যান্ত দেবনাগব অক্ষরে মুদ্রিত হয় নাই। (৮)

ইহাতে নিমে উল্লিখিত বিষয়গুলি বিচারিত হইয়াছে—

১। অবিভাশের ভঙ্গ।

৪। অবিছা নিবর্ত্তক ভঙ্গ।

২। অবিভালকণভঙ্গ।

৫। অবিছা নিবৃত্তি ভন্ন।

৩। অবিছাপ্রকাশ ভঙ্গ।

⁽১) Madras Govt. Oriental Manuscript Library Catalogue. vol x
নং ৪৮৫০---৪৮৫১পৃঃ, ৩৬১৯--১৬৪০ ক্রপ্তরা।

⁽२) M. G. O. M. L. Cat. vol x নং ৪৯২৭ পৃঃ ৩৭১৯ দ্রষ্টবা।

⁽৩) M. G. O. M. L. Cat. vol x নং ৪৯২৮ পৃ: ৩৭২১ দ্রষ্টব্য।

⁽⁸⁾ M. G. O. M. L. Cat. vol x নং ৪৯৪০ পুঃ ৩৭৩৪ দ্রষ্টবা।

⁽৫) ` M. G. O. M. L. Cat. vol x নং ৪৯৭৬ পুঃ ৩৭৬২ দ্রষ্টব্য।

⁽৬) M. G. O. M. L. Cat. vol x নং ৫০১৯ পুঃ ০৮০০ দ্ৰষ্টব্য।

⁽⁹⁾ M. G. O. M. L. Cat. vol x নং ৫০২০ পুঃ ৩৮০৪ দ্ৰষ্টবা |

⁽৮) M. G. O. M. L. Cat. vol x নং ৫০৫৭ পৃ: ১৮৩৩ দুষ্টব্য।

৯। তশিনিহাল মঞ্জলদীশিকা—ইহা উপনিষদ্বাক্য সকলের ব্যাখ্যা। এই প্রবন্ধ রচনা করিয়া মহাচার্য্য রামান্থজের মত স্থদৃঢ় করিয়াছেন। মহাচার্য্যের গ্রন্থ রামান্থজ-মতে বেশ প্রামাণিক।

মতবাদে মহাচার্য্য রামান্থজের অন্থসরণ করিয়া শান্ধরমত নিরসনের চেষ্টা করিয়াছেন। অদৈতবাদী আচার্য্যগণ মায়া বা অবিচ্ঠাকে বস্ততঃ সংক্রপে গ্রহণ না করিলেও ইহার সত্তা একেবারে অপক্ষব করেন নাই, মায়াকে অনির্ব্বাচ্যা বলিয়াছেন। কিন্তু মহাচার্য্যের মতে অদৈতবাদী আচার্য্যরণ মায়াকে পদার্থক্রপে স্বীকার করিয়াছেন।

স্থদর্শন গুরু।

(১৬শ- ১৭শ শতাব্দী)

স্থদর্শন গুরু নহাচাধ্যের শিশু; অতএব সমসাময়িক। মহাচাধ্য ধোড়শ শতাব্দীর শেষভাগ হইতে সপ্তদশ শতাব্দীতেও বর্ত্তমান ছিলেন। স্থতরাং স্থদর্শন ধোড়শের শেষভাগে অবিভূতি হন। স্থদর্শন মহাচার্য্যকৃত বেদাস্ত বিজয়ের ব্যাথ্যা প্রণয়ন করেন। এই ব্যাথ্যার নাম "মঙ্গলদীপিকা"। এই টীকা এখনও প্রকাশিত হয় নাই। স্থদর্শনের মতের কোন বৈশিষ্ট্য নাই। তিনি রামান্ত্রেরে মতের প্রতিষ্ঠার জন্তই টীকা প্রণয়ন করিয়াছেন।

আচার্য্য ব্যাসরাজ স্বামী।

স্বতন্ত্রাস্বতন্ত্রবাদ ৷

(পূৰ্ণপ্ৰজ্ঞ-দৰ্শন-->৬শ শতাব্দী)

আচাষ্য ব্যাসরাজ মধ্বমতাবলম্বী। এমদ্ ব্রহ্মণ্যতীর্থ ইহার গুরু ছিলেন। জয়তীর্থাচার্য্যের "বাদাবলী" অন্তুসরণ করিয়া ব্যাসরাজ স্বীয় প্রবন্ধ "গ্রায়ামৃত" রচনা করেন। পাণ্ডিত্যের হিসাবে ব্যাসরাজ অদ্বিতীয়। তিনি গ্রন্থ

^{*} M. G. O. M. L. Cat. vol. x নং ৫০২১ পু: ০৮০৬ দ্রষ্টব্য।

বিরচনে অভুত পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিয়াছেন, সেই জন্মই তাঁহার গ্রন্থ লিকে "বাাদর্যম্" বলা হয়। বাাদরাজ জয়তীর্থাচার্যের পরবর্তী, স্থতরাং পঞ্চদশ শতাব্দীর পরে তাঁহার আবির্ভাব হয়। প্রবাদ আছে, মধুস্থদন দরস্বতী যথন তাঁহার "ন্যায়ায়ত" অইছতিসিদ্ধিতে গগুন করেন, তথন ধ্যাদরাজ বদ্ধ। মধুস্থদন সপ্রদশ শতাব্দীর প্রথম ভাগে বর্ত্তমান ছিলেন। সম্ভবতঃ মধুস্থদন সম্রাট্ শাহজাহানের সমসাময়িক। মধুস্থদন অপ্পয়দীক্ষিতের নামোল্লেথ অইছতিসিদ্ধিতে করিয়াছেন। শ দীক্ষিতের অল্প পরেই মধুস্থদনের আবিভাব। ব্যাসরাজ স্বীয় শিয় ব্যাসরামাচাষ্যকে মধুস্থদনের, নিকট প্রেরণ করেন। ব্যাসরাম মধুস্থদনের শিয় হন এবং শেষে "তরিম্বানী" রচনা করিয়া মধুস্থদনের মত গগুন করেন, এরপ প্রসিদ্ধি আছে। বোধ হয় এই ইতিরত্ত সত্যমূলক। ব্যাসরাজ জয়তীর্থের পরবর্তী ও মধুস্থদনের পূর্ব্ববর্তী, স্ক্তরাং উল্লের কাল যোড্শ শতাব্দী স্কৃত্বিত। তিনি আনন্দতীর্থকে (মধ্বাচার্য্য) ন্যায়ায়তের মঙ্গলাচরণে প্রণাম করিষা পরে জয়তীর্থকেও প্রণাম করিষাছেন, যথা—

"অভ্নং ভঙ্গরহিতমজড়ং বিমলং সদা। আনন্দতীর্থমতুলং ভজে তাপত্র্যাপহং ॥" (১)১, পৃঃ २।)

"চিত্রৈঃ পদৈশ্চগভাঁরৈকাকিমনানিরখণ্ডিতৈঃ। গুক্তাবং ব্যঞ্জন্তী ভাতি শীজ্মতীর্থবাক্॥" (১।১, পৃঃ ৩।)

জয়তীর্থের "বাদাবলী" অন্তসরণ করিয়। ব্যাসরাজ "ভাষামূত" প্রণ্ণন করেন, স্থৃতরাং ব্যাসরাজের কাল যোড়ণ শতাব্দী এ বিষয়ে সংশয় নাই। "ভাষামূতের" প্রারস্তে স্বীয় গুরুর নামোল্লেথ ও বন্দন। করিয়াছেন, যথা—

> "সম্ৎদার্য্য তমঃ স্থোমং স্মার্গং সম্প্রকাশ্য চ। সদা বিষ্ণুপদাসক্তং সেবে ব্রহ্মণ্যভাক্ষরম্॥"

শীনদ্রক্ষণ্যতীর্থ তাহার সন্ধাসাশ্রমের গুরু। লক্ষীনারায়ণ মুনি তাঁহার বিভাওক। "আয়ামতের" প্রারম্ভে ব্যাসরাজ লিখিয়াছেন—

দর্বতন্ত্র স্বতন্ত্রৈভামতীকাব কল্পতরুকার পরিমলকারে: ইন্ড্যাদি। (অবৈতসিদ্ধি)

"জ্ঞানবৈরাপ্য ভক্ত্যাদি কল্যাণগুণশালিন:। লক্ষ্মীনারায়ণমূনীন্বন্দে বিভাগুরন্মম।।''

ব্যাসরাজ স্বামী "স্থায়ামত" ও জয়তীর্থাচার্য্যকৃত তত্তপ্রকাশিকার বৃদ্ধি "তাৎপর্য্য-চন্দ্রিকা" ও "ভেদোজ্জীবন" নামক প্রবন্ধের কর্ত্তা।

[ঁ] ব্যাসরাজ স্বামীর গ্রন্থের বিবরণ।

- > । স্থাহ্বাহ্যত—এই গ্রন্থে প্রধানতঃ শান্ধরমত থণ্ডনের প্রচেষ্টা পরিলক্ষিত হয়। রামান্থজের মত থণ্ডনের প্রচেষ্টাও ইহাতে আছে। ব্যাসরাজ স্বামী "আনন্দতারতম্য-বাদ" প্রসঙ্গে রামান্থজ-মত থণ্ডনের চেষ্টা করিয়াছেন, কিন্তু তাহাতে রামান্থজীয় মত প্রকৃতরূপে অন্থবাদ করিতে পারেন নাই। স্থায়ামৃত চারি পরিচ্ছেদে সমাপ্ত। প্রথমে সমন্বয়, দ্বিতীয়ে অবিরোধ, তৃতীয়ে সাধন ও চতুর্থে কল নির্দিষ্ট হইয়াছে। এই গ্রন্থ মধ্ববিলাস বৃক্ ডিপো হইতে টি, আর, রুষ্ণাচার্য্য মহোদেয়ের সম্পাদনায় ১৮২৯ শকাবাদ অর্থাৎ ১৯০৮ সনে প্রকাশিত হইয়াছে। পুর্বের মধ্ববিলাস বৃক্ ডিপো কুন্তুঘোণে (Kumbokonam) স্থাপিত ছিল। এখন ইহা মান্ত্রাজে স্থানাস্থবিত হইয়াছে। স্থায়ামৃতের উপর শ্রীনিবাসতীর্থের বৃত্তি আছে। মধুস্থদন সরস্বতী "স্থায়ামৃত" থণ্ডন করিলে ব্যাসরামাচার্য্য স্থায়ামৃতের ব্যাথ্যারপে "তর্কিনী" প্রণয়ন করেন।
- ২। তাৎ শর্ম্য-চক্রিকা—ইহা জয়তীথাচার্য্য-ক্বত "তত্তপ্রকাশিকার" বৃত্তি। বৃত্তি হইলেও এই নিবন্ধে ব্যাসরাজ নানারূপ যুক্তির অবতারণা করিয়াছেন। ইহাতে মৌলিকতাও আছে। এই নিবন্ধ ব্যাসরাজের অসাধারণ কৃতিত্বের পরিচায়ক। ইহা মধ্ববিলাস বৃক্ডিপো হইতে প্রকাশিত হইয়াছে।
- ৩। ভেলেভিজনীবন—এই প্রবন্ধে বৈতবাদ সমর্থিত হইয়াছে। পঞ্চভেদও বিশেষরূপে আলোচিত ও সমর্থিত হইয়াছে। এই প্রবন্ধ সংক্ষিপ্ত, ন্থায়ায়্ত বা তাৎপয়্য-চন্দ্রিকার ন্থায় স্থবহৎ নহে। মধ্ববিলাস বুক্জিপো হইতে ইহা প্রকাশিত হইয়াছে।

ব্যাসরাজ স্বামীর মতবাদ।

আচার্য্য ব্যাসরাজ স্বতন্ত্রাস্বতন্ত্রবাদী। সর্ববাংশেই তিনি মধ্ব-মতের অন্নবর্ত্তন করিয়াছেন: স্বতরাং স্বতন্ত্রভাবে তাঁহার মতে আর কোন বিশেষত্ব নাই। বেদান্তদেশিক বেষটনাথ যেরপ শতদূষনীতে শান্ধরমত থণ্ডন করিতে কতসম্মল (রামাহজের মত অহুদরণ করিয়া শতদূষণী বিরচিত), ব্যাদরাজ্ঞ সেইরূপ ভাষামূতে শঙ্করের মতবাদ খণ্ডনে বদ্ধপরিকর। মধ্বাচার্য্যের মতাবলম্বনেই ভাষামৃত রচিত হইয়াছে। "ভাষামৃতে" ব্যাসরাজ ভাষমকরন্দ-কার আনন্দবোধাচার্য্য এবং তত্তপ্রদীপিকাকার চিৎস্থপাচার্য্যের মত অমুবাদ করিয়া থণ্ডন করিতে সচেষ্ট হইয়াছেন। তিনি বলেন—কেবল অনুমান প্রমাণবলেই অবৈতবাদী আচার্যাগণ বৈতমিথ্যাত্ম স্থাপন করিয়াছেন। তিনি "ভায়ামূতে" লিখিয়াছেন—"প্রমাণংচাত্রান্তমানং। বিমতংমিখ্যা 'দৃভাজা-জ্জভ্রাৎ পরিচ্ছিন্নবাচ্ছক্তিরূপাবং' ইত্যানন্দবোধোকে:। 'অয়ংপট: এতং তম্ভ নিষ্ঠাত্যম্ভাব প্রতিযোগীপট্মাদংশিম্বাং পটান্তরবং' ইতি তম্ব-প্রদীপোকে: ।" * তাঁহার মতে জগতের মিথ্যাত্ব সম্বত নহে। তিনি বলেন, মিথ্যাত্ব অনির্বাচনীয় হইলে—সদসদ বিলক্ষণত্ব মিথ্যাত্ব অঙ্গীকার করিলে "অপ্রসিদ্ধিদোষ" অনিবার্য। আচার্য্য চিৎস্থথ মিথ্যাত্ত্বের লক্ষণ নির্দেশ করিয়াছেন—"স্বাশ্রম নিষ্ঠাত্যস্তাভাব প্রতিযোগিত্বং বা মিথ্যাত্ম । অথবা স্বাত্যস্তাভাবাধিকরণ এব প্রতীয়মান্ত্রম্ মিথ্যাত্রম্।" অর্থাৎ আশ্রয়রূপ কারণে কার্য্যের ত্রিকালেই অভাব। কোনও দেশেই কারণে কার্য্য নাই। ন্তায়ামতকার বলেন—এইরূপ মিথাাত্ব অঙ্গীকার করিলে অত্যন্ত বিরহ ও সদ্বিলক্ষণতা দোষ অপ্রিহার্য্য। বিবরণকার মিথ্যাত্বলক্ষণ নিদ্দেশ করিয়াছেন "প্রতিপল্লোপাধৌ ত্রৈকালিক নিষেধ প্রতিযোগিত্বং বা মিথ্যাত্ম।" ব্যাসরাজ এই লক্ষণের বিরুদ্ধে বলেন। এরপ লক্ষণ অঙ্গীকার করিলে প্রতীতির প্রতিষেধ্যতা অনিবাধ্য। তিন পক্ষেই জগতের অত্যন্ত অসত্যতা প্রতিপন্ন হয়। তাহা কথনই সম্পত নহে। এবং "জ্ঞান নিবর্তাত্বং বা মিথ্যাত্বম্" এই লক্ষণ নির্দেশে জগতের অনিতাত্ত নির্দিষ্ট হয়, মিথ্যাত্ত নির্দেশত হয় না। জগতের অনিভাত মধ্বাচার্য্যেরও সমত। তিনি সিদ্ধান্তরূপে বলিয়াছেন-

^{*} স্থানামূত ১।১—৯ম পৃষ্ঠা, বোম্বাই নির্ণরদাগর সংকরণ দ্রষ্টবা।

"তস্মাৎ। 'অনির্ব্বাচ্যেইপ্রসিদ্ধাদিঃ প্রতীতে প্রতিষেধ্যতা। সাপ্রয়েইত্যস্ত-বিরহঃ সদ্বিলক্ষণতা তথা। ইতি পক্ষত্রয়েইত্যস্তাসত্বং স্থাদ্নিবারিতং। ধীনাশ্রত্বেনিত্যত্বমেবস্থান্নম্বাত্মতা'। মমত্বত্যস্তাসত্বমেব মিথ্যাত্বমিতিনাশ্মৎ প্রতিবন্দী।" (স্থায়ামৃত ১৷২, ৪১ পৃষ্ঠা)।

১। শেশার নির্ভাক্তি "সদসদ্বিলক্ষণত্ব মিথ্যাত্ব" এই লক্ষণ সম্বন্ধে ব্যাসরাজ তিনটা পক্ষ নির্দেশ করিয়াছেন—সন্থাবিশিষ্টাসন্থাভাব, সন্থাত্যস্তাভাববন্ধ। ভাবাসন্থাভারধর্মদ্বয়, অথবা সন্থাত্যস্তাভাববন্ধে সত্যসন্থাত্যস্তভাববন্ধ। প্রথম..পক্ষ যুক্তিসহ নহে। তিনি বলেন—জ্বগং সদেকস্বভাব, স্কৃতরাং ঐ লক্ষণ অপ্রসিদ্ধ। সন্থাবিশিষ্ট অসন্থাভাবপক্ষ অত্যস্ত অপ্রসিদ্ধ। দিতীয় পক্ষও যুক্তিযুক্ত নহে। কারণ, সন্থা ও অসন্থা পরস্পার বিরহ স্বরূপ। একের অভাবে অপরের সন্থা অত্যস্ত আবশ্যক ; স্কৃতরাং উভয়ের সাধন অসম্ভব। অর্থাৎ বিক্রন্ধর্মের একেরাবস্থিতি অসঙ্গত। তৃতীয় পক্ষও সঙ্গত নহে। কারণ, তাহাতে অর্থাস্কর ও সাধ্যবৈকল্য অবশ্যন্তাবী, বিশিষ্টের প্রসিদ্ধিও নাই। বিশেষণও অপ্রসিদ্ধ, স্কৃতরাং তৃতীয় পক্ষও যুক্তিযুক্ত নহে। মধুস্থান সরস্থতী প্রথম পক্ষ অস্থীকার করিলেও দ্বিতীয় ও তৃতীয় পক্ষ স্থীকার করিয়া সদসদ্ বিলক্ষণত্ব মিথ্যাত্ব, এই নিক্তিক সমর্থন করিয়াছেন।

২। বিভীয় নিক্তক্তি—"প্রতিপরোপাধৌ ত্রৈকালিক নিষেধ প্রতিযোগিয়ং বা মিথাত্বম্।" ব্যাসরাজ বলেন—এই লক্ষণ নির্দ্দেশও সঙ্গত নহে। ত্রৈকালিক নিষেধ তাত্ত্বিক হইলে অবৈতহানি স্থানিশ্বত।

প্রতিভাসিকত্ব সিদ্ধসাধন, ব্যাবহারিকত্বে তাহার তাত্ত্বিক্তার বিরোধিরূপে অথাস্তরের উৎপত্তি হয়, বাধও অপরিহায়। অদৈত শ্রুতিসকল
অতাত্ত্বিকের বোধক, স্থতরাং সেই সকলেরও অতত্ত্বাবেদকত্ব অনিবার্যা।
ব্যাবহারিকের প্রতিযোগী অপ্রাতিভাসিক প্রপঞ্চের পারমাথিকত্বও অবশ্রম্ভাবী।
আরও, নিষেধপ্রতিযোগিত্ব কি স্বরূপতঃ অথবা পরমার্থতঃ। প্রথম পক্ষে
শ্রুত্যাদি সিদ্ধ ঔৎপত্তিক অর্থ ক্রিয়াসমর্থ, অবিভোপাদান। জ্ঞানে যাহার
নাশ হয় না এরূপ আকাশাদির ও শুক্তিরূপ্যাদির নিষেধ যোগ অনিবার্যা।
অত্যন্ত অসত্ত্বের উত্তব অবশ্রম্ভাবী। অদ্বতবাদী বলিয়াছেন—"ত্রৈকালিক
নিষেধং প্রতি স্বরূপেণাপণস্থরূপ্যং পারমাথিকত্বাকারেণ প্রাতিভাসিকরূপ্যং
বা নিষেধ প্রতিযোগীতি।" এই মতের হানি হয়, অত্যন্ত অসত্বা স্বীকার
করিতে হয়। কারণ শণশৃশাদিরও এতাদৃশ অসত্ব অস্কীকৃত হইয়াছে।

দিতীয় পক্ষও যুক্তিসহ নহে। কারণ পারমার্থিকত্বের বাধ হয় না। আবাধ্য পারমার্থিকত্ব বাধ্যত্বরূপ মিথ্যাত্ব নিরূপ্য ইহা অঙ্গীকার করিতে হয়। স্কতরাং অন্যোগ্যপ্রেরদোষ ঘটে। রজতাদির স্বরূপতঃ "নাস্তি নাসীৎ ন ভবিশ্বতি" এই প্রকারে নিষেধ প্রত্যয় অসম্ভব। রজতের পারমার্থিকত্ব স্থিত। পারমার্থিকত্বের নিষেধে অনবস্থা অপরিহার্য্য। তিনি বলিয়াচ্ছেম—

"স্বরূপেণ ত্রিকালস্থা নিষেধো নাস্থি তে মতে। রূপ্যাদেস্তাত্মিকত্বেন নিষেধস্বাত্মনোহপি চ।।"

স্থতরাং দ্বিতীয় নিক্জিও অসঙ্গত ও অসম্ভব। মধুস্দন সরস্বতী বলেন—
এই লক্ষণ নির্দেশ সমীচীন হইয়াছে। তিনি বলেন—ত্রৈকালিক নিষেধের
প্রাতিভাসিকত্ব অতিরিক্ত সর্কাস্করণত্ব এবং প্রতিযোগিত্বের স্বরূপাবচ্ছিরত্ব
পারমাথিকত্বাবচ্ছিরত্বরূপ পক্ষর্য যুক্তিযুক্ত। তাঁহার মতে নিষেধের
অধিকরণীভূত ব্রহ্ম অভিন্ন। স্বতরাং নিষেধের তাত্বিকত্বেও অদ্বৈতহানি
হইতে পারে না। কারণ, ব্রহ্ম ভিন্ন বস্তু সকলের অভ্যুপগ্য অদ্বৈতমতে
নাই। তায়ামূতকার যে সকল যুক্তির অবতারণা ক্রিয়াছেন, মধুস্দন সেই
সকল খণ্ডন ক্রিয়াছেন। মধুস্দনের মতবাদ প্রসঙ্গে সে সকল প্রপ্রিত
হইবে

ু ভুলী হা বিশ্বা বিশ্বা ক্রিন্ত করিলে মুলারপতাদি নিবর্তা ঘটাদিও দৃষ্টান্ত হইতে পারে, অব্যাপ্তি দোষ অপরিহার্যা। এই দৃষ্টান্ত সাধ্যবৈকলা অবশুন্তাবী, ভুজিজ্ঞানে রজত নষ্ট হইয়াছে এরপ কদাপি অক্তব হয় না। "এই পরিমাণকাল ভুজির অজ্ঞান ও ভ্রন ছিল" এইরপ অক্তব স্তা ও মজ্ঞানভ্রের অক্তব হয়। স্কতরাং "ভুজ্যজ্ঞানেন তদজ্ঞানং নইং ভ্রমশ্চ নষ্ট" ইত্যাদি অক্তবে জ্ঞাননিবর্তা ক্রেন্ত ক্রিন্ত অতিব্যাপ্তি দোষ হয়। যে প্রকারে "রজত নাই, ছিল নাও ভবিষ্যতে থাকিবে না" এরপ প্রত্যায়ের উদ্য হয়, সেইরপ ভুজ্যজ্ঞান ও ভ্রন ছিল না এরপ প্রত্যায়ের উদ্য হয় না। কারণ, ইহারা লক্ষ্যীভূত নহে। সাক্ষির সত্যত্বে ও তদ্ভাশ্য ক্রম্বাদি মিথা।। সেই ভ্রমের সত্যত্বে ও তদ্ভাশ্য রজত মাত্রের মিথ্যাত্বও সন্তব। প্রত্যক্ষ ভ্রম পরোক্ষ প্রমাদারা নিবর্ত্তিত

হয় না। স্থাতরাং পরোক্ষাপরোক্ষ সাধারণ জ্ঞানন্তের নিবর্ত্তকাবচ্ছেদকত্ব অন্থপন্তর। অতএব জ্ঞাননিবর্ত্যত্ব নিক্ষজি অসক্ষত। স্থাতি জ্ঞানত্ব ব্যাপ্য। জ্ঞানে নিবর্ত্তিত হইলেও সংস্কারবশে মিথ্যাত্ব ব্যবহার সম্ভব। স্থাতরাং তাহা জ্ঞানত্ব ব্যাপ্যধর্মবলে জ্ঞাননিবর্ত্যত্ব নহে। অন্থভব ত্ব ব্যাপ্যধর্মবলে ত্রিবর্ত্যত্ব বিবক্ষ। করিলে, যথার্থ স্থাতিনিবর্ত্যে অযথার্থ স্থাতিতেও অতিব্যাপ্থি হয়। জীবন্মক্তের অজ্ঞান সংস্কার তত্বজ্ঞান সংস্কার নিবর্ত্য। স্থাতরাং এ স্থলে লক্ষণের অব্যাপ্তি। অতএব উহা ভ্রমোত্তর যথার্থজ্ঞান নিবর্ত্যত্ব নহে। এই স্কুল যুক্তিবলে "স্বোপাদানাজ্ঞান নিবর্ত্তক জ্ঞানবিবর্ত্যত্বম্" এই পক্ষও নিরন্ত হইল। অনাদি অধ্যাসে অব্যাপ্তি। আচার্য্য ব্যাসরাজ বলিয়াছেন :—

"বিজ্ঞান নাশ্যতা মিথ্যা রূপ্যাদৌ না**স্**ভূয়তে। কিংজ্ধিষ্ঠানবংসজ্যেত্দজ্ঞানেঃকুভ্য়তে॥" ◆

অতএব জ্ঞাননিবর্তাত মিথ্যাত্ব এই লক্ষণও সম্ভব নহে।

৪। চতুর্থ নিক্রক্তি—"ষাত্যন্তাভাব এব প্রতীয্মান্ত্রম্" ইহাও অসঙ্গত। অত্যন্তাভাবের তাত্ত্বিজ, প্রাতিভাসিকজ, ব্যাবহারিকজ প্রভৃতি বিকল্পবলে প্রতিযোগিজ স্বরূপত: বা পার্মার্থিক ইত্যাদি বিকল্প উত্থাপন করিয়া পূর্বেই ইহা দ্যিত হইয়াছে। সংযোগী বা সমবায়ি দেশে অত্যন্তাভাব অসম্ভব। সম্ভব হইলে উপাদান্ত্র অভ্পপন হয়। স্ত্রাং চতুর্থ নিক্ষত্তিও অসঙ্গত।

ে প্রাম্থিক নির্ভিক্তি—"সদ্বিবিক্তন্ত্র্য মিথ্যান্ত্র্য ব্যাসন্বাজ বলেন—এস্থলে "সদ্বিবিক্তন্ত্র" অর্থে কি ব্রাইবে ? সভা জাতিমৎ। অথবা অবাধ্য অথবা ব্রহ্ম, প্রথম পক্ষ অঙ্গীকার করিলে ঘটাদির সন্তাজাতিনতিকে তদ্ভেদেব বাধাহেতু লক্ষণ অসন্তব। ব্রহ্মেতে অতিব্যাপ্তিও হয়। দিতীয় পক্ষ অঙ্গীকার করিলে "বাধ্যন্তাভাবস্ত অবাধ্যন্ত্রপত্যা বাধ্যন্তেব্যাংশ বৈষণ্ত্যা" তৃতীয় পক্ষেও ব্রহ্ম ভিন্ন প্রপঞ্চ উভয়মত দিল্ল, স্কৃতরাং দিল্ল সাধন দোষ হয়। সদরূপন্তাভাব বিবক্ষা করিলে নির্ধৃত্রক সন্তর্গধর্ম্বহিত ব্রহ্ম সদ্রূপন্ত্রের অভাব, স্কৃতরাং অতিব্যাপ্তি। সন্তও "সৎসং" এইরূপ প্রতীতিতে সন্তাভাবন্ত্রেরও অঙ্গীকার করায় বাভিচার হইতে পারে না। এইপ্রকার সদ্রূপন্তাভাবনশশৃঙ্গাদি সাধারণ।

^{* (} স্থায়ামত ১١১, ৪০ পৃষ্ঠা)

স্থতরাং তাহাতেও অতিব্যাপ্তি অনিবার্যা। অতএব "সদ্বিবিক্তত্বম্ এব মিথ্যাত্বম" এই নিক্ষক্তিও অসঙ্গত।

মধুস্থান এই সকল যুক্তি নিরসন করিয়া অবৈতসিদ্ধিতে মিথ্যাত্ব লক্ষণ প্রতিপন্ধ করিয়াছেন। ব্যাসরাজ শ্রুতিগুলির ব্যাখ্যাও স্বমতের অমুকূলে করিয়াছেন। তিনি বলেন, জগতের মিথ্যাত্ব শ্রুতির অভিমত নহে। শ্রুতি যদি জগতের মিথ্যাত্ব নির্দেশ করেন, তাহা হইলে শ্রুতি নিজেই মিথ্যা হইয়া যান; স্বতরাং শ্রুতি মিথ্যাত্বের প্রমাণ নহে। "তসন্তমিথ্যাত্ব শ্রুতিনানং" (ন্যায়ামৃত)। অবৈতপর শ্রুতিগুলির শ্র্যাথ্যায় যথেষ্ট ক্টকল্পনার আশ্রেয় লইয়াছেন। পৌরাণিক বচন তুলিয়া জগতের সত্তা স্থাপন করিয়াজিন। আচার্য্য অমলানন্দ ও সিদ্ধান্ত মুক্তাবলীকারে দৃষ্টিস্টিবাদী। আচার্য্য অমলানন্দ ভূটিসমসময়া বিশ্বস্টির পক্ষপাতী। সিদ্ধান্তমুক্তাবলীকারের মতে "দৃষ্টিরেব বিশ্বস্টিঃ।" অবশ্রুই পারমাথিক দৃষ্টিতে দৃষ্টিস্টিবাদ অবৈতমতের তাৎপর্যা। ব্যাসরাজস্বামী দৃষ্টিস্টিবাদ খণ্ডন করিয়াছেন। তিনি বলিয়াছেন:—

"নিকাধ প্রত্যভিজ্ঞানাদ্ধ্রণ বিশ্বমিতিশ্রতে:।
স্বিক্রিয়াদি বিরোধাচ্চ দৃষ্টিস্টিন্যুজ্যতে।" প

ব্যাসরাজ জগতের সত্যন্ধ নির পণ জন্ম দৃষ্টিস্ষ্টিবাদ নিরাস করিয়াছেন। কোন কোন অছৈতবাদী আচাষ্য স্প্টদৃষ্টিবাদী। তাহারা দৃষ্টিস্ষ্টিবাদে দোষ প্রদর্শন করেন। তাহাদের মতে দৃষ্টিস্ষ্টিবাদে জগ্রৎপ্রপঞ্চের প্রাতিভাসিকত্ব, বিষয়াদি স্বষ্টির অপলাপ, কন্ম ও উপাসনাদি ও তৎফলের অপলাপ প্রভৃতি দোষের উদ্ভব হয়। তাহারা প্রপঞ্চের ব্যাবহারিক সত্তা অঙ্গীকার করিয়া স্প্টদৃষ্টিবাদ অঙ্গীকার করেন। অবশ্যই ব্যাসরাজ স্থামীর সহিত তাহাদের মতবিরোধ আছে। কারণ, তাহারা জগতের পারমার্থিক সত্তা স্থীকার করেননা, কিন্তু ব্যাসরাজ পারমার্থিকরূপেই জগতের সত্যন্ধিকার করিয়াছেন।

^{*} স্থারামতে ব্যাদরাজ নিম্নলিখিত অবৈতপর শ্রুতিগুলিব ব্যাখ্যা ১ম পরিচ্ছেদে করিয়াছেন, যুথা—"একমেবাদ্বিতীয়ম্", "নেহনানেতি", ''যত্রত্বস্তু'', ''নতুত্বিতীয়মন্তি'', ''বাচারস্তুণশ্রুতি'' ''ইদংসর্কাং যদয়মান্ত্রা', ''যান্ত্রামান্ত্রা', ''যান্ত্রামান্ত্রা', ''ইল্লোমান্ত্রাভিঃ'', ''অতোন্যান্ত্র্ন্য' প্রভৃতি শ্রুতি ব্যাখ্যা করিয়াছেন।

^{† (} স্থান্থান্ত ১/৪২, ২৯০ পৃষ্ঠা)

ব্যাদরাজ স্বামী স্থায়ামূতের প্রথম পরিচ্ছেদে জগতের মিগ্যাত্ব নিরাকরণ করিয়া জগতের সত্যত্ব স্থাপন করিয়াছেন। প্রথম পরিচ্ছেদে ৬৭টা প্রকরণ, স্বতরাং ৬৭টা বিধয়ে বিচার করিয়াছেন। ব্যাদরাজ স্বহৈতবাদী আচার্য্যগণের প্রতিপাদিত ত্রিবিধ সত্তাও—পারমার্থিক, ব্যাবহারিক ও প্রাতিভাদিক অস্বীকার করিয়া থওন করিয়াছেন। প্রথম অধ্যায়ে জগতের সত্তা প্রতিপন্ন করিয়া অনতগুণশালী ভগবানই জগতের প্রতা, ইহাই নির্ণীত হইয়াছে এবং তাহাতেই সম্ভ বেদান্তবাকোর স্মন্তর হইয়াছে।

- ত্রাসরাজ অন্ত আপত্তি তুলিবাছেন। নিখ্যার নিখ্যার নিখ্যার সহক্ষে ব্যাসরাজ অন্ত আপত্তি তুলিবাছেন। নিখ্যার নিখ্যার নিখ্যা কি সত্যা ? এই আপত্তি মধ্বাচার্যাও তুলিবাছেন। নিখ্যার নিখ্যা হইলে সিদ্ধসাধন দোয অপরিহার্যা। শ্রুতির অত্ত্বাবেদকর এবং জগৎসত্যর অনিবার্যা। নিখ্যার সত্য হইলে অবৈতহানি হয়, ইহাই ব্যাসরাজের অভিমত। অবৈতদীপিকাকার নৃসিংহাশ্রমও এই বোড়শ শতান্ধীর প্রারম্ভে অবৈতদীপিকায়, মিখ্যার মিখ্যা ইইলেও জগতের মিখ্যার উপপন্ন হয়, ইহাই নির্মণ করিয়াছেন। মধুস্থান স্বস্থাও অবৈতসিদ্ধিতে বলিয়াছেন—মিখ্যার মিখ্যার পক্ষে কোনও দোষ নাই। তিনি বলেন—মিখ্যার মিখ্যা হইলেও প্রপঞ্চ সত্য হইতে পারে না। বেছলে বিরুদ্ধ বস্তার একটা মিখ্যা সে স্থাল অপরটা তদপেক্ষা অধিক স্তাক —ইহাই নিয়ত; পরস্ত বে স্থালে বিরুদ্ধ উভ্য বস্তারই মিথ্যার সে স্থান একটা অপেক্ষা অপরটা অধিক স্বাবিশিন্তা, এরূপ কোনও নিয়ম নাই। তিনি বলেন—''মিথ্যার্থমিথ্যার্থেহপি প্রপঞ্চ স্তার্থান্তপপত্তেঃ। তত্রহি বিরুদ্ধয়োধ্যারেক মিখ্যারে, অপরস্থাম, যত্র মিথ্যাজাবচ্ছেদকম্ভয়র্তিন ভবেৎ।"
- ব । দুস্পাক্ত নিক্তাক্তি—অদৈতবাদী বলেন, বিমতং মিথা। দৃশ্বতাং, জড়হাং, পরিচ্ছিন্নহাং। আয়ঃমৃতকার ব্যাসরাজ দৃশ্বহ নিক্জি সম্বন্ধে বিচার করিয়া গণ্ডন করিয়াছেন। তিনি বলেন, দৃশ্বহ কি ? (১) বৃত্তিব্যাপ্যত্ব (২) বা ফলব্যাপ্যত্ব, (৩) সাধারণ বা (৪) কদাচিং কথঞ্চিদ্মিয়ত্ব (৫) স্বব্যবহারে স্বাতিরিক্ত সংবিদপেক্ষা নিয়তি অথবা (৬) অস্বপ্রকাশত্ব। এইরূপ ছয়্টী বিকল্প উত্থাপন করিয়া খণ্ডন করিয়াছেন। মধুস্থান বলেন, কেবল "ফলব্যাপ্যত্ব" পক্ষ বিচার সহ নহে, তদ্ব্যাতিরিক্ত সকল পক্ষই শোভন।
- ৮। ক্রভুক্ত নিব্রভক্তি-জড়ত্ব সম্বন্ধে ব্যাসরাজ পাঁচটা কর উত্থাপন করিয়াছেন। জড়ত্ব অর্থে সজ্ঞাত্ত্ব বা অজ্ঞানত্ব, অনাত্মত্ব, অস্থ্যকাশত

বা পরাভ্মিত। কোনও পক্ষই বিচারদহ নহে। অদ্বৈতবাদীর অভিমত তিনি স্বীকার করিতে পারেন না। কারণ, তাঁহার মতে অজ্ঞাতৃত্বই জড়ত্ব। অদ্বৈতবাদীর মতে অজ্ঞাতৃত্ব অন্তপপন্ন। মধুস্থান বলেন—অজ্ঞানত্ব, অনাত্মত্ব বা অস্থ্যপাত্মই জড়ত্ব, এরূপ নিক্তিতে কোনও দোষ হইতে পারে না।

তা শিক্তি হৈছে নিক্তান্তি — ব্যাসরাজ বলেন, পরিচ্ছিন্ন হও মিথ্যাত্বের হেতু নহে। পরিচ্ছেদ তিন প্রকার, বথা—দেশতঃ, কালতঃ ও বস্ততঃ।
ব্রেলতে আরোপিত উপাধির ত্রৈকালিক নিষেধ তিনি স্বীকার করেন না।
দেশ পরিচ্ছেদ স্বীকার করিলে, দেশান্তবে অসন্থার উদ্ভব হয়। বস্তু পরিচ্ছেদ
স্বীকার করিলে, তাহার তান্ত্বিক ভেদ প্রতিযোগিত্বনিবন্ধন স্বরূপ অসিদ
হয়। কল্লিত ভেদপ্রতিযোগিত্বরূপর অঙ্গীকার করিলে, আত্মাতে ব্যভিচার
হয়। সত্রাং কোনও পক্ষই যুক্তিযুক্ত নহে। অত্রব প্রিচ্ছিন্ন মিথ্যাত্বেব
হেতু নহে। মধুস্থান বলেন, পরিচ্ছিন্ন হও মিথ্যাত্বের হেতু। দেশ, কাল ও
বস্তু এই ব্রিবিধ পরিচ্ছেদ। অত্যন্তাবপ্রতিযোগিন্নই দেশ পরিচ্ছিন্ন।
দেশান্তবে অসন্তও নহে, স্বদেশ্যাত্র সন্ত্যুক্ত নহে। কালপরিচ্ছিন্ন ও
স্বংসপ্রতিযোগিন্। কালান্তব্যস্থাদিক প্নতে, এইপ্রকার বস্তু পরিচ্ছেদও
হেতু।

তেং তথু নিষ্ঠাত্ত ভাবপ্রতিবাদী অংশিহাং ইতরাংশিবং।" অধাং তথুউপাদান, উপাদাননিষ্ঠ অত্যন্তাভাবের প্রতিশোগ্রই মিধ্যাত। অংশিদ্ব অর্থে কার্যাত্র। স্বতরাং অংশিদ্ব মিধ্যাতের হেতু।

ব্যাসরাজ বলেন, অংশিত হেতু নহে, সেহেতু কাণ্যকারণ অভিন। কারণে কার্যোরও অভাবের সিদ্ধি অবশুষ্ঠীকার্য্য, স্তরাং সিদ্ধাপনদোস অপরিহার্য্য। অনাস্থিত্ত বা অক্যাস্থিত্ত উপ্পত্তি করিলেও অর্থাস্করেব উদ্ধ্বহয়।

মধুস্দন অংশিরকেও হেতুরূপে নির্দেশ কবিষাছেন। কাধ্যকারণ অভিন্ন হইলেও কগঞ্চিংভেদ অবখাই স্থাকাব করিতে হইবে, স্থৃত্রাণ দে স্থলে কার্য্যের কারণে কাব্যাভাব অসিদ্ধ, অতএব সিদ্ধাধনত। প্রভৃতি দোষের উদ্বব্দইতে পারেনা।

জগতের মিথ্যার নিরূপণ অবৈত্রাদীর কাষ্য। নির্দিশেষ নিওাণি ব্রহ্মবাদ স্থাপন করিতে ইইলে, জগতের মিথ্যার নিশ্চণ আবশ্চক। শুভির যুক্তি ও অহভৃতিবলে অদৈতবাদী আচার্য্যগণ জগতের মিথ্যাত্ব নিশ্চয় করিয়াছেন।
পক্ষান্তরে সপ্তণ সবিশেষ ব্রহ্মবাদ স্থাপনে জগতের সত্যত্ব আবশ্রক। সাংখ্যদর্শনে নিপ্তণ পুরুষবাদ স্থাপন করিতে গিয়া জগং পুরুষাশ্রিত বা ব্রহ্মাশ্রিত
নহে, প্রকৃতিই জগতের উপাদান, এরপ নির্দেশ করিয়াছে। জগতের
ব্রহ্মাশ্রিতত্ব স্বীকার করিলে নিপ্তণব্রহ্মবাদ অসম্ভব। জগতের মিথ্যাত্ব ভিন্ন
নির্দ্ধিশেষ ব্রহ্মবাদ স্থাপিত হইতে পারে না। স্ক্তরাং দৈতবাদী আচার্য্যগণ
জগতের সত্যত্ব প্রতিপাদনে সবিশেষ চেষ্টিত। জগতের সত্যত্ব নির্দ্ধিত
হইলেই সপ্তণব্রহ্মবাদ সম্ভব। স্থায়ায়্যক্রকার ব্যাসরাজ স্বামীও তাই প্রপঞ্চ
মিথ্যাত্ব ভঙ্গের।

পদার্গের অথগুরও ব্যাদরাজ স্বীকার করেন না। স্থায়াম্তের দ্বিতীয় পরিচ্ছেদ অথগুর্থবাদ নিরাকরণ বিষয়ক। ইহাতে নিগুণ ব্রহ্মবাদ নিরাকরণ করিয়া ভেদবাদ স্থাপন করা হইয়াছে। জীবের অণুত্বও নিরূপিত হইয়াছে। জীব ব্রহ্মের অংশ। তৃতীয় পরিচ্ছেদে শাক্ষরমতের মনন নিদিধ্যাদন প্রভৃতির শ্রবাদ্বর প্রভৃতি নিবাক্ষত হইয়াছে। উপাদনাই সাধন। জ্ঞানে মৃক্তি হয় না। উপাদনার কলে ভগবানের অন্থাহে মৃক্তি হয়। চতুর্থ পরিচ্ছেদে জীবমৃক্তি থণ্ডন করিয়া, *নির্বিশেষ আনন্দই পুরুষার্থ এই দিদ্ধান্ত থণ্ডন করিয়া, মৃক্তির তারতম্য নির্দ্ধেশ কয়য়াছেন।

ম্কির তারতম্য থাকায় মৃক্ত পুরুষেরও তারতম্য আছে, আনন্দেরও তারতম্য অবশুস্থাবী। ব্যাসরাজের মতে, সাধনার যথন তারতম্য আছে তথন ম্কিরও তারতম্য আছে, "তেখাং সাধনতারতম্যামুক্তিতারতম্যম্।" ম্কির যথন তারতম্য আছে, তথন মুক্তেরও তারতম্য আছে। তিনি বলেন, "তথাং ফলাধ্যায়োক্তক্যায়ৈগুরতমভাবাপন্ন মুক্তো ব্লাক্সাদি নিয়ামকো ভগ্রান শ্রীপতিঃ সর্কোত্য ইতি সিদ্ধা।"

মন্তব্য।

তাংপধ্য চন্দ্রিকায় শাঙ্করমত থওন করিয়। স্বমতের প্রতিষ্ঠার চেষ্টা আচ্চে। মধ্বাচাধ্যের মতান্দ্রাহেই তাৎপধ্যচন্দ্রিক। রচিত হইয়াছে। ভেদোজ্জীবনে পঞ্ভেদ আলোচিত হইয়াছে। ব্যাসরাজের ক্যায়ামৃত, থওন- থঙ্থাছ, তত্ত্বপ্রদীপিকা প্রভৃতি গ্রন্থের অন্ত্করণে লিখিত। গ্রন্থ অসাধারণ পাণ্ডিতাপূর্ণ। এই গ্রন্থের শেষ অংশে "আনন্দতারতম্যবাদ" প্রসঙ্গের মতের অন্থবাদ কালে ভূল হইয়াছে বলিয়। মনে হয়। অবশ্রন্থই এই ক্রটী তত বেশী কিছু নয়। কারণ, বৈষ্ণব সম্প্রান্থ স্বীয় মত অতি গোপনে রক্ষা করেন। তন্মতে দীক্ষিত ব্যক্তি ভিন্ন উহা অপরে জানিতে পায় না। ব্যাসরাজ স্বামী মধ্বমতাবলদী, স্থতরাং শ্রীসম্প্রদারের মতবাদ সঠিক ভাবে জানিতে না পারিবারই সম্ভাবনা বেশী। বৈত্বাদীর সিদ্ধান্থ আলোচনা করিতে হইলে স্থায়ামূত পাঠ করা একান্ত কর্ত্ব্য। আমাদের বিবেচনায় মধ্বমতে স্থায়ামূতের স্থায় এরূপ প্রমেয়বহুল আব কোনও গ্রন্থ নাই। স্থায়ামূত ও তাংপর্যা-চল্রিকায় ব্যাসরাজ অসাধারণ দার্শনিকতার পরিচয় দিয়াছেন। দার্শনিক স্থান্থিও বিচারের কৌশল স্বর্জ্বই পরিস্ফুট।

যেমন শীভাষ্য অধ্যয়ন করিলে শাহ্মরভাষ্য ব্রাবার স্থ্রিধা হয়, সেইরূপ ভারামূত পাঠ করিলে অবৈত্বাধীর মিথ্যাত নিক্তি ব্রাবার স্থাগে ঘটে।

ভাষামূতের মত মধুস্থান সরস্বতী অবৈত্যিদ্ধিতে খণ্ডন করেন। ব্যাস-রাজের শিলা রামাচায্য আবাব তর্জিনীতে মধুস্থানের মত খণ্ডনের প্রয়াস পান। ব্রহ্মানন্দ স্রস্বতী তর্জিণীকার রামাচায্যের মত নিরসন কবেন। এইরূপে যোড়শ শতাকী হইতে যে দার্শনিক যুদ্ধের স্ত্রপাত হয়, সেই যুদ্ধি সপ্রদেশ শতাকীর শেষভাগে প্যান্ত চলিতে থাকে।

আচাৰ্য্য বিজ্ঞান ভিক্ষ

সমস্রবাদ—সাংখ্যানুকুল বেদান্তবাদ ! (:৬ শতাকীর শেষ্টাগ)

বিজ্ঞানভিক্ষ্ সাংখ্যাচাষ্য। তিনি সাংখ্যমতের অন্তক্ষে বেদান্ত-দর্শন ব্রহ্মত্ত্বের ব্যাখ্যা করিয়াছেন। তংকত ভাস্যের নাম 'বিজ্ঞানামত ভাষ্য"। তিনিও শাস্করমত পণ্ডনে বন্ধপরিকর। তাহার ভাষ্যের বিশেষক এই যে তিনি শাস্ত্রের সমন্ত্র করিতে ভাগ্যে সবিশেষ চেষ্টা করিয়াছেন। এ জন্ম তাহাকে সমন্ত্রবাদী (Syncretist) বলা হায়। পরস্পর বিক্ষমতের সমন্বয়ের চেষ্টা দার্শনিক ক্ষেত্রে একরপে অসম্ভব। বিজ্ঞানভিক্ষ্র চেষ্টা প্রশংসার্হ ইইলেও অস্বাভাবিক বলিয়া মনে হয়। তিনি ষোড়শ শতান্দীর শেষভাগে বর্তুমান ছিলেন।

বিজ্ঞানভিক্ষ্ সন্ত্যাসী। "ভিক্ষ" এই উপনাম দেখিয়া তাঁহাকে বৌদ্ধ সন্ত্যাসী বলিয়াই বোধ হয়। বান্তবিক তিনি বৌদ্ধ-সন্ত্যাসী নহেন। সম্ভবতঃ তাঁহার জন্মস্থান উত্তরভারত। তিনি মতে সাংখ্যের অনুসরণকরিলেও ঈশ্বর-পরায়ণ(বিষ্ণুভক্ত) ছিলেন। "সাংখ্যুসারের" প্রারম্ভশ্লোকে তিনি বিষ্ণুকে নমস্কার করিয়াছেন দেখা যায়। * উহাতে আত্মনিবেদনের ভাবও বেশ পরিক্ষি। নিক্ষাম কর্মযোগের যাহা আদর্শ তাহাও ইহার মধ্যে দেখিতে পাই। ঈশ্বরের প্রীতি কামনায় গ্রন্থ বিরচন নিদ্ধাম কর্মযোগীরই লক্ষণ। তিনি "প্রবচন-ভাগ্রের" প্রারম্ভে নঙ্গলাচরণ প্রসঙ্গে লিখিয়াছেন—

"চিদ্চিদ্ গ্রন্থিভেদেন মোচয়িয়ে চিতোহপি চ। সাংখ্যভায়মিদেণাঝাং প্রীয়তাং মোক্ষদোহরিঃ॥"

তংপ্রণীত "যোগবার্ত্তিকের" সমাপ্তিতে লিখিয়াছেন—

"ব্যাপ্যাত্ত ষ্থাশক্তি নিশ্বংসরধিয়া ময়। এতেন প্রীয়তামীশো য আত্মা সর্বদেহিনামু॥"

তিনি ব্রহ্মস্ত্রের বিজ্ঞানামৃতভাগ্য রচনার প্রেরণ। শ্রীভগবানের নিকট হইতে প্রাপ্ত হন। গুরুর দক্ষিণাস্বরূপ শ্রীগুরুর প্রীতির জন্ম বিজ্ঞানামৃত ভাগ্য রচনা করিয়াছেন। বিজ্ঞানামৃত ভাগ্যের প্রারম্ভে তিনি লিখিয়াছেন—

"অন্তর্যামি গুরুদিষ্ট জ্ঞানবিজ্ঞানভিক্ষণা।
ব্রহ্মস্ত্র ঋজুব্যাখ্যা ক্রিয়তে গুরুদক্ষিণা।।
শ্রুতিস্থাত্যায়বচঃ ক্ষীরান্ধিমথনোদ্ধ তম্।
জ্ঞানামূতং গুরোঃ প্রীতৈয়ভূদেবেভ্যোহমূদীয়তে।।"

বিজ্ঞানভিক্ষ্ সাংখ্যপ্রবচনভায়ের ভূমিকায় নিরীশর সাংখ্য সম্বন্ধে যে অভিমত প্রকাশ করিয়াছেন, তাহাতেও মনে হয় তিনি ঈশরপরায়ণ। তাহার মতে ব্রহ্মমীমাংসায় ঈশর প্রতিপাদনই মুখ্য উদ্দেশ্য। সাংখ্যশান্তে কেবল

 [&]quot;মহাদাথ্যঃ স্বয়ন্তুয়ো জগদকুব ঈয়য়ঃ সর্বয়ায়নে নমন্তবৈয় বিফবে সর্বজিঞ্বে।"

পুরুষার্থসাধন আত্মসাক্ষাৎকারের হেতুভূত প্রকৃতিপুরুষ বিবেচনাই মুখ্য উদ্দেশ্য। ব্রহ্মমীমাংসা ও যোগস্থকের সেশ্বরবাদ পারমার্থিক এবং সাংখ্যের নিরীশ্বরবাদ ব্যাবহারিক।

বিজ্ঞানভিক্ষ্ প্রথমে বিজ্ঞানাম্ত ভাগ্য রচনা করেন। সাংখ্যপ্রবচন ভ'গ্যের পূর্ব্বে এই ভাগ্য রচিত হয়। কারণ, প্রবচন-ভাগ্য-ভূমি কায় লিথিয়াছেন—"অধিকং তু ব্রহ্মনীমাংস। ভাগ্যে প্রপঞ্চিতমম্মাভিরিতি।" সহতরাং বিজ্ঞানামৃত ভাগ্য প্রবচনভাগ্যের পূর্বে রচিত। "সাংখ্যসার" প্রবচনভাগ্যের পরে বিরচিত হয়। সাংখ্যসারের প্রারস্তে তিনি লিথিয়াছেন—

"সাংখ্যভালে প্রক্ত্যাদে স্বরূপং বিস্তরান্ময়।। প্রোক্তং তক্ষাং তদপ্যত সংক্ষেপাদেব কক্ষতে॥"

বিজ্ঞানভিক্ষ্, বেদান্তের বিজ্ঞানায়ত ভাষ্য, গীতার ভাষ্য, উপনিষদের ভাষ্য এবং "উপদেশ রত্নালা" নামক প্রকরণ রচনা করেন। উপদেশ রত্নালা বিজ্ঞানায়ত ভাষ্যের পূর্বের রচিত হইয়াছে। কারণ, বিজ্ঞানায়ত ভাষ্যে উহার উল্লেখ আছে। ক সাংখ্যমতে তিনি প্রবচনভাষ্য, সাংখ্যমার রচনা করিয়াছেন। যোগশাস্ত্রে যোগবাজিক ও যোগসার বিরচন করেন। সংখ্যা হিসাবে তিনি বেদান্তের গ্রন্থই বেশী লিথিয়াছেন। কিন্তু বেদান্তের ব্যাখ্যা সাংখ্যমতের অক্সকুলেই করিয়াছেন।

বিজ্ঞানভিক্ষ বেশ মৌলিকত। আছে। গতাসগতিক ভাবপ্রবাহে তিনি ভাসিয়া যান নাই, আর পলবগ্রাহিতাও তাঁহাতে নাই। তিনি যোগের ভায়ে বাচস্পতির মত হইতে পৃথক্ মতের অবতারণাও করিয়ছেন। বাচস্পতির মতে পুক্ষের ছায়া প্রকৃতিতে পড়ে। আর বিজ্ঞানভিক্ষ বলেন—পুক্ষের ছায়া বেমন প্রকৃতিতে পড়ে। আর বিজ্ঞানভিক্ষ বলেন—পুক্ষের ছায়া বেমন প্রকৃতিতে পড়ে, প্রকৃতির ছায়াও তেমন পুক্ষে পড়ে। যাহা হউক, বিজ্ঞানভিক্ষ বে মৌলিকত। আছে তদ্বিষয়ে সন্দেহ নাই। তংপরে দার্শনিক অন্তর্গুটি, বিচারের কৌশল, সর্কোপরি সামগ্রন্থের চেটা তাঁহার গ্রন্থে স্পরিক্ষা। অবিরোধে এরপ সমন্ধ আর কাহারও গ্রন্থে দেখিতে পাওয়া যায় না। বিজ্ঞানভিক্ষ প্রতিভাও পাণিওতার আকর।

- প্রবচন ভাষ্য—মহেশপাল সংস্করণ ১৮•৭ শকাকা ১১ পৃষ্ঠা।
- † বিজ্ঞানামূত ভাষ্য—চৌথাখা সংস্কৃত সিরিজ সংস্করণ ১৯০১ খৃষ্টাকের ৬২ পৃষ্ঠার লিখিত আছে—''অধিকংতুপ্দেশরত্বমালাধা প্রকরণে ডাইবাম্''।

বিজ্ঞানভিক্ষুর গ্রন্থের বিবরণ।

(বেদান্ত মতে)

>। ভিশদেশ ব্ৰক্তমালা—কেবল বিজ্ঞানামূত ভাষ্যে এই গ্ৰন্থের উল্লেখ আছে। এই প্রকরণ গ্রন্থ এখন পাওয়া যায় না।

বিজ্ঞানায়ত ভাষ্যা—এই গ্রন্থে ব্রহ্মণ্ডরের সাংখ্যমতামুক্লে ব্যাখ্যা করা হইয়াছে। কাশী চৌখাদা সংস্কৃত সিরিজে সন্থং ১৯৫৮ অর্থাৎ ১৯৬১ খুষ্টাব্দে মুকুন্দ শাস্ত্রীর সম্পাদনাম এই ভান্য প্রকাশিত হইয়াছে।

- গ্রীভাভাষ্য—প্রদিদ্ধি আছে যে বিজ্ঞানভিক্ষীতার ভাষ্য
 প্রণমন করেন কিন্তু এই ভাষ্য এখন পাওয়া যায় না।
- ৪ । উপনিষদ ভাষ্য-ইচা এখন পৰ্যন্ত প্ৰকাশিত হয় নাই। হস্ত্ৰিখিত অৱস্থা ইচা আছে।

(সাংখ্যমতে)

পূর্বতন আচার্য্যগণ কপিলস্থ উদ্ধৃত করেন নাই। সাংখ্যকারিকা উদ্ধৃত করিয়াছেন। কপিলস্থা, সাংখ্যপ্রবচন স্থাকারিকার অন্তর্মণ। অনেকে কপিলস্থার প্রামাণিকতা ও প্রাচীনতা স্বীকার করেন না। ইউরোপীয় পণ্ডিতগণের মতে ইহা পঞ্চদশ শতান্দীর প্রারম্ভে (১৪০০ খৃষ্টান্দে) বিরচিত হয়। ক বাস্তবিক এরূপ সিদ্ধান্ত সমীচীন নহে। কারিকা ও স্থাতের সাদৃশ্য স্বস্পন্ট। সাংখ্যপ্রবচনভাগ্য কাশীতে প্রকাশিত হইয়াছে। কলিকাতায়

[#] Mc. Donell সাহেব তংকৃত History of Sanskrit Literature নামক গ্ৰন্থে লিখিয়াছেন—''The Sankhya Sutras, long regarded as the oldest manual of the system and attributed to Kapila, were probably not composed till about 1400 A. D."

জীবানন্দ বিভাসাগর মহাশয়ের এক সংস্করণ আছে। বঙ্গান্ধবাদসহ মহেশচন্দ্র পাল মহাশয় ১৯০৭ শকাব্দায় অর্থাৎ ১৮৮৫ গুষ্টাব্দে এক সংস্করণ প্রকাশ করিয়াছেন।

ও। সাংখ্যসার—ইহা সাংখ্যের প্রকরণগ্রন্থ এবং গছে ও পছে রচিত। এই প্রকরণ তুইভাগে বিভক্ত। প্রথমভাগে, তিনটী পরিচ্ছেদ গছে লিখিত।

এই গ্রন্থের অনেক সংস্করণ হইয়াছে, কাশী হইতে এক সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতায় ১৯০৯ পৃষ্টাকে ৮জীবানন্দ বিচাসাগর মহাশ্র এক সংস্করণ প্রকাশ করিয়াছেন। বঙ্গান্ত্বাদসহ মহেশচন্দ্র পাল মহাশ্রও এক সংস্করণ প্রকাশ করিয়াছেন।

(যোগশাস্ত্রে)

বুঃ সোপবাতিক—এই গ্রন্থ পাতঞ্জ দর্শনের ব্যাসভাগ্যের টীকা। ইহা স্বিভৃত ও স্থাসিদ। কলিকাতায় ৮ জীবানন্দ বিজ্ঞাসাগ্র মহাশ্য ১৮৯৭ খৃষ্টান্দে সভাগ্য যোগবাত্তিক প্রকাশ কবিয়াছেন।

বিজ্ঞানভিক্ষর মতবাদ

আচার্য্য শহরের মতে আত্মা এক। সৃষ্টির পূর্ব্বে তিনি এক বা অদিতীয় ছিলেন। মায়ার সাহায্যে আকাশাদি প্রপঞ্চরপে বিবর্তিত হইয়াছেন। জগংপ্রপঞ্চ মায়িক অর্থাং মিথ্যা। স্ত্রাং ব্রহ্ম অবিক্রত ও অপরিণামী, ব্রহ্ম স্থপ্রকাশরূপ। জগং বিবর্ত্ত বলিয়া স্থপ্রকাশ ব্রহ্ম জড়রূপে পরিণত হন না। অবিভারে বশেই অপরিণামী ব্রহ্ম পরিণতের ভায়ে, চিদ্রুপ ব্রহ্ম জডরুপে, অদিতীয় সদ্বিতীয়রূপে বিভাত হন। সমস্ত প্রপঞ্চসৃষ্টি অবিভোগাদানা ও স্বপ্রপঞ্চবং। অদিতীয় ব্রহ্মই পার্মার্থিক। জীব ও ব্রহ্ম অভিন্ন। আর ভেদদৃষ্টি অবিভার ফল। অবিভার নাশে আত্যক্তিক তৃংধ নির্ভি ও পর্মানন্দাবান্তি হয়। ব্রহ্মবৈর্ক্যজ্ঞানে জীব ও ব্রহ্ম অভিন্নভাবে অবস্থিত হয়। জীব নিত্যমূক্ত। কেবল মায়ার বশেই আপনাকে বন্ধ বলিয়া মনে করে। মায়া বা অবিভারে অব্যক্ত জীব ব্রহ্মবঙ্গনেজ।

কর্ম মৃক্তির সাক্ষাৎকারণ নহে, কিন্তু পরম্পরা কারণ। জ্ঞানই মৃক্তির কারণ।

বিজ্ঞানভিক্ষ্র মতেও আত্ম। এক, ঈশ্বরপদবাচ্য। স্থান্টর পূর্ব্বে একই ছিলেন। মায়া ঈশ্বরের শক্তি, মায়াশক্তির বলেই ঈশ্বর সর্ব্বেশ্বর। তিনি ক্লেশকর্মবিপাকাশয়াদি দারা অপরাম্ট। শঙ্কর বলেন—মায়া ব্রহ্মের শক্তিনহে, ব্রহ্ম নিগুণি নির্বিশেষ। মায়া ব্রহ্মাশ্রিত হইলেও উহা তুচ্ছ।

বিজ্ঞানভিক্ষ্ মায়াকে ঈশ্ববের শক্তি বলিয়া অঙ্গীকার করিয়াছেন। স্থতরাং তাঁহার মতে ঈশ্বর সগুণ ও স্বিশেষ। বিজ্ঞানভিক্ষ্র মতে ঈশ্বর সশক্তিক হইলেও নিও্ণ। ঈশ্বর তাহার অন্তঃস্থ প্রকৃতি পুরুষাদি শক্তির সাহায্যে অন্তোভা সংযোগবলে মহদাদি স্বষ্ট করেন। মাকড্স। যেমন জাল বিস্তার করে, ঈশবের স্ষ্টিও সেইরূপ। রাজা যেমন সেবা ও অপরাধের ফল প্রদান করেন, ভগবানও দেইরূপ কর্মফল প্রদান করেন। ঈশ্বরই পুনরায় সমস্ত জীব জ্বাৎ আত্মাতে উপসংহৃত করিয়া অদ্বিতীয়রূপে—একরূপে অবস্থিত হন। সমুদ্রে তরঙ্গ বুদুবুদাদির ক্যায় সমস্ত জীব জগৎ তাহাতে লীন হয়। সেই মবস্থায় ক্ষণভন্ধুর, মাথেক্রক্সাল সদৃশ সমস্ত বিকারজাত বাচারস্তন মাত্র থাকে। ঈশ্বর হইতে ভিন্ন কিছুই পাকে না। শ্রুতিও বলিয়াছেন—"সর্বংথলিদং ব্রহ্ম-ভজ্জলানিতি।" জীবদকল সুষ্য-কিবণের ত্যায় ব্রন্ধের অংশ। প্রকৃতি, তাহার গুণ ও জাবাদির সভাক্তি ঈশবের অধীন। প্রকৃতি, গুণ ও জাবাদি স্বাপ্লবস্তুর তাম দৃশ্য। উহাদের স্বত:সিদ্ধন্ধ নাই, স্থতরাং পারমার্থিক সত্তা নাং'। জীব চৈত্যাংশে ব্রেমর তুল্য, চৈত্যাংশে কোনও বিলক্ষণতা নাই; হান্তরাং ঈশ্বর পঞ্চবিংশতিতত্ত্বের আত্মা। জীব প্রাণাদির ত্যায় জড়রূপে অনাত্মা। নিখিল বেদান্তবাক্যপ্রতিপান্ত দেই প্রমাত্ম। পরং ব্রহ্মকে 'তিনিই আমার আত্মা'—"দ ম আত্মেতি", 'তিনিই আমি'— "দোহহমিতি"রূপে, মায়া ও জীবাদি হইতে পৃথক্রপে—আত্মারূপে উপলব্ধি করিয়া অবিভাকা মকমাদির ক্ষয়ে নিথিল তু:খ হইতে ইহজীবনেই মুক্তিলাভ করে। জীবন্মুক্তি বিজ্ঞানভিক্ষর অভিমত। জীব ও ব্রন্ধের অগ্নিষ্ণুলিঙ্গের ন্তায় অংশাংশিভাবই যৃত্তিযুক্ত। আকাশাদির, জীবের বিভূত্ব বা ব্যাপকত্ব নাই। পিতাপুত্রের ন্যায়, জীবত্রন্ধের অবিভাগ। মোক্ষধর্মেও পুরুষ বহু কি এক, এই প্রশ্নে—

"বহবঃ পুরুষা রাজন্ সাংখ্যযোগবিচারিণাম্। নৈবমিচ্ছন্তি পুরুষমেকং কুরুকুলোদ্বহ ॥"

এই শ্লোকে পুরুষনানাত্ব বিচারবলে স্থাপন করিয়া ব্যাসোক্ত পুরুষবহুত্ব পিতাপুত্রের ন্যায় "অবিভাগ"রূপে প্রতিপাদিত হইয়াছে। * শ্রুতিও বলিয়াছেন—

"মায়াং তু প্রকৃতিং বিভানায়িনস্ত মহেশ্বম্। অস্তাবয়বভূতৈস্ত ব্যাপ্তং সর্কমিদং জগং॥"

গীতায়ও খ্রীভগবান্ বলিয়াছেন—

"মমৈবাংশে। জীবলোকে জীবভতঃ সনাতনঃ" ইত্যাদি।

শ্রুতি বলিয়াছেন—"যথ। স্থানীপ্তাং পাবকাং বিস্ফুলিঙ্কাঃ সহস্রশঃ প্রভবন্তে সর্বপাঃ তথাক্ষরাদ্বিবিধাঃ সোমাভাবাঃ প্রজায়ক্ষে তত্রটেবাপিয়ক্তি"। "বালাগ্রশতভাগস্থা শতধা কল্লিতস্য চ ভাগো জীবঃ সবিজ্ঞেয়ঃ সচানন্ত্যায় কল্লত" ইত্যাদি। এই অংশাংশিভাব ভেদ প্রতিপাদনেব ফল। উৎস্গার্বলে অংশাংশির একর্পতা আছে বলিয়াই জীবের অসংসারিত, বিভূত্ব, সর্ববাধারত্ব প্রভৃতি শ্রুতিতে নির্দিষ্ট হইয়াছে। ভেদাভেদ বিভাগ অবিভাগপব। অবৈতবাদী অভেদবাক্যান্থরোধে ভেদবাক্য সকলের ঔপাধিক ভেদপরত্ম কল্লন। করেন, সেইরূপ ভেদবাক্যান্থরোধে অভেদ বাক্য সকলের অভেদ লক্ষণ অভেদপরত্ম কিল্লা হইতে পারে। অবিরোধ উভ্যথা সন্তব। শ্রুতিতে আছে—"যথোদকং শুদ্ধে শুদ্ধমাক্ষিপ্তং ভাদুগেব ভবতি। এবং মুনেবিজ্ঞানত আত্মাভবতি গৌতম।" "নতু তদ্ দ্বিতীয়মন্তি, ভতোহত্যদ্ বিভক্তম্ " (শ্রুতি)।

"অতিভক্তং চ ভৃতেস্কুসবিভক্তমিব স্থিতম্। ব্যক্তংস এব বা ব্যক্তংস এব পুরুষঃপুর: ॥" ইত্যাদি।

অবিভাগ পরত্ব অঙ্গীকার করিলেও অভেদ শব্দে লক্ষণ। ইইবে—এরপ বলা যাইতে পারে না। কারণ, "ভিদি বিদরেণ ইতি" বিভাগেও "ভিদি" ধাতুর প্রয়োগ আছে। যদি বল "তত্ব্যস্যাদি" অভেদবাকোর মোক্ষদল শুভি

সমাযতগুৰদ্ব্যাদঃ পৃক্ষবৈক্ষমুক্ষবান্।
ভক্তাহং সংপ্ৰবক্ষ্যামি প্ৰদাদাদমিভৌজদঃ।।
বছুনাং পুক্ষবানাং ছি ববৈকা যোনিবিষ্যতে।
তথা তং পুক্ষবং বিশ্বমাখ্যান্তামি গুণাধিকমিতি।।

বলিয়াছেন, অভেদজ্ঞানই সম্যণ্জ্ঞান। বিজ্ঞান ভিক্ষু বলেন—তাহা বলিতে পার না। কারণ শ্রুতি বলিয়াছেন—''পৃথগাত্মানং প্রেরিতারং চ মত্মা জুইস্তভন্তেনামূভত্বমেতি" ইত্যাদি। শ্রুতিই ভেদজ্ঞানের মুক্তিফলত্ম নির্দ্দেশ করিয়াছেন। ভেদজ্ঞানে ঈশ্বর হইতে মায়াও জীবের পৃথক্ত্য-বিবেক-জ্ঞান জন্ম। স্কৃত্রাং অবিদ্যার নিবর্ত্তকরূপে ভেদজ্ঞানের সাক্ষাৎ মোক্ষ হেতৃত্ব আছে। শ্রুতি বলিয়াছেন--'দত্যেন লভ্যন্তপসাহ্যেষ আত্মা সম্যণ্ জ্ঞানেন ব্রহ্মচর্যোণ নিত্যম্" ইত্যাদি।

''প্রধানপুরুষব্যক্তকালানাং পরমং হি যথ। পশ্যন্তি স্থরয়ঃ শুদ্ধং তদ্বিষ্ণোঃ পরমংপদম্॥"

গীতায় ভগবান্ বলিয়াছেন—''ততো মাং তত্ততো জ্ঞাছা বিশতে তদনস্তর্ম।"

আর অভেদবাক্য সকলের সাক্ষাৎ অবিভা নিবর্ত্তক্ত অসম্ভব, স্থৃতরাং ঐ বাক্য সকল ব্রহ্মাত্মতা বোধক বাক্য সকলের শেষভূত।

অভেদ জ্ঞান সাক্ষাৎরূপে ''অহংজুঃখী" ইত্যাদি লক্ষণ অবিদ্যার উচ্ছেদ করিতে পারে না। এক আকাশে শব্দ ও তদভাবের ন্যায় এক আত্মাইে ভাব ও অভাব অসম্ভব। অতএব বিবেক বাক্যরূপেই ভেদবাক্য সকল বলবান্ এবং তদ্বিরোধিরূপ অভেদ বাক্য সকল অবিভাগপর।

শ্রুতিতে ভেদনিন্দাপর বাক্য সকল আছে। "য এতশ্মিল্পানুমস্তরং কুরুতে অথ তস্য ভয়ং ভবতি"। শ্বুতিও ভেদের নিন্দা করিয়াছেন—

"তদ্যাত্মপরদেহেষু সত্যেহপ্যেকময়ং হি যৎ। বিজ্ঞানং পরমার্থোহদৌ দৈতিনোহতথ্যদর্শিনঃ॥"

স্তরাং ভেদনিন্দা আছে বলিয়া শ্রুতির ভেদপরত্ব সম্ভব নহে, ইহাই অইছতবাদীর আশস্কা। বিজ্ঞানভিক্ষ বলেন—অভেদবাক্য সকল অবিভাগপর। ভেদনিন্দাবাক্য সকল বিভাগ লক্ষণ ভেদপর। স্থতরাং প্রতিপান্থ বিপরীতের নিন্দাত্বই যুক্তিযুক্ত। অত্যথায় "মনসৈবেদমাপ্তব্যংনেহ নানান্তি কিঞ্চন" "মৃত্যোঃ স মৃত্যুমাপ্লোতি য ইহ নানেব পশ্রতি" এই সকল শ্রুতিবাক্যবলে জড়বর্গের ভেদ নিন্দা থাকায় তাহাদেবও অভেদ পক্ষ অক্সীকার করিতে হয়। ইহা প্রত্যুক্ত বিক্ষম।

অভেদ জ্ঞানে বন্ধ মোক্ষ ব্যবস্থারও অন্থপপত্তি হয়। প্রতিবিশ্ব বা অবচ্ছেদবাদবলে বন্ধ মোক্ষ ব্যবস্থাও যুক্তিযুক্ত নহে। কারণ প্রতিবিশ্ব তুচ্ছ, এজন্য বন্ধ মোক্ষ অন্থচিত। অতএব জীব ব্রন্ধের অংশ। বিবেকজ্ঞানে মুক্তি, ঐক্যজ্ঞানে নহে। অদ্বৈতবাদী আচার্য্যগণ প্রতিবিশ্ববাদী। তাহাদের মত নিরসন জন্মই বিজ্ঞানভিক্ষুর স্কবিধিধ প্রচেষ্টা।

বিজ্ঞানভিক্ষ্র মতে ব্রহ্ম জগতের অধিষ্ঠান কারণ। প্রকৃতি ব্রহ্ম হইতে অবিভক্ত। ব্রহ্ম স্থাবিভক্ত প্রকৃত্যাদির সাক্ষিক্রপে উপষ্টপ্তক। স্কৃত্বাং ব্রহ্ম জগতের কারণ হইলেও নিবিবকার। প্রকৃতি পুরুষাদিতেও আঁত্ প্রসঙ্গ হইতে পারে না। কারণ স্বাষ্টির পূর্বে অহ্য সকলের সাক্ষিত্ব অসম্ভব। ভিক্ষ্ "বিজ্ঞানামূতভাষ্যে" বলিয়াছেন—"ব্রহ্মণশ্চ স্থাবিভক্ত প্রকৃত্যাত্যুপষ্টপ্তকত্মং সাক্ষিতা মাত্রেণেতি জগৎকারণত্বেহণি ন ব্রহ্মণে। বিকাবিত্বং ন ব। প্রকৃতি পুরুষাদিষতি প্রসঙ্গঃ। সর্গাৎ পূর্বেমহোষাং সাক্ষিত্যসন্তবাং।"

অধিষ্ঠান কারণটা কি ? তহুত্তরে ভিক্ষু বলিতেছেন—া হাতে অবিভক্তরণে অবস্থিত হইয়া যদ্বলে উপষ্টর হইয়া, উপাদান কারণ কার্যাকারে পরিণত হয়, তাহাই অধিষ্ঠানকারণ। যেমন স্বাষ্টির আদিতে জলে অবিভক্ত পাথিব স্কোংশ সকল (যাহাদিগকে তন্মাত্র বলা হয়) জলধার। উপষ্টর হইয়া পৃথিবী আকারে পরিণত হয়, জল মহাপৃথিবীর অধিষ্ঠান কাব্য, সেইরূপ ঈশার প্রকৃত্যাদির অধিষ্ঠান কারণ। বিজ্ঞানামৃতভাষ্যে ভিক্ষু বলিয়াছেন—

"তদেবাধিষ্ঠানকারণং যত্রহবিভক্তং যেনোপষ্টরং চ সত্পাদানকারণং কার্য্যাকারেণ পরিণমতে, যথাস গাদৌ জলাহবিভক্তাঃ পার্থিব স্কাংশান্তরাজাখ্যাঃ জলেনৈবোপষ্টন্তাং পৃথিব্যাকারেণ পরিণমন্ত ইত্যতো জলং মহাপৃথিব্যা অধিষ্ঠান কারণমিতি।"

ব্রহ্ম জগতের অধিষ্ঠান কারণ, স্কতরাং তিনি অধিকারী চিন্মাত্র ইইলেও তাঁহাতে জগতের উপাদানত্ব ও অভেদত্ব উপপন্ন। বিজ্ঞানভিক্ষ্ বলিয়াছেন— "অতএবাবিকারি চিন্মাত্রত্বেহপি ব্রহ্মণো জগত্পাদানত্বং জগণভেদশ্চোপপছতে।" বিকারিকারণের মত অধিষ্ঠান কারণেরও উপাদানত্বরূপে ব্যবহার আছে।

বিজ্ঞানভিক্ষর নতে ব্রহ্ম জগতের সমবায়ী, অসমবায়ী বা নিমিত্ত কারণ নহে। এই সকল কারণ হইতে সম্পূর্ণ পৃথক্ আধার কারণ। বিকারি কারণ কি? তত্ত্ত্বে বিজ্ঞানভিক্ষ্ বলেন—সমবার সম্বন্ধে ফাধাতে অবিভাগ তাহাই বিকারি কারণ (''সমবায় সম্বন্ধেন ধ্যাবিভাগন্তাদিকারিকারণম্") এবং যে স্থল "কাষ্যস্থকারণাবিভাগেনাবিভাগঃ" তাহাই অধিষ্ঠান কারণ। বিজ্ঞানভিক্ বলেন, অধিষ্ঠান কারণবাদের দহিত বৈশেষিক সাংখ্য প্রভৃতির কোনও বিরোধ নাই। বৈশেষিক ও সাংখ্যবাদী আচার্য্যগণও অধিষ্ঠান কারণের নিমিত্ত কারণতা স্বীকার করেন। যথন সাংখ্য বৈশেষিক প্রভৃতির কারণ-বাদের সহিত অবিরোধ রক্ষা করা যায়, তথন বিরোধ স্থাপন যুক্তিযুক্ত নহে। ভিক্ষু বলেন—তবে আমরা সমবায়ী অসমবায়ী ও নিমিত্তকারণ হইতে বিলক্ষণ উদাসীন অধিষ্ঠান কারণই অঙ্গীকার করি। তিনি ভাগ্নে বলিতেছেন— "সম্ভবত্যবিরোধে সৃষ্টি প্রক্রিয়ায়াং বৈশেষিক সাংখ্যয়োক্রভয়োপ্যজ্ঞবিরোধানে)-চিত্যাদিতি। বৈশেষিকাদিভিরপীদৃশং ব্রহ্মণঃ কারণত্ব মিয়ত এব। পরং তু তৈরিদম্পি নিমিত্তকারণতেতি পরিভাগতে। অম্মাভিস্ত সম্বাযাসম-বায়িভ্যামুদাসীনং নিমিত্ত কারণেভ্যশ্চ বিলক্ষণতয়া চতুর্থমাধারকারণত্মিতি।" বাস্তবিক এম্বলে বিজ্ঞানভিক্ষ্ গত্যন্তর ন। থাকাতে এক অন্তত কারণ-বাদের সৃষ্টি করিয়াছেন। জগতের সত্যতা রক্ষা করিতে হইবে অথচ ব্রহ্মের নির্বিকারত্বও রক্ষাকরিতে হইবে। এই উভয় সম্বটে পড়িয়া বিজ্ঞানভিক্ষ্ এক অভিনব কারণবাদ অঙ্গীকার করিয়াছেন। এই কারণবাদে অদৈতবাদের ছায়াও আছে, আর সাংখামতের ছায়াও আছে। অদৈতবাদী বলেন, নির্ধিষ্ঠান ভ্রম হইতে পারে না। জগদ্ভমের আপ্রয় বা অধিষ্ঠান জ্ঞান। অবশুই জ্ঞানে অজ্ঞান কোনও কালে বা দেশে নাই। ব্রহ্ম মায়িক জগতের অধিষ্ঠান। ভিক্ষু এই অধিষ্ঠানবাদ গ্রহণ করিয়। প্রকৃতিকে অধিষ্ঠানের আত্মভত করিয়াছেন। প্রকৃতি অধিষ্ঠানের সহিত অবিভক্ত। অবশ্রুই অবিভক্ত অর্থে অভিন্ন নহে। এস্থলে অবিভক্ত শব্দটি ভিক্ষু একটু বিশেষ অথে ব্যবহার করিয়াছেন। কারণ, তিনি অভেদের অর্থ অবিভাগ অর্থে গ্রহণ করিয়াছেন। প্রকৃতিকে ব্রহ্মের অবিভক্ত বলিয়া সাংখ্যবাদকে অতিক্রম করিয়াছেন। কারণ, সাংখ্যমতে প্রকৃতি স্বতন্তা। পক্ষান্তরে সাংখ্যমতে পুরুষের ঈক্ষণ বা সাক্ষিত্ব বশে প্রকৃতির সাম্যাবস্থার চ্যুতি হয় ও গুণের ক্ষোভ হয়। এন্থলেও ভিক্ষু নিবিবকার ব্রহ্মকে উপষ্টস্তক বলিয়াছেন। উপষ্টম্ভকত্ব ও সাংখ্যের সাক্ষিত্ব প্রায় একই জিনিষ। ভিক্সুর মতে ব্রহ্ম শক্তিমান। শক্তির বিকার অবশুভাবী, যেহেতু শক্তিই স্পন্দন, আর স্পন্দনই বিকার। শক্তি আছে কিন্তু বিকার নাই ইহা অসম্ভব। Latent energyরও আভান্তরাণ বিক্ষোভ মাছে। স্কাদপি স্থ Electron এরও

ম্পন্দন আছে। ম্পন্দন থাকিলে নির্বিকারত্ব অসম্ভব। এন্থলে ভিক্ সামঞ্জস্ত করিতে গিয়া অসমত মতবাদের স্বষ্টি করিয়াছেন। জগতের সভ্যতা রক্ষা ও ব্রন্ধের নির্বিকারত্ব স্থাপন অসম্ভব। সাংখ্যের পুরুষ নিমিত্ত কারণ, অসঙ্গ ও নিগুণ। কিন্তু বিজ্ঞানভিক্ষুর অধিষ্ঠানকারণ ব্রহ্ম অসঙ্গ ও নিগুণ নহে। কারণ তিনি প্রকৃতিকে বন্ধণক্তি বলিয়া নির্দেশ করিয়াছেন। ব্রন্ধের শক্তিমতাই স্থাত্ব। ব্রন্ধের স্থাত্ব যথন উপাধিক নহে, তথন ব্রহেমর বিকারিত্ব অসম্ভাবী। ভিক্ষু বলিতে পারেন. ব্রহ্ম সগুণ হইলেও নির্বিকার। আমরা তত্ত্তবে ভিক্ষকে জিজ্ঞাসা করিব, সগুণত্রন্ধ কি প্রকারে প্রকৃতির উপষ্টম্ভক ? যদি সাক্ষিত্র নিবন্ধন উপষ্টম্ভকত্র স্থীকার করেন, তাহা হইলে প্রক্নত্যাদি যথন দং,তখন সাক্ষীরও বিকার অবশ্যস্তাবী; আর যথন ব্রহ্মই প্রকৃতির উপষ্টম্ভক বা বিক্ষোভক, তথন তাঁহারও বিকার অনিবার্য। ভিক্ প্রকৃতির সাম্যাবস্থ। অঙ্গীকার করিয়াছেন। কাবণ, তিনি সাংখ্যের প্রকৃতি-কেই বেদান্তে ব্রদ্ধাপ্রিতরূপে গ্রহণ করিয়াছেন। আব যদি বলেন, প্রকৃতির সাম্যভাব অঙ্গীকার করেন নাই, তখন প্রকৃতি বিক্ষোভ্ময়ী, ক্রিয়াশালিনী, প্রকৃতি ব্রহ্মাশ্রিতা। ক্রিয়ার পশ্ম—শক্তির ধর্ম এই যে, আশ্রয়কে বিক্লুত নাকরিয়া ক্রিয়া আত্মপ্রকাশলাভ করিতে পারে না। ক্রিয়াত্মিক। প্রকৃতি ব্রহ্মেরও বিক্ষোভ অবশ্রুই জন্মাইবে। যদি বলেন, প্রকৃতির সাম্যাবস্থা অঙ্গীকার করিয়াছেন, তাহ। হইলে জিজ্ঞাস্ত — প্রকৃতির সমতার ক্ষোভ কি প্রকারে হইল ? দাম্যাবস্থা হইতে কি প্রকাবে প্রচ্যুতি ঘটল ? "উভয়তে। পাশারজ্বঃ" তায়ে ভিক্ষু পতিত হইয়া এক অদ্ভত কারণবাদের সৃষ্টি করিয়া-ছেন। Syncretist অর্থাৎ সমন্বয়বাদী দার্শনিকের এরপ অনিবার্যা।

বিজ্ঞানভিক্র মতে ঈশর চেতন বিশেষ। তিনি তাঁহার ভায়ে লিখিয়াছেন, "অস্ত জগতো নামরূপাভাগে ব্যাক্তস্ত চেতনাচেতনরপস্ত প্রতিনিয়ত
দেশকাল সংস্থান ব্যাপারাদিমভোহচিন্তারচনাত্মকস্ত জায়তেইন্তিবর্দ্ধতে
বিপরিণমতেইপক্ষীয়তে বিনশ্রতীত্যেবংরূপং জন্মাদি ষট্কং যতঃ প্রমেশ্রাদস্তর্লীন প্রকৃতি পুরুষাভ্যথিলশক্তিকাং স্বত শ্রুমাতাদিশুদ্দব্যিমান্যাপাধিকাং
ক্রেশকর্ম বিপাকাশয়ৈরপরাম্প্রাচ্চেতন বিশেষাদ্ভবতি" ইতি। এস্থলে
পাতঞ্জলের "ক্রেশকর্ম বিপাকাশয়ৈরপরাম্প্রং কশ্চিং পুরুষবিশেষঃ"ই বেদান্তের
"বিশুদ্ধস্বাধ্য মায়োপাধিক" ইইয়া আবিভ্তি ইয়য়তিলন। পাতঞ্জনের ঈশ্বর

"ক্রেশকশ্ববিপাকাশথৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষঃ।" বিভারণ্যমূনীশ্বর ঈশ্বরকে বিশুদ্ধনন্ত প্রধান বলিয়া অঙ্গীকার করিয়াছেন। বিভারণ্যের "বিশুদ্ধ সন্ত্ব-প্রধান" ঈশ্বরই বিজ্ঞানভিক্ষ্র "বিশুদ্ধসন্ত্বাথ্য মায়োপাধিক।" বিজ্ঞানভিক্ষ্র মতে প্রকৃতি ব্রহ্মের শক্তি। তিনিই বলিয়াছেন—"প্রকৃতিপুরুষাভাগিল-শক্তিকাৎ।" এখন জিজ্ঞাশ্ত - বিশুদ্ধসন্তাথ্য মায়া ও অথিল শক্তি এক কি না। যদি এক হয়, তাহা হইলে মায়াও যেমন উপাধি, প্রকৃতি পুরুষাদি অথিল শক্তিও তেমনি উপাধিক। উপাধিক হইলে শক্তি ব্রহ্মের সহিত অবিভক্ত হুটতে, পারে না, ব্রহ্মের আত্মভূতও হুইতে পারে না। পাতঞ্জল ও বেদান্তমতের সমন্বয় করিতে গিয়া ভিক্ষ্ "ভালথিচুড়ী" পাকাইয়াছেন।

কোনও পুরুষ বিশেষ ঈশর। পাতঞ্জলের সিদ্ধান্তে ঈশবের সহিত জীবের কোন প্রদান নাই। ঈশর জীবের অন্তর্য্যামী, জীবের প্রমাজীয়—ইহা পাতঞ্জলেব মতে নাই। বে ঈশর উদাসীন, জীবের সহিত বাহার কোন ও সম্পর্ক নাই, ভিক্ষ্ সেই পাতঞ্জলের ঈশরকে বেদান্তের পোষাক প্রাইয়াছেন। কারণ, তাঁহার জীব সেই পুরুষবিশেষরপ ঈশরকে "তিনিই আমার আত্মা" এইরপ উপাসনা বা ধ্যান করিয়া আত্মভাবে সাক্ষাৎকার করিলে আত্যন্তিক ছংখনির্ত্তি লাভ করে। অবশ্যই তাঁহার মতে ঈশর অন্তর্যামী কি না তাহা ব্রিতে পারা বায় না। উদাসীনতাও বেন আছে, কেবল জীব ঈশরকে "স আত্মতি" এইরপ সাক্ষাৎকার করিতে পারিলেই ছংখ নির্ত্তি হইতে পারে এই মাত্র। স্কতরাং বিজ্ঞানভিক্ষ্য মতবাদ বেদান্তের পোষাকে সাংখ্যবাদ।

ভিক্ষ্র মতে জীব ব্রহ্মের অংশ। মৃত্ত্বস্থরই অংশ হইতে পারে। অমৃত্ত্র নিরংশ জীব যদি ব্রহ্মের অংশ হয়, তাহা হইলে ব্রহ্ম মৃত্ত্রহয়। পড়েন। মৃত্ত্রবস্তর বিকার আছে। বিকার যাহার আছে, তাহা অনিত্য; স্কৃত্রাং ব্রহ্মের অনিত্যতা অনিবার্য্য হইয়। পড়ে। ভিক্ষ্র মতে জীবাত্মার বিভূজ্ প্রভৃতি ঔপচারিক। জীব যথন ব্রহ্মের অংশ, তথন অংশত্ব অবশ্রহ নিত্য। জীব যথন ব্রহ্মকে "তিনি আমার আত্মা" বলিয়া জানে, তথন জীব আপনাকে ব্রহ্ম হইতে পৃথক্রপে দেখিতে পায়। কারণ, জীব তথন "মায়াজীবাদি বিবেকেন আত্মত্মা" ব্রহ্মকে উপলব্ধি ক্রে। অর্থাৎ ঈশ্বর জীবের আত্মা হইলেও জীবাদি হইতে বিবিক্ত। ভিক্ষ্ যদি বলেন—জীব তথন ব্রহ্মাত্মভাব প্রাপ্ত হয়, তাহা হইলে তৎপ্রতিপাদিত জীবের অংশত্ব অন্তুপপন্ন হয়। আর

যদি জীব তথন আপনাকে ত্রন্ধ হইতে পৃথক্ করিয়া দেখে, তথন "ব্রন্ধই আমার আত্মা" এই বোধের তাৎপর্য্য কি ? অংশাংশিভাবে জীব আপনাকে ঈশবের অংশ বলিয়া বোধ করে, তাহা হইলে "ঈশব আমার আত্মা" এই ভাবের কোনও তাৎপর্য্য থাকে না। অংশ অংশীর সহিত ভিন্ন কি অভিন্ন ? যদি বলেন ভিন্ন, তাহা হইলে "ঈশব আমার আত্মা" ইহার সার্থকতা কোথায় ? আর যদি অভিন্ন হয়, তাহা হইলে জীবের অণুত্ব অন্তপ্পন্ন, জীবের বিভূত্বই পারমার্থিক বলিয়া স্বীকার করিতে হয়। জীব ও ঈশব সম্বন্ধে ভিক্ষ ভেদাভেদবাদী। তিনি ভাগে বলিয়াছেন—"যশ্চস্বতো মায়া তদ্গুণ জীবাদিভেয়া ভিন্নাভিন্নো জীবাবিলক্ষণ চিন্নাত্রোহপি ন তেষাং দোমৈঃ কদাপি লিপ্যকে।"

এস্থলে ভিক্ষ্ ভাস্বরীয় মতের কতকটা অনুসরণ করিয়াছেন। ভাস্কর ভেদাভেদবাদী। ভেদাভেদবাদ অযৌক্তিক। "ঈশ্বর জীবের আত্মা" এই মতে নিম্বার্ক-মতের ছায়া দেখিতে পাওয়া যায়। নিম্বার্কও ভেদাভেদবাদী। ভিক্ষ্ সকল মতের সামঞ্জন্ম কবিতে গিয়া অস্বাভাবিকতার উদ্ভব করিয়াছেন।

দাধন সম্বন্ধে ভিক্ষু জ্ঞান কর্ম সমুচ্চয়বাদী। তিনি বলেন—"কন্মবিশিষ্ট্রস্ত জ্ঞানস্ত মোক্ষপাধনত্বম্।" শুভি বলিয়াছেন—"আত্মক্রীড়ঃ আত্মবতিঃ ক্রিয়াবানেষ ব্রন্ধবিদাং বিষষ্ঠঃ" ইত্যাদি। এ স্থলে বিদ্বানের— আত্মারামেবও ক্রিয়া দেখিতে পাওয়া যায়। শুভিও কন্মবিশিষ্ট জ্ঞানেব মোক্ষসাধনত্ব প্রতিপন্ন করিয়াছেন। শুভি বলেন—

"অন্ধংতমং প্রবিশান্ত বেহবিভামুপাসতে। ততো ভৃষ ইব তে তমো য উ বিভায়াং রতাঃ ॥৯॥ (ঈশোপনিষদ্) বিভাঞাবিভাঞ সম্ভাৱেদোভয়ং সহ। অবিভায়া মৃত্যুং তীর্ষা বিভাষামূতমশ্বুতে॥ ১১॥ ইত্যাদি।

স্থৃতিতেও বলিয়াছেন—

"জ্ঞানিনাহজ্ঞানিনাবাপি যাবদেহস্য ধাবণম্ । তাবন্ধগাল্লাক্রাক্রং কর্ত্ব্যং কর্মমুক্ত্যে ॥ জ্ঞানেনৈব সহৈতানি নিত্যকর্মাণি কুর্বতঃ। নিবৃত্তফলতৃপুস্মুক্তিস্তস্য করে স্থিতা॥

স্থতরাং কর্মযুক্তজ্ঞানই মোক্ষের সাধন। এ বিষয়ে বৈষ্ণবাচার্য্যগণের সহিত বিজ্ঞানভিক্ষ্র মতসাদৃখ্য আছে; কিন্তু শক্ষরের সহিত নাই। শহরের মতে জ্ঞানই মোক্ষের হেতু। তিনি জ্ঞান ও কর্ম্মের সম্চ্চয়ের বিরোধী। কর্ম পরস্পরাক্রমে জ্ঞানের সাধন। শহরের মতবাদ থগুনের জ্ঞা বিজ্ঞানভিক্ষ্ ব্রহ্মস্থেরের ১।১।১ স্থ্রের ভাগ্যে সবিশেষ চেষ্টা করিয়াছেন। তিনি শ্রোত, স্মার্ত ও পৌরাণিক বাক্য উদ্ধার করিয়া শান্তরমত নিরসনের জ্ঞা সচেষ্ট।

মৃক্তি সম্বন্ধে ভিক্ষু বলেন—ঈশবের সহিত একীভাব প্রাপ্তি মৃক্তি নহে। মুক্ত পুরুষের ঈশবের সমান শক্তিও হয় না। মুক্তপুরুষের ঈশবের সমান ভোগ হয়। ঈশ্বরদাযুজ্য অর্থে একরূপ ভোগ। ঈশ্বরও মুক্তপুরুষের ভোগ্য। ঞ্তি বুলিয়াছেন—"সোহশ্বত স্বান্ কামান্ সহ ব্ৰহ্মণ। বিপশ্চিতেতি।" "স যথৈতাং দেবতাং সর্ব্বাণি ভূতান্তবন্তি এবং হৈনং সর্ব্বাণি ভূতান্তবন্তি তেন এতক্তৈ দেবতামৈশাযুজ্যং সলোকতাং জয়তীত্যাদি।" এস্থলে শ্রুতি বিদ্বানের পরমেশ্বরের সহিত সমান ভোগ মাত্রের নির্দেশ করিয়াছেন। স্থতরাং মহদাদি স্ষ্টিতেও মৃক্তপুরুষের অধিকার নাই, সেই শক্তি কেবল ঈশ্বরের। ভিক্ বলেন—"ইত্যাদি শ্রুতে পরমেশ্বরেণ সহ তদ্বিত্যাং ভোগমাত্রং সমানং শ্রেয়তে অনেন চ লিক্ষেনামুমীয়তে মহদাদি সংগ্রী তস্তু শক্তির্নান্তি কিং তু পরমেশ্বরক্তৈ-বেতীত্যর্থ:।" সাযুজ্য অর্থ কি ? ভিক্ষু বলিয়াছেন—"সাযুজ্যং চোপাস্থে প্রবিশ্য তেন সহৈকীভাবেনৈকরপভোগ ইতি।" অর্থাৎ সাযুজ্য অর্থে উপাস্থ বস্তুতে প্রবেশ করিয়া তাঁহার সহিত একভাবে অবস্থিত হইয়া একরূপ ভোগ। ভিক্ষুর মতে যাঁহারা কার্যাব্রহ্ম প্রাপ্ত হয়, তাঁহাদের অপুনরাবৃত্তি উৎসর্গিকী এবং যাহারা কারণব্রদ্ধ প্রাপ্ত হয়, তাহাদের অপুনরাবৃত্তি নিয়তা। তিনি বলিতেছেন—"অত চায়ং বিশেষঃ। কার্য্যবন্ধণি গতানামপুনরাবৃত্তি-রৌৎসর্গিকী কারণত্রদ্ধণি গভানাং চাপুনরাবৃত্তিনিয়তা।" জীবন্মুক্তি বিজ্ঞান-ভিক্সর সমত।

ভ্রক্ষবিত্যায় শূদ্রাথিকার—এ সম্বন্ধ ভিক্ অন্তান্ত আচার্য্যগণের সহিত একমত। তাঁহার মতেও ব্রন্ধবিত্যায় শৃদ্রের অধিকার নাই। তবে বিহুর প্রভৃতির যে জ্ঞান জন্মিয়াছিল, তাহার কারণ জ্ঞানের ঐকান্তিক ফলত্ব। তিনি বলেন—''অতে। বিহুরাদীনাং পুরাণাদের্ব্রন্ধজ্ঞানমৈহিকাধ্যয়নসাধ্যমপি স্বীকর্ত্বং শক্যতে।" শৃদ্রাদির মন্দব্দির জন্ত, অথবা বিপরীত ব্রিতে পারে এইজন্ত অথবা যজ্ঞাদিতে অনধিকার নিবন্ধন বেদ শ্রবণ নিষিদ্ধ হইয়াছে। এম্বলে ভিক্ শহরকে কতক পরিমাণে অম্পরণ করিয়াছেন।

यखवा।

বিজ্ঞানভিক্ষ্ সমন্বয়বাদ স্থাপন করিতে গিয়া অনেক বিষয়েই অয়ৌ ক্তিকতার পরিচয় দিয়াছেন। দার্শনিকরাজ্যে সমন্বয়বাদ (Syncretism) দোষের। জন্মন্দেশেও ক্যাণ্টের আবির্ভাবের পূর্বের একদল সমন্বয়বাদী ছিলেন। সমন্বয়বাদের প্রধান দোষ, যৌক্তিকতা থাকে না। পরম্পর বিরোধী ও বিপরীত দার্শনিক মতের সমন্বয় অসম্ভব। আর একদল দার্শনিক আছেন বাহারা চয়নবাদের বা সংগ্রহবাদের (Eclecticism) পক্ষপাতী। এই উভয়বাদীরই দার্শনিকতার অভাব। গ্রীসদেশে একদল চয়নবাদী দার্শনিক ছিলেন। ধর্মে ও দর্শনে চয়নবাদ অত্যন্ত অস্বাভাবিক। বঙ্গদেশেও নববিধান ব্রাক্ষসমাজ চয়নবাদী। আমাদের মনে হয় ধর্ম ও দর্শনের ক্ষেত্রে চয়নবাদে প্রাণের তৃষ্ণা মিটে না। যুক্তিরও অভাব দৃষ্ট হয়। সামঞ্জস্য রক্ষাও অসম্ভব হইয়া পডে।

বিজ্ঞানভিক্ষ্ দৈতবাদী। ইহার মতবাদকে ভেদাভেদবাদও বলা যাইতে পারে। আমাদের মনে হয়, ভিক্ষ্ব মতবাদ বেদান্তের আবরণে সাংখ্যবাদ।

ষোড়শ শতাব্দীর উপদংহার।

এই শতাকী কেবল টীকার যুগ নহে। দার্শনিকক্ষেত্রে স্থাচিন্তিত গ্রন্থও যথেষ্ট রচিত হইয়াছে। শাঙ্করদর্শন হিমালয়ের ন্যায় শভাকীর পর শতাকী-ব্যাপী আক্রমণ সহ্থ করিয়া আপনার মহামহিমায় বিরাজিত। এই শতাকীতে বিজ্ঞানভিক্ষ্ নব মতের উদ্থাবনা করিয়া আবার আক্রমণকারীর সংখ্যা বৃদ্ধি করিলেন। পৃথিবীর, মধ্যে শাঙ্করদর্শনের ন্যায় কোনও দর্শন এত আক্রমণ সহ্থ করিয়া স্বীয় প্রতিষ্ঠা রক্ষা করিতে পারেন নাই। উপনিষ্দিক আত্মজ্ঞান শঙ্করের অমব লেখনীর অনরভাষায় সঞ্জীব জাগ্রত হইয়াছে। উপনিষ্দিক আত্মজ্ঞানের বিশেষত্ব এই যে ইহা অন্তরের অন্তর্বতম প্রদেশ স্পর্ণ করে।

স্থান্যর নীরব প্রাদেশে আত্মজ্ঞানের ক্ষুর্তি। আত্মজ্ঞানই জীবের স্বরূপ, তাই উপনিষদের আত্মজ্ঞানের ভাব ও ভাষা "কানের ভিতর দিয়া মরমে পশিল গো আকুল করিল সব প্রাণ।"

শান্ধরদর্শন অহভবের বস্তু বলিয়াই এত আক্রমণ সহ্য করিয়াও অক্ষ্প প্রতাপে আপন মর্য্যাদ। রক্ষা করিয়াছে। যোড়শ শতাব্দীতে অদৈতবাদের প্রসার ও প্রচার পূর্ব্ব পতাব্দী হইতে বৃদ্ধি পাইয়াছে। দার্শনিকক্ষেত্রে শক্রর সংখ্যাও বৃদ্ধি পাইয়াছে, এজন্ম আত্মরক্ষার উপযোগী দার্শনিক অন্তর্প সংগৃহীত হইয়াছে।

ষোড়শ শতাব্দীতে কেবল দার্শনিকক্ষেত্রে নহে পরস্ক সাহিত্যের সকল ক্ষেত্রেই এই পুনরুখান লক্ষিত হয়। কাব্য, নাটক, চম্পু, অলন্ধার, ব্যাকরণ ও দর্শন প্রভৃতি সর্ব্ধবিষয়েরই অভ্যুদয় হইয়াছে। অপ্লয়দীক্ষিতের সমসাময়িক পণ্ডিতগণের আবির্ভাবে কাব্য, নাটক, অলম্বার প্রভৃতি শাস্তের এীবৃদ্ধি হইয়াছে। ভট্টোজীর প্রতিভায় ব্যাকরণের প্রসার ও প্রতিপত্তি আরও বুদ্ধি পাইয়াছে। দার্শনিকক্ষেত্রে নৃসিংহার্রম, নীলকণ্ঠ দীক্ষিত, বিজ্ঞানভিক্ষু, ব্যাদরাজ প্রভৃতির আবির্ভাব বেশ শ্বরণীয় ঘটনা। সাহিত্যের এরূপ সর্বতোমুথ বিকাশ অক্তান্ত শতান্দীতে পরিলক্ষিত হয় না। পঞ্চম শতান্দীতে গুপ্ত সামাজ্যের সময় সংস্কৃত সাহিত্যের অভ্যুদয় হয়, ইহা ইতিহাসে দৃষ্ট হয়। কিন্তু ষোড়শ শতান্দীর সাহিত্যিক পুনক্ষথান ইতিহাসের পূষ্ঠায় অন্ধিত নাই। সমাট্ আকবর প্রভৃতির রাজ্যকালে কেবল শাসন শৃঙ্খলা প্রভৃতির উল্লেখ আছে, কিন্তু সাহিত্যিক উত্থানের (Revival) বিবরণ সম্বন্ধে ভারতবর্ষের ইতিহাস সমুদয় নীরব। বাস্তবিক আমাদের দেশে নৃতন করিয়া ইতিহাস লিখা নিতান্ত প্রয়োজন। জাতির জীবনের সহিত ইতিহাসের সম্পর্ক অচ্ছেন্ত। জাতি আপনার ইতিহাস ভূলিতে পারে না। একবার ক্ষণেকের জন্ম ভূলিলেও সেই পূর্ব্বতন স্মৃতি কোনও রূপে উদ্বুদ্ধ হইলেই জাতি আপনার প্রতিষ্ঠা শারণ করে। ইতিহাস জাতির জীবন। দৈনন্দিন ঘটনা যেমন ব্যক্তির জীবনের অংশ, সমস্ত ঘটনাগুলি প্রকাশিত করিলেই ব্যক্তির জীবন-চরিত রচিত হয়; ইতিহাসও সেইরূপ জাতির জীবন! ইতিহাস সত্যে, প্রতিষ্ঠিত। জাতির জীবন এক মহাযজ্ঞ। ইতিহাস তাহার সাকী। সত্যহীন ইতিহাস হইতে পারে না। অঙ্গহীন যজ্ঞ যজ্ঞই নহে। আমাদের জাতীয় ইতিহাস অঙ্গহীন। কারণ, জাতীয় জীবনের স্কল অংশ ইতিহাসে প্রতিফলিত হয় নাই। স্থতরাং নৃতন করিয়া ইতিহাস রচনা করিতে হইবে।

ইতিহাসের পৃষ্ঠায় আমরা শিক্ষা পাইয়াছি মুসলমান শাসনকালে কেবল অনাচার অত্যাচারই হইয়াছে। মোগল সমাট্গণের সময় হিন্দু পণ্ডিভ 'পণ্ডিভরাজ' উপাধি পাইয়াছে, হিন্দু পণ্ডিভ মুসলমানের জীবন-চরিভ লিথিয়াছে, মোগল সমাটের আশ্রয়ে পণ্ডিভ আপনার পাণ্ডিভ্যের বিকাশসাধন করিয়াছে—''দিলীবল্লভপাণিপল্লবভলে নীতং নবীনং বয়ং" ইহা বলিয়া পণ্ডিভরাজ দিলী সমাট্গণের বিভোৎসাহের পরিচয় দিয়াছেন।

মুদলমান শাসন কালেই কবীরপন্থীর হিন্দী ভাষায় স্থরসাগর, ভক্তমাল, ছত্ত-প্রকাশ, সৎসইয়া প্রভৃতি গ্রন্থ, মহারাষ্ট্র ভাষায় জ্ঞানেশ্বরী, অভঙ্গ, বাক্হার, নানকপন্থীর গুরুমুখী ভাষায় গ্রন্থসাহেব, ও গৌড়ীয় বৈশ্ববাণের চরিতামৃত প্রভৃতি বাঙ্গলা ভাষার গ্রন্থ রচিত হইয়াছে। কবীর, নানক প্রভৃতি পঞ্চশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। তথন পাঠানশাসন একেবারে অন্তর্হিত হয় নাই। স্বতরাং কেবল মোগলশাসন সময়ে নহে, পাঠান-শাসন সময়েও সাহিত্যের বিকাশ হইয়াছে। যে সকল ইতিহাস কেবল মুদলমান সময়ের অত্যাচার কাহিনী বর্ণনা করে, তাহা মিথ্যা ও অতিরঞ্জন দোষে তুই। জাতিকে জাগ্রত করিতে হইলে জাতির ইতিহাস নৃতন করিয়া লিখিতে হইবে।

যাহা হউক, বোড়শ শতাব্দীতে সাহিত্যের সর্ব্বতোম্থ প্রসার হইয়াছে, আর দার্শনিক প্রতিভারও ক্ষূর্ত্তি হইয়াছে। এই শতাব্দীর আচার্য্যগণের মধ্যে মৌলিকতা দেখা যায়, কেবল পল্লব-গ্রাহিতায় এবং তথাকথিত পাপ্তিত্যেই পর্যবৃদিত নহে।

বিজ্ঞান ভিক্ষুর আবির্ভাবে সাংখ্য-দর্শনেরও প্রভাব বৃদ্ধি পাইয়াছে। তাঁহার বিরচিত ভাগ্য প্রভৃতির প্রচারে সাংখ্যমত নৃতন আকার ধারণ করিয়াছে। অবশ্যই তংপ্রণীত "প্রবচন ভাষ্য" বেদাস্কের প্রভাবে প্রভাবিত। নিরীশ্বর সাংখ্যবাদকে সেশর করিবার চেষ্টা তাঁহাতেই প্রথম প্রকাশ পাইয়াছে। তিনি বলিয়াছেন, সাংখ্যশাস্থে জীবতত্ত্ব নিরূপিত হইয়াছে এবং বেদাস্কে ব্রহ্মতত্ত্ব নিরূপিত হইয়াছে। সাংখ্যাদি শাস্তেরও তাৎপর্য ব্রহ্ম। তিনি। বিজ্ঞানাম্তভাগ্যের উপসংহারে লিখিয়াছেন—"ইদং শাস্ত্রং জীবনিরূপণপরংন ভবতি। অথাতো ব্রহ্মজিজাসেতি পরব্দ্মবিচারক্ত্রৈব প্রতিজ্ঞাত্ত্বাং আন্তে চ পরব্দ্ধান্যবাপসংহারাৎ—উপক্রমোপসংহারাভ্যাসোহপূর্বতা ফলম

অর্থবাদোপপত্তী চ নিক্ষং তাৎপর্যানিক্ষয়ে। ইতি সর্ব্বসম্মতানাং তাৎপর্য্য-গ্রাহক নিকানামত্র দর্শনাৎ ব্রহ্মশেষতয়ৈর সাংখ্যাদিশাস্ত্রৈরের জীবতত্ত্বস্থ নিরূপিতত্তাৎ।"

বিজ্ঞানভিক্ষুর মতবাদ বেদান্তের আবরণে সাংখ্য। ইহাও অবশ্য বেদান্তের প্রভাবের নিদর্শন। দ্বিতীয় শতাব্দীতে যেমন মহাযানিক বৌদ্ধবাদ বৈদান্তিক প্রভাবে প্রভাবিত হইয়াছে, যোড়শ শতাব্দীও তেমনই সাংখ্যবাদ বেদান্তের প্রভাবে প্রভাবিত।

সপ্তদশ শতাব্দীর উপক্রমণিকা

সপ্তদশ শতাব্দীতে গ্রন্থ রচনার বিরতি নাই, স্বপ্রতিষ্ঠার জন্ম সকল মতই ব্যক্ত। ষোড়শ শতাব্দীতে ব্যাসরাজ স্বামী যে সমর ঘোষণা করেন, সপ্তদশ শতাব্দী ব্যাপিয়া সেই সমর দার্শনিক ক্ষেত্রে অপ্রতিহত প্রভাবে চলিয়াছে। এই শতাব্দীতেও মৌলিকতা ও বিচারপ্রবণ্ড। আছে।

এই শতাকীতেই আচার্য্য মধুস্থনন সরস্বতীর অতিমান্থয় প্রতিভার ক্ষৃত্তি হইয়াছে। এই শতাকীতে মোগল সমাট্ জাহান্ধির, শাহজাহান ও আরক্ষজেব দিল্লীর সিংহাসনে অধিরু । এই সময় মহারাষ্ট্র জাতির অভ্যুদয় হইয়াছে। শিবাজীর রাজনৈতিক প্রতিভায় মহারাষ্ট্র-রাজ্য সংস্থাপিত হইল । উত্তরভারত শিথগুরু গোবিন্দের (১৬৭৫) নেতৃত্বে সামরিক জাতিতে পরিণত হইল। রাজপুতনায় রাজসিংহ আপন কুলমর্য্যাদারক্ষণে বদ্ধপরিকর। মোগল সাম্রাজ্য উন্নতি-শিখরে উঠিয়া পতনোন্ধ্য হইতেছে; স্বরুৎ সাম্রাজ্য থণ্ড, বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত হইবার স্থচনা হইয়াছে। বিক্ষিপ্ততা (Disintegration) রাজনৈতিক ইতিহাসে স্বরুজ। দার্শনিক ইতিহাসেও বিক্ষিপ্ততা বৃদ্ধি পাইতে আরম্ভ করিয়াছে। বৈষ্ণব সম্প্রদায় ক্রমশং প্রার্তমতের বিরোধী হইয়া পড়িয়াছে। রাজনৈতিক অবস্থা জাতির জীবনে প্রতিক্ষলিত হয়। ইহাই ঐতিহাসিক নিয়ম। ভারতের রাজনীতিও ভারতের সাহিত্যিক জীবনকে প্রভাবিত করিয়াছে; ইহাই স্বাভাবিক।

অধৈতবাদী আপন প্রতিষ্ঠা রক্ষায় ব্যস্ত। পক্ষাস্তরে বৈতবাদীর আক্রমণের বিরতি নাই। দার্শনিক আক্রমণের ফলে চিস্তার প্রসার হইলেও,
সামাজিক ক্ষতি হইয়াছে, পরস্পর বিদ্বেষের মাত্রা বৃদ্ধি পাইয়াছে। জাতি
যতক্ষণ উদার থাকে, ততক্ষণ বিচার-যুদ্ধ করিলেও সঙ্কীর্ণ গণ্ডি দিয়া মতবাদের
পীড়নে সামাজিক শক্রতার স্পষ্টি করে না। যোড়শ শতান্ধীতেও সামাজিক
জীবনে বৈশ্বব ও স্মার্ত্তের আদান প্রদান চলিয়াছে, কিন্তু বোধ হয় সপ্তাদশ
শতান্ধী হইতে সামাজিক জীবনে ব্যবধানের মাত্রা বৃদ্ধি পাইয়াছে।
ইহা জাতির জীবনের চিহ্ন নহে, পরস্ত মৃত্যুরই চিহ্ন। জীবনের ধর্ম
ক্রককেন্দ্রিক সংবদ্ধতা। স্কুশরীরের ধর্ম—অঙ্গপ্রত্যান্ধের পরস্পর সংহতভাবে
অবস্থান, স্কৃত্ব মনের ধর্ম—বৃত্তি নিচয়ের অবিক্ষোভ। পরিপূর্ণতা সম্পাদনই
(Integration) জীবনের চিহ্ন। যথন খণ্ডতা, বিক্ষেপ আরম্ভ হয়,
জাতির পতনের স্ক্রপাত তথনই হয়। সংগঠন জীবনের চিহ্ন, আর
বিচ্ছিয়তাই মৃত্যু-স্ক্রপ।

সপ্তদশ শতাকীর বিশেষ ঘটন। আচার্য্য মধুস্থদনের আবির্ভাব। দার্শনিক-রূপে মধুস্থদনের স্থান অতি উচ্চে। শ্রীহর্ষ মিশ্রের পণ্ডনথগুণান্ত, চিৎস্থাচার্য্যের তত্তপ্রদীপিকা যেরূপ প্রমেয়বহুল, মধুস্থদনেব অছৈতসিদ্ধিও তেমনই।
এই শতাকীতেও অছৈতবাদী আচার্য্যের সংখ্যাধিক্য পরিলক্ষিত হয়। কেবল
মধ্বমতে ব্যাসরাজ আচার্য্য ও রাঘবেন্দ্র স্থামী এবং রামান্ত্রজ মতে যতীন্দ্রমতদীপিকাকার শ্রীনিবাস ব্যতীত উল্লেখযোগ্য আর কোনও আচার্য্যের
আবির্ভাব হয় নাই।

আচার্য্য মধুসূদন সরস্বতী

অতৈরতবাদে—শাঙ্করদর্শন (১৭শ শতাকী)

আচার্য্য মধুস্থদন সরস্বতী বিশেশর সরস্বতীর শিশু। তিনি তৎকৃত "অবৈততত্ত্বক্ষণ" নামক প্রবন্ধের সমাপ্তিতে বিশেশর ও স্বীয় গুরুকে অভিনন্ধপে দর্শন করিয়া পুস্তকথানি বিশেশরে সমর্পণ করিয়াছেন। *

ক্ষতরত্বমেডত ূ শ্রীবিশেষর পাদয়োঃ।
 সমর্পিতমবৈতেন প্রীয়তাং স দয়ানিধিঃ।।

মধুস্থদন সন্ন্যাসী। তিনি আকুমার ব্রহ্মচারী ছিলেন। তাঁহার জন্মস্থান বঙ্গদেশে। প্রবাদ তিনি ফরিদপুর জিলার অন্তর্গত কোটালিপাড়ায় জন্ম গ্রহণ করেন। মধুস্থদনের জন্মভূমি যে স্থানেই হউক না কেন, তিনি যে वक्रात्मवामी ছिलान जन्विषया मत्नह नाहे। मधुरुपन वक्राप्तमत जनकात স্বরূপ। তাঁহার ন্তায় প্রতিভাবান্ মনীষী যে দেশে জন্মগ্রহণ করেন, সে দেশ ধন্ত। মধুস্থদন কৈশোরে তায়দর্শন অধ্যয়ন করিয়া কৃতী হন। লোক প্রবাদ এইরূপ যে তিনি ভাষদর্শন অধ্যয়ন করিয়া কাশীতে গমন করেন। তথাকার পণ্ডিতমণ্ডলী তাঁহার সহিত বিচারে পরাভূত হন। তিনি অকুতদার ছিলেন। কাশীতে দণ্ডীস্বামী পূজাপাদ বিশ্বেশ্বর সরম্বতী চতুঃবৃষ্টি ঘাটের নিকটে কোনও মঠে অবস্থিতি করিতেন। তিনি মধুস্থদনের অসাধারণ প্রতিভার বিষয় অবগত হইয়া তাঁহাকে নিকটে আহ্বান করেন। মধুস্দন তাঁহার নিকট উপস্থিত হইলে, উভয়ের বিচারেই হউক কিম্বা বিশেষরের উপদেশেই হউক মধুস্থদন দণ্ড্যাশ্রম-সন্ন্যাদ গ্রহণ করেন। মধুস্থদনের প্রভাব প্রতিপত্তিতে অদৈতবাদ প্রবল হইতে প্রবলতর হয়। কাহারও কাহারও মতে মধুস্দন সমাট আকবরের সমসাময়িক। আমাদের মনে হয়, ইহার ঐতিহাসিক ভিত্তি নাই। আকবর (১৫৫৬—১৬০৫ খৃঃ অবদ) ও অপ্পয়-দীক্ষিত সমসাময়িক। অধৈতসিদ্ধিতে মধুস্থদন পরিমলকার **অপ্নয়দীক্ষিতের** নামোল্লেখ করিয়াছেন। তিনি অদৈতসিদ্ধিতে লিখিয়াছেন—"সর্বতন্ত্র-স্বতদ্বৈর্ভামতীকারকল্পতক্ষকারপরিমলকারৈরিতি"। মধুস্দন সম্ভবতঃ দীক্ষিতের অব্যবহিত পরেই আবিভূতি হন। আমাদের মনে সমাট্ শাহজাহানের সমসাময়িক। মধুস্থান ব্যাসরাজ স্বামীর "ভায়ামৃত" নামক প্রবন্ধ থণ্ডন করেন। প্রবাদ আছে যে ব্যাসরাজের আদেশে ব্যাস-রামাচার্য্য মধুস্থলনের শিশুত্ব গ্রহণ করেন এবং মধুস্থলনের নিকট বেদান্তশাস্ত্র অধায়ন করিয়া পুনর্কার মধুস্দনেরই মত থগুন মানদে "তরঙ্গিণী" রচন। করেন। এই প্রবাদের মূলে সত্য নিহিত আছে বলিয়া বোধ হয়। মধুস্থদনের অহৈতদিদ্ধি রচনার সময় ব্যাসরাজ বৃদ্ধ। তাঁহার পক্ষে স্বীয় শিশুকে অহৈত-বাদ সম্বন্ধে বিশেষ অভিজ্ঞতা লাভের জন্ম মধুস্থদনের নিকট প্রেরণ স্বাভাবিক। রামাচার্য্য "তরঙ্গিণী" রচনা করিয়। মধুস্থদনকে অর্পণ করেন। ইহাতে ব্রফানন্দ সরম্বতী প্রভৃতি বিরক্ত হইয়া এই তর্কিণীর মত খণ্ডনের উদ্দেশ্যে "नघूठिक्का" श्रेनयन करत्न।

মধুস্দন সরস্বতী পূজ্যপাদ মাধব সরস্বতীর নিকটে শাস্ত্র অধ্যয়ন করেন। স্মাক্তিলিদ্ধির পরিসমাপ্তি (Colophon) স্লোকে তিনি লিখিয়াছেন—

> শ্রীমাধবসরস্বত্যো জয়ন্তি যমিনাং বরাঃ। বয়ং যেষাং প্রসাদেন শাস্ত্রার্থে পরিনিষ্টিতাঃ॥

তৎকৃত "গৃঢ়ার্থদীপিকা" নামক গীতার টীকার সমাপ্তিতে লিখিয়াছেন—

শীরামবিশ্বেরমাধবানাং প্রদাদমাসাভ ময়া গুরুণাম্। ব্যাথ্যানমেতদ্বিহিতং স্ববোধং সম্পিতং তচ্চরণাস্তেষ্॥

এতদ্তে মনে হয় যে, মাধব সরস্বতীর নিকটেই তিনি শাস্ত্র অধ্যয়ন করিয়াছেন এবং বিশেশর সরস্বতী তাঁহার দীক্ষাগুরু; কারণ, "সিদ্ধান্তবিদ্দু" নামক গ্রন্থে "বিশেশর সরস্বতীকেই" তিনি গুরুরপে নমস্বার করিয়াছেন। * রামানন্দ স্বামী তাঁহার পরম গুরু, বিশেশর গুরু এবং মাধব বিভাগুরু ছিলেন।

মধুস্দনের বিষ্ণৃভক্তি সর্বজই প্রকট। তৎপ্রণীত গীতার ব্যাখ্যায় সর্বজই তিনি বিষ্ণৃর প্রতি প্রগাঢ় ভক্তির পরিচয় দিয়াছেন। গীতা ব্যাখ্যার পরিসমাপ্তি শ্লোকে তিনি লিখিয়াছেন—

বংশীবিভ্যিতকরায়বনীরদাভাৎ পীতাম্বরাদরুণবিম্বফলাধরোষ্ঠাৎ। পূর্বেন্দুস্থলরমুখারবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎ পরং কিমপি তত্ত্বমহং ন জানে॥

অবৈতসিদ্ধির প্রারস্তেও সমাপ্তিতেও বিষ্ণুকে নমস্কার্ করিয়াছেন। ক আমার নিজামভাবও মধুস্দনে বেশ পরিক্ট। গ্রন্থ রচনা করিয়া কোনও

- শীশঙ্করাচার্য্যনবাবতারং বিশেশরং বিশগুরুং প্রণম্য ।
 বেদান্তশান্তশ্রপ্রবালসানাং বোধায় কুর্বের কমিপি প্রযত্তম ॥
- ক্ষৈতিসিদ্ধির প্রারম্ভে মঙ্গলাচরণে লিখিয়াছেন—
 মায়াকল্পিতা মৃথমুখাদ্বৈত প্রপঞ্চাশ্রয়ঃ
 সত্যজ্ঞান স্থায়কঃ শ্রুতিশিখোত্তথাখণ্ডধীগোচয়ঃ।
 মিথ্যা বন্ধ বিধ্ননেন প্রমানন্দৈকতানায়কং
- ্মাক্ষং প্রাপ্ত ইব স্বন্ধং নিজয়তে বিশুবিকলোন্ধিতঃ ।। সমাপ্তিতে লিখিয়াছেন—

বো লক্ষ্যা নিধিলাসুপেক্ষ্য বিবৃধানেকে। বৃতঃ স্বেচ্ছ্র।
যঃ সবব নি স্মৃতমাত্র এব সততং সবব ক্মিনা রক্ষতি।
যক্ষত্রেণ নিকৃত্য নক্রমকরোমুক্তং মহাকুপ্লরং
বেবেণাপি দদাতি যো নিক্সদং তকৈ নমো বিক্ষরে।।

অভিমান নাই, সমস্তই শ্রীভগবানে অপিত। অদৈতসিদ্ধির সমাপ্তিতে তিনি লিখিয়াছেন—

কৃতর্কগরলাকুলং ভিষজিত্বং মনো ত্র্ধিয়াং

নয়ায় মৃদিতো মৃদা বিষ্ণাতিমন্ত্রো মহান্।

অনেন সকলাপদাং বিষ্টনেন যন্মেহভবং
পরং স্কৃত্রমর্পিতং তদ্বিলেশ্বরে শ্রীপতৌ।।
গ্রন্থলৈতক্ত যং কর্ত্তাং বা স নিন্দ্যতাম্।

ময়ি নাস্থ্যেব কর্ত্ত্রমন্ত্রাগ্রভবাত্মনি।।

স্থানর উদারতায়, ভক্তির প্রবলতায় ও জ্ঞানের প্রসারতায় মধুস্থানের গ্রন্থরাজি পরিপূর্ণ। জীবনের সাধনার সহিত মিলাইয়া যে গ্রন্থ রচিত হয়, তাহার ভাব প্রাণম্পর্শী হইবেই। মধুস্থানরে জীবনের সাধনা তাহার গ্রন্থে অভিব্যক্ত; স্থতরাং নিক্ষামভাব সর্ব্বগ্রহ থাকিবে। তিনি মহাজ্ঞানী ছিলেন। শিব ও বিফুতে তিনি কোন প্রভেদ দেখিতে পান নাই, তাই মহিয়্মান্তোত্রের শিবপর ও বিফুপর ব্যাখ্যা করিয়া অপূর্ব্ব ক্রতিত্বের ও জ্ঞানগান্তীর্ব্যের পরিচয় দিংগাছেন।

মধুস্দন আচার্য্য শহর কত "দশশ্লোকীর" উপর "দিদ্ধান্তবিন্দৃ" নামক নিবন্ধ প্রণয়ন করেন। ব্রহ্মানন্দ সরস্বতী এই দিদ্ধান্তবিন্দুর উপর "রত্বাবলী" নামক টীকা রচনা করিয়াছেন। দিদ্ধান্তবিন্দু অবৈতদিদ্ধির পূর্বের রচিত হয়। কারণ, অবৈতদিদ্ধিতে দিদ্ধান্তবিন্দুর নামোল্লেথ আছে।

অবৈতদিদ্ধিতে দিদ্ধান্তবিন্দুর নামোল্লেথ আছে।

অবৈতদিদ্ধিকা, সংক্ষেপ শারীরকের ব্যাখ্যা, অবৈতরত্বরক্ষণ, বেদান্তকল্পলিকা, প্রস্থানভেদ, মহিশ্লান্তের শিবপর ও বিষ্ণুপর ব্যাখ্যা প্রভৃতি প্রবন্ধ আচার্য্য মধুস্দনের অক্ষয় কীর্ত্তি। অবৈতদিদ্ধির তায় প্রমেয়বছল গ্রন্থ অবৈতবাদের গ্রন্থ-নিচয়ের মধ্যে অতি বিরল।

শ্রীহর্ষের "থগুনখণ্ডথাত্য" ও চিংস্থের "তত্বপ্রদীপিকা" হইতেও কোন কোন অংশে মধুস্থানের অদ্বৈতিসদ্ধিতে বিচারকৌশল সমধিক দৃষ্ট হয়। অবশ্যই মধুস্থান চিংস্থাচার্য্য ও শ্রীহর্ষমিশ্রকে প্রামাণিকরূপে গ্রহণ করিয়াছেন। তাঁহাদের গ্রন্থ দৈতবাদীর আক্রমণে থণ্ডিত হওয়ায় তিনি অদ্বৈতসিদ্ধি প্রণয়ন

! "বিস্তরেণ বৃাৎপাদিতাস্মাভিরিয়ং প্রক্রিয়া সিদ্ধাস্তবিন্দৌ।"
(অবৈভসিদ্ধি—নিঃ সাগর সং, ১৯০৭ খুঃ; ৪৯০ পুঠা)

করেন। স্থতরাং পূর্বতন আচার্য্যগণের গ্রন্থে যে দকল যুক্তি উপেক্ষিত হইয়াছে, তাহাও তিনি অবলম্বন করিয়া অবৈতিদিদ্ধি লিথিয়াছেন। স্থতরাং অবৈতিদিদ্ধি দকল গ্রন্থ হইতেই প্রমেয়বহুল। আচার্য্য মধুস্থানের পরেই অবৈতবাদীর মোলিকতা প্রায় অবদান হইতে আরম্ভ হইয়াছে। অবৈতিদিদ্ধি যুগপ্রবর্ত্তক গ্রন্থ। এই গ্রন্থ পাঠ করিলে বেশ প্রতিভাত হয় যে, অবৈতবাদ দমালোচনার আঘাতে (In the light of adverse criticism) নৃতন ভাব ধারণ করিয়াছে। প্রাচীন আচার্য্যগণের গ্রন্থে শ্রুতি-প্রামাণ্য দমধিক দেখিতে পাওয়া যায়। মধুস্থান অম্বান প্রমাণ বলে জগতের মিথ্যাত্ব নিশ্চয়ে যেরূপ কৃতিত্ব অবৈতিদিদ্ধিতে দেখাইয়াছেন, এরূপ আর কোনও গ্রন্থেই দেখিতে পাওয়া যায় না।

মধুস্দনের বিভাবতা অপরিসীম, হৃদয়ের প্রসারতাও অতুলনীয়।
তিনি একাধারে জ্ঞানী ও ভক্ত। এরপ শাস্ত্রের মীমাংসক অতি বিরল।
গীতার প্রারম্ভে ও প্রস্থানভেদে যেরপ ভাবে শাস্ত্রের তাৎপধ্য নির্ণয়
করিয়াছেন, তাহা বাস্তবিকই প্রতিভার ভোতক। মধুস্দন বেদান্ত-রাজ্যের
সার্ব্রেটাম, চিস্তাশীলের চক্রবর্ত্তী, মীমাংসকের শিরোমণি। তাঁহাকে জঠরে
ধারণ করিয়া বঙ্গভূমি রত্নগর্তা।

বাঙ্গালীর হুভাগ্য যে তাহার জাতীয় ইতিহাসে মধুস্দনের নাম বা স্থান নাই। এরূপ দার্শনিকের স্থান যে দেশের ইতিহাসে নাই, তাহার ইতিহাসকে কি বলিব বুঝি না। অন্ত দেশে মধুস্দনের আয় প্রতিভার বিকাশ হইলে তদ্দেশবাসী তাঁহার জন্ত গর্কাজভব করিত। বেংধ হয় বঙ্গনেশে মধুস্কনের নামও অনেক শিক্ষিত ব্যক্তি জানেন না। ইচাই আধুনিক শিক্ষার পরিণাম। আমাদের দেশের আধুনিক শিক্ষা জাতীয়তা-বিহীন, অন্তঃসারশ্র ও হানয়-শ্রা। মধুস্দনের স্থাতি দেশে জাগরুক থাকা আবেশ্যক।

মধুসূদন সরস্বতীর গ্রন্থের বিবর্ণ।

- > 1 সিহ্বান্তবিন্দু—ইহা শহরাচার্য্য-কৃত "দশশোকীর" ব্যাখ্যা।
 দিহ্বাস্তবিন্দুর উপথ ব্রহ্মনন্দ সরস্বতী 'রত্বাবলী' নামক নিবন্ধ রচনা করেন।
 দিহ্বাস্তবিন্দুরে মধুস্দন বেদান্তের প্রতিপাছ বিষয়ের আলোচনা করিয়াছেন।
 আচার্য্য শহর তংকত দশশোকীতে বেদান্তের স্বারসিক সিদ্ধাস্ত নিরূপণ
 করিয়াছেন। মধুস্দন বিচার-জাল বিস্তার করিয়া সিদ্ধান্ত প্রতিপাদিত
 করিয়াছেন। রত্বাবলী সহিত সিদ্ধান্তবিন্দু কুন্ত:ঘাণ শ্রীবিছা প্রেস ইইতে
 আবৈত্বমঞ্জরী সিণিজে প্রকাশিত হইয়াছে।
- ২ । সংক্রেশ শান্তীরকের ব্যাপ্ত্যা—ইহা সর্বজ্ঞাত্ম মুনির বিরচিত সংক্ষেপশারীংকের টাকা। এই গ্রন্থের প্রারম্ভেও মধুস্দনের রুষ্ণ ভক্তি প্রকট। তিনি লিথিয়াছেন—

"দত্যং জ্ঞানমনন্তমদ্বয়স্থাং যদ্বান্ধা গাড়া গুৰুং
নত্বা লব্ধদমাধিভিম্ নিবরৈমে ক্রিয় দাক্ষাৎকৃতম্।
জাতং নন্দতপোবনাত্তদখিলানন্দায় বৃন্দাবনে
বেণুং বাদয়দিক্সুকুন্দরমুখং বন্দেহরবিন্দেক্ষণম্॥"

তিনি যে সম্প্রদায়াত্মসারে নিবন্ধ রচনা করিয়াছেন তাহাও এই নিবন্ধের প্রারম্ভে বলিয়াছেন—"পূর্ব্বাচার্য্যবচো বিচার্য্য নিথিলং সৎসম্প্রদায়াধ্বনা * * কুর্ব্বে সম্প্রতি সারসংগ্রহ্মিমং সংক্ষেপশারীরকে।" সংক্ষেপ-শারীরকের ব্যাথ্যা ১৯৪৪ সম্বৎ অর্থাৎ ১৮৮৭ খৃষ্টাব্দে কাশীধামে গোবিন্দ দাস-গুপ্ত কর্ত্তক প্রকাশিত হইয়াছে।

৩ ঃ তাইদ্রতিসিদ্ধি—ইহা প্রমেয়বছল অতি প্রোঢ় নিবন্ধ।
গ্রন্থানি অবৈত-সিদ্ধান্ত-প্রতিপাদনপর। চারি পরিচ্ছেদে ইহা সম্পূর্ণ।
প্রথম পরিচ্ছেদে প্রতিপাল বিষয় ৫২টী, বিতীয় পরিচ্ছেদে ৩৪টী, তৃতীয়
পরিচ্ছেদে ৮টী ও চতুর্থ পরিচ্ছেদে ৬টী প্রতিপাল বিষয় আলোচিত হইয়াছে।
ক্রমানন্দ সরস্বতী ইহার উপর "লঘুচন্দ্রিকা" নামক ব্যাখ্যা প্রণয়ন করেন।
"দৃশ্রতহেতু পত্তি" অধিকরণ পর্যান্তু বলভদ্র-প্রণীত "সিদ্ধি ব্যাখ্যা" নামক
টীকা আছে। ক্রম্মানন্দ সরস্বতীর টীকা "নঘুচন্দ্রিকার" উপর "বিউঠলেশো-

পাধ্যায়ী" নামক এক টীকা আছে। এই টীকায় "দৃশ্বংহত্পপন্তি" অধিকরণের কতকাংশ পর্যান্ত ব্যাখ্যাত হইয়াছে। গৌড্রন্ধাননী লঘুচন্দ্রিকা টীকা অতি প্রামাণিক। লঘুচন্দ্রিকা সহ অছৈতিসিদ্ধি ১৮৯৩ খুষ্টান্দে কুন্তুঘোণ শ্রীবিদ্যা প্রেস হইতে হরিহর শাস্ত্রীর সম্পাদনায় অছৈতমঞ্জরী সিরিজে প্রকাশিত হইয়াছে। ১৯১৭ খুষ্টান্দে বোদ্বাই নির্নিয়্যাগব প্রেস হইতে পণ্ডিতপ্রবর অনন্তর্ক্তক্ষ শাস্ত্রীর সম্পাদনায় সিদ্ধিন্ব্যাখ্যা, গৌড্রন্ধানন্দী লঘুচন্দ্রিকা ও বিট্ঠলেশাপাধ্যায়ী সহ অছৈতিসিদ্ধি প্রকাশিত হইয়াছে। এই সংস্করণ অতি মনোজ্ঞ হইয়াছে। এই সংস্করণের অন্ত বিশেষত্ব— অনস্তর্ক্ত শাস্ত্রী, মহোন্য স্থায়ামৃতকার ব্যাসরাজ স্বামীর মত, অছৈতিসিদ্ধিকার মধুস্থানের মত, তরঙ্গিনীকার রামাচার্য্যের মত ও লঘুচন্দ্রিকাকার ব্রন্ধানন্দ সরস্বতীর মত তুলনা করিয়া "চতুর্গুর্গুপিস্কৃত।" নামক প্রবন্ধ ইহার অন্তর্নিবিষ্ট করিয়াছেন। বস্তুতঃ ইহাতে এই সংস্করণ আরও মূল্যবান্ হইয়াছে। কলিকাতা লোটাদ্ লাইব্রেরীও অছৈতিসিদ্ধির এক সংস্করণ প্রকাশ করিতেছিলেন।

- ৪ 2 অতিভ্ৰক্তব্ৰক্ষক শ—ইহা একথানি অনতিসংক্ষিপ্ত বৈদান্তিক প্ৰবন্ধ (Monograph)। ইহাতে দ্বৈতবাদ নিরাস করিয়া অদৈতবাদ স্থাপিত হইয়াছে। ১৯১৭ খৃষ্টাব্দে নির্গাগর প্রেদ হইতে এই প্রবন্ধ প্রকাশিত হইয়াছে।
- ে। বেদান্তক্সশতিক।—এইখানিও বৈদান্তিক প্রবন্ধ। এখন পর্যান্ত বোধহয় ইহা প্রকাশিত হয় নাই। এই প্রবন্ধ অবৈতিসিদ্ধির পূর্বেবিরচিত হইয়াছে। কারণ, অবৈতিসিদ্ধিতে ইহার উল্লেখ রহিয়াছে। *
- ত্র পূতাপ্রিশিকা—ইহা গীতার ব্যাখ্যা। প্রীমন্তগবদগীতার এমন স্থলর ব্যাখ্যা আর নাই বলিলেও অত্যক্তি ইইবে না। এমন কি ইহাতে "চ" "বা" "তু" প্রভৃতি অব্যয় শব্দগুলিরও ব্যাখ্যা করা ইইয়াছে, কিন্তু স্থলবিশেষে মধুস্থলন শাঙ্করভাগ্য অতিক্রম করিয়া ব্যাখ্যা করিয়াছেন। অবশ্য নেই সকল স্থল ধনপতি স্থরি ক্তংক্কৃত "ভাগ্যোৎকর্ষ দীপিকায়" উদ্ধৃত করিয়া খণ্ডন করতঃ শাহ্ধরভাগ্যের প্রতিষ্ঠা রক্ষা করিয়াছেন। মধুস্থলনের ব্যাখ্যা একট্ট ভক্তিবাদের দিকে হেশিয়া পজ্লাছে। গৃঢ়ার্থলীপিকা গাঁতার নানাবিধ সংশ্বনে প্রকাশিত ইইয়াছে।

দিদ্ধান্তবিন্দু-কল্পলিভিকাদাবিশ্বাভিরভিহিত্র ।
 (অবৈতিসিদ্ধি—নিঃ সাঃ সং, ১৯১৭ খুঃ, ৫০৭ পৃষ্ঠা।)

কলিকাতা দামোদর মুখোপাধ্যায়ের সংস্করণ, প্রসন্নকুমার শাস্ত্রীর সংস্করণ প্রভৃতিতে এই টীকা আছে। নির্ণয়দাগরের ১৯১২ খৃষ্টাব্দের গীতার সংস্করণ অন্য সাতটি টীকা সহ গৃঢ়ার্থদীপিকা প্রকাশিত হইয়াছে। এই সংস্করণ স্থন্দর এবং সর্ব্বোৎকৃষ্ট হইয়াছে। বোম্বাই বেঙ্কটেশ্বর প্রেসের পাঁচটি টীকা সহ গীতার সংস্করণেও মধুস্থদনের টীকা আছে। এতধ্যতীত কেবল মধ্স্থদনী টীকাসহ গীতার সংস্করণও আছে। মোটকথা মধুস্থদনের টীকার আদর স্ব্বিত্র।

- ৭ । প্রস্থানতে ভালে এই প্রবন্ধে সকল শাস্ত্রের সামঞ্জন্ম বিধান করিয়া অনৈতপব তাৎপর্যা নির্বয় করিয়াছেন। প্রবন্ধ সংক্ষিপ্ত ইইলেও ইহা মনীয়ার ছোতক। এই প্রবন্ধে মধুস্থদনের মীমাংসা-শক্তি প্রকট। ইহা পুণা আনন্দাশ্রম হইতে প্রকাশিত হইয়াছে। শ্রীরঙ্গম্ বাণীবিলাদ প্রেস ইইতেও এক সংস্করণ প্রকাশিত হইয়াছে।
- ৮। সহিস্প্র ক্রোপ্রা। এই ব্যাপ্যায়} তিনি অসাধারণ ক্বতিত্বের পরিচয় দিয়াছেন। প্রত্যেক শ্লোকেরই শিবপর ও বিষ্ণুপর ব্যাপ্যা করা হইয়াছে। বোদ্বাই হইতে এই সংস্করণ প্রকাশিত হইয়াছে।
- ৯ । ভক্তিরসায়ন—ইহা একথানি প্রবন্ধ। এখনও প্রকাশিত হয় নাই।

আচার্য্য মধুসূদনের মতবাদ।

আচার্য্য মধুস্থান অবৈতবাদী এবং আচার্য্য শঙ্করের মতান্থবর্ত্তী। অবৈত বলিতে কি বুঝিব ? কেহ বলেন—ছিতীয়ের অভাবই অবৈত। অন্ত সকলের মতে ছিতীয়-অভাব-উপলক্ষিত আত্মম্বরূপই অবৈত। এই শেষোক্ত মতই অবৈতবাদী আচার্য্যগণের সমধিক অভিপ্রেত। শুতির "একমেবাছিতীয়ম্" "তত্ত্মিনি" বাক্যের তাৎপর্যাও "ছিতীয়াভাবোপলক্ষিত আত্মস্বরূপ"। এই অবৈত প্রতিপাদনের জন্ত শ্রীহর্ষ মিশ্র, আনন্দবোধাচার্য্য, চিৎস্থাচার্য্য প্রভৃতি জাচার্য্যগণ প্রভৃত পরিশ্রম করিয়াছেন। বিশিষ্টাকৈতবাদী বেদাস্কাচার্য্য বেছটনাথ শতদ্যণীতে শ্রীহর্ষ মিশ্রের মতখণ্ডনের যথেষ্ট চেষ্টা করিয়াছেন। বৈতবাদী ব্যাসরাজ তীর্থ "স্থায়ামৃতে" আনন্দবোধাচার্য্য ও চিৎস্থাচার্য্যের মত খণ্ডনে বন্ধপরিকর। মধুস্থান স্থায়ামৃতকারের হৈতমত খণ্ডন করিয়া আহৈতমত সংস্থাপনে কৃতসঙ্কল্প। মধুস্থানের সমস্ত জীবনই বেদাস্তের চিম্ভায় ও বেদাস্তমত প্রতিষ্ঠায় অতিবাহিত হইয়াছে। এখন হৈতবাদীর সহিত অহৈতবাদীর যে যে স্থালে বিরোধ বর্ত্তমান তাহা আলোচিত হইতেছে।

বৈতবাদী জগতের সত্যত্মবাদী, আর অবৈতবাদী জগতের মিথ্যাত্মবাদী। বৈতবাদীর মতে জীব অণুও ঈশ্বরের অংশ। জীব ও ব্রহ্ম অভিন্ধু নহে। অবৈতবাদীর মতে জীবাত্মা ব্যাপক, জীবাত্মাও প্রমাত্মা অভিন্ন। ভেদ মায়িক, স্থত্রাং মিথ্যা। পার্মাধিকরূপে জীব ও ব্রহ্ম অভেদ।

দৈতবাদীর মতে জ্ঞান খণ্ডিত ও আপেক্ষিক (Relative)। জ্ঞান স্বিকল্পক অর্থাৎ বৈশিষ্ট্যাবগাহী; নির্শ্বিকল্প বা সংস্গানবগাহী জ্ঞান অসম্ভব।

অবৈত্বাদীর মতে জ্ঞান অথগু, স্বয়ং-প্রকাশ ও নিরপেক্ষ। জ্ঞান আপেক্ষিক (Relative) নহে। উহা ব্যাবহারিক হিসাবে সবিকল্প, কিন্তু স্থান্তঃ নির্বিকল্প বা সংস্গানবগাহী। উপাধির যোগেই জ্ঞান সবিকল্প, কিন্তু প্রমার্থতঃ নির্বিকল্প। জ্ঞানের কোনও পরিচ্ছেদ নাই। উহা দেশ, কাল, বস্তু ও পরিচ্ছেদ শৃক্য।

দৈতবাদীর মতে মৃক্তির তারতম্য আছে। মৃক্তি সাধ্য, উপাসনার ফলে মৃক্তি হয়।

অদৈতবাদী বলেন—মৃক্তির কোনরপ তারতম্য নাই। সগুণ উপাসনায় যে মৃক্তি হয় উহা আপেক্ষিক ও স্বর্গবিশেষ মাত্র। ব্রহ্মাত্মভাবই মৃক্তি। মৃক্তি নির্বিশেষ ও তারতম্য বিহীন; উহা সাধ্য নহে। নিত্যাত্মস্বরূপতাই মৃক্তি। অবিভার নিবৃত্তিতে আত্মস্বরূপই মৃক্তি। জ্ঞানে মৃক্তি, উপাসনা জ্ঞানের সহকারী মাত্র।

এই দকল প্রধান প্রধান বিষয়ে দৈত ও অদৈতবাদীর মতবিরোধ আছে। দৈতবাদী ব্যাদরাজাচার্য। দৈতদিদ্ধান্ত প্রতিপন্ন করিবার জন্ম জগতের মিথ্যাত্মবাদ, জ্ঞানের অথগুর প্রভৃতি থণ্ডন করিতে ও জীবের অণুত্ম ও মৃক্তির তারতম্য সংস্থাপন করিতে ন্যায়ামৃতে যথেষ্ট পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন। মধুস্থদন ব্যাদরাজের মত থণ্ডন করিয়া অদৈতের বিজয় বৈজয়ন্তী স্থাদৃভভাবে প্রোথিত করেন। তিনি জগতের মিথ্যাত্ম নির্দেশে অসাধারণ পাণ্ডিত্য, জ্ঞান গবেষণা, গভীর চিস্তাশীলতা ও বিচারের অপূর্ব্ব কৌশল প্রদর্শন করিয়াছেন।

প্রপঞ্চমিথাত্ব নিরূপণের উপরেই অদৈতবাদ প্রতিষ্ঠিত। শ্রীহর্ষমিশ্র বৌদ্ধগণের মত অঙ্গীকার করিয়া দেই অস্তবলে দৈতসত্যত্বাদী নৈয়ায়িক গণের মত খণ্ডন করেন। ব্যাসরাজ স্বামীর মতে অন্থমান-প্রমাণে ও শ্রুতিপ্রমাণে জগতের মিথ্যাত্ব নিশ্চিত হয় না। তিনি আনন্দবোধাচার্য্য, 'চিৎস্থখাচার্য্য প্রভৃতির প্রপঞ্চমিথ্যাত্ব-নিরুক্তি নিরসন প্রসঙ্গে বলিয়াছেন যে, মিথ্যাত্বের সংজ্ঞাগুলির দারা জগৎ-মিথ্যাত্ব নিরূপিত হইতে পারে না। লক্ষণগুলির অব্যাপ্তি ও অতিব্যাপ্তি দোষ আছে। জগতের মিথ্যাত্ব-নিরূপণে ঐ সকল লক্ষণ পর্যাপ্ত নহে। মধুস্থলন ব্যাসরাজের যুক্তিজাল ভেদ করিয়া মিথ্যাত্ব লক্ষণগুলির সার্থকতা ও যৌক্তিকতা প্রতিপন্ন করিয়াছেন। মিথ্যাত্ব লক্ষণ ও জগতের মিথ্যাত্ব প্রতিগাদন করিতে পারিলেই অহৈতবাদ স্বস্থিত হয়; স্বতরাং মধুস্থলন প্রথমেই মিথ্যাত্ব লক্ষণ আলোচনা করিয়া জগতের মিথ্যাত্ব নির্দেশ করিয়াছেন।

ব্যাসরাজ আনন্দবোধাচার্যোর "বিমতং মিথা।, দৃশ্যন্তাৎ, জড়ত্বাৎ, পরিচ্ছিন্ননাং শুক্তিরূপাবং" এই প্রতিজ্ঞা অবলম্বন করিয়া থণ্ডন কবিতে আরম্ভ করিয়াছেন। মধুস্থানও এই প্রতিজ্ঞাবাক্য অবলম্বন করিয়া প্রতিজ্ঞা প্রতিপন্ন কবিয়াছেন। দৈতমিথ্যাত্ব ব্যতীত অদৈতসিদ্ধি হইতে পারে না ; স্কৃতরাং দৈতমিথ্যাত্বই প্রথমে নিরূপণ আবশ্যক। মধুস্থান বলিতেছেন—"তত্ত্বাদৈতসিদ্দেদৈ তিমিথ্যাত্বসিদ্ধিপৃশ্বকর্ত্বাৎ দৈতমিথ্যাত্বমেব প্রথমমুপপাদনীয়ম্।"

শ্রহা বিথ্যা ক্রন্সক্র নাল পদ্ধানিকাকার পদ্ধানিচার্য্যের মিথ্যাত্বন লক্ষণ এই "সদশন্বিলক্ষণত্বং মিথ্যাত্বম্।" এই লক্ষণ সম্বন্ধে ব্যাসরাজ্যামী তিনটী পক্ষ উপস্থাপন করিয়া তিনটী পক্ষই নিরসন করিয়াছেন। তাঁহার মতে সদসদ্ বিলক্ষণত্ব মিথ্যাত্ব নহে। সদসদ্ বিলক্ষণত্ব কি? সন্তাবিশিষ্ট অসন্তাভাব অথবা সন্তাভ্যন্তাভাবাসন্তাভ্যন্তাভাব ধর্মাত্ব অথবা সন্তাভ্যন্তাভাববন্ধে সভ্যসন্তাভ্যন্তাভাববন্ধ। এই তিনটী বিকল্প উত্থাপন করিয়া তিনটীই নিরাস করিয়াছেন। মধুসুদন বলেন,—প্রথম পক্ষ অর্থাৎ "সন্তাবিশিষ্ট অসন্তাভাব" পক্ষটী যুক্তিসহ না হইলেও অন্ত তুইটী পক্ষই সমীচীন। ঐ পক্ষম্ম দ্বারাই "সদসদ্ বিলক্ষণত্ব" রূপ মিথ্যাত্ব লক্ষণ স্বস্থিত।

মধুস্থান বলেন,—"গত্বাত্যস্তাভাব অসন্ত্বাত্যস্তাভাবরূপ-ধর্মদ্ম-বিবক্ষায়াং দোষাভাবাং",—অর্থাৎ সন্ত্বের অত্যস্তাভাব ও অসন্ত্বের অত্যস্তাভাব এই পক্ষদ্ম অঙ্গীকার করিলে সদসদ্ বিলক্ষণত্ব মিথ্যাত্ব এই পক্ষণ উপপন্ন হয়। ইহাত্তে কোনও দোষ হইতে পারে না। প্রপঞ্চেও কোন ব্যাঘাত হইতে পারে না। ব্যাঘাতের হেতু তিনটী হইতে পারে। প্রথম—"সন্তা-সন্ত্বোঃ পরম্পর-বিরহরূপতা", ত্বিয়—"পরম্পর-বিরহ-ব্যাপ্যতা"; অর্থাৎ তিনটী পক্ষ এই—সন্ত্বের অভাব অসন্ত্ব, অসন্ত্বের অভাব সন্ত্ব, ইহা প্রথম পক্ষ। সন্তাভাব ব্যাপক অসন্ত্ব এবং অসন্তাভাব ব্যাপক সন্ত্ব, ইহা দ্বিতীয় পক্ষ। সন্তাভাব-ব্যাপ্য অসন্ত্ব এবং অসন্তাভাব ব্যাপ্য সন্ত্ব, ইহা দ্বিতীয় পক্ষ। মন্তাভাব-ব্যাপ্য অসন্ত্ব এবং অসন্তাভাব ব্যাপ্য সন্ত্ব, ইহা দ্বিতীয় পক্ষ। এই তিনটী ব্যাঘাতের হেতু হইতে পারে।

মধুস্থান বলেন,—প্রথম পক্ষ আমরা অঙ্গীকার করি না। পরস্পার বিরহত্ত আমাদের অঙ্গাকত নহে, আর অঙ্গীকার করিলেও ব্যাসরাজের দিদ্ধান্ত অন্থুসারে আরোপিত সন্থা**ভাবের অসন্থ অঙ্গীকার করা**য় বা**ন্ত**ৰ সন্তাসন্তাভাব-সাধনে ব্যাহাতের অবকাশ নাই। দ্বিতীয় পক্ষও নহে। মধুস্থদন বলেন,—"অতএব ন দিতীয়ে। হপি, স্বাভাববতি শুক্তিরপ্যে বিবক্ষিত। সম্বৰ্যাতিরেকশু বিভ্নমানত্বেন ব্যভিচাৰাৎ।" তৃতীয় পক্ষও নহে। মধুস্দন বলেন,—"নাপি তৃতীয়া, তস্ত্র ব্যাঘাতাপ্রয়োজকর্তাৎ, গোত্বাশ্বতয়োঃ পরস্পর-বিরহ-ব্যাপ্যত্বেহ্ণি তদভাবয়োক্ট্রাদাবেকত্র-সংখাপলস্তাৎ।" অতএব স্থাত্যন্তাভাব ও অস্থাত্যন্তাভাবরূপ পক্ষয় অঙ্গীকার করিলে সদসদ্ বিলক্ষণত্তরূপ মিথ্যাত্তলক্ষণ উপপন্ন হইতে পারে। মধুস্থান বলেন,— তৃতীয় বিকল্পও দাধু। তৃতীয় বিকল্প অম্পারেও সদসদ্-বিলক্ষণত্ব-রূপ মিথ্যাত্ব স্থান্ধত হয়। তিনি বলেন,—"অতএব সন্থাত্যস্তাভাব-বত্ত্বে সত্যসন্ত্বাত্যস্তাভাবরূপং বিশিষ্টং সাধ্যমিত্যপি সাধু।" "সদসদ্ বিলক্ষণতাং মিথ্যাত্বম্" এই .লক্ষণটী স্থাসিদ। মধুসংনের যুক্তি সম্বন্ধে তরঙ্গিণীকার রামাচার্য্য আপত্তি তুলিয়াছেন। ব্রহ্মানন্দ সরস্বতী আবার তাহার থণ্ডন করিয়াছেন।

বিতীয় মিথ্যাত্মশক্ষাপ-প্রকাশাত্মযতি মিথ্যাত্মর এইরপ লক্ষণ নির্দেশ করিয়াছেন, যথা—"প্রতিপর্মোপাধৌ ত্রৈকালিকো নিষেধ প্রতি-যোগিত্বং বা মিথ্যাত্ম্"। ব্যাসরাজ স্বামী বলেন, এই লক্ষণও অসকত। জৈকালিক নিষেধ তাত্ত্বিক হইলে অবৈত হানি, প্রাতিভাসিক হইলে সিদ্ধ-সাধন, ব্যাবহারিক হইলে নিষেধ। তাত্ত্বিক-সন্থার বিরোধী বলিয়া অর্থান্তর হয় ও বাধ হয়। অবৈত শুতি সকল অতাত্ত্বিক্ত্ব নিষেধ-বোধক বলিয়া অত্ত্বাবেদক হইয়া পড়ে। তৎপ্রতিযোগী অপ্রাতিভাসিক প্রপঞ্চ পারমার্থিক হয়। তিনি আরও বলেন,—নিষেধ প্রতিযোগিত্ব কি স্বভাবতঃ অথবা পরমার্থতঃ। প্রথম বা দ্বিতীয় ইহার কোন পক্ষই যুক্তিযুক্ত নহে। প্রথম পক্ষে অত্যন্ত অসব প্রভৃতির উদ্বব, দ্বিতীয় পক্ষে অন্যোন্তাশ্রেম, অনবস্থা প্রভৃতি দোষের উদ্ভব হয়।

মধুপ্দন বলেন—''ত্রেকালিক নিষেধেব প্রাতিভাদিকত্ব অতিরিক্ত সর্ব্ব-স্বরূপত্ব এবং প্রতিযোগিত্বের স্বরূপবিচ্ছিন্নত্ব ও পার্যার্থিকতা-বচ্ছিন্নর্বাপ পক্ষর শোভন"। তিনি বলেন—"নিষেধের অধিকরণীভূত ব্রহ্ম অভিন্ন বলিয়া নিষেধের তাত্ত্বিকত্বে অইছতহানি হইতে পারে না। কারণ, ব্রহ্মভিন্ন বস্তুর অক্সাকার অইছত মতে নাই। ব্যাবহারিকত্বেও নিষেধ্য অপেক্ষায় ন্যুন সভাকত্বের তাত্ত্বিক সন্তাবিরোধিত্ব; স্কৃত্রাং স্বাপ্র-নিষেধ-বাধিত স্বাপ্রশাবেরিক দৃষ্টাস্তাহ্লদারে নিষেধ-বাধ্যতের তাত্ত্বিক-স্তা। বিরোধিত্বের অভাবে উক্ত অর্থান্তর ও বাধের অনবকাশ। এইরূপ প্রপঞ্চ-নিষেধন্নপ নিষেধান্থ্যান ব। শ্রুতি দ্বাল প্রপঞ্চকে নিষেধ হইলেও প্রপঞ্চাধিক সন্তাপত্তি হয় না; স্কৃত্রাং অতাত্ত্বিক প্রপঞ্চকে অতাত্ত্বিকরূপে ব্যাইয়া শ্রুতি-প্রামাণ্যের অন্তুপপত্তি হইতে পাবে না।

মধুস্দনের মতে নিষেধপ্রতিযোগিত্ব স্বরূপাবচ্ছিন্ন বলিয়া অঙ্গীকার করিলেও দোয হইতে পারে না। থেমন শুক্তিতে রজত-ভ্রম অপগত হইয়া অধিষ্ঠান-তত্ব সাক্ষাংকার হইলে, রজত নাই, ছিল না ও ভবিস্তাতেও থাকিবে না, এইরূপ স্বরূপতঃ নিষেধ-প্রতিযোগিত্ববং প্রপঞ্চের সম্বন্ধেও "নেহ নানান্তি কিঞ্চন" ইত্যাদি শ্রুতির অনুবলে নিষেধ-প্রতীতির উদয় হইতে পারে। দিতীয় পক্ষেও দোয নাই। কারণ, পারমার্থিকছেই বাধাত্বরূপ মেথাত্বনিরূপা। অনবস্থা দোষেরও কোন হেতু নাই; অতএব দিতীয় লক্ষণও যুক্তিযুক্ত। রামাচার্যাও প্রত্যেক পক্ষেই আপজি তুলিয়াছেন এবং ব্রদানন্দ প্রত্যেক পক্ষেরই উত্তর দিয়া থণ্ডন করিয়াছেন।

তৃতীয় মিথ্যাত্ম-লক্ষণ-প্রকাশাত্ম যতির অন্ত মিথ্যাত্ম-লক্ষণ-"জ্ঞান-নিবর্ত্তাত্ম বা মিথ্যাত্ম্।" ব্যাদরাজ এই লক্ষণ সম্বন্ধ

অতিব্যাপ্তি দৃষ্টান্তের সাধ্য-বৈকল্য প্রভৃতি দোষের উল্লেখ করিয়াছেন। শুক্তিজ্ঞানে কথনও রজত নষ্ট হয় না, স্বতরাং দৃষ্টান্ত সঠিক নহে। মধুস্দন বলেন,—"জ্ঞাননিবর্ত্তাবং হি জ্ঞানপ্রযুক্তাবিছিতি-সামান্তবিরহ-প্রতিযোগিত্বম্।" অতএব অতিব্যাপ্তি দোষ হইতে পারে না। শুক্তিজ্ঞানে রজত নাই, ছিল না ও পরে থাকিবে না,—ইহা সকলেরই অন্তবগম্য; স্বতরাং দৃষ্টান্ত সাধাবিকল নহে। অতএব "জ্ঞানত্বন জ্ঞান-নিবর্ত্তাত্ব" পক্ষে কোনও দোষ নাই। "জ্ঞানত্ব ব্যাপ্যধর্মেণ নিবর্ত্তকতা" পক্ষেও কোন দোষ হইতে পারে না। "সিদ্ধান্ত-'বন্দু" নামক প্রবন্ধে এই সম্বন্ধে যথেষ্ট বিচাব করিয়াছেন। এইরূপ "ভ্রমোত্রর-সাক্ষাৎকারত্বন তল্লিবর্ত্তাত্বং মিথ্যাত্বম্" এই পক্ষও সমীচীন; অতএব তৃতীয় লক্ষণও স্বসঙ্গত।

চতুর্থ মিথ্যান্ত্র-লক্ষণ – চিংক্থাচার্য্য বলেন, — "স্থাশ্রমিষ্ঠ অত্যন্তাভাব-প্রতিযোগিত্বং মিথ্যাত্বম্," অথবা "স্বাভান্তাভাবাধিকরণ এব প্রতীয়মানত্বম্।" এ সম্বন্ধেও ব্যাসরাজ তাত্ত্বিক্ত্ব, প্রাতিভানিকত্ব, ব্যাবহারিকত্ব প্রভৃতি বিকল্প উত্থাপন করিয়া মিথ্যাত্বলক্ষণ নিরস্ত করিয়াছেন। মধুক্ষন বলেন, —লক্ষণ যুক্তিযুক্ত। পূর্বের "ত্রৈকালিক নিষেধের ত্যায়" এ স্থলে দেশ নিষেধ স্থযৌক্তিক। তিনি বলেন, — "কালে সহসন্তব্যদ্দেশহপি সহসংভবাবিরোপাং, প্রাগভাবসত্ত্বনোপাদত্বাবিরোধাচ্চ।" স্ত্রাং মিথ্যাত্ব অনুমান ও শ্রুতিস্কলও প্রমাণ। তিনি বলেন, — "মিথ্যাত্বান্ত্মিতেঃ শ্রুতাদেশ্চ প্রমাণত্বাং।" অতএব এই লক্ষণও সঙ্গত ও শোভন।

প্রাক্তন নিথ্যাক্তন আনন্দবোধানাই বলিয়াছেন,—"সদভিয়রপত্বং বা নিথ্যাত্বন্।" অর্থাৎ "সদ্বিবিক্তত্বং বা নিথ্যাত্বন্"। ব্যাসরাজ এই লক্ষণ-সম্বন্ধে বলিয়াছেন,—"সং" এই পদের অর্থ কি ? সন্তা জাতিনং, অথবা অবাধ্য অথবা ব্রহ্ম। প্রথম পকে ব্রহ্মেতে অতিব্যাপ্তি। দিতীয় পকে বাধ্যজাতাবের অবাধ্যত্বের জন্ম বাধ্যত্বরাংশের বৈয়র্থ্য, এবং তৃতীয়ে সিদ্ধ সাধন প্রভৃতি দোষ হয়। মধুস্কেন বলেন,—"সদ্বিবিক্তত্বন্য" এই স্থলে "সং" পদে প্রমাণসিদ্ধত্ব ব্রায়।" তিনি বলেন,—"সদ্বিবিক্তত্বং বা মিথ্যাত্বন্। সত্বং প্রমাণসিদ্ধত্বন্ প্রাণ্ডং চ দোলাসহক্ষতজ্ঞানকরণত্বন্। তেন স্বপ্লাদিবং প্রমাণসিদ্ধতিন নিথ্যাত্বং সিদ্ধাতি।"

মিথ্যাত্ম মিথ্যাত্ম নিত্র ক্তি—মিথ্যাত্ম সত্য কি মিথ্যা? ব্যাস-রাজ বলেন,—মিথ্যাত্ম মিথ্যা হইলে, সিদ্ধসাধন-দোষ অনিবার্য। জগনিথ্যাত্তের বাধ্যতা আমানেরও অঞ্চীকৃত, স্ক্তরাং শ্রুতির অতত্ত্বাবেদক্ত ও জ্বাৎসত্যত্ত্ব অনিবার্যা। মিথাতি সত্য ইইলে, অদ্বৈত্যানি অপরিহার্যা।

মধুস্থদন বলেন,--মিথ্যাত্ব-মিথ্যাত্ব পক্ষে কোনও দোষ হইতে পারে না। মিখ্যাত্ব মিখ্যা হইলেও প্রপঞ্চ-সত্যত্ব অহুপপন। যে স্থলে তুইটি বিরুদ্ধ বস্তুর একটা মিথ্যা, সে স্থলে এই উভয়ের একটা অপেক্ষা অন্তটা অধি ন সত্তাক ইহাই নিয়ম। কিন্তু বিরুদ্ধের থেটী মিখ্যা তদপেক্ষা অপরটী অধিক সত্তাক এরপ কোনও নিয়ম নাই। মধুস্দন বলিতেছেন,- "তত্ত্তহি বৈরু গ্রোধ মহোরেক-মিথ্যাত্তে, অপর-দত্তম্, যতা মিথ্যাত্তাবচ্ছেদকমুভয়বৃত্তি ন'ভবেৎ; যথা পরস্পর বিরহরপয়ো রজতত্ব-তদভাবয়ো: শুক্তো। যথা বা পরস্পর-বিরহ-ব্যাপকয়ো রজতভিন্নত্ব রজতব্যাঃ তত্ত্বৈব ; তত্ত্র নিষেধ্যতাবচ্ছেদকভিদনিয়মাৎ, প্রকৃতে তু নিষেধ্যতাবচ্ছেদকমেকমেব দৃশুবাদি, যথা গোত্বাশ্বয়োরেকিমিন্ গজে নিষেধে গজন্বাতান্তাভাব-ব্যাপ্যন্থ নিষেধ্যতাবচ্ছেদকমূভয়োস্তল্যমিতি নৈকতর-নিষেধে অন্তর্গত্বং তহং।" মধুস্দন বলেন,—"মিথ্যাত্বের মিথ্যাত্ব অঙ্গীকার করি.ল ব্যাদরাজকে অদৈতমতে প্রবেশ করিতে হয়। মিথ্যাত্ব মিথ্যা হইলেও শ্রুতির অতত্তাবেদকত্ব হয় না। পূর্বের এ সম্বন্ধে আলোচনা হইয়াছে। তিনি আরও বলিয়াছেন যে, সতাত্ব ও মিথ্যাত্ব পরস্পর বিরহ-ক্ষণত্ব নহে। পরস্পর বিরহ-ব্যাপকত্বও নহে। পরস্পর বিরহরূপত্ব অক্টীকার করিলেও দোষ নাই। কারণ ভিন্ন-সত্তাক বস্তুর অবিরোধ অবশুই স্বীকার্য্য। বাস্তবিক মিথ্যাত্বও সত্যত্বের এক বাধক, বাধ্য বলিয়া সম-সত্তাক হইলেও কোনও দোষ হইতে পারে না। মধুস্থদন বলেন,—"পরস্পর বিরহ-দ্ধপত্তেইপি বিষমসতাকয়োরবিরোধাৎ। ব্যাবহারিক মিথাত্তেন ব্যাবহারিক-সভাত্বাপহারেহপি কাল্পনিক-সত্যত্বানপহারাৎ, তার্কিক-মত-সিদ্ধসংযোগ-ভদভাববং সত্যত্ত-মিথ্যাত্তয়োঃ সমুচ্চয়াভ্যুপ্গমাচ্চ। * * * * অতি চ প্রপঞ্চ-তন্মিথ্যাত্বয়োরেকত্রশ্বজ্ঞান-বাধ্যত্বম্। অতঃ সমস্তাক্তান্মিথ্যাত্ব-বাধকেন প্রপঞ্চাস্তাপি বাধানাদৈতক্ষতিরিতি।"

কুশ্যভ্ৰহেভূপপত্তি—জগৎ মিথ্যাত্বের হেতু কি ?—দৃশ্যস্ক, জড়ত্ব ও পরিচ্ছিন্নর। প্রথমে দৃশ্যত্ব হেতু সম্বন্ধে আলোচনা আবশ্যক। ব্যাসরাজ্বের জগৎমিথ্যাত্বের দৃশ্যত্ব হেতু বৌদ্ধমতের ছায়া মাত্র। এথন দৃশ্যত্ব কি ? বৃত্তিব্যাপ্যত্ব, বা ফলব্যাপ্যত্ব, বা সাধারণ বা কদাচিৎ কথঞিৎ বিষম্মত্ব বা স্বব্যবহারে স্বাতিরিক্ত সংবিদপেক্ষা নিয়তি বা অস্বপ্রকাশত্ব। এইরূপ

ছয়টা বিকল্প উত্থাপন করিয়া, ছয়টা পক্ষই ব্যাসরাজ স্থামী নিরাকরণ করিয়াছেন।

মধুস্দন বলেন,— একমাত্র "ফলব্যাপ্যত্ব" পক্ষ যুক্তিসহ নহে, তদ্যতীত সকল পক্ষই বিচার-সহ। মধুস্দন বলিতেছেন,—"ফলব্যাপ্যত্ব-ব্যাতারক্তস্থ সর্ববাস্থাপি পক্ষ কোদক্ষমত্বাং। ন চ—বুজি-ব্যাপ্যত্ব-পক্ষে ব্রহ্মণি ব্যভিচারঃ, অন্তথা ব্রহ্মপরাণাং বেদাস্থানাং বৈয়র্থাপ্রস্কাদিতি বাচ্যুম্, শুরুং হি ব্রহ্ম ন দৃষ্টম্। "যন্তদন্দেশ্য"মিতি শ্রুতেঃ কিং তু উপহিত্যেব, তচ্চ মিথ্যৈব; ন হি বুজি-দশায়াং অন্তপহিতং তদ্ ভবতি।" "ফ্রুণমাত্র্যেব মিথ্যাত্বে, তন্ত্রম্" এই শৃত্যুবাদি-মত্ত নিরস্ত হইল। অত্রব দৃশ্যত্ব-হেতু উপপন্ন।

বিভীয় হৈছু জ্বে ব্যাসরাজ পাঁচটা পক্ষ উত্থাপন করিনাছেন—
জড়ত্ব কি ? অজ্ঞাত্ব বা অজ্ঞানম্ব বা অনাত্মর, অস্বপ্রকাশত্ব বা পরাভিমতম্ব; তিনি পাঁচটা পক্ষই নিরাস করিয়াছেন। মধুস্বনন বলেন,—অজ্ঞানত্ব
অনাত্মন্ত ও অস্বপ্রকাশত্ব জড়ত্বের হেতু। জড়ত্ব অর্থে অজ্ঞানত্ব। অনাত্মত্ব
প্রভৃতি বলা যাইতে পারে, তাহাতে কোনও দোষ হইতে পারে না।
মধুস্বন অনাত্মন্ত ও অজ্ঞানত্ব পক্ষন্ত্ব সম্বন্ধে বলিয়াছেন,—"দিতীয়-তৃতীয়পক্ষয়ো: দোষাভাবাং"। তথা হি "অজ্ঞানত্বং জড়ত্বমিতি পক্ষে নাত্মনি
ব্যভিচার: ।" অস্বপ্রকাশত্ব সম্বন্ধে বলিয়াছেন,—"এবং অস্বপ্রকাশত্বং বা
জড়ত্বম্।" অতএব জড়ত্বহেতু মিথ্যাত্ব উপপন্ন।

তৃতীয়েতেতু পরিচ্ছিত্রত্র—ব্যাদরাজের মতে দেশ, কাল ও বস্তু, এই ত্রিবিধ পরিচ্ছেদে পরিচ্ছিন্নত্ব অন্তপপন্ন। মধুস্থান বলেন,—পরিচ্ছিন্নত্বও মিথ্যাত্বের হেতু। তিনি বলিতেছেন, "পরিচ্ছিন্নত্বসিপি হেতুঃ। তচ্চ দেশতঃ কালতে। বস্তুতশ্চেতি ত্রিবিধম্। তত্র দেশতঃ পরিচ্ছিন্নত্বং অন্তান্তাভাব-প্রতিযোগিত্বম্। বস্তুতঃ পরিচ্ছিন্নত্বং অন্তান্তাভাব-প্রতিযোগিত্বম্।

তাং শিক্ত তেতু — চিং স্থাচার্য মিথ্যাত্বের অন্ত হেতু প্রদর্শন করিয়াছেন। তাঁহার মতে, অংশির অর্থাং কার্যাত্বও মিথ্যাত্বের হেতু। ব্যাসরাজ স্বামী বলেন, — কার্যায় অর্থাং অংশিরও মিথ্যাত্বের হেতু হইতে পারে না। কার্য্য কারণ অভেদ, কারণে কার্য্য ও অভাব সিদ্ধ; স্থতরাং সিদ্ধ-সাধন-দোষ অনিবার্য্য। অনাশ্রিত বলিলে — অন্যোন্তাশ্রিতত্বে অর্থান্তরের উৎপত্তি হয়। মধুস্দন বলিতেছেন, — অংশিরও মিথ্যাত্বে হেতু। তিনি

বলেন,—"চিৎস্থাচার্য্যৈস্ত—"অয়ং পটঃ, এতত্তম্ভ-নিষ্ঠাত্যস্তাভাব-প্রতিযোগী, আংশিবাং। ইতরংংশিবং, ইত্যুক্তম্ । তত্ত্ব তন্তপদম্পাদানপরম্। এতেনো-পাদান-নিষ্ঠাত্যস্তাভাব-প্রতিযোগির-লক্ষণ মিথ্যাত্মদিদ্ধিঃ। ন চ কার্যাস্থ্য কারণাভেদেন তদনাপ্রিত্থাং দিদ্ধদাধনম্, অনাপ্রিত্তেমান্ত্যাপ্রিত্তেন বা উপপত্ত্যা অর্থাস্তরং চইতি বাচাম্, অভেদে কার্যাকারণভাব ব্যাহত্যা কথংচিদ্পি ভেদস্থাবস্থাভ্যুপেয়ত্বাং।" অতএব জগতের মিথ্যাত্বে অংশিত্ব অর্থাং কার্যান্ত্র হেতু।

মধুস্দ্ন জগতের মিথ্যাত্ব-নির্বাচন অহুমান প্রমাণের সাহায্যে অতি স্থানররূপে করিয়াছেন। বিখের মিথ্যাত্ব সম্বন্ধে সাতাশটী বিশেষ অনুমান উপস্থিত করিয়াছেন। এথানে আমরা তাঁহারই ভাষায় তাঁহার মত উদ্ধৃত করিলাম—

- ১। ব্রহ্মজ্ঞানেতর-ৰাধ্যব্রহ্মাল্মসন্থানধিকরণত্বং পারমাথিক-স্তাধিকরণা-বৃত্তিঃ ব্রহ্মাবৃত্তিত্বাৎ শুক্তিরপাবৎ প্রমার্থসদ্ভেদবচ্চ।
 - ২। বিমতং মিথ্যা, ব্রহ্মান্তবাৎ, শুক্তিরপ্যবৎ।
- ৩। প্রমার্থসভাং, স্বদমানাধিকরণান্যোন্থাভাব-প্রভিযোগ্যবৃতিঃ সদিভর।-বৃত্তিত্বাৎ, ব্রহ্মত্ববং।
- ৪। বৃদ্ধর্মকরং বা সত্ব্যাপকম্ সত্ত-সমানাধিকরণভাৎ, অসদ্-বৈলক্ষণাবৎ।
- ব্যাপ্যবৃত্তিঘটাদিঃ জ্ঞাভাবাতিরিক্তস্থসমানাধিকরণাভাবমাত্র
 প্রতিযোগী, অভাব প্রতিযোগিত্বাৎ, অভিধেয়ত্ববৎ।
 - ৬। অত্যস্তাভাবঃ প্রতিযোগ্যবচ্ছিন্নবৃতিঃ, নিত্যাভাবত্বাদরোলাভাববং।
- ৭। অত্যন্তাভাবত্বং প্রতিযোগ্য-শেষাধিকরণ-বৃত্তিমাত্রবৃত্তিঃ প্রতিযোগ্য-বচ্ছিন্নবৃত্তিমাত্র-বৃত্তিঃ বা, নিত্যাভাবমাত্র বৃত্তিত্বাং অন্যোক্তাভাবত্ববং।
- ৮। ঘটাত্যস্তাভাববন্ধং স্থপ্রতিযোগিজনকাভাব-সমানাধিকরণবৃত্তিঃ এতং কপালসমানকালীনৈতদ্ঘট-প্রতিযোগিকাভাববৃত্তিত্বাৎ, প্রমেয়ত্বেৎ।
 - ৯। এতং কপালমেতদ্ ঘটাতান্তাভাবাধিকরণমাধারত্বাৎ পটাদিবং।
- ১০। ব্রহ্ম ব প্রমার্থ-স্বিষ্ঠান্তো ভাব-প্রতিযোগিত।বচ্ছেদকম্, ব্রহ্মবৃত্তি বাদসদ্বৈলক্ষণ্যবং।
- ১১। পরমার্থ সংপ্রতিযোগিকে। ভেদো ন পরমার্থ-স্থান্ত পরমার্থ-সংপ্রতিযোগিক ছাং, পরমার্থ-স্থাবচ্ছিদ্ধ-প্রতিযোগিকাভাবৰং।

- ১২। ভেদস্বাবচ্ছিন্নং সদ্বিলক্ষণ-প্রতিযোগ্যধিকরণান্ততর্বৎ, অভাবাচ্ছুক্তি-রূপ্যপ্রতিযোগিকাভাববৎ।
- >৩। প্রমার্থন দ্লাষ্টাভেদঃ ন প্রমার্থসৎপ্রতিযোগিকঃ, প্রমার্থ সদ-ধিকরণজাৎ, শুক্তির ন্প্রতিযোগিকভেদবৎ।
- ১৪। মিথ্যাবং ব্রহ্মতুচ্ছোভয়াতিরিক্ত ব্যাপকম্, সকলমিথ্যাবৃত্তিবাৎ, মিথ্যাব্সমানাধিকরণাত্যক্তাবাপ্রতিযোগিবাদ্ বা দুখাব্বং।
 - ১৫। দৃশ্যকং পরামার্থদদ্র্তি অভিধেয় মাত্র্বতি আচ্ছু ক্তিরূপাবং।
- ১৬। দৃশ্যবং পরমার্থদদ্ভিল্পব্যাপ্যম্, দৃশ্যেতরার্ভিধ্যরিৎ প্রাতিভং-শিক্ষবং।
- ১৭। উভয়সিদ্ধনসদ্বিলক্ষণং মিথ্যাত্মানাধিকরণধর্মানধিকরণন্, আধারত্বাচ্ছুক্তিরুপাত্বং।
 - ১৮। প্রতিযোগ্যবচ্ছিলে। দেশঃ অত্যন্তাতাবাশ্রয়ঃ আধারত্বাৎ কালবৎ।
- ১৯। আত্মহাবচ্ছিন্নং পরমার্থসন্তানধিকরণ-প্রতিযোগিক ভেদ্তা-বচ্ছিন্নরহিতং, পরমার্থসন্তাৎ, পরম র্থসন্তাবচ্ছিন্নবং।
 - ২০। শুক্তির ব্যং মিথ্যাত্ত্বন প্রপঞ্চান্ন ভিন্ততে, ব্যবহারবিষয়ত্তাৎ, ত্রন্ধবৎ।
- ২১। বিমতং মিথা। মোক্ষহেতৃ-জ্ঞানাবিষয়ত্বে সত্যসদ্ভাতাৎ, ভক্তিরপ্যত্বৎ, মোক্ষহেতু-জ্ঞান-বিষয়ত্ববৎ।
- ২২। প্রমার্থসন্ত্ব্যাপকম্, প্রমার্থ-সন্ত্-সমানাধিকরণতাৎ, পার্মাথি-ক্তুর্ন শ্রুতিতাৎপর্যবিষয়ত্ববং।
- ২৩। এতৎ পটাত্যস্তাভাবঃ এতৎ তস্তুনিষ্ঠঃ, এতং পটানাখভ;বস্বাং, এতং.পটাঝোখাবোৰং।
- ২৪। যদ্ধা—সম্বায়সম্বন্ধাবচ্ছিল্ল ২য়নেতৎপটাত্যস্তাভাবঃ এতত্তম্ভনিষ্ঠঃ, এতৎপটপ্রতিবোগিকাতান্তাভাবত্বাং।
- ২৫। অব্যাপার্ত্তিস্থানধিকরণত্বে সত্যক্তপক্ষতাব্যবচ্ছেদকবং, স্বসমানা-ধিকরণাত্যস্তাভাবপ্রতিযোগি অনাস্মনাং, সংযোগবং।
- ২৬। অতএব নিতাদ্ব্যাভাদব্যাপার্ত্তিরান্ধিকরণমুক্তপক্ষতাবচ্ছেদক-বং, কেবলার্যতাস্থাভাবপ্রতিযোগি, পদার্থরাং, নিতাদ্ব্যবদিত্যপি সাধু।
- ২৭। আত্মবাবচ্ছিন্নণিমকো ভেদোন প্রমার্থসংপ্রতিযোগিকঃ, আত্মা প্রতিযোগিত্বাং, শুক্তিরূপ্য প্রতিযোগিকভেদবং।
 - দৃশ্যত্ব প্রভৃতি হেতৃও মিথ্যাত্ব লক্ষণ অম্বলে এই সকল অম্মান স্থাপন

করিমা মিথ্যাত্ব স্থদ্ঢ় করিয়াছেন। বাস্তবিক মধুস্দনের প্রতিভা অসাধারণ।
বোধহয় পূর্বতন কোন আচার্য্যই এক্সপ ভাবে অনুমান্বলে ছৈতমিথ্যাত্ব
নির্ণয় করেন নাই।

তিনি বলিয়াছেন—"নির্বাধ-প্রতাভিজ্ঞানাং ধ্রুবং বিশ্বনিতি শ্রুতেং শ্বজিয়াদি-বিরেণিচ দৃষ্টি-স্টেন গ্র্জাতে"। মধুস্থান বলেন,—দৃষ্টি-স্টেবাদ উপপন্ন। "নর্বাধনিদ্দেটিক তত্ত্বাজিন ভিপ্রতা, মদা বং পশুতি তং সমকাল তৎ স্ক্রতীতাক্র তাৎপর্যাৎ। ন চাবিল্ঞাস্চক্রু-জীব-কারণণত্বে জ্পদ্বৈচিত্রাম্ব্রান্তিকাম্ত্রাদানস্থ জ্ঞানস্থ বিচিত্রশক্তিকরাং। * * * বাংশষ্ঠ-বাত্তিকাম্ত্রাদানস্থ জ্ঞানস্থ বিচিত্রশক্তিকরাং। * * কাংশষ্ঠ-বাত্তিকাম্ত্রাদানস্থ জ্ঞানস্থ বিচিত্রশক্তিকরাং। * * কাংশষ্ঠ-বাত্তিকাম্ত্রাদানস্থ জ্ঞানস্থ বিচিত্রশক্তিকরাং। ক্রের্লারেলিকর চ স্প্রতাবিক্র ক্রিন্তারেলিকর্মা হ্রাদি তত্মাৎ বৃদ্বদাইব। ক্রম্মুয়্য় গচ্ছন্তি জ্ঞানৈক-জলধৌ লয়্ম্" ইত্যাদি তত্মাৎ বৃদ্বদাইব। ক্রমুম্মুয়্য় গচ্ছন্তি জ্ঞানৈক-জলধৌ লয়্ম্" ইত্যাদি তত্মাৎ বৃদ্বদাইব। ক্রজ্মুস্পাদিবদ্বিশ্বং নাজ্ঞাতং সদিতি স্বিত্র্যাৎ প্রত্রাহ স্ক্রের্থা চ লয়শ্বতেঃ।" মধুস্থনের মতে দৃষ্টিস্টিবাদই স্মীচীন ও শোভন।

একজীববাদে— স্থায়ামৃতকার বাাদরাজ স্থামীর মতে জীব নানা। স্থধ হংথাদিব ভেদ আছে, জাগরণ ও স্থাধ্বিরও ভেদ আছে। পাপ ও পুণাের ভেদ আছে, স্থতরাং একজীববাদ অসঙ্গত। একজীববাদে বন্ধনাক্ষ ব্যবস্থাও হইতে পারে না, ইত্যাদি ব্যাদবাজেব মত। বিদ্ধ মধুস্থান বলেন,—জীব এক, "তন্মাদবিলাে বাাদিকাে জীব এক এবেতি দিন্ধন্।" এক ব্রন্ধই মবিলা বশ্ব করিয়া অসংসারী হইলেও সংসারীর স্থায় প্রতিভাত হন। তিনিই জীব, তাঁহােরই প্রতিশরীরে "অহং" এই অংকুবৃদ্ধি। "অবিলাবশাৎ ব্রন্ধিবৈকং সংসর্বতি, স এব জীবঃ। তক্ষৈব প্রতিশরীরম্থনিতাাদি বৃদ্ধিঃ।" ভেদ কেবল উপাধিক; স্থতরাং বন্ধ মোক্ষ বাবস্থায় কোনও দােষ হইতে পারে না। জীব নিত্য মৃক্ত, অবিলার বাশেই জীব আপনাকে বন্ধ বলিয়া মনে করে। অবিলার নাশেই জীব আপনাকে বন্ধ বলিয়া মনে করে। অবিলার নাশেই জীব আপনাকে হয় হয় হয় প্রকাং একজীব বাদই স্বাস্কত।

মধ্সদন অদৈতদিদির দিতীয় পবিচ্ছেদে অথপ্তার্থ ও তাহার প্রমাণ নিরাণ কবিয়াছেন। ব্যাসরাজের মতে,—"সতাং জ্ঞানমনন্ত" ও "তত্ত্বস্তাদি" বাক্য অথপ্তার্থনিষ্ঠ নহে: অপূর্ক বিচারজাল-বিভার পূর্কক মধুস্থান অথগুর্থের লক্ষণ ও সত্যাদি বাক্যের অথগুর্থেনিষ্ঠত্ব প্রতিপাদন করিয়াছেন। অথগুর্থ-নির্নাণ-প্রদক্ষে মধুস্থান যেরূপে মনীধার পরিচয় দিয়াছেন, তাহা অছৈতবাদী পূর্বেতন আচার্যাগণের মধ্যেও তুর্লভ। ব্যাসবাজের যুক্তি স্কচার্করণে থণ্ডন করিয়া অথগুর্থ নিরূপণ করিয়াছেন। ছিতীয় পরিচ্ছেদে জীবের অণুত্ব পক্ষও নিবসন করিয়া জীব ও ত্রন্ধের ঐক্যা, ত্রন্ধের নিশুণ্য প্রভৃতি প্রতিপাদন করিয়াছেন। ভেদ-বাদ নিরাকরণে মধুস্থান অপূর্ব প্রতিভার পরিচয় দিয়াছেন। তিনি বিশ্ব-প্রতিবিশ্ববাদী, যেহেতু তিনি বিশ্ব ও প্রতিবিশ্বের ঐক্যা পক্ষই সমর্থন করিয়াছেন। তিনি বলেন,—"তদেবং প্রতিবিশ্বস্থা বিশ্বেনৈব্যে ব্যবস্থিতে ত্রন্ধৈক্যং জীবজাতক্য সিদ্ধং তংপ্রতিবিশ্বনাৎ।"

তৃতীয় পরিচ্ছেদে মনন নিদিধাাসন শ্বেণের অঙ্গরণে নিরূপণ। উহাতে তিনি বিশ্বণকার প্রকাশাত্ম্যতির নির্মবিধি প্রতিপাদন করিয়াছেন। শ্বেণাদির বিধেয়েস্থ উপপত্তি বিচারের মূলেও শ্বেণ ইত্যাদি বিষয় আলোচনা করিয়াছেন। জ্ঞান পুরুষতন্ত্র নহে, উ । বস্তুতন্ত্র। জ্ঞানে বিধির অবকাশ নাই ইত্যাদি বিষয়ও তৃতীয় পশিচ্ছেদে নির্ণীত হুইয়াছে।

চতুর্থ পরিচ্ছেদে অবিখানিরতি। অবিখার নিবর্ত্তক মৃ্জির আনন্দই পুরুষার্থব এইরপ নিরূপিত হইষাছে। জীবনু্তি প্রতিপাদন করিয়া ব্যাসরাজীয় মৃ্জির তারতম্যবাদ গণ্ডন করিয়াছেন।

বৈতব দীর সকল আপত্তিই অবৈতসিদ্ধিতে গণ্ডিত ইইয়াছে। অবৈতদর্শনসামাজ্যে অবৈতসিদ্ধি গ্রন্থগানি সর্কশ্রেষ্ঠ। একপ বিচার-কৌশল আর কোথায়ও
নাই। এক আচার্য্য শক্ষর ব্যতীত বোধহয় মধুস্থানের আয় পাণ্ডিত্য আর
কাহারও নাই বলিলেও অত্যক্তি হইবে না। বেদান্তদেশিক, অপ্পয়দীক্ষিত,
বাচস্পতি, বিভারণা প্রভৃতি সর্কাতন্ত্র-স্বতন্ত্র তহিষয়ে সন্দেহ নাই; কিন্তু
মধুস্থানের আয় যুক্তিজাল বিন্তার আর কেহই করিতে পারেন নাই।
মধুস্থান কেবল ভারতেরই অলহার নহেন তাঁহার স্থান পৃথিবীর
দার্শনিক ক্ষেত্রে অতি উচ্চে। অভাত্য আচার্যাগণের অন্ত্র্যরণ করিয়া অবৈতসিদ্ধি
রচিত হইদেও, এই গ্রন্থ তিনি অনেক মৌলিক যুক্তির অবতারণা কির্যাছেন।

.আচার্যা মধুস্দন বেদান্তশাস্ত্রের তাংপ্র্যা অতি স্থন্দর ভাবে গীতার প্রাব্যন্ত প্রকটিত করিয়াছেন। নিয়ে তাহার কতকটা উদ্ধৃত হইল—

''নিলাম কৰ্ম হুটান⁻ ত্যাপাৎ কাম্যনিবিদ্ধয়োঃ।

তত্রাপি পর্যো ধর্মো জগস্তত্যাদিকং হরে:।।

ক্ষীণপাপস্য চিত্তক্ষ বিবেকে যোগ্যতা যদা।
নিত্যানিত্যবিবেকস্ক জায়তে স্থদূচ্ন্তদা॥
ইহামুত্তার্থ-বৈরাগ্যং বশীকারাভিধং ক্রমাৎ।
ততঃ শমাদি-সম্পত্যা সম্যাসো নিষ্টিতো ভবেৎ॥
এবং সর্ব্ব-পরিত্যাগান্মুক্ষা জায়তে দূচা।
ততো গুরুপসদনমুপদেশগ্রহস্ততঃ॥

 ততঃ সন্দেহহানয়ে বেদান্তশ্রবণাদিকম। সর্বমৃত্রমীমাংসাশাস্ত্রমত্রোপযুজ্যতে ॥ ততন্ত্ৎ-পরিপাকেন নিদিধ্যাসন্নিষ্ঠতা। যোগশান্ত্রং তু সম্পূর্ণমূপক্ষীণং ভবেদিহ ॥ ক্ষীণদোষে তত্ৰিতে বাক্যাৎ তত্ত্বমতির্ভবেৎ। সাক্ষাৎকারো নির্ব্ধিকল্প: শব্দাদেবোপজায়তে। অবিভাবিনিবৃত্তিস্ত তত্ত্তানোদয়ে ভবেৎ। তত আবরণে ক্ষীণে ক্ষীয়েতে ভ্রমসংশয়ৌ॥ অনারকানি কর্মাণি নশ্যস্তোব সমস্ততঃ। ন বাগামীনি জায়ন্তে তত্বজ্ঞানপ্রভাবত:।। প্রারন্ধ কর্মবিক্ষেপাদ্ বাসনা তু ন নশুতি। সা সর্বতো বলবতা সংযমেনোপশাম্যতি।। সংঘমো ধারণাধ্যানং সমাধিরিতি যৎ ত্রিকম্। যমাদিপঞ্চকং পূর্ববং তদর্থমূপযুজ্যতে।। ঈশবপ্রণিধানাত্ত সমাধিঃ সিধ্যতি জ্বন্। ততো ভবেমনোনাশো বাসনাক্ষয় এব চ।। তত্ত্তানং মনোনাশো বাসনাক্ষয় ইত্যপি। যুগপৎ ত্রিতয়াভ্যাসাক্ষীবন্মুক্তিদু ঢ়া ভবেৎ।।

বিষৎসন্মাসকথনমেতদর্থং শ্রুতৌ ক্বতম্। প্রাগসিন্ধো য এবাংশো যত্ন: স্থান্তস্থ সাধনে॥" ইত্যাদি। এছলে পাতঞ্চল-দর্শনোক্ত সাধন বেদাস্তের বিচারের অস্তর্ভুক্ত করিয়া-ছেন। কল্পতক্ষার অমলানন্দও বলিয়াছেন,— যোগসাধনায় "ঋতস্তরা প্রক্রা" জন্মিলে বেদাস্ত-শ্রবণের অধিকার জন্ম। মধুস্থদনও বলিলেন,—

> "ততন্তং পরিপাকেণ নিদিগাসননিষ্ঠতা। যোগশাস্ত্রং তু সম্পূর্ণমূপক্ষীণং ভবেদিহ।। ক্ষীণদোষে ততশ্চিত্তে বাক্যাৎ ভত্তমতির্ভবেৎ।"

বস্ততঃ যোগের সাধনা পরিপক হইলে, অর্থাৎ সম্প্রজ্ঞাত সমাধি অভ্যন্ত **इटेरनटे दिनारस्त महावाका खेवन ७ विठारतत मामर्था हम। मधुरूनन ० स्टान** যোগ ও বেদান্তের সামঞ্জন্ত করিয়া তাৎপর্য্য নির্ণয় করিয়াছেন। "প্রস্থান-ভেদে" সর্বশাস্ত্রের তাৎপর্য্য অধৈত-ত্রন্ধে নির্ণয় করিয়াছেন। সকল শাস্ত্র আলোচনা করিয়া তাৎপর্য্য-নির্ণয়-প্রসঙ্গে প্রবন্ধের সমাপ্তিতে বলিয়া-ছেন,—''দর্কেষাং প্রস্থানকর্ত্ গাং মুনীনাং বিবর্ত্তবাদ-পর্যাবসানেনাদিতীয়ে পরমেশ্বর এব প্রতিপাত্তে তাৎপর্যাম। ন হি তে মুনয়ো ভান্তা: সর্বজ্ঞা-ভেষাম্। কিং তু বহিবিষয়প্রবণানাপাততঃ পুরুষার্থে প্রবেশে। ন সম্ভবতীতি নান্তিক্যবারণায় তৈ: প্রকারভেদা: প্রদর্শিতা:। তত্ত তেযাং তাৎপর্যামবৃদ্ধা বেদবিরুদ্ধে২পার্থে তাৎপর্যামৃৎপ্রেক্ষমানান্তরতমেবো-পাদেয়ত্বেন গৃহুন্তো জনা নানাপথজুযো ভবন্তীতি সর্বামনবভাম।" এ স্থলে মধুস্থান স্থান ছইটা কথা বলিয়াছেন। প্রথম, "সর্বাশান্তের তাৎপর্য্য অছৈত-ব্রন্ধে," আর দিতীয়, "প্রস্থানভেদের তাৎপর্য্য কেবল পুরুষবৃদ্ধির অপেক্ষার জন্ম।" বহিবিষয়াসক্ত চিত্তকে ক্রমশঃ পুরুষার্থের দিকে নিতে হয়। স্ম্মাদপি স্থ আত্মতত্ত প্রথমে ধারণা করিতে পারে না বলিয়াই শাস্ত্র-কারগণ প্রকারভেদ অবলম্বন করিয়াছেন। বোধ হয়, ইহা ভিন্ন অন্ত কোনও রকমেই সর্বশাস্ত্রের সামঞ্জ বিহিত হইতে পারে না। মধুস্থদন সম্পূর্ণরূপে অবৈতবাদী। সগুণ উপাসনায় কৃতকৃত্য হইয়া, নিগুণে পরিসমাপ্তিই তাঁহার দার্শনিক মত। তাঁহার জীবনেও এই দার্শনিক মত প্রতিফলিত হইয়াছে।

মন্তব্য

আচার্য্য মধুস্থান সরস্বতী শাস্করমত প্রাপঞ্চিত করিবার জন্মই সমন্ত জীবন অতিবাহিত করিয়াছেন। এরপ যুক্তি-কৌশল-উদ্ভাবনী-শক্তি বোধ হয় আর কাহারও নাই। মধুস্থানের সকল প্রবন্ধেই তাঁহার অতিমাহ্য প্রতিভা বেশ ফুটিয়া উঠিয়াছে। অবৈতবাদের প্রকৃত তাৎপর্য্য হৃদয়ক্ষম করিতে মধুস্থানের প্রস্থ অতীব উপযোগী। মধুস্থান বড় দর্শনে অন্বিতীয় পণ্ডিত। তাঁহার দার্শনিক অহপ্রবেশ অতুলনীয়। এরপ স্কাদর্শিতা, বিচারপটুতা ও কৌশল অতি বিরল। পূর্ব্বতন প্রধান প্রধান আচার্য্যগণের (সর্বজ্ঞাত্মমূনি, বাচস্পতিনিশ্র, প্রকাশাত্ম্যতি, অমলানন্দ, তত্ত দ্বিকার, শ্রীহর্ষমিশ্র, আনন্দবোধাচার্য্য, চিৎস্থ, অপ্লয়দীন্দিত প্রভৃতি) অহ্বারণ করিয়া আচার্য্য শহরের মত প্রপঞ্চিত করিয়াছেন। পূর্ব্বতন আচার্য্যগণকে অহ্বারণ করিলেও তাঁহার গ্রন্থে মৌলকতা সর্ব্বত্ত স্থারিক্ট। শান্তবেত্তারপেও মধুস্থান অগ্রণী।

এই প্রছথানি বেনারদের গবর্ণনেট সংস্কৃত কলেজ হইতে 'সরস্বতী ভবন গ্রন্থমালার'
 প্রকাশিত ইইয়াছে। সম্পাদকের নাম প্রতিত জীরামাজ্ঞাপাতেয়। সং।

আচার্য্য ধর্মরাজ অধ্বরীক্র।

(শাঙ্করদর্শন–সপ্তদশ শভাকী)

ধশরাজ অধ্বরীক্ত "বেদান্ত-পরিভাষা" নামক প্রবন্ধের প্রণেতা। ভেদ-ধিকার প্রভৃতি গ্রন্থের প্রণেতা নৃসিংহাশ্রম অধ্বরীক্তের পরমগুক। বেদান্ত-পরিভাষার প্রারম্ভন্নোকে অধ্বরীক্ত তৎপরিচয় প্রদান করিয়াছেন,—

> "ঘদন্তেবাসি-পঞ্চাস্তৈ নিরন্তা ভেদিবারণাঃ। তং প্রণৌমি নৃসিংহাখ্যং যতীক্রং পরমং গুরুম্॥"

এই নৃসিংহ্যতিই নৃসিংহাশ্রম। কারণ, অধ্বরীদ্রের পুল পরিভাষার টীকাকার। তিনি "শিথামণি" নামক পরিভাষার টীকা প্রণয়ন করিয়াছেন। শিথামণিতে নৃসিংহাশ্রমের উল্লেখ করিয়াছেন—"নমু নৃসিংহাশ্রমশ্রীচরণৈঃ প্রাগভাবস্থা নিরাক্বতত্বাং" ইত্যাদি; স্থতরাং ধর্মরাজের উল্লিখিত "নৃসিংহাখ্য যতীক্র" নৃসিংহাশ্রম হইবে। তিনি ভেদধিকার ও অবৈভদীপিকা প্রভৃতি প্রবন্ধের প্রণেতা। নৃসিংহাশ্রম যোড়শ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন, ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। তিনি অপ্লয়দীক্ষিতের সমকালিক। নৃসিংহের সম্বন্ধে বর্ণনাও আমাদের সিদ্ধান্তের অমুক্ল। নৃসিংহের শিশ্র বেশ্বনাথ। আর বেশ্বনাথই ধর্মরাজের গুরু। ধর্মরাজ "বেদান্ত পরিভাষার" প্রারম্ভে স্বীয় গুরুর পরিচয় প্রদান করিয়াছেন—

শ্রীমদ্ বেশ্বটনাথাথ্যান্ বেলাংগুড়ি-নিবাসিনঃ।
জগদ্গুরূনহং বন্দে সর্ব্ধ-তন্ত্র-প্রবর্ত্তকান্॥

নৃসিংহাশ্রম যোড়শ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। ধর্মরাজ তচ্ছিয়ের শিষা। স্থতরাং সপ্তদেশ শতাব্দী তাঁহার স্থিতিকাল। এ বিষয়ে অন্ত হেতুও বিভ্যমান। ধর্মরাজ অধ্বরীক্র "তত্ত্বিস্তামণির" উপর টীকা প্রণয়ন করেন। তত্ত্বিস্তামণির উপর দশটী টীকার তিনি থণ্ডন করেন, এইরূপ বিবরণ বেদান্ত-পরিভাষার প্রারম্ভা লিপিবদ্ধ করিয়াছেন.—

"যেন চিন্তামণো টীকা দশটীক।-বিভঞ্জনী। তর্কচুড়ামণির্নাম কত। বিছন্মনোরমা।।" এতদ্ধ্রে প্রতীত হয় গদেশোপাধ্যায়-ক্বত "তত্ত্বিস্তামণির" উপর দশটী টীকা রচিত হইলে, তিনি সেই দশটী টীকার মত থণ্ডন করিয়া "তর্কচ্ডামণি" নামক টীকা প্রণয়ন করেন। গদেশ অয়োদশ শতাব্দীর প্রারম্ভে বর্ত্তমান ছিলেন। রঘুনাথ শিরোমণি প্রভৃতি তত্ত্বচিস্তামণির টীকাকার। শিরোমণি প্রকৃশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। তাঁহাদের টীকা থণ্ডন করিয়া অধ্বরীক্র "তর্কচ্ডামণি" প্রণয়ন করেন; স্কৃতরাং অধ্বরীক্রের কাল সপ্তদশ শতাব্দী স্কৃতি।

ধর্মরাজ অধ্বরীক্র যে স্থবিখ্যাত ছিলেন, তাহা "শিখামণিকার" তৎপুত্র রামক্লঞ্চাধ্বরীও বলিয়াছেন,—

আসেতোরাস্থনেরোরপি ভূবি বিদিতান্ ধর্মরাজাধ্বরীক্রান্ বন্দেহহং তর্কচ্ডামণি-মণিজননক্ষীরধীংস্তাতপাদান্। যৎকারুণ্যান্ময়াহভূদধিগতমধিকং ত্রাহং সুক্ষধীকৈ-রপ্যান্তং শাস্ত্রজাতং জগতি মথকুতা রামক্কঞাহ্বয়েন॥

ধর্মরাজ অধ্বরীক্র "বেদ।স্ত-পরিভাষা" ও তত্ত্বচিস্তামণির টীকা "তর্কচ্ড়ামণি" প্রণায়ন করেন। বোধহয় এই "তর্কচ্ড়ামণি" এথনও প্রকাশিত হয় নাই। বেদাস্ত-পরিভাষার নানা সংস্করণ হইয়াছে। কাশীস্থ "পণ্ডিত" পত্রে ইহা মুক্তিত হইয়াছিল। পরিভাষার উপর রামক্বফাধ্বরী "শিখামণি" টীকা ও উদাসীন স্বামী শ্রীঅমরদাস শিখামণির উপর "মণিপ্রভা" নামক টীকা প্রণয়ন করিয়াছেন। বেদাস্ত-পরিভাষার উপর শিবদাসের "অর্থদীপিকা" নামক টীকা আছে। সাধু গোবিন্দসিংহ হিন্দী ভাষায় বেদাস্ত-পরিভাষার এক টীকা রচনা করিয়াছেন। কলিকাতায় জীবানন্দ বিভাসাগর মহাশয়েও এক টীকা প্রণয়ন করেন। সম্ভবতঃ ঐ টীকাটী জীবানন্দের পিতা প্তারানাথ তর্কবাচম্পতি মহাশয়ের বিরচিত।

নারায়ণ দীক্ষিতের পুত্র পেত্তাদীক্ষিত বেদাস্ত-পরিভাষার এক টীকা প্রণয়ন করেন। এই টীকার নাম প্রকাশিকা।* শিথামণি ও মণিপ্রভা সহ বেদাস্ত পরিভাষা বোষাই বেকটেশ্বর প্রেস হইতে সম্বং ১৯৬৮ শকাব্দে অর্থাৎ ১৮৩৩ ১৯১১ খৃষ্টাব্দে প্রকাশিত হইয়াছে। অধ্বরীক্র পঞ্চপাদিকার উপরে পঞ্চ-পাদিকা টীকা প্রণয়ন করেন।

^{*} Madras, G, O, M,L, Vol IX, No. 4737 P. P. 3534.

বেদান্ত-পরিভাষায় আটটী পরিচ্ছেদ। প্রথম পরিচ্ছেদে প্রত্যক্ষ, বিতীয়ে অন্থমান, তৃতীয়ে উপমান, চতুর্থে শব্দ, পঞ্চমে অর্থাপত্তি, ষঠে অন্থপলিরি, সপ্তমে বেদান্তের বিষয়, অন্তমে বেদান্তের প্রয়োজন নিণীত হইয়াছে। বেদান্ত-দেশিক বেল্লটনাথ যেমন "ত্যায়পরিশুদ্ধি" নামক গ্রন্থে প্রত্যক্ষাদি বেদান্তায়পারেই নির্ণয় করিয়াছেন, ধর্মারাজ অধ্বরীক্রও তদ্রপ বেদান্ত-পরিভাষায় অবৈত-মতাম্থসারে প্রত্যক্ষাদি নিরূপণ করিয়াছেন। প্রত্যক্ষাদি প্রমাণ যেরূপভাবে অবৈত-বেদান্তে প্রয়োজিত হইতে পারে, তাহাই বেদান্ত-পরিভাষায় প্রপঞ্চিত হইয়াছে। অতি সরল ও বিশদভাবে সকল বিয়য় ইহাতে নিরূপিত হইয়াছে।

প্রতাক্ষের লক্ষণ যাহা নির্দেশ করিয়াছেন, তাহা বড়ই মনোজ্ঞ ইইয়াছে।
প্রমাণ-চৈতন্তের সহিত বিষয়াবচ্ছিন্ন চৈতন্তের অভেদই প্রত্যক্ষর। *

চৈতন্ত ত্রিবিধ যথা—বিষয়-চৈতন্ত, প্রমাণ-চৈতন্ত ও প্রমাত্-চৈতন্ত।
যাহা ঘটাদিতে অবচ্ছিন্ন-চৈতন্ত তাহা বিষয়চৈতন্ত। অন্তঃকরণের বৃত্তিঅবচ্ছিন্ন-চৈতন্তক প্রমাণ-চৈতন্ত বলে এবং অন্তঃকরণাবচ্ছিন্ন-চৈতন্ত প্রমাতৃচৈতন্ত। তিনি বলেন,—"তথাহি ত্রিবিধং চৈতন্তম্—বিষয়-চৈতন্যং
প্রমাণ-চৈতন্যং প্রমাতৃ-চৈতন্যং চেতি। তত্র ঘটাত্বচ্ছিন্ন-চৈতন্যং বিষয়চৈতন্যম্। অন্তঃকরণ-বৃত্তাবচ্ছিন্ন-চৈতন্তঃ প্রমাণ-চৈতন্যম্। অন্তঃকরণাবিচ্ছিন্নং-চৈতন্যং প্রমাতৃ-চৈতন্যম্।"

ন্যায়মতে ইন্দ্রিয়াদিই প্রমাণ। বেদান্তের মতে অস্তঃকরণ-বৃত্ত্যবচ্ছিন্ন চৈতন্যই প্রমাণ। পরিভাষাকার তাই বলিয়াছেন,—"তৈজ্ঞসমস্তঃকরণমণি চক্ষ্রাদিষারা নির্গত্য ঘটাদি-বিষয়-প্রদেশং গড়া ঘটাদিবিষয়াকারেণ পরিণমতে।" স্থতরাং বেদান্তের মতে ইন্দ্রিয় প্রমাণ নহে, ইন্দ্রিয় স্থার মাত্র। অস্তঃকরণের বৃত্তি-অবচ্ছিন্ন-চৈতন্যই প্রমাণ।

সৰিকল্পক ও নির্বিকল্পক জ্ঞানের লক্ষণ-নির্দ্দেশও অতি ব্রন্ধর হইয়াছে।
যথা—"তত্র সবিকল্পকং বৈশিষ্ট্যাবগাহি জ্ঞানং যথা 'ঘটমহং জানামি,' ইত্যাদি
জ্ঞানম্। নির্বিকল্পকং তু সংস্গানবগাহি জ্ঞানম্, যথা— সোহয়ং দেবদন্তঃ।"
ন্যায়মতে অস্ব্যবসায় নামক জ্ঞান অঙ্গীকৃত। আর বেদান্ত-মতে অনন্ত
অন্ব্যবসায়ের হলে অথগু নির্বিকল্প জ্ঞানই স্বীকৃত। 'সংস্গ অনবগাহিজ্ঞান' এই সংজ্ঞাটী অতি শোভন হইয়াছে। রামান্ত্রক, মধ্ব প্রভৃতি

প্রমাণ-হৈতক্ত বিষয়াবিছিয়-হৈতকাতেদ ইতি।

আচার্য্যাপ নির্বিকল্পক জ্ঞান স্বীকার করেন না, কিন্তু সাংখ্যাচার্য্যাপ নির্বিকল্প জ্ঞান স্বীকার করেন। ন্যায়মতের অনস্ত অফ্বাবসায় স্বীকার না করিয়া অথগু নির্বিকল্পক জ্ঞান অঙ্গীকার লঘু কল্পনা, তদ্ বিষয়ে সন্দেহ নাই। বাস্তবিক নির্বিকল্প-জ্ঞান-পক্ষই সমীচীন ও শোভন।

ন্তায়মতে পরার্থান্থমানে পাঁচটা অবয়ব অন্ধাক্ত, যথা—প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগমন। পরিভাষাকার বলেন—পঞ্চাবয়ব স্বীকারের কোনও প্রয়োজনীয়তা নাই, মাত্র তিনটি অবয়ব স্বীকার করিলেই চলিতে পারে। তিনি এ সম্বন্ধে বলিয়াছেন,—"অবয়বাশ্চ ত্রয় এব, প্রতিজ্ঞাহেতুদাহরণ-রূপা, উদাহরণোপনয়নিগমনরূপা বা। ন তু পঞ্চাবয়বরূপা: অবয়ব ত্রয়েণৈব ব্যাপ্তি-পক্ষধর্মতয়োরুপদর্শন-সংভবেনাধিকাবয়বয়য়য় ব্যর্থছাং।" অর্থাৎ তিনটি অবয়বে য়য়ন ব্যাপ্তি ও পক্ষ ধর্মতার দর্শনের সম্ভব, তথন ছইটি অধিক অবয়ব ব্যর্থ। ইয়োরোপীয় পণ্ডিত এরিষ্টটলের মতেও (Syllogism) তিনটি অবয়ব। বাস্তবিক তিনটি অবয়ব হইলেই অয়মান সিদ্ধ হইতে পারে। মধুস্থদন সরস্বতীও বলিয়াছেন—অবয়ব সম্বন্ধে বিশেষ আগ্রহের কোনও কারণ নাই। * মীমাংসকর্মণ প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, অথবা উদাহরণ, উপনয়, নিগমন—এই তিনটি অবয়ব স্বীকার করেন।

বৌদ্ধমতে উদাহরণ ও উপনয় এই ছুইটি অবয়ব স্বীকৃত। পরিভাষাকার মীমাংসকের মতই অন্নুসরণ করিয়াছেন।

জ্ঞানতত্ত্ব (Epistemology) সম্বন্ধে ধর্মরাজ অধ্বরীক্রের গ্রন্থ সবিশেষ উল্লেখযোগ্য। থাঁহারা শাহ্বর দর্শন পাঠেচ্ছু তাঁহাদের পক্ষে "বেদাস্ত-পরিভাষা" অবশ্রপাঠ্য গ্রন্থ সন্দেহ নাই।

^{*} नावनत्वम् आश्रद्धः (बरेषछ-निक्ति) ।

আচার্যা রামতীর্থ।

(১৭শ শভাকী)

আচার্য্য রামতীর্থ সদানন্দক্ষত বেদান্তসারের টীকাকার। সদানন্দ যোড়শ শতান্দীতে বর্ত্তমান ছিলেন। নৃসিংহ সরস্বতী ১৫৯৮ খুটান্দে বেদান্তসারের টীকা স্থবোধিনী প্রণয়ন করেন। আচার্য্য রামতীর্থ নৃসিংহ সরস্বতীর পরবর্ত্তী বলিয়াই অহুমান হয়, স্থতরাং তাঁহার স্থিতিকাল সপ্তদশ শতান্দী। রামতীর্থের গুরুর নাম কৃষ্ণতীর্থ। বেদান্তসারের টীক। "বিদ্বন্মনোরঞ্জনীর" সমাপ্তিল্লোকে তিনি লিথিয়াছেন,—

> বেদাস্তদার-বিবৃতিং রামতীর্থাভিধো যতিঃ। চক্রে শ্রীকৃষ্ণতীর্থ-শ্রীপদ-পঙ্কজ-ষট্পদঃ॥

রামতীর্থের শ্রীরামের প্রতি ভক্তি দর্বব্রই পরিস্ফুট। সংক্ষেপশারী-রকের টীকা অষয়ার্থপ্রকাশিকার প্রারম্ভে লিথিয়াছেন,—

যশাদিশম্দেতি যেন বিবিধং সঞ্জীব্যতে লীয়তে।
যত্তান্তে গগণে ঘনাইব মহামায়িন্ত সঙ্গেহদ্বয়ে ॥
সত্যজ্ঞান স্থাত্মকেহথিল-মনোহবস্থান্মভূত্যাত্মনি।
শ্রীরামে রমতাং মনো মম সদা হেমামুজে হংসবং॥

"বিদ্বন্দোরঞ্জনীর" সমাপ্তি-শ্লোকে শ্রীরামচন্ত্রের সহিত অভিন্ন ভাবে নিজকে স্থাপন করিয়া অতীব স্থন্দর ভাবপূর্ণ শ্লোক রচনা করিয়াছেন, যথা--

> বিভাসীতাবিয়োগ-ক্ষৃভিত-নিজস্থ: শোকমোহাভিপন-শেচত: সৌমিত্রি-মিত্রে। ভবগহনগত: শাস্ত্রস্থীবস্থ্য:।। হত্বান্তে দৈক্তবালিং মদন-জলনিধৌ ধৈর্য্য-সেতৃং প্রবধ্য প্রধ্বস্তাবোধরক্ষ:পতিরধিগতচিজ্ঞানকিঃ স্বাত্মরাম:॥"

শ্রীরামচন্দ্রের জীবনের ঘটনার সহিত আধ্যাত্মিক জীবন মিলাইয়া কবিতাটি রচিত ইইয়াছে। রামতীর্থ "অষয়ার্থ-প্রকাশিকা" নামক সংক্ষেপশারীরকের টীকা, আচার্যা শহর কত উপদেশসাহস্রীর "পদ্যোজনিকা" নামক টীকা, বেদাস্তসারের "বিছমনোরঞ্জনী" নামক টীকা ও মৈত্রায়ন উপনিষদের টীকা প্রণয়ন করিয়াছেন। অষয়ার্থপ্রকাশিকা ১৯১৩ খৃষ্টাব্দে কাশী সংস্কৃত সিরিজেপ্রকাশিত হইয়াছে। মধুস্থদনের টীকায়ও রামতীর্থের উল্লেখ নাই এবং রামতীর্থের টীকায়ও মধুস্থদনের টীকার কোনও উল্লেখ দেখা যায় না।

উপদেশসাহস্রীর "পদযোজনিকা" টীকা বোষাই নির্ণয়সাগর প্রেস হইতে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। কলিকাতা লোটাস্-লাইব্রেরী হইতে শ্রীযুক্ত অক্ষয়কুমার শাস্ত্রী মহোদ্যের সম্পাদনায় ও তৎকৃত বঙ্গাহ্মবাদ সহ উপদেশসাহস্রী পদযোজনিকা টীকা সহ প্রকাশিত হইয়াছে। বেদান্ত-সারের "বিদ্বানোরঞ্জনী" কলিকাতা জীবানন্দ বিভাসাগর মহাশয়ের সংস্করণে, পণ্ডিত শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ ঘোষ মহোদ্য সম্পাদিত সংকরণে ও বোঘাই নির্ণয় সাগর প্রেস হইতে ১৮৯৪ খৃঃ অন্দে কর্ণেল জেকব (Col. Jacob) সাহেবের সংস্করণে প্রকাশিত হইয়াছে।

মৈত্রায়ন উপনিষদের টীকা কোথায়ও প্রকাশিত হইয়াছে বলিয়া জানা যায় না।

রামতীর্থের মতবাদে কোনও বিশেষত্ব নাই। তিনি অবৈতবাদী। শাঙ্করমত প্রপঞ্চিত করাই তাহার কার্য্য। নিগুণি ও নির্বিশেষ ব্রহ্মবাদই তাহার অভিমত।

মধুস্দনের সংক্ষেপশারীরকের টীকা যেরূপ বিচরেবছল, রামতীর্থের অন্তয়ার্থপ্রকাশিকা সেরূপ নহে। অতি সরল ভাষায় তাঁহার টীকা প্রণীত ইইয়াছে।

"বিছমনোরঞ্জনী"তে আচাধ্য রামতীর্থ বহু উদ্ধৃতবাক্য প্রয়োগ করিয়াছেন। স্বোধিনী টীকার ইহার একচতুর্থাংশ বাক্যও উদ্ধৃত হয় নাই, কেবল উপনিষদ্ হইডেই ২৬৭টি বাক্য উদ্ধৃত হইয়াছে। নৃসিংহ সরস্বতী মাত্র ১২টি বাক্য উদ্ধার করিয়াছেন।

আচাৰ্য্য আপদেব।

(শাহ্মর-দর্শন-১৭শ শতাব্দী)

জাপদেব মীমাংসক। তিনি সদানন্দক্বত বেদান্তসারের উপর
"বালবোধিনী" নামক টীকা প্রণয়ন করিয়াছেন। তিনি মীমাংসক হইলেও
নিজকে অবৈতবাদী বলিয়া পরিচয় দিয়াছেন। বেদান্তসারের চীকা "বাল-বোধিনীর" প্রারম্ভে তিনি নিজ সম্প্রদারের উল্লেখ করিয়াছেন দেখা
যায়, যথা—

> আপদেবেন বেদাস্তসার তত্বস্ত দীপিকা। সিদ্ধান্ত সম্প্রদায়াস্কুরোধেন ক্রিয়তে শুঙা॥

আপদেবকৃত "মীমাংসা আয় প্রকাশ" পূর্ব্বমীনাংসার একথানি প্রামাণিক প্রকরণ গ্রন্থ। বঙ্গদেশস্থ পূর্বস্থলীর মহামহোপাধ্যায় পণ্ডিত কৃষ্ণনাথ ন্যাম্বপঞ্চানন মহাশয় ইহার উপরে এক স্থবিস্তৃত টীকা প্রণয়ন করিয়াছেন। "মীমাংসা ন্যায় প্রকাশ" নির্বিদাগর প্রেদ হইতে প্রকাশিত ইইয়াছে।

বেদাস্কসারের টীকা বালবোধিনী ১৯১১ খৃষ্টাব্দে শ্রীরশ্বম্ বাণীবিলাস প্রেম্ ২ইতে মুদ্রিত ও প্রকাশিত ইইয়াছে। ইতঃপুর্ব্বে আপদেব কৃত টীকা প্রকাশিত হয় নাই। এই নিবন্ধখানি প্রকাশ করিয়া বাণীবিলাস প্রেসের স্থাধিকারী মহাশয় জনসাধারণের ধরুবাদার্হ ইইয়াছেন।

এই সংস্করণের বিশেষত্ব এই যে ইহার ভূমিকায় অধ্যাপক কে, স্থলবরাম আয়ার এম, এ, মহোদয় ইংরাজী ভাষায় কর্ণেল জেকব (Col. Jacob) ও ডাক্তার থিবো (Dr Thibant) প্রভৃতি ইউরোপীয় পণ্ডিতগণ শব্ধরের মতবাদ সম্বন্ধে যে সকল অপদিদ্ধান্ত করিয়াছেন, তাহা বিশেষরূপে থণ্ডন করিয়া অহৈতই যে ব্রহ্মস্ত্রের তাৎপর্য ইহা নিরূপণ করিয়াছেন। বাত্তবিক আয়ার মহোদয়ের বিচারকৌশল প্রশংসনীয়। ইউরোপীয় পণ্ডিতগণ যে অনেকস্থলে ভ্রমাত্মক ধারণা পোষণ করেন, তদ্বিষয়ে সন্দেহ নাই।

আপদেবের পিতাও বোধ হয় গ্রন্থকার ছিলেন। কারণ, আপদেব বালবোধিনীতে স্বীয় পিতার বাক্য উদ্ধার করিয়াছেন—"তত্ত্তং তাতচরগৈঃ এহিক পারলৌকিক ফলেচ্ছা বিরোধি চেতোবৃত্তি বিশেষাত্মকোবিরাগঃ ইতি" (বাণী, বি, সংস্করণ, ২৫ পৃষ্ঠা)। আপদেব স্বীয় টীকায় বাচম্পতি বিবরণকার প্রকাশাত্মযতি, কল্পতক্কার অমলানন্দ ও তত্ত্বদীপনকার অথণ্ডানন্দের বাক্য উদ্ধার ক্রিয়াছেন।

আপদেব অবৈতবাদী। তিনি মীমাংসক হইলেও তাঁহার মতবাদ অধৈতে স্থাপিত। স্থবোধিনী ও বিষয়নোরঞ্জনী এই টীকাদ্বর হইতে আপদেবের টীকার একটু বিশেষত্ব আছে। এই টীকায় বহু ক্রায় ঘটিত কথার অবতারণা আছে।

আচার্য্য গোবিন্দানন্দ।

(শাঙ্করদর্শন--১৭শ শতাকী)

গোবিন্দানন্দ শাধ্বভাষ্যের টীকাকার। ভাষ্যরত্বপ্রভা ইঁহার অক্ষয়কীর্ত্তি। ভাষ্যরত্বপ্রভায় ইনি বিবরণের টীকাকার নৃসিংহাশ্রমের বাক্য উদ্ধার করিয়াছেন। "আশ্রম শ্রীচরণাস্ত টীকা যোজনায়ায়েবমাছঃ— সংবোধ্যচেতনো যুমংপদবাচ্যঃ অহঙ্কারাদি বিশিষ্ট চেতনোহম্মংপদবাচ্যঃ,তথা চ যুমদম্মদোঃ স্বার্থে প্রযুজ্যমানয়োরেব অমাদেশ নিয়মে। ন লাক্ষণিকয়োঃ, 'যুমদম্মদোঃ ষঠিচতুর্থী দ্বিতীয়াস্থয়োর্কানাবৌ ইতি স্ত্রসাংগত্য প্রসঙ্গাং। অত্ত শব্দ লক্ষকয়োরিব চিনাতা জড়মাত্র লক্ষকয়োরপি ন অমাদেশো লক্ষকত্বাবিশেষাং।" এন্থলে গোবিন্দানন্দ ভাবপ্রকাশিকাকার নৃসিংহাশ্রমের বাক্য উদ্ধৃত করিয়াছেন এবং তাঁহাকেই পূজ্যপাদ "আশ্রম" বলিয়া উল্লেখ করিয়াছেন। নৃসিংহাশ্রম যোড়শ শতান্ধীতে বর্ত্তমান ছিলেন। তংক্বত তত্ত্ববিবেকের সমাপ্তিকাল ১৬০৪ সন্থং অর্থাং ১৪৪৭ থৃষ্টান্দ; স্ক্তরাং গোবিন্দানন্দ ষোড়শ শতান্ধীর পরবর্ত্তী।

আমাদের বিবেচনায় গোবিন্দানন্দের স্থিতিকাল সপ্তদশ শতানী। গোবিন্দানন্দের গুরুর নাম গোপাল সরস্বতী। তিনি ভাষ্যরত্বপ্রভার প্রারম্ভে মঙ্গলাচরণ শ্লোকে শীয় গুরুর পরিচয় প্রদান করিয়াছেন—

> "কাগান্দীদত্ত ত্থা প্রচুর স্থরত্বত প্রাক্তাভোজ্যাধিপৃদ্ধা শ্রীগৌরীনায়কভিৎ প্রকটন শিবরামার্য্য ল্ডাত্মবোধিঃ। শ্রীমদ্ গোপালগীর্ভিঃ প্রকটিত প্রমাধিত ভাসাম্মিতাশ্ত শ্রীমদ্ গোবিন্দ্বাণী চরণক্মল গো নির্তোহ্যংখ্যালিঃ॥"

এই শ্লোকটা রামানন্দ সরম্বতী ক্বত "বিবরণোপত্যাসে"র মঙ্গলাচরণে দেখিতে পাওয়া ধায়। কলিকাতা লোটাস্ লাইব্রেরীর প্রকাশিত বেদাস্ত দর্শনের মুখপত্তে ভাষারত্বপ্রভা রামানন্দ সরস্বতীক্বত বলিঃ। ঐ সংস্করণের সম্পাদক মহাশয় উল্লেখ করিয়াছেন। আমাদের বিবেচনায় বিবরণোপত্যাসের যে স্থলে এই শ্লোকটা আছে, সে স্থল অসমদ্বভাবে লিখিত হইয়াছে, ঐ স্থলে উহার সন্ধৃতি দেখা যায় না। হইতে পারে উহা লিপিকার প্রমাদ, অথবা

রামানন্দ সরস্থতী গোবিন্দানন্দের শিষ্য বলিয়া গুরু সম্বন্ধীয় শ্লোক স্থীয় গ্রন্থে উদ্ধ ত করিয়াছেন। রামানন্দ সরস্থতী রত্বপ্রভাকার নহেন। কারণ, তৎকৃত ব্রহ্মামৃতবর্ষিণী নামক একখানি বৃত্তি বা টীকা আছে। ঐ টীকায় তিনি আপনাকে গোবিন্দানন্দের শিষ্য বলিয়া পরিচয় দিয়াছেন। বিবরণোপক্যাসের সমাপ্তিতে লিখিয়াছেন —

> গোবিন্দানন্দ ভগবৎপুজ্যপাদপদৌকস। রামানন্দ সরস্বত্যা রচিতোইহুক্রমোমুদে। বাধগন্ধা বিবরণ বাক্পুস্পানবরূপিণী

বৈবিসন্ধা বিবরণ বাক্সুপা-নবর্গাপণ। উপক্যাসাভিধামালা প্রাপ্তা শ্রীরামপাত্কাম্॥

ভাষ্যরত্বপ্রভার চতুর্থ অধ্যায়ের প্রথম পাদের প্রারম্ভে একটা শ্লোক দৃষ্ট হয়, যথা—

যজ্জানাজীবতো মৃ্জিকংকান্তিগতিবর্জিতা লভ্যতে তৎ পরংব্রগা রামনামাশ্মি নির্ভয়ম্॥

এই শ্লোকে কেবল রামচন্দ্রের সহিত অভিয়ত। অর্থাৎ জীব ও ব্রহ্মের ঐক্য প্রদর্শিত হইয়াছে, স্থতরাং ভাষ্যরত্বপ্রভা রামানন্দের কৃত নহে। গোবিন্দানন্দ বোধ হয় রামানন্দের গুরু। ভাষ্যরত্বপ্রভা তাহারই কৃত।

সম্ভবতঃ ভাষ্যরত্বপ্রভা কাশীধামে বিরচিত হইয়াছিল। ভাষ্যরত্বপ্রভার প্রারম্ভে মঙ্গলাচরণ শ্লোকগুলির ভিতরে একটা শ্লোকে যেরূপভাবে শিবকে প্রণাম করা হইয়াছে, তাহাতে এ ধারণা বদ্ধমূল হয়। শ্লোকটা এই—

শ্রীগোর্যাং সকলার্থনং নিজপদান্তোজেন মৃক্তিপ্রদং।
প্রেট্রুং বিল্পবনং হরস্তমনঘং শ্রীচৃতিতৃগুণিসনা।
বন্দেচর্ম কপালিকোপকরণৈবৈ রাগ্য সৌখ্যাৎপরং
নাস্তীতি প্রদিশস্তমস্তবিধুরং শ্রীকাশিকেশং শিবম্।।

গোবিন্দানন্দের রামভক্তিই সর্বত্র প্রকট। * যথন গ্রন্থান্তে শিবকে
ক্রৈপভাবে "কাশিকেশং শিবম্" বলিয়। উল্লেখ করিয়াছেন তথন বোধ হয়,
তিনি কাশীধামে ভাস্তরত্বপ্রভা রচনা করেন।

"বক্ষপ্ত ক্লোশ্চ পাথে করতলয়ুগলে কোল্ডভাভাং দয়াং চ
সীতাং কোদগুলীক্ষামভয়বয়য়ুতাং বীক্ষায়ালসকঃ ॥
য়য়্যাঃ ক স্যাদিতীয়ং হৃদি কৃতমননা ভাষ্যয়ত্পভাষ্যা
য়ায়াননৈক লুকা য়য়ুবয় চয়ণাজোজয়ুয়ং প্রণয়া ॥"

ভায়রত্বপ্রভা প্রথমে কলিকাতা এদিয়াটিক সোসাইটা হইতে প্রকাশিত হয়। কলিকাতা জীবানন্দ বিভাসাগরেরও এক সংস্করণ আছে। নির্ণয়সাগর প্রেস হইতে ১৯০৯ খৃষ্টান্দে ভায়রত্বপ্রভাদি সহ ব্রহ্মস্থব্রের দিতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছে।

শান্ধরভায়ের যতগুলি টীকা আছে, তন্মধ্যে ভাষ্যরত্বপ্রভাই সরল। ভাষ্যের কাঠিক নাই বলিলেও চলে। বিশেষতঃ ভাষ্যের প্রায় সকল শব্দই উহাতে ব্যাখ্যাত হইয়াছে। সাধারণের পক্ষে এই টীকা মহোপকারী। তিনি নিব্দেও বলিয়াছেন যে, যাহার। বৃংৎ বৃংৎ টীকা অধ্যয়নে অপারগ, তাহাদের জন্মই এই টীকা রচিত হইল।

"বিস্তৃত গ্রন্থবীক্ষায়ামলদং যক্ত **নানসম্।** ব্যাথ্যা তদ্ধনার্ক। ভাষ্যরম্ব**প্রভাভিধা ॥**"

ভাষ্যরত্বপ্রভা টীক। স্থবিভৃত ও সরল। গোবিন্দানন্দের মতবাদের কোনও বিশেষত্ব নাই, তবে ভামতীকারেব ব্যাখ্যা হইতে স্থলবিশেষে ব্যাখ্যার পার্থক্য আছে।

গোবিদানদ ভাষ্যরত্নপ্রভায় তাঁহার গুরুর সম্বন্ধে যে শ্লোকটা লিখিয়াছেন, তাহার মধ্যে একটি পদের সহিত ব্রন্ধানন্দ সরস্বতীর লঘুচন্দ্রিকার সমাপ্তি শ্লোকের সাদৃশ্য আছে দেখা যায়: গোবিদ্দানন্দ শ্লোকে বলিয়াছেন — "শ্রীগোরীনায়কভিৎ প্রকটন শিবরামার্য্য লকাত্মবোধিং", এস্থলে শিবরামান্চার্য্যের নিকট তিনি আত্মবোধ লাভ করিয়াছিলেন — ইহাই বলিলেন।

বর্দানন্দের লঘুচন্দ্রিকায় রহিয়াছে — "মহামুভবদৌরেয় শিবরামাখ্য বর্ণিন:। এতদ্ গ্রন্থ কর্ত্তার:। লেথকা: কেবলং বয়ম্।" এম্বলে মনে হয় শিবরামের নিকট তিনিও অধ্যয়ন করিয়াছিলেন। শিবরামাচার্য্য বোধহয় তাৎকালিক গণ্ডিতগণের অগ্রণী ছিলেন। তাঁহার নিকট উপদিষ্ট হইয়া গ্রন্থ লিথিয়াছেন বলিয়াই তাঁহার সম্মানার্থ তাঁহাকেই গ্রন্থের কর্ত্তা বলিয়াছেন। ইহা ব্রহ্মানন্দের নির্ভিমানের লক্ষণ। এতদ্ধ্টে মনে হয় গোবিন্দানন্দ ও ব্রহ্মানন্দ উভ্যে স্ম্পান্য্যিক এবং উভ্যেই শিবরামাচার্য্যের প্রভাবে প্রভাবিত।

আচার্য্য রামানন্দ সরস্বতী

(শাঙ্করদর্শন-১৭শ শতাকী)

রামানন্দ সরস্বতী সম্ভবতঃ ভাষ্যরত্বপ্রভাকার গোবিন্দানন্দের শিষ্য।
তিনি স্বকৃত বিবরণোপ্রভাষের সমাপ্তিতে আপ্নাকে গোবিন্দানন্দের শিষ্য
বিশিষা প্রবিচয় দিয়াছেন। * ইনিও গুরুর তাায় রামচন্দ্রের ভক্ত। বিবরণোপত্তাসের প্রারম্ভশ্লোকে রামচন্দ্রের বন্দনা করিয়াছেন, যথা—

বন্দেবন্দারুবৃদ্দ স্ফুট মুকুটমণি দ্যোতিতাজ্যি রমেশং
শ্রীরামং সন্থ এব প্রণতজন গতধ্বান্ত বিচ্ছেদহেতুম্।
সত্যানন্দারুভূতিং জনহৃদি বিন্দন। নায়য়া জীবসংজ্ঞঃ
স্ব্বিজ্ঞঃ স্ব্বিস্তুঃ নিজমহিমদৃশাং নেতি নেতাক্ষরাথ্যম্॥

"ব্রহ্মামৃতবর্ষিণী" নামক ব্যাখ্যার প্রারম্ভেও রামচন্ত্রকে বন্দনা করিয়াছেন—

> শ্রীরাম্চরণ হল্বমহল্বানন্দ সাধনম্। নুমামি মুদরজোযোগাৎ পাযাণোহপি ক্রথংগতঃ।।

উপাস্য দেবতার অভিন্নতাও গোবিন্দানন্দে ও রামানন্দে স্থ্যক্ত।
পোবিন্দানন্দও বিবরণকার ও টীকাকার নৃসিংহাশ্রমের উল্লেখ করিয়াছেন।
রামানন্দ সরস্বতীও ব্রহ্মামৃতবর্ষিণী টীকায় বিবরণকার ও বিবরণ টীপ্পনীকারের
উল্লেখ করিয়াছেন। ক এই সকল সাদৃশ্য দেখিয়া মনে হয় ভাষ্যরত্বপ্রভাকার
পোবিন্দানন্দ রামানন্দ সরস্বতীর গুক্ত।

রামানন্দ সরস্বতী ব্রহ্মস্ত্রের শাস্কবভাষ্যাত্মবায়ী "ব্রহ্মায়তবর্ষিণী" টীকা বা বৃত্তি রচনা করিয়াছেন। ইহাতে চতৃরধ্যাযের সকল স্থত্তগুলিই ব্যাখ্যাত ইইয়াছে। এই ব্যাখ্যা শাস্করভাগ্যকে অনুসরণ করিয়াছে। তৎক্বত অপর নিবন্ধ বিবরণোপ্যাস। পদ্মপাদাচার্য্যের পঞ্পাদিকার উপর প্রকাশাদ্মযুতি

গোবিন্দানল ভগবৎ পূজ্যপাদ পদৌকদা রামানল সরস্বত্যা রচিতোহকুক্রমো মুদে। বোধগন্ধা বিবরণ বাক্পুপা নবরপিণী উপস্থাদাভিধামালা প্রাপ্তা শ্রীরামপাত্রকাম।

[†] বন্ধামুভবর্ষিণী, চৌধাখা সংস্কৃত সিরিজ, ৫ ও ৭ পুঠা জন্টব্য ।

বিবরণ নামক নিবন্ধ প্রণয়ন করেন। বিবরণোপত্যাস সেই বিবরণের উপর প্রবন্ধ। পঞ্চণাদিকা ও বিবরণ প্রভৃতি ৯টা বর্ণকে সমাপ্ত। এই গ্রন্থও সেইরূপ। গতে বিচার করিয়া পতে সিদ্ধান্ত নিরূপিত হইয়াছে। মাধবাচার্য্য (বিভারণ্য) যেমন "বিবরণপ্রমেয়সংগ্রহ" নামক প্রবন্ধ রচনা করিয়াছেন, আচার্য্য রামানন্দের প্রবন্ধও সেইরূপ। অপ্লয়দীক্ষিত বিভারণ্যের "বিবরণ প্রমেয় সংগ্রহকে" বিবরণোপত্যাস নামে অভিহিত করিয়াছেন।* বোধ হয় "প্রমেয় সংগ্রহের" অতা নাম বিবরণোপত্যাস। রামানন্দের বিবরণোপত্যাসের উল্লেখ "সিদ্ধান্তলেশে" নাই। অপ্লয়দীক্ষিত "বিবরণোপত্যাসে ভারতীত্রিধিকনম্" বলিয়া যে মত উদ্ধৃত করিয়াছেন, তাহা প্রমেয়সংগ্রহেই পাওয়া যায়।

ব্রহ্মামৃতবর্ষিণী-বৃত্তি কাশী চৌথায়া সংস্কৃত সিরিজে প্রমহংস প্রজ্ঞানানন্দ সরস্থতীর প সম্পাদনায় ১৯১০—১৯১১ খৃষ্টান্দে প্রকাশিত হইয়াছে। আচার্য্য প্রজ্ঞানানন্দ স্বামী এই সংস্করণের ভূমিকায় অতি স্থচারুর্নে শুক্তিবলে অবৈত্মত প্রতিপাদিত করিয়াছেন। বাত্তবিক এই "কুতর্কদগ্ধ চিকিৎসা" নামক ভূমিকা বিশেষ উপাদেয় হইয়াছে। হামিজীর পাণ্ডিভ্যপ্ত ইহাতে প্রিক্টে।

বিবরণোপত্যাস কাশীতে বেনারদ্ সংস্কৃত সিরিজে পণ্ডিত দামোদর শাস্ত্রী সহস্রবৃদ্ধি মহোদয়ের সম্পাদনায় ১৯০০—১৯০১ খৃষ্টাব্দে প্রকাশিত ইইয়াছে।

রামনেক স্বামী অহৈ চবাদী ছিলেন। বিবর্তবাদ সম্বন্ধে বিবরণোপাতাসে যে সিদ্ধান্ত-শ্লোকটী রচনা করিয়াছেন, দৃষ্টাভ্সরূপ তাহা নিয়ে উদ্ধৃত করা হইল।

> ব্রহ্মরপাপরিত্যাগ।দিবর্তো জগদিয়তে। নিক্লে নিজ্ঞিয়েহ্সকে পরিণামো ন যুদ্ধাতে॥

রামানন্দের উভয় নিবন্ধেরই ভাষা বেশ সরল। বাঁহারা শান্ধর গ্রাষ্ট্র পাঠেকু তাঁহার। রামানন্দের ব্রহ্মামৃতবিধিণা-বৃত্তি পাঠ করিয়া উপকৃত হইবেন। "ব্রহ্মামৃতবর্ষিণী" জীমং শহরানন্দ কৃত ব্রহ্মন্থর দীপিকা হইতে বিস্তৃত্। শান্ধরভায়ের তংপের্যা অতি সরল ভাষায় ইহাতে লিপিবন্ধ করা হইয়াছে।

मिकाछालग २३०— २३८ शृष्टो छन्छेगु ।

[†] ইহার গুরুর নাম বরংপ্রকাশানক। কাশী বন্ধবাটে বামিজীর অবস্থিতি।

আচার্য্য কাশ্মীরক সদানন্দ্যতি।

(শাঙ্করদর্শন-১৭শ শতাব্দী)

কাশ্মীরক সদানন্দ "অছৈতত্রহ্মদিদ্ধি" নামক প্রকরণগ্রন্থের প্রণেতা।
"অছৈতত্রহ্মদিদ্ধি" অছৈতমতে একথানি প্রামাণিক প্রকরণ গ্রন্থ। সম্ভবতঃ
কাশ্মীরক, সদানন্দ সপ্তদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। "কাশ্মীরক" এই
শব্দীর ব্যবহার দেখিয়া তাঁহাকে কাশ্মীর দেশবাসী বলিয়া বোধ হয়।
"অছৈতত্রহ্মদিদ্ধি" কলিকাতা এশিয়াটিক সোগাইটী হইতে প্রকাশিত
হইয়াছিল। এখন আর এই গ্রন্থখানি পাওয়া যায় না। সেই সংস্করণ
নিঃশেষিত হওয়ায় আর নৃতন সংস্করণ হয় নাই। এই গ্রন্থখানি পুনঃ
প্রকাশিত হওয়া আবশ্যক।

সদানন্দ অবৈত্তব্ৰহ্মসিদ্ধিতে একটা বিষয় বেশ বলিয়াছেন। অবৈত্বাদী আচাৰ্য্যগণের মধ্যে প্রতিবিশ্বাদ ও অবচ্ছিন্নবাদ লইয়া মতভেদ আছে। তিনি বলেন—আত্মার একত্ব প্রতিপাদনই মৃথ্য উদ্দেশ্য। প্রতিবিশ্ববাদ ও অবচ্ছিন্নবাদ কেবল অল্পবৃদ্ধি লোকের জন্ম কথিত হইয়াছে। এক ব্রহ্মাত্মানাই বেদাস্থের মৃথ্য সিদ্ধান্ত। তিনি বলেন—"প্রতিবিশ্বাবচ্ছেদবাদানাং ব্যুৎপাদনেনাত্যস্তমাগ্রহঃ। তেষাং বালবোধনার্থত্বাং। কিন্তু ব্রহ্মিব অনাদি মায়াবশাং জীবভাবমাপন্নঃ সন্ বিবেকেন মৃচ্যতে। * * স্বয়মেব একজীববাদাথ্যো মৃথ্যো বেদাস্ত সিদ্ধান্তঃ। ইদঞ্চ অনেক জন্মাজ্জিত স্কৃতত্ম ভগবদর্পনেন ভগবদস্প্রহফলাব্দৈতপ্রদাবিশিষ্টম্ম নিদিধ্যাসনসহিত্প্রবণাদি সম্পন্নত্মৈব চিন্তাক্ষ্যং ভবতি। নতু বেদান্ত প্রবণমাত্রেণ নিদিধ্যাসনশ্ব্যম্ম পাণ্ডিত্যমাত্রকামস্ত্য।"

ইহার তাৎপর্য্য এই—প্রতিবিশ্বনাদ এবং অবচ্ছেদবাদের সমর্থন বিষয়ে আমাদের অত্যন্ত আগ্রহ নাই। যেহেতু অল্পবৃদ্ধি লোকদের জন্ম উহা কথিত হইয়াছে। কিন্তু একজীববাদ মৃথ্য বেদান্তসিদ্ধান্ত। অনেক জন্মাৰ্জিত পুণ্য ভগবানে অর্পিত হইলে ভগবদম্গ্রহে অবৈত বিষয়ে আদার উদয় হয়। তাদৃশ আদ্ধানু ব্যক্তির আবণ, মনন এবং নিদিধ্যাসন সম্পন্ন হইলে এই মৃথ্য বেদান্তসিদ্ধান্ত তাঁহার চিত্তেই সমার্ক্য হয়। যাঁহার নিদিধ্যাসন

নাই, অর্থাৎ যিনি পাণ্ডিত্যের অভিলাষে বেদাস্ত শ্রবণ করেন, মৃ্থ্য বেদাস্তুসিদ্ধান্ত তাঁহার বৃদ্ধিতে আরুঢ় হয় না।

এ বিষয়ে অপ্লয়দীক্ষিতের সহিত সদানন্দের মতসাদৃশ্য আছে। দীক্ষিতও বলিয়াছেন—"প্রাচীনৈর্ব্যবহারসিদ্ধি বিষয়েষ্ আত্মৈক্ষসিদ্ধে পরং সংনহান্তিরনাদবাৎসরণয়ো নানাবিধা দশিতাঃ।"। তিনিও বলিয়াছেন—আত্মার একত্ব প্রতিপাদনেই বেদান্তের তাৎপর্যা। ব্যবহার নিম্পাদন বিষয়ে পূর্বাচার্য্যগণের আদর ছিল না। অল্লবৃদ্ধি লোকের প্রবোধের জন্মই ব্যবহারসিদ্ধি বিষয়ে নানাবিধ পন্থা নির্দ্ধিই হইয়াছে।

কাশ্মীরক সদানন্দ এ বিষয়ে দীক্ষিতের প্রভাবে প্রভাবিত বলিয়াই অন্থমিত হয়। আর একটি বিষয় এস্থলে প্রণিধানের যোগ্য। সদানন্দের সময়ে কেবল পাণ্ডিত্যের বাড়াবাড়ি হইয়াছে বলিয়া বোধ হয়। সপ্তদশ শতাব্দীতে সাধনের ভাব হইতেও পাণ্ডিত্যের ভাব বৃদ্ধি পাইয়াছে। কেবল তর্কজালের উদ্ভবে প্রকৃত তাৎপর্য্য পরিত্যক্ত হইয়াছে এবং তার্কিকতারও প্রসার হইয়াছে। বোধ হয় সেই জন্মই সদানন্দ বলিয়াছেন—"নতু বেদান্ত শ্রবণমাত্রেণ নিদিধ্যাসন-শ্ন্যক্ত পাণ্ডিত্যমাত্রকামক্ত।"

আচার্য্য রঙ্গনাথ।

(শান্তর দর্শন)

আচাধ্য রন্ধনাথ ব্রহ্মস্ত্রের শারীরক ভাষ্যাত্মারিণী বৃত্তির রচ্মিতা। তিনি লিখিয়াছেন—

> "বিভারণ্যকৃতৈঃশ্লোকৈঃনৃসিংহাশ্রম স্থক্তিভি:। সংদৃদ্ধা ব্যাসস্কাণাং বৃত্তিভাস্থাস্থসারিণী॥

এতদ ষ্টে প্রতীয়মান হয় আচার্য্য রন্ধনাথ নৃসিংহাশ্রমের পরবর্ত্তী।
এই নৃসিংহাশ্রম ভেদধিকার ও অবৈত্ত-দীপিকাকার। রন্ধনাথ "বিভারণ্য
কৃতি: ক্লোকৈ:" এই বাক্যে "বৈয়াসিকন্তায়মালা" বিভারণ্যকৃত বলিয়া
উল্লেখ করিয়াছেন। ইহা ঐতিহাসিক সত্য বলিয়া প্রতীত হয় না। কারণ,
"বৈয়াসিকন্তায়মালা" ভারতীতীর্থের কৃতি। প্রত্যেক অধ্যায়-সমাপ্তি ও
গ্রম্থ-সমাপ্তিতে "শ্রীভারতীতীর্থ মূনি বিরচিতায়াং বৈয়াসিকন্তায়মালায়াম্"
ইত্যাদি লেখা উপলব্ধি হয়। ভারতীতীর্থ বিভারণ্যের গুরু। মাধ্বাচার্য্য
(বিভারণ্য) কৈমিনীয় ন্তায়মালা বিভরের প্রারম্ভে লিখিয়াছেন—

"সভব্যাদ্ ভারতীতীর্থ যতীক্স চত্রাননাৎ। ক্লপামব্যাহতাং লব্ধ। পরাধ্যপ্রতিমোহভবৎ॥"

স্থতরাং ভারতীতীর্থ ও বিছারণ্য এক হইতে পারেন না। এ বিষয়ে দীক্ষিতেরও ভূল হইয়াছে বলিয়া মনে হয়। মাধবাচার্য্য নিজেই যথন আপনাকে ভারতীতীর্থের শিশ্ব বলিয়া পরিচয় দিয়াছেন, তথন দীক্ষিতের সিদ্ধান্ত সমীচীন হইতে পারেনা। দীক্ষিত বিছারণ্য হইতে তুই শতাব্দী পরে আবিভূতি হন; স্থতরাং ইতিবৃত্ত বলে ভারতীতীর্থ ও বিছারণ্যকে অভিন্ন বলিয়া গ্রহণ করিলেও সেই ইতিবৃত্ত অম্লক হইতে পারে। পঞ্চদশীর টীকাকার বিছারণ্যের শিশ্ব। তিনিও তাঁহার ব্যাথ্যার প্রারম্ভে লিথিয়াছেন—"নথা আভারতীতীর্থ বিছারণ্য ম্নীশ্বর্যা।" এই ভ্লেও ভারতীতীর্থের পূর্ব্ব নিপাত করিয়াছেন এবং বিছারণ্য হইতে ভারতীতীর্থের পৃথক্ত প্রদর্শন করিয়াছেন। সমকালিক

শিষ্যের বাক্য ও বিভারণ্যের স্বীয় বাক্য হইতে ইতিবৃত্তের মূল্য বেশী হইতে পারে না। সম্ভবতঃ প্রাঞ্চদশীর কয়েকটা পরিচ্ছেদ ভারতীতীর্থের লিখিত। ইহা আমরা পূর্বে মাধবাচার্য্যের আলোচনা প্রদক্ষে দেখাইয়াছি।

হইতে পারে ভারতীতীর্থের অমুজ্জাক্রমে বিভারণ্য পঞ্চানী ও প্রমেয়সংগ্রহ প্রভৃতি গ্রন্থ রচনা করেন। এই কিম্বদন্তী অমুসরণ করিয়াই দীক্ষিত, ভারতী-তীর্থ ও বিভারণ্যকে অভিন্ন বলিয়া অঙ্গীকার করিয়াছেন। তাই মনে হয় আচার্য্য রঙ্গনাথও এম্বলে ভ্রমে পতিত হইয়াছেন।

, রঙ্গনাথ শ্রীমৎ নৃসিংহাশ্রমের পরবর্তী। এ বিষয়ে কোন সংশগ নাই। স্বতরাং রঙ্গনাথের অবস্থিতিকাল সপ্তদশ শতাব্দী বলিয়াই অহুমিত হয়।

আচার্য্য রঙ্গনাথের 'বৃত্তি' অতি সরল। রঙ্গনাথ স্ত্রের প্রসঙ্গে একটা স্ত্রে অধিক গ্রহণ করিয়াছেন। প্রথম অধ্যায়ের দিতীয় পাদের ভূতযোনিত্ব অধিকরণে ২০ স্ত্রের পরে 'প্রেকরণতাং" বলিয়া একটি অধিক স্ত্র উদ্ধার করিয়াছেন। ভামতী প্রভৃতি টীকায় এই স্ত্রেটী গৃহীত হয় নাই। উহা ভাষ্যের অন্তর্ভুক্ত বলিয়াই বোধ হইতেছে। পৃথক্ স্ত্রেরপে গ্রহণ করিবার কোনও হেতু নাই। ভারতীতীর্থও এই স্ত্রেটীকে পৃথক্রপে গ্রহণ করিয়া-ছেন। আচার্য্য রঙ্গনাথ এ বিষয়ে তাঁহার অন্তক্রণ করিয়াছেন মাত্র।

রঙ্গনাথের বৃত্তি পুনা আনন্দাশ্রম হইতে প্রকাশিত হইয়াছে। তাঁহার মতবাদের কোনও বিশেষত্ব দেখা যায় না। শাঙ্করমত ব্যাখ্যার জন্মই তৎক্বত বৃত্তি বিরচিত হইয়াছে।

শ্রীমং ব্রহ্মানন্দ সরস্বতী।

(শাহরদর্শন-সন্তদশ শতাব্দী)

শ্রীমংব্রন্ধানন্দ সরস্বতী অধৈতিসিদ্ধির টীকাকার। লঘুচন্দ্রিকা টীকা ইহার অত্লনীয় কীভি। প্রবাদ আছে যে ইনি মধুস্দনের সমসাময়িক। তরন্ধিনীকার রামাচার্য্য তরন্ধিনী রচনা করিয়া মধুস্দনের মত খণ্ডন করায় ব্রন্ধানন্দ লঘুচন্দ্রিকা প্রণয়ন করিয়া রামাচার্য্যের মত খণ্ডন করেন। এই জন-প্রবাদ সত্য বলিয়াই প্রতীত হয়। ব্রন্ধানন্দ মধুস্দনের সমবয়স্ক নহেন। মধুস্দন হইতে তিনি বয়ংকনিষ্ঠ।

বন্ধানন্দের গুরুর নাম প্রমানন্দ সরস্বতী। তিনি লছুচন্দ্রিকার সমাপ্তিতে লিথিয়াছেন—

ভজে শ্রীপরমানন্দ সরস্বত্যজিত্ব পঙ্করম্।
যৎকুপাদৃষ্টিলেশেন তীর্ণ: সংসারসাগরঃ ॥

ব্রহ্মানন্দ নারায়ণ তীর্থের নিকট শাস্ত্র অধ্যয়ন করেন। নারায়ণ তীর্থ বড়্দর্শনে স্থপিত ছিলেন। ব্রহ্মানন্দ লঘুচক্রিকার প্রারম্ভেও অস্তে লিখিয়াছেন—

> ''শ্রীনারায়ণতীর্থানাং গুরুণাং চরণশ্বতিঃ ভূয়ান্মে সাধিকেষ্টানামনিষ্টানাং চ বাধক:।" ''শ্রীনারায়ণতীর্থানাং ষট্শান্ত্রী পারমীয়্ধাম্। চরণৌশরণীকৃত্য তীর্ণঃ সারস্বতার্ণবঃ॥"

ৰঘুচন্দ্ৰিকার<u></u>শৈষভাগে একটা শ্লোক আছে, তাহা এই—

"মহামূভাবধৌরের শিবরামাধ্য বর্ণিন:। এতদ্গ্রন্থক্ত কর্তারো লেথকা: কেবলংবয়ম্॥"

কাহারও মতে শিবরাম নামক জ্বনৈক পণ্ডিত গুরুচন্দিকা নামে এক টীকা প্রণয়ন করেন। উহা অতি বিস্তুত বলিয়া ব্রহ্মানন্দ সংক্ষিপ্ত লঘুচব্রিকা রচনা করেন। তাহাদের যুক্তির পোষক প্রমাণস্বরূপ লঘুচন্দ্রিকার প্রারম্ভে একটী শ্লোকে আছে—

> 'অবৈতিসিদ্ধিব্যাখ্যানং ব্রহ্মানন্দেন ভিক্ষুণা। সংক্ষিপ্ত চন্দ্রিকার্থেন ক্রিয়তে লঘুচন্দ্রিকা॥'

"সংক্ষিপ্তচন্দ্রিকার্থেন" অর্থাৎ সংগৃহীত গুরুচন্দ্রিকার্থেন। কাহারও মতে শিবরামই লঘুচন্দ্রিকার কর্তা। কাহারও মতে ব্রহ্মানন্দের ক্বত লঘুচন্দ্রিকা কেবল শিবরামের নামে ব্যবহৃত হয় এই মাত্র। আমাদের বিবেচনায় শেষোক্ত মতই গ্রাহ্ম। কারণ উপক্রমে দেখিতে পাই—''অদ্বৈতসিদ্ধি ব্যাখ্যানং ব্রহ্মানন্দেন ভিক্ষণা।" উপক্রমে যথন নিজের কৃত বলিয়া উল্লেখ করিয়াটেন, তখন যে লঘুচন্দ্রিকা ব্রহ্মানন্দের কৃতি তি বিষয়ে সন্দেহ নাই। এখন "গুরুচন্দ্রিক।" নামক অবৈতিসিদ্ধির কোনও টীকা আছে কিনা? আমরা এরপ কোনও টীকার বিষয় অবগত নহি। শুনিতে পাওয়া যায় কাশীর স্বপ্রাসন্ধ দণ্ডীস্বামী-পরমহংস পরিব্রাজকাচার্য্য বিশুদ্ধানন্দ সরস্বতীর নিকট 'গুরুচন্দ্রিকা' নামক টীকাটী ছিল, কিন্তু এ সম্বন্ধে স্থিরতর কোনও প্রমাণ পাওয়া যায় न। आमारात्र मत्न इम्र श्रीविनानन रयमन 'निवतामाहार्यात' निकृष হইতে আত্মবোধ লাভ করিয়াছিলেন* সেইরূপ ব্রহ্মানন্দও শিবরামাচার্য্যের নিকট উপদিষ্ট হইয়া থাকিবেন এবং তাহার সম্মানার্থ ও নিজের নিরভিমানতা নিবন্ধন শিবরামাচার্য্যকে গ্রন্থকার বলিয়া নিজকে কেবল লেথকমাত্র বলিয়াছেন—ইহাই স্থাস্কত বলিয়া মনে হয়। কৃষ্ণালন্ধারকার অচ্যত ক্লফানন্দও সিদ্ধান্তলেশের টীকা প্রণয়ন করিয়া গ্রন্থকর্ভূত্ব তাঁহার আচার্য্যের স্থতিতে অর্পণ করিয়াছেন। তিনি লিথিয়াছেন—

> "আচার্য্যচরণদন্দ শ্বতিঃ লেথকরূপিণম্। মাং কৃত্ব। কুরুতে ব্যাখ্যাং নাহমত্র প্রভূর্যভঃ।"

ব্রহ্মানন্দও এইরপ শিবরামাচার্য্যের প্রতি ভক্তি প্রদর্শনের জন্ম তাহাতেই গ্রন্থকর্ত্ত্ব অর্পণ করিয়াছেন। গুরুর প্রভাব অঙ্গীকার করাই শোভন। বাস্তবিক প্রবর্ত্তনা যাহার, কর্তৃত্ব তাঁহার হওয়াই সঙ্গত। ব্রহ্মানন্দ আত্ম-নিবেদনে গ্রন্থকর্তৃত্ব শিবরামাচার্য্যের প্রতি অর্পণ করিয়াছেন। শ

অতএব প্রসিদ্ধি অমুদারে লঘুচন্ত্রিকা ব্রহ্মানন্দ সরস্বতীক্তত বলিয়া গ্রহণ করাই সমীচীন।

ব্রমানন্দও রুফভক্ত ছিলেন। কারণ, তৎকৃত চন্দ্রিকার প্রারম্ভে তিনি শ্রীকৃষ্ণকে বন্দনা করিয়াছেন। শ্লোকটাতে বেশ অমুপ্রাসের ছটা দেখা যায়—

> "নমো নব্ঘনভাম কামকামিত দেহিনে। কমলাকামসোদাম কণকামুকগেহিনে॥"

ইংতে নিস্কামভাবও প্রকট। যদিও বিরুদ্ধবাদীদিগের প্রতি কটাক্ষ আছে, তথাপিও গ্রন্থথানি শ্রীক্ষেই অপিত হইয়াছে।

"যদ্যদ্ সংভবছক্তিকং পরবচঃ সংভ্যতদ বিতং
ব্যাখ্যাত চ নিগৃতভাবগহণোবাণী স্থাসাগর:।
সর্বং তচ্ছরদিন্দুসন্দরম্থ শ্রীকৃষ্ণলীলাতনৌ
মালাভাবমবাপ্য সজ্জনমনো মালাংসমাকর্যত্ত ।
এষা যগপি চন্দ্রিকা খলমনো রাজীব রাজেরবিধ স্থিচ্ছেদকরী
সরীস্পম্খব্যাঘাত মুদ্রাকরী।
সাধ্নাং সকল স্বভাবককণা কুপারমায়াত্মনাং
চেত চন্দ্রমণীমণীযুরমণী জাত্যাতথাপিন্দুটম্ ॥"

লঘুচন্দ্রিক। ব্যতীত ব্রহ্মানন্দ অন্তান্ত নিবন্ধও রচনা করিয়াছেন। মধুস্দনকৃত "সিদ্ধান্তবিন্দ্র" উপর রত্থাবলী নামক নিবন্ধ রচনা ও স্ত্র-মুক্তাবলী:নামক নিবন্ধ রচনা করেন।

লঘুচক্রিকা অবৈতমঞ্জরী সিরিজে কুস্তকোনম্ শ্রীবিছা প্রেন্ হইতে ১৮৯৩ খৃষ্টাব্দে প্রকাশিত হইয়াছে। ১৯১৭ খৃষ্টাব্দে বোম্বাই নির্ণয়নাগর প্রেন্ন হইতে পশুত্রপ্রবর অনন্তকৃষ্ণ শাস্ত্রী মহাশয়ের সম্পাদনায় অবৈতসিদ্ধি সহ চক্রিকা প্রকাশিত হইয়াছে।

রত্বাবলী সিদ্ধান্তবিন্দু সহ কুন্তকোনম্ শ্রীবিভাপ্রেদ্ হইতে অন্বৈতমঞ্জরী সিরিজে প্রকাশিত হইয়াছে। শঙ্করাচার্য্যের "দশশ্লোকী"র উপর মধুস্দন সিদ্ধান্তবিন্দু নামক স্থবিন্তৃত নিবন্ধ রচনা করেন। রত্বাবলী সিদ্ধান্তবিন্দুর উপর টীকা।

স্তম্কাবলী শ্রীরসম্ বাণীবিলাস প্রেস হইতে মৃদ্রিত ও প্রকাশিত হুইতেছে। এখনও ইহা বাহির হয় নাই। ব্দানন্দ অধৈতবাদী, নিগুণ ব্রহ্মাথ্যেক্যবাদই তাঁহার অভিমত।
মধুস্থনের মতের অহুবর্ত্তন করিয়া তিনি তরঙ্গিনীকার রামাচার্য্যের যুক্তিজাল
ভেদ করিয়াছেন। তরঙ্গিনীকার, ব্যাসরাজ স্বামীর পক্ষ সমর্থন করিয়া
অধৈতবাদ খণ্ডন করতঃ দৈতদিদ্ধান্ত স্থাপন করিতে চেষ্টিত। ব্রহ্মানন্দও
রামাচার্য্যের সকল আপত্তি নিরসন করিয়া অদৈতমত স্থাপন করিয়াছেন।
জগতের মিথ্যাত্ব, মিথ্যাত্বের লক্ষণ, একজীববাদ, নিগুণ ব্রহ্মবাদ, নিজ্যানিরতিশয় তারতম্যশৃত্য আনন্দরপ মৃক্তিবাদ সকলই ব্রহ্মানন্দের অহুমোদিত।
জীবের অণুত্ব, দৈতের সত্যত্ব, মৃক্তির তারতম্যত্ব সকলই শ্রুতিও যুক্তিবলে
খণ্ডন করিয়াছেন।

মামাংসক খণ্ডদেব যে সকল আপত্তি তুলিয়াছেন, তাহাও খণ্ডন করিয়া প্রাচীন মামাংসকদিগের সংস্থাপিত মতেরই অন্থমোদন করিয়াছেন। ব্রহ্মানন্দ রত্মাবলীতে স্থ্র, ভাষ্য, ভামতা, কল্পতক ও পরিমল—এই পাঁচখানি গ্রন্থকেই বেদান্ত বিলয়া উল্লেখ করিয়াছেন। তিনি বলেন— "বেদান্তশান্ত্রতি শারীরকমামাংসা চতুরধ্যায়ী—তভাষ্য তদীয় টীকা বাচস্পত্য—তদীয় টীকা কল্পতক—
তদীয় টীকা পরিমলরূপ-গ্রন্থ-পঞ্চকেত্যর্থ:।" বাস্তবিক গ্রন্থলে ব্রহ্মানন্দ স্থামী কতকটা পরিমাণে একদেশদর্শী হইয়া পড়িয়াছেন। কেবল ব্রহ্মস্ত্রেই বেদান্তশান্ত্র পর্যাবসিত নহে। উপনিষং ও ভগবদ্গীতাও বেদান্তশাল্তের অন্তর্ভুক্ত। এ সম্বন্ধে ব্রহ্মানন্দের অভিমত শোভন নহে।

লঘুচ ক্রিকায় ব্রন্ধানন্দ অসাধারণ মনীধার পরিচয় দিয়াছেন। বড় দুর্শনেই তাঁহার অহপ্রবেশ স্থাক্ত। তাহাকে অনায়াসে সর্বতন্ত্র-স্বতন্ত্র বলা যাইতে পারে। ত্যায়ভাস্করকার ব্রন্ধানন্দের মত খণ্ডনে চেষ্টা করিয়াছেন, কিন্তু ত্যায় ভাস্করকার ব্রন্ধানন্দের তাৎপর্য্য ব্ঝিতে না পারিয়া পণ্ডশ্রম মাত্র করিয়াছেন।

ব্রহ্মানন্দ অভেন্ত ও হুর্ভেন্ত যুক্তি-হুর্গে আরোহণ করিয়া স্বীয় প্রতিভায় সকলকে নিম্প্রভ করিয়াছেন।

ব্রহ্মানন্দের সহিত অবৈতবাদী আচার্য্যগণের মৌলিকতা একপ্রকার শেষ।
ইহার পরবর্ত্তী আচার্য্যগণ কেবল অন্থবাদক মাত্র। ঐক্রজালিকের করম্পর্শে
যেমন সকল লোক নিজাভিভূত হইয়া পড়ে, সপ্তদশ শতাব্দীর শেষভাগ
হইতেই সেইরূপ দার্শনিক জীবনে অবসন্নতার সঞ্চার হইয়াছে। দার্শনিক
মৌলিকতা নিশুভ হইতে আরম্ভ করিয়াছে। ব্রহ্মান্দের অন্তর্ধানের সহিত
জাতীয় জীবনের মনীধারও অন্তর্ধানের স্চনা হইয়াছে।

ব্যাস রামাচার্যা ।

(দ্বৈতবাদ--পূর্ণপ্রজ্ঞ-দর্শন, সপ্তদশ শতাকী)

রামাচার্য্য মধ্বমতাবলম্বী। তায়ামৃতকার ব্যাসরাজ ইহার গুরু। ব্যাসরাজ স্বামীকৃত তায়ামৃতের উপর তরঙ্গিণী নামক টীকা ইনি প্রণয়ন করেন। তরঙ্গিণার প্রারম্ভে গুরুর সম্বন্ধে তিনি লিখিয়াছেন, যথা—

> শুকেন শান্ত্যাদিষু বাত্ময়েষু ব্যাদেন ধৈৰ্য্যাস্থানোপমেয়ং মনোজজিত্যাং মনগাংহি পত্যারধৃত্তমাথ্যং স্বপ্তকং নমামি।

ইহার পিতার নাম বিশ্বনাথ, তিনিও পণ্ডিত ছিলেন।* রামাচার্য্যের ব্যাসকুলে জন্ম। গোদাবরী নদীর তীরে ইহার বাস ছিল। গ্রামের নাম অন্ধপুরী এবং ইহার জন্ম ছিল উপমন্থা গোতে। বিশ্বনাথের তুই পুত্র। প্রথম পুত্রের নাম নারায়ণাচার্য্য, দিতীয়ের নাম রামাচার্য্য। রামাচার্য্য নিজের পিতৃ জাতৃ এবং কুলগোত্রের পরিচয় তর্ন্ধিণীর প্রারম্ভেও স্মাপ্তিল্লোকে প্রদান করিয়াছেন। প জনপ্রবাদ এইরূপ যে, ব্যাসরাজ তীর্থের আদেশে রামাচার্য্য

স্বীয় পি তার সম্বন্ধে তরঙ্গিনির প্রারন্তে লিখিয়াছেন—

"চ্ছলঃসাংগম্রগংমংগণগৰী জৈমিন্যুপজ্ঞংমতং ব্যাসোদংত্ম
বুম্ধচ্চসমধাদ্যে। বিশ্বনাথাভিধাং।

ধর্মব্যাকতপূর্ণীকৃত সদাচারঃশ্বৃতি ব্যাকৃতি ব্যাঞ্জেন প্রণমামি তং
পিতরমুদ্বোধায় শকার্থয়োঃ॥"

তরঙ্গিনীর প্রারম্ভে ভ্রাতৃপরিচয় এইরূপঃ—

"পদাদি বিজ্ঞা বহুবিত্রিমজামধ্যৈষিত ছৈষিবরাদ্যতোহহং

নমামি তং ব্যাসকুলাবতংসং নারায়ণাচার্য্যমথাগ্রজং মে॥"

জার সমাস্তিতে লিথিয়াছেনঃ—

"সভোজাত জটাল পাবন সরিদ গোদাবরী তীরতো গবৃাতির্বসতিঃ সতাংকূলবকামক্ষপুরীতত্র যো ব্যাসাখ্যা উপমন্মগোত্রল ব্ধান্তেষ্গন্তরোন্দ্গল স্তত্রামজ্ঞতন্তে মুরারিচরণা ব্যাসাভিধানা বুধাঃ। মধুস্দনের শিষ্যত্ব অঙ্গীকার করেন এবং তাহার নিকট অবৈতবাদের তাৎপর্য্য জানিয়া তরজিণী প্রণয়ন পূর্ব্বক মধুস্দনক্বত অবৈতিদিদ্ধির মত থগুন করেন। বোধহয় এই জনশ্রুতি সত্য। ইহা অম্লক নহে। ব্যাসরাজ মধুস্দন সরস্বতীর সমসাময়িক এবং ব্রহ্মানন্দ সরস্বতীও তরজিণীকারের মত থগুন করিয়াছেন। স্থতরাং রামাচার্য্যের কাল সপ্তদশ শতাকী।

রামাচার্য্য ব্যাদরাজ স্বামীর ভাষামূতের টীকা "তর্পিণী" ব্যতীত অভ কোনও নিবন্ধ বা প্রবন্ধ রচনা করেন নাই। তর্পিণীতে তিনি অসামাভ মনীষা ও দার্শনিকতার পরিচয় দিয়াছেন। স্ব্রেড শাঙ্করদর্শনে ও পূর্ণজ্ঞদর্শনে তাঁহার প্রকাঢ় ব্যংপত্তি স্থপরিক্ট ট।

"তরঙ্গিণী" শকালা ১৮৩২ অর্থাৎ ১৯১০ গৃষ্টাকে মাল্রাজ মধ্ববিলাস বুক্জিপো হইতে রুফাচার্য্য ও ব্যাসাচার্য্য মহোদয়দ্বের সম্পাদনায় মৃদ্রিত ও প্রকাশিত হইয়াছে।

রামাচার্য্য মধ্বমতাবলম্বী। ব্যাসরাজ স্বামী ক্যায়ামূতে অবৈতমত নিরসন করিয়া হৈতবাদ—স্বতন্ত্রাস্বতন্ত্রবাদ স্থাপন করেন। ব্যাসরাজ মধ্ব অর্থাৎ পূর্ণপ্রজ্ঞের মত অন্ত্ররণ করিয়া জগতের সত্যত্ব, পঞ্চেদ, জীবাণুত্বাদ, সেব্যসেবকবাদ, মুক্তির তারতম্যত্ব প্রভৃতি স্থাপন করিয়াছেন। ব্যাসরাজ্ব অহৈতবাদী আচার্য্যগণের সংস্থাপিত মিথ্যাত্বলক্ষণগুলি নিরসন করিয়া শ্রুতি ও যুক্তিবলে হৈতসত্যত্ব স্থাপনে বন্ধপরিকর।

মধুস্দন ব্যাসরাজ স্বামীর মত অবৈত্যিদিনতে খণ্ডবিথণ্ড করেন।
রামাচার্য্য ব্যাসরাজের পক্ষ সমর্থন কবিয়া অবৈত্যিদিন্ধর উপর তীব্র
আক্রমণ করেন। রামাচার্য্য যে সকল আপত্তি উত্থাপন করিয়াছেন, ব্রহ্মানন্দ
সরস্বতী লঘুচন্দ্রিকায় প্রত্যেক আপত্তির খণ্ডন করিয়া মধুস্দনের সিদ্ধান্তই
সংস্থাপিত করেন। স্থতরাং রামাচার্য্যও স্বতন্ত্রাস্বাচনী। জীবামুত্বাদ,
সেব্যসেবকবাদ, মৃক্তির তারতম্যবাদ, জগতের সত্যত্ম, পঞ্চভেদ, সকলই
তাঁহার অন্থমোদিত।

তেভাো জায়ত বিশ্বনাথ ইতি যঃ সঃ জ্ঞানরত্নাকব
স্তম্মাণাবিরভূৎ সূরক্রমণণা আচাণ্য নারায়ণঃ।
রামাচাণ্য ইতীরিতস্তদন্তলোযস্তম্বনাদাং বুধে
রাতানীৎসভরঙ্গিনিহ পরিচ্ছেদশ্চতুর্থোহপি যঃ।"

মধুস্দনের মত খণ্ডনের জন্ম যেরপ স্ক্র বিচারের জবতারণা করিয়াছেন, তাহা বাস্তবিকই প্রসংশার্হ। বিচার-মন্তবায় রামাচার্য্য দক্ষ। তর দিশীর লায় নিবন্ধ মধ্বমতে বিরল। বোধ হয় ব্যাদরাজস্বামী ও রামাচার্য্যের লায় পণ্ডিত মধ্বমতে আর নাই। জয়তীর্থাচার্য্য পণ্ডিত হইলেও এরপ বিচারমন্ত্র নাহন। গ্রন্থকার হিসাবে তিনি বড় হইতে পারেন, কিন্তু বৃদ্ধির তীক্ষতায় ও দার্শনিক বিচারকৌশলে ব্যাদরাজ ও রামাচার্য্য জয়তীর্থ হইতে শ্রেষ্ঠ। রামান্তজ-মতে শতদ্বণীকার বেদাস্ভাচার্য্য বেকটনাথ যেমন কবিতার্কিক-কেশরী, ব্যাদরাজ ও তেমনই তার্কিককেশরী। রামাচার্য্যকেও সেই পদবীতে অলক্ষত করা যাইতে পারে। রামাচার্য্যও তার্কিককেশরী।

শ্রীমৎ রাঘবেক্রস্বামী।

(স্বতন্ত্রাস্বতন্ত্রবাদ--পূর্ণপ্রজ্ঞ-দর্শন--সপ্তদশ শতাব্দী)

রাঘবেক্সস্থামী জয়তীর্থাচার্য্যের টীকার বৃত্তিকার। জয়তীর্থাচার্য্যের প্রধান প্রধান নিবন্ধের উপর রাঘবেক্স বৃত্তি রচনা করিয়াছেন। রাঘবেক্স মধ্ব-মতাবলম্বা। তাঁহার দার্শনিক মত মধ্বাচার্য্যের অহ্মরপ। টীকা ও বৃত্তি রচনায় রাঘবেক্স সিদ্ধহন্ত।

রাঘবেন্দ্রসামীর গ্রন্থের বিবরণ।

- >। তত্ত্বাতে তাত ত্রীকার রত্তি—ইহা মধ্ববিলাস বুক্ডিপো হইতে প্রকাশিত হইয়াছে। টীকা জয়তীর্থের বিরচিত, তাহার উপরে রাঘবেক্সবামী বৃত্তি রচণা করিয়াছেন।
- ২। স্থাহাকস্প্রসভার ব্রক্তি মধ্বাচার্য্যের প্রমাণ-লক্ষণের উপর জয়তীর্থ গ্রায়কল্পলতা নামক টীকা রচনা করেন। রাঘবেক্র ইহার উপর বৃত্তি রচনা করিয়াছেন। এই বৃত্তি মধ্ববিলাস সংস্করণে প্রকাশিত হইয়াছে।
- তত্ত্ব প্রকাশিকার রতি ভাবদীপ মধ্বভাষ্যের উপর

 জয়তীর্থ তত্ত্বকাশিকা প্রণয়ন করেন। রাঘবেল্র ভাবদীপ নামক বৃত্তি

 রচনা করিয়াছেন। ভাবদীপ বেলগ্রাম হইতে এবং মধ্ববিলাস বৃক্তিপো

 ইতেও প্রকাশিত হইয়াছে।
- ৪। বাদাবলীর তীকা—বাদাবলী জয়তীর্থাচাষ্য কৃত। এই বাদাবলী অবলম্বন করিয়াই ব্যাসরাজস্বামী তায়ামূত রচনা করেন। বাদাবলীর উপর রাঘবেক্রস্বামী টীকা প্রণয়ন করেন। সটীক বাদাবলী মধ্ববিলাস বৃক্তিপো হইতে প্রকাশিত হইয়াছে।
- শৃত্র হিল্প করা ইহা ঝগেদের প্রথম ৪০ হক্তের টীকা।
 মধ্ববিলাস বুক্ডিপো হইতে ইহা প্রকাশিত হইয়াছে।
 - ৬। তব্ৰসঞ্জী-এই গ্ৰন্থ মধ্বাচাৰ্য্য কৃত অনুভাষ্যের ব্যাখ্যা।

ইহ। অতি সরল ভাষায় লিখিত। মধ্ববিলাস বুক্ডিপো হইতে ইহা প্রকাশিত হইয়াছে।

- **৭। গীভাবিস্থতি—** এই গ্রন্থ ভগবদ্গীতার ব্যাখ্যা। বোম্বাই হইতে ইহা প্রকাশিত হইয়াছে।
- ৮। স্কশা, কভা, প্রশ্না, মুগুকা, ছালেনগায়, তৈতিরীয়া উপনিষ্ঠেলের থগুর্থি—এই সকল উপনিষ্টের ব্যাখ্যা মধ্ব-মতামুসারে করা হইয়াছে। বোষাই হইতে ইহা প্রকাশিত হইয়াছে।

রাঘবেন্দ্র স্বামীর গ্রন্থের ভাষা বেশ সরল। তাঁহার মতের কোনও বিশেষত্ব দেখা যায় না।

শ্রীনিবাস আচার্যা। (১)

[বিশিষ্টাদৈতবাদ---রামানুজ-দর্শন---সপ্তদশ শতাকী]

আচার্য্য শ্রীনিবাদ চণ্ডমাক্ষতকার মহাচার্য্যের শিশু। মহাচার্য্য আপনাকে বাধুলকুলের দন্তান বলিয়া পরিচয় দিয়াছেন। শ্রীনিবাদ স্বীয় প্রবন্ধ যতীন্ত্র-মতদীপিকার প্রত্যেক অবতার বা পরিচ্ছেদের সমাপ্তিতে আপনাকে মহাচার্য্যের শিশু বলিয়া পরিচয় দিয়াছেন—''ইতি শ্রীবাধুলকুলতিলক শ্রীমন্ মহাচার্য্য প্রথমদাদেন" ইত্যাদি। চণ্ডমাক্তকার মহাচার্য্য অর্থাৎ দোদ্দ্যাচার্য্য অপ্পয়দীক্ষিতের সমসাময়িক। সপ্তদশ শতান্দীর প্রথমভাগেও মহাচার্য্য বর্ত্তমান ছিলেন। শ্রীনিবাদও স্কৃতরাং সপ্তদশ শতান্দীর লোক ছিলেন।

শ্রীনিবাদের পিতার নাম গোবিন্দাচার্য্য। তিনি বোধ হয় বেঙ্কটেশ্বরের উপাসক ছিলেন।*

শ্রীনিবাস "যতীক্রমতদীপিকা বা যতি-পতি-মত-দীপিকা" নামক প্রকরণগ্রন্থ রচনা করিয়াছেন। ইহাতে রামান্থজ-মতের সারাংশ প্রদত্ত হইয়াছে।
গ্রন্থখনি অতি সরল ভাষায় লিখিত। যতীক্রমতদীপিকায় ১০টী অবতার বা
পরিছেদে। প্রথম অবতারে প্রত্যক্ষ, দিতীয়ে অন্থমান, তৃতীয়ে শব্দ, চতুর্থে
প্রমেয় পঞ্চমে কাল, যঠে নিত্যবিভৃতি, সপ্তমে ধর্মভৃত জ্ঞান, অইমে জীব,
নবমে ঈশ্বর, দশমে অদ্রব্য নিরূপিত হইয়াছে। যতীক্রমতদীপিকা ১৯০৭
খৃষ্টাব্দে বেনারস সংস্কৃত সিরিজে প্রকাশিত হইয়াছে। ইহাতে স্থচাক্রমপে
শৃষ্ট্রাব্দে বেনারস সংস্কৃত সিরিজে প্রকাশিত হইয়াছে। ইহাতে স্থচাক্রমপে
শৃষ্ট্রান্র সহিত রামান্থজাচার্য্যের মতের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইয়াছে।
শ্রীনিবাস যে সকল গ্রন্থ আলোচনা করিয়া যতীক্রমতদীপিকা প্রণয়ন করেন
ভাহার ভালিকাও দীপিকায় প্রদান করিয়াছেন। প এই ভালিকায় স্রাবিড

(যতীক্ৰসভদীপিক --- ১৬ পৃষ্ঠা B. S. Scries.)

^{*} শ্ৰীনিবাস লিখিয়াছেন,—

ভাষ্যের উল্লেখ আছে। সপ্তদশ শতাকীতেও দ্রাবিড্ভায় ছিল—ইহা তাহারই নিদর্শন। শ্রীনিবাস বিশিষ্টাদৈতবাদী। তাঁহার মতবাদে আর কোনও বিশেষত্ব নাই।

শ্রীনিবাসাচার্য্য (২)

[রামাকুজ-দর্শন—সপ্তদশ শতাকী]

এই শ্রীনিবাসাচার্য্যও রামান্ত্রজ্ঞ মতাবলমী। শঠমর্শণকুলে ইহার জনা। তিনি লক্ষ্য নামক রমণীব পাণি গ্রহণ করেন। অন্নয়াচার্য্য ও শ্রীনিবাস নামে ইহার ছই পুত্র জন্মে। ইহার। উভয়েই বিদান। শ্রীনিবাস আচার্য্য মধ্বাচার্য্যের মতে দোষ প্রদর্শনের জন্ম 'আনন্দ-ভারতম্য-খণ্ডন'' নামক প্রবন্ধ রচনা করেন। মধ্বমতাবলমী আচার্য্যগণের মতে দেবতা, মহন্ত্য ও মুক্ত-পুরুষগণের আনন্দের ভারতম্য আছে। পুরাণ প্রভৃতি শাস্ত্র ইহার সমর্থকরূপে তাহারা গ্রহণ করিয়াছেন। শ্রীনিবাসাচার্য্য শ্রুভিও যুক্তিবলে তাহাদের মত নিরসন করিয়াছেন। শ্রীনিবাসাচার্য্য সিদ্ধান্তরূপে বলিয়াছেন—পৌরাণিক বচনানিতৃক্তিবিরেরধাৎ পরম্যাম্য শ্রুভিবিরোধান্ত সালোক্যাদি মুক্তিপরাণি বা জীব্মুক্তিপরাণ্যুপাসনকালীনামুভবপরাণি বা নেয়ানীতান্ত্রত বিস্তরঃ।'' শ্রীনিবাসাচার্য্যের এই প্রবন্ধ মধ্বমত নিরসনেই নিয়োজিত। ''আনন্দ-ভারতম্য-থগুন" এখনও প্রকাশিত হয় নাই। *

ন্ত্রীনিবাস। (৩)

[বিশিষ্টাদ্বৈত সম্প্রদায়—সপ্রদশ শতাবদী]

এই শ্রীনিবাস, পূর্ব্বাক্ত ছিতীয় শ্রীনিবাসের পুত্র। শঠমর্বণকুলে ইহার জন্ম। এই কুলের অপর নাম শ্রীশেল। শ্রীনিবাসের অগ্রজের নাম অয়য়াচার্য্য, মাতার নাম লক্ষাধা। ইহার গুরুর নাম শ্রীনিবাস দীক্ষিত। শ্রীনিবাস দীক্ষিত ক্রিণিণ্ড গোত্রজ। শ্রীনিবাস তাহার জ্যেষ্ঠ লাতা অয়য়াচার্য্যের নিকটেও অধ্যয়ন করিয়াছিলেন। শ্রীনিবাস স্বক্ত "অরুণাধিকরণ-সর্বণ-বিবরণী" নামক প্রবন্ধের প্রারম্ভে স্থায় গুরু ও লাতার পরিচয় প্রদান করিয়াছেন। (১)

- * Madras G. O. M. L Catalogue. Vol X.No 4869 See Page 3657.
- (১) "কেভিন্ত শ্রীনিবাদাধ্বরিবগগুরুণা দৌলভা লভাভূম। । যজ জ্ঞাতং যত ধীতং যদগণিসহজাদ্যয়াধান্মখী(হে) ল্রাৎ ॥"

শ্রীনিবাদ মধ্বমতাবলম্বী ব্যাদতীর্থ বা ব্যাদরাজ স্বামীর পরবর্ত্তী। কারণ, তিনি ব্যাদতীর্থ ক্বত চন্দ্রিকার মত খণ্ডন করিবার জন্ম "ব্রহ্মস্ত্রের ব্যাখ্যা তত্বমার্ত্তাও" রচনা করেন। ব্যাদরাজ বোড়শ শতান্দীতে বর্ত্তমান ছিলেন। স্বতরাং শ্রীনিবাদ দপ্তদশ শতান্দীর শেষভাগে বর্ত্তমান থাকিবার একাস্ত দন্তারনা। শ্রীনিবাদ বহু প্রবন্ধ রচনা করিয়াছেন। তিনি "আনন্দ-তারতম্য-খণ্ডন"কার শ্রীনিবাদ তাতাচার্য্যের উপযুক্ত পুত্র। তিনি (শ্রীনিবাদ) "অরুণাধিকরণ-দরণি-বিবরণী" নামক এক প্রবন্ধ রচনা করেন। ব্রহ্মস্তব্রের আনন্দময়াধিকরণ দপ্তম্কে রামান্ত্রজাচার্য্য শহরে হইতে ভিন্নমন্ড পোষণ করিয়াছেন। এই অরুণাধিকরণের ব্যাখ্যা দপ্তম্কে আচার্য্যন্ত্র বিরোধী মত স্থাপন করিয়াছেন। শ্রীনিবাদ "অরুণাধিকরণ-দরণি-বিবরণীতে" রামান্ত্রজ্ব মতান্ত্রনারেই অনন্দময়াধিকরণের ব্যাখ্যা করিয়াছেন। (১)

তাহার অন্যতম প্রবন্ধ "ওঙ্কার-বাদার্থ"। এই প্রবন্ধে শ্রীনিবাস প্রমাণিত করিয়াছেন যে, প্রণব (ওঁকার) ব্রহ্মন্তরের "অথাতে। ব্রহ্মজিজ্ঞাসা"—এই স্বরের অন্তর্নিবিষ্ট নহে।। এই প্রকরণও ব্যাসতীর্থের চন্দ্রিকার মত খণ্ডনের জন্মই নিয়োজিত। চন্দ্রিকাকার ব্যাসতীর্থের মতে, প্রণব প্রথম স্বরের অন্তনিবিষ্ট। সেই মত নিরসনের জন্মই এই প্রবন্ধ রচিত হইয়াছে। গ্রন্থারজে প্রতিপান্থ বিষয়ের অবতারণ-প্রসঙ্গে চন্দ্রিকার বিষয় উল্লেখ করিয়াছেন।* গ্রন্থানি ব্যাসতীর্থের মত-খণ্ডনেই নিয়োজিত। শ্র্রানিবাসের অপর প্রবন্ধের নাম "জিজ্ঞাসা-দর্পণ।" এই প্রবন্ধে "অথাতে। বন্ধজিজ্ঞাসা" এই স্ববের "জিজ্ঞাসা" পদের সবিস্থারে আলোচনা করিয়াছেন। জিজ্ঞাসা শন্দের নানারূপ অর্থের অবতারণা করিয়া রামান্থজের পক্ষই সমর্থন করিয়াছেনে। গ্রন্থাছেনে

⁽³⁾ Madras. G. O. M Library Catalogue Vol X. No. 4866 See Page 3653.

য়য়ৢপি চেদং প্রকরণমুপ্যুক্তং চক্রিকা নিরাকরণে
 তদপি প্রথমপতে প্রণববদাগোতি কিং ন পার্থকাম।

^{†.} Madras. G. O. M. Library Catalouge Vol X. No 4871 See page 3659.

^{‡ &}quot;তত্ত্ৰজ্ঞিকাসাশব্দো মীমাংসাশব্দবিচারে রুচ ইতি কেচিং। প্রমিতিরূপ ফলেচ্ছারূপরা জিজ্ঞাসন্নার্থাদক্ষিপ্তো বিচার ইত্যপরে। ইচ্ছায়। ই্যামানপ্রধানত্বাদিব্যমানং জ্ঞানমিহ বিধীয়ত ইতি প্রীমন্তান্যকারাঃ।"

হয় নাই। (১)। শ্রীনিবাদ "জ্ঞানরত্ব-প্রকাশিকা" নামক অক্ত একথানি প্রকরণ গ্রন্থ রচনা করিয়াছেন। এই গ্রন্থে তিনি প্রতিপন্ন করিয়াছেন যে, উপাদনা ও ধ্যানবলেই মুক্তি হইতে পারে। অবৈতবাদীর মতে উপাদনা ও ধ্যান মুক্তির সহকারী কারণ মাত্র। কিন্তু রামান্তজের মতে উপাদনা ও ধ্যানই মুক্তির কারণ। শ্রীনিবাদ শ্রুতি ও যুক্তিবলে এই প্রবন্ধে রামান্ত্রজীয় দিদ্ধান্ত স্কুর্থাপিত করিয়াছেন। (২)

শ্রীনিবাসের অপর প্রবন্ধ "ণ্ডদর্পন"। এই প্রবন্ধে শ্রীনিবাস প্রমাণিত করিয়াছেন দে, নারায়ণ শব্দে "ণ্" এই পদাংশ থাকাতে নারায়ণ শব্দের শিবপর অর্থ হইতে পারে না। অর্থাৎ নারায়ণ শব্দে শিবকে ব্ঝাইতে পারে না। কেবল মাত্র বিষ্ণুকেই ব্ঝাইতে পারে। পরবর্তীকালে শ্রীনিবাসের এই প্রবন্ধের অন্ধরণে তিরুপ্পট্রকুলি রুষ্ণতাতাচার্য্য "ণ্ডচন্দ্রিকা" নামক এক প্রবন্ধ রচনা করিয়াছেন। "ণ্ডদর্পন" এখনও প্রকাশিত হয় নাই।* শ্রীনিবাস মধ্বমতাবলম্বী ব্যাসতীর্থের 'চন্দ্রিকা' টীকার নিরসন মানসেও রামান্তব্দের শ্রীভান্থের মত স্কৃঢ় ভাবে স্থাপন করিতে ব্রহ্মস্ত্রের এক ব্যাখ্যা প্রণয়ন করেন। এই ব্যাখ্যার নাম "তত্ত্বমার্ত্তাও" গ্রন্থারন্তেই তিনি লিখিয়াছেন যে চন্দ্রিকাকারের মত নিরসন করিতে এই প্রবন্ধ রচিত হইয়াছে। তিনি লিখিতেছেন—

প্রপত্তে তত্ত্বমার্ত্তাণ্ডং ধ্বান্তবিধ্বংসনং ভূভম্। যংপ্রভাবান্নিরস্তাভূচ্চক্রিক। মাধ্বজীবনী॥

"তত্ত্বমার্রাণ্ড" নামক স্থবিস্তৃত টীকা বোধহয় এখনও প্রকাশিত হয় নাই । প্রীনিবাদের অপরগ্রন্থ "বিরোধ-নিরোধ—ভাগ্যপাত্ত্কা"। ইহা অতি স্থবিস্থত নিবন্ধ এবং শ্রীভাগ্যের ব্যাখ্যাকল্পে বিরচিত। অবৈতবাদী আচার্য্যপণ শ্রীভাগ্যে যে সকল দোষ প্রদর্শন করিয়াছেন, সেই সকল খণ্ডন পূর্ব্বক রামান্ত্র্জ-মত স্থপ্রতিষ্ঠিত করিবার জন্মই এই নিবন্ধ লিখিত। "তত্ত্বমার্ত্তাণ্ড" যেমন মধ্বমত

- (5) Madras. G. O. M. L. Cat. Vol X. No 4883, See page 3672.
- (a) Madras. G. O. M. L. Cat. Vol X. No 4886 See page 3675.

^{*} Madras. G. O. M. L. Cat. Vol X.No. 4888, See page 3678.

^{† ,, ,, ,, ,, ,, ,, ,, 4894 ,, ,, 3688,}

নিরদনে নিয়োজিত, 'বিরোধ-নিরোধ—ভাষ্যপাত্কাও' সেইরপ অবৈত-মত নিরদনে নিয়োজিত। বিরোধ-নিরোধ এথনও প্রকাশিত হয় নাই। *
"নয়ত্মানি" নামক অপর একথানি প্রকরণ গ্রন্থও শ্রীনিবাদের বিরচিত বলিয়া অন্থািত হয়। কারণ, শ্রীনিবাদ "তত্ত্বমার্তাণ্ডের" দমাপ্তিতে লিথিয়াছেন—
"বিস্তরস্ত দিদ্ধান্তিকিয়ামণৌ, তট্টীকায়াং নয়ত্যুমণৌচাত্রাপি শরীর লক্ষণ নিরপণাবদারে বিশদম্পপাদ্যিয়ত ইতি দিক্।" এই প্রকরণগ্রন্থে রামান্তজাচার্য্যের দার্শনিক ও ধর্মমত বিশদভাবে বণিত আছে। নয়ত্যুমণি এখনও প্রকাশিত হয় নাই। প এই নিবন্ধে নিয়লিপিত প্রকরণ আছে:— •

> 1	শরীর লক্ষণম্	, ३।	কালনিরূপণম্
۱ ۶	স্বত ঃপ্রামাণ্যম্	201	প্রত্যক্ষ প্রমাণম্
)।	বাক্যার্থ প্রদীপঃ	22.1	অমুমান প্রমাণম্
8	অ ধিতাভিধান ম্	751	শাস্থনিরপণম্
a 1	শব্দস্বায়িত্বম্	201	উপমান প্রমাণম্
७।	শ্ৰুতিলিঙ্গাদিঃ	>81	অর্থাপত্তিঃ
9 1	যথাৰ্থগাতি তত্তম্	501	প্রনেষ নিরূপণম্
ы	উপোদ্যাত বিনির্গয়ং	1	

শ্রীনিবাদ এই দকল গ্রন্থ ব্যতীত দিদ্ধান্ত-চিন্তামণি ও তাহার টীকাও লিথিয়াছেন বলিয়া জানা যায়। স্থতরাং দার্শনিক গ্রন্থকার হিসাবে শ্রানিবাদ লক্ষপ্রতিষ্ঠ। "ওঁকার-বাদার্থ" নামক প্রবন্ধ শ্রীনিবাদ দেখাইয়াছেন যে, প্রণব প্রথম স্থত্বের (অথাতো ব্রদ্ধজ্জ্ঞাদা) জন্তনিবিষ্ট নহে। তিনি "প্রণব-দর্শন" নামক অপর এক প্রবন্ধ রচনা করিয়াছেন। এই প্রবন্ধেও তিনি প্রমাণিত করিয়াছেন যে, প্রণব ব্রদ্ধস্থতের অংশীভূত নহে। "প্রণব-দর্শন" এখনও

- * Madras. G. O. M. L. Cat. Vol X. No 4996 See page 3784.
- † Madras, G, O, M, Library Cat. Vol X. N) 4907 See page 3700. এম্বলে সমাপ্তিতে নিধা আছে—''মেঘনাদারি বিরচিতে'', বোধহয লেখকের প্রমাদ বশতঃ ঐরূপ নিধা আছে। কারণ, শীনিবাদ যেমন তত্ত্বমার্ত্তিতের সমাপ্তিতে নম্বত্তামনি স্বকৃত বলিয়া লিখিয়াছেন, সেইরূপ প্রারম্ভেও লিখিয়াছেন—

ভাষ্যার্শবমব্তীর্ণো বিস্তার্ণং বদবদং নয়ছামণো । সংক্ষিপ্য তৎপরোজিবি ক্ষিপ্য করোমিতোষণং বিষ্কৃষ্যামান প্রকাশিত হয় নাই। * শ্রীনিবাসের অপর প্রবন্ধ "ভেদ-দর্পণ"। এই প্রবন্ধে তিনি জীব ও ব্রন্ধের ভেদের নিত্যসিদ্ধতা স্থাপন করিয়াছেন। †। শ্রীনিবাস শতহ্ষণীর উপর "সহস্রকিরণী" নামক এক টীকা প্রণয়ন করেন। (#)

বুচ্চি বেস্কটাচার্য্য।

(রামানুজ-দর্শন-১৭শ শতাকী)

বৃদ্ধি : বিশ্বটাচার্য্য অন্নন্ন চার্য্যের তৃতীয় পুত্র। তিনি "বেদাস্তকারিকাবলী" নামক প্রান্ধ রচনা কানে। এই প্রবন্ধে বিশিষ্টাদৈতবাদের পদার্থ ও দিদ্ধান্ত গুলির সারাংশ প্রদত্ত হইয়াছে। প্রবন্ধখানি পছে লিখিত। এই প্রন্থ প্রথমও প্রকাশিত হয় ন.ই। (১) নিম্নলিখিত বিষয়গুলি ইহাতে আলোচিত হইয়াছে।

١ د	প্রত্যক্ষ প্রমাণ নিরূপণম্	. ৬।	নিত্যবিভৃতি নিরূপণম্
२।	অমুমান নিরূপণম্	9 1	বুদ্ধি নিরূপণম্
91	শব্দ প্রমাণ নিরূপণম্	b	জীব-স্বরূপ নিরূপণম্
8	প্রকৃতি নিরূপণম্	ا ھ	ঈশ্বর নিরূপণম্
¢ 1	কাল নিরূপণম্	> 1	গুণ নিরূপণম্

*. Madras. G. O. L. Cat. Vol X. No. 4932 See page 3726.

† " " " " " " No. 4980 " " 3767.

‡. " " " " No. 5044 " " 3821.

(5) No. 5005, " 3793.

ব্ৰজনাথ ভট্ট।

শুদ্ধবৈতবাদ।

1,

(বলভীয় দর্শন—১৭শ শতাব্দী)

ৰজনাথ ভট্ট বল্লভাচার্য্যের অণুভায়্যের "মরীচিকা" নামক বৃত্তি রচনা করেন। আচার্য্য বল্লভ স্বীয় ভাষ্যকে "ভাষ্যভাস্কর" আখ্যা দিয়াছেন। * এই ভাষ্যভাস্করের কিরণস্বরূপ ব্রজনাথ ভট্ট মরীচিকা বৃত্তি প্রণয়ন কবিয়াছেন।

গ্রন্থের সমাপ্তিতে লিথিয়াছেন যে সম্রাট জয়সিংহের আজ্ঞায় তিনি মরীচিকা বৃত্তি রচনা করেন। বল্লভাচার্য্যের পরে "জয়সিংহ" নামক কোনও সম্রাট ভারতের সিংহাসনে বসেন নাই। বোধহয় কোনও রাজস্তুকে ব্রজনাথ সম্রাট্রুপে নির্দেশ করিয়াছেন। ক

জয়সিংহ নামক কোনও ক্ষুদ্র দেশের রাজার আজ্ঞায় মুরীচিকা বৃত্তি বিরচিত হইবার সন্তাবনা। জয়সিংহ রাজপুতনার কোনও ক্ষুদ্র রাজ্যের রাজা হইতে পারেন: অজনাথের বৃত্তিতে অণ্ভায্যের টীকাকার গোস্বামী পুরুষোত্তমজী মহারাজের কোনও উল্লেখ নাই। কেবল মাত্রভারের প্রারস্তে বল্লভাচার্য্যের নমস্কার আছে—

নতা শ্রীবল্লভাচার্য্য পাদপদ্মযুগং সদা।
তদীয় ভাষ্যমার্গেণ ব্যাসস্থ্রায় ঈর্য্যতে॥

ব্রহ্ণনাথের বিশেষত্বও একটু আছে। বল্লভাচার্য। সম্প্রানায়ের অক্তান্ত গ্রন্থকারগণ বিট্ঠলনাথকে বন্দনা করিয়াছেন, কিন্তু ব্রহ্ণনাথের গ্রন্থে তাহার নামোল্লেথ নাই। পুরুষোত্তমদ্ধী মহারাদ্ধ অন্তাদশ শতান্দীতে বর্ত্তমান ছিলেন। ব্রহ্ণনাথ তাহা হইতে প্রাচীন বলিয়া অন্তমিত হন; স্থতরাং তাঁহার অবস্থিতিকাল সপ্তদশ শতান্দী বলিয়া সাব্যন্ত করা হইল। ব্রহ্ণনাথের বৃত্তি সংক্ষিপ্ত। শহরানন্দ বেমন শাহ্ণরভাষ্যের বৃত্তি "ব্রহ্মস্ত্রেদীপিকা" রচনা করিয়াছেন, ব্রদ্ধনাথের বৃত্তি মরীচিকাও সেইরূপ বল্লভের অণ্ভাষ্যের সংক্ষিপ্ত ব্যাথ্যা। অতি সরল ভাষায় বল্লভের অণ্ভাষ্যের তাৎপর্য্য ইহাতে বিক্তন্ত হইয়াছে।

ব্ৰজনাথ শুদ্ধবৈত্বাদী। তাহার মতের অক্স কোনও বিশেষত্ব দেখা যায় না। "মরীচিকা" ১৯০৫ খৃষ্টাব্দে কাশী চৌথাম্বা সংস্কৃত সিরিজে পণ্ডিত-প্রবর রত্নগোপাল ভট্ট মহোদয়ের সম্পাদনায় প্রকাশিত হইয়াছে।

^{*} ইহার প্রমাণস্বরূপ এই প্রস্থের ৬৬৬ পৃষ্ঠায় "নানামতধ্বাস্ত" ইত্যাদি শ্লোক দ্রষ্টবা।

সভাট শ্রিজয়শিংহাজ্ঞাং প্রাপ্য একনাথভট্টেন। অণুভাগ্য ভাকরক্ত মরীচিকেয়ং কৃতাময়তাং ॥''

সপ্তদশ শতাব্দীর উপসংহার।

সপ্তদশ শতাব্দীতে অদৈতমতের অন্ততম প্রধান আচার্য্য মধুস্থদনের আবির্তাবই স্মরণীয় ঘটনা। দৈতবাদী ও অদ্বৈতবাদীর বিচারযুদ্ধই এই শতাব্দীর বিশেষত্ব। কিন্তু তাহা হইলেও এই শতাব্দীর অন্ত হইতেই মৌলিকতা প্রায় নির্ব্বাপিত হইয়াছে। অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগেও দার্শনিকতা ছিল, কিন্তু অষ্টাদশের শেষভাগ হইতে কি যেন এক সম্মোহনে সমস্ত দার্শনিক-প্রাণ নির্জ্জীব হইয়া পড়িল। এই সময়ে মৌলিকতা এক প্রকার নির্ব্বাণোনুখ। সপ্তদশ শতাব্দীর শেষ হইতেই ইহার স্থানা হইয়াছে। প্রবল বড়ের পরে যেমন প্রকৃতি স্তব্ধ হয়, দেইরূপ মধুস্থদন, ব্রহ্ষানন্দ ও রামাচার্য্যের অন্তর্ধানের পরে দার্শনিক জীবন একরূপ স্তব্ধভাব ধারণ করিয়াছে। অষ্টাদশ শতাব্দীতে ত্ই একজন আচার্য্য ব্যতীত আর সকলের গ্রন্থই প্রায় মৌলিকতা পরিশৃত্য।

সপ্তদশ শতাব্দীতে হিন্দী সাহিত্যের অভ্যুদয় হয়। নাভাজী—ভক্তমাল. তুলদীদাস—রামায়ণ, বিহারী সংসইয়া প্রভৃতি গ্রন্থ বিরচন করেন। * সমাট্ আওরক্জেবের সময়ে মহারাষ্ট্রকুলভ্যণ শিবাজীর আবির্ভাব হয়, তাঁহার সময়ে মহারাষ্ট্র-সাহিত্যেরও অভ্যুদয় হয়। শিবাজীর গুরু রামদাস ''দাসবোধ" প্রভৃতি গ্রন্থ বিরচন করেন। এই সময়ে দেশীয় ভাষার উন্নতি সাধিত হইয়া জাতীয় জীবনের পুষ্টি সাধিত হইয়াছে। সমাট সাহজাহানের সময় পৃথিবীর মধ্যে সপ্তাশ্চর্য্য বস্তুর অক্ততম আশ্চর্য্য তাজমহল নির্দ্যিত হয়। অক্তদিকে এই সময়েই অবৈতবাদের তাজমহল মধুস্থদনের অত্লনীয় প্রতিভার অপূর্ব্ব ক্ষৃত্তিস্বরূপ অবৈতবিদিন্ধি বিরচিত হয়।

বিচারমল্লতাও এই শতাব্দীতে বেশ বৃদ্ধি পাইয়াছিল। অধৈতমতে প্রকরণ গ্রন্থ ও নানাবিধ টীকা প্রণীত হইয়াছে। টীকার মধ্যে ভাষারত্বপ্রভায় মৌলিকতা আছে। প্রকরণ গ্রন্থের মধ্যে 'বেদাস্ত-পরিভাষা' ও কাশ্মীরক সদানন্দের 'অধৈতব্রহ্মদিদ্ধি' উল্লেখযোগ্য। এই শতাব্দীতে রামাচার্য্যের অক্যাকীর্ত্তি 'তর্ব্বিদী' বিরচিত হইয়াছে। রামান্ত্রজ্জ-মতের এক শ্রীনিবাস ব্যতীত অন্ত কোন উল্লেখযোগ্য আচার্য্যের আবির্ভাব এ সময়ে হয় নাই।

^{*} তুলসীদাস সংবৎ ১৬৩১ অর্থাৎ ১৫৭৪ খুষ্টাব্দে রামারণ রচনা করিয়াছিলেন।

অফাদশ শতাব্দীর উপক্রম।

মন্ত্রাদশ শতাব্দীর রাজনৈতিক গগন মেঘাচ্চন্ন। ১৭০৭ খুষ্টাব্দে আওরক্ষেবের মৃত্যুতে মোগল-দান্রাজ্য বিচ্যুতকেন্দ্র হইয়া পড়িল। মোগল দ্রাট্গণের ত্বলিতায় ভারতে তিনটা শক্তির আবির্ভাব হইল। প্রথম দেশীয় মহারাষ্ট্র শক্তি, দ্বিতীয় ও তৃতীয় বিদেশী ইংরাজ ও ফরাসী শক্তি। মহারাষ্ট্র শক্তি, দ্বিতীয় ও তৃতীয় বিদেশী ইংরাজ ও ফরাসী শক্তি। মহারাষ্ট্র ও ফরাসীশক্তি পরাভূত হইলে ইংরাজ ভারতের সিংহাসন অ ধকার করিয়া স্থ্রতিষ্ঠিত হইল। পলাশীর ক্ষেত্রে ভারতের ভাগ্য নিণীত হইয়া মৃসল-মানের স্বাধীনতা-স্বর্গ্য অস্তমিত হইল।

অষ্টাদশ শতাব্দীর রাজনৈতিক জীবন, দার্শনিক জীবনকেও কতকটা পরিমাণে বিত্রন্ত করিয়াছে। এই শতাব্দীতে মৌলিকতার ক্ষৃত্তি সবিশেষ হয় নাই। কেবলমাত্র নিম্বার্কমতে ও গৌড়ীয় বৈষ্ণব মতে তুইজন আচার্য্য আবিভূতি হইয়া উত্তরভারতে জ্ঞানের দীপ প্রজ্ঞালিত রাথিয়াছিলেন। নিম্বার্ক মতে বিশ্বনাথ চক্রবর্তী ও গৌড়ীয় মতে বলদেব বিছাভূষণ, এই তুইজন আচার্য্যের আবিভাবে এই তুই মতের বলাধনে হইয়াছে। বোধ হয় বলদেবের ভায়ে মনীয়া গৌড়ীয় বৈষ্ণব সম্প্রান্যে আর কাহারও নাই।

অহৈতবাদী আচার্য্যগণের মধ্যে সদাশিব ব্রশ্বেন্দ্র স্থানী, আয়ন্ত্রদীক্ষিত ও আচ্যুত কৃষ্ণানন্দর নাম উল্লেখযোগ্য। অচ্যুত কৃষ্ণানন্দ টীকাকার ও সদাশিব বৃত্তিকার, কিন্তু আয়ন্ত্রদীক্ষিতের মৌলিকত। আছে। এই মতে মহাদেবানন্দ "ব্রন্ধাত্বাহুসন্ধান" নামক প্রকরণ ও তদ্ব্যাখ্যা "অহৈতচিন্তাকৌস্তভ" রচনা করেন।

বল্লভীয় মতে টীকাকার গোস্বামী পুরুষোত্তমন্ধী মহারাজের অবির্ভাব একটা বিশেষ ঘটনা। এই শতাব্দী কেবল টীকার যুগ। বলদেব বিচ্চাভূষণ 'গোবিন্দ-ভাষ্য' রচনা করিয়া এই শতাব্দীর মৃথ রক্ষা করিয়াছেন ও বঙ্গদেশের মূখ উজ্জল করিয়াছেন। বঙ্গদেশের বৈদান্তিক আচার্য্যগণের মধ্যে তিনজনের নাম উল্লেখযোগ্য। বাচম্পতি মিশ্র, মধুস্থানন সরস্বতী ও বলদেব বিচ্ছাভূষণ। বাচম্পতি মিথিলার লোক হইলেও মিথিলা তথন বঙ্গদেশের অস্তর্ভুক্তইছিল। এক শাসনাধীনে বাচম্পতি ও মধুস্থান অহৈতবাদের প্রধানতম আচার্য্য। আর বলদেব গোড়ীয় মতের অচিন্তা ভেদাভেদবাদের প্রধানতম আচার্য্য।

ইংরাজ রাজ্য পত্তন হইলে, অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগে গ্রন্থাদির প্রচার আরম্ভ হইয়াছে। ইংরাজ রাজত্বের অন্তম প্রধান স্থান লাহিত্যের প্রচার। মৃদ্রায়ন্ত্রের প্রচারের ফলে সাহিত্যের বেশ প্রসার হইল। কলিকাতায় ১৭৮৪ খুষ্টাব্দে এশিয়াটিক সোসাইটী স্থাপিত হয়। এশিয়াটিক সোসাইটির প্রচেষ্টায় নানাবিধ গ্রন্থ মৃদ্রিত ও প্রকাশিত হইয়াছে ও হইতেছে।

সরকারের প্রচেষ্টায় বহু এই সংগৃষ্টীত ইইয়া পুস্তকালয়ে সমত্নে সংরক্ষিত ইইয়াছে। সরকারের যে পুণা-প্রচেষ্টা অষ্টাদশ শতান্দীতে আরম্ভ হয়, উনবিংশ শতান্দীতে তাহা সর্ব্যতামুখী হইয়া সর্বপ্রকার সাহিত্যের প্রচার সাধন করিয়াছে। সরকারের এই উৎসাহ সবিশেষ প্রশংসনীয়। শাস্তপ্রচার ও সংরক্ষণকার্যো ইংরাজ রাজত্বে থেরূপ স্থবন্দোবস্ত ইইয়াছে তাহার জ্ব্যত দেশবাসীর সর্বাদা ক্রত্ত্র থাকা উচিৎ।

অষ্টাদশ শতাকী হইতে মেলিকতার অবসান হইলেও প্রচারের সৌকর্য্য হইয়াছে। গ্রন্থাদির বহুল প্রচারের সাধারণের ভিতরেও দার্শনিক চর্চার ফুর্ত্তি হইয়াছে। গ্রন্থ প্রচারের ফলেই উনবিংশ শতাকীতে বঙ্গদেশে ব্রাহ্মসমাজ ও "কর্ণেল অলকট্" (Col Olcott) সংস্থাপিত থিওস্ফিক্যাল সোসাইটা (Theosophycal Society) প্রভৃতির পত্তন হইয়াছে।

গ্রন্থ প্রচারের অন্য স্থান ইউরোপে ভারতীয় সাহিত্যের সমাদর। ভারতীয় দর্শন ইউরোপীয় দর্শনকে প্রভাবিত করিয়াছে। প্রাচীনকালে ভারতীয় দার্শনিক চিন্তা ধ্যেন শীক্চিন্তাকে প্রভাবিত করিয়াছে, সেইরূপ ভারতীয়গ্রন্থ প্রচারের ফলেও উনবিংশ শতাদ্ধীতে দার্শনিক সোপেনহৌর (Schopenhour) ভন হার্টম্যান প্রভৃতি ভারতীয় দার্শনিক চিন্তার প্রভাবে প্রভাবিত হইয়াছেন।

আচাৰ্য্য বেদেশ ভীৰ্থ।

[দৈতবাদ–স্বতন্ত্রাস্বতন্ত্রবাদ]

(পূর্ণপ্রজ্ঞ-দর্শন-১৮শ শতাব্দী)

আচার্য্য বেদেশ তীর্থ মধ্বমতাবলম্বী ও জয়তীর্থাচার্য্যের টীকার বৃত্তিকার। জয়তীর্থ 'তরোদ্যোত' টীকা প্রণয়ন করেন, আব বেদেশতীর্থ ইহার উপরে বৃত্তি বিরচন করেন। এই 'তত্বোদ্যোত' টীকার উপর তিনটী বৃত্তি রচিত হইয়াছে। প্রথম রাঘবেন্দ্র স্থামীর বৃত্তি, দ্বিতীয় বেদেশতীর্থের বৃত্তি, তৃতীয় শ্রীনিবাসতীর্থের বৃত্তি। বেদেশতীর্থ শ্রীনিবাসের পূর্ব্ববর্তী। বেদেশ অত্যন্ত হরিভক্ত ছিলেন। শ্রীনিবাস ভাষামৃতের বৃত্তির প্রারম্ভে তাঁহাকে বন্দনা করিয়াছেন। *

বেদেশতীর্থ পদার্থকৌমুদী, তত্ত্বোদ্যোত টীকার বৃত্তি, কঠোপনিষদ্ বৃত্তি, কেন উপনিষদ্-বৃত্তি এবং ছান্দোগ্য উপনিষদ্ প্রভৃতির বৃত্তি রচনা করেন। পদার্থ-কৌমুদী এখনও প্রকাশিত হয় নাই। তত্ত্বোদ্যোত টীকার বৃত্তি, উপনিষৎত্রয়ের বৃত্তি মধ্ববিলাস বৃক্তিপো মান্দ্রাক্ত হইতে প্রকাশিত হইয়াছে। বেদেশতীর্থের মতবাদ মধ্বাচার্য্যেই অন্তর্ম্যপ— অন্ত কোনও বিশেষত্ব নাই।

বেদব্যাসাভিসংজাতং সদাহরি পদাশ্রম্ ।
 পদার্থকোম্দীযুক্তং বেদেশেন্দুমহং ভক্তে ।।

আচাৰ্য্য শ্ৰীনবাস তীৰ্থ।

(পূর্ণপ্রজ্ঞ-দর্শন -- ১৮শ শতাব্দী)

ব্যাসরাজ প্রণীত যে ক্যায়ামৃত আছে শ্রীনিবাস তীর্থ তাহার বৃত্তিকার। ইনি বেদেশ তীর্থের পরবর্ত্তী। উভয়ে বোধংয় অল্প কয়েক বৎসরের ব্যবধান। শ্রীনিবাস ক্যায়ামৃতের বৃত্তির প্রারম্ভে বেদেশকে বন্দনা করিয়াছেন। কিন্তু শ্রীনিবাসের বিভাগুরু যাদবাচার্যা। ক্যায়ামৃতের বৃত্তির প্রারম্ভে শ্রীনিবাস শ্রীয় গুরুর সম্বন্ধে লিথিয়াছেন—

শ্ৰীমল্লায়স্থায়া থৈভাব: সম্যক্ প্ৰদৰ্শিত:।
তান্ বন্দে যাদবাচাধ্যান্ সদাবিতাগুলনহম্॥

বোধহয় এই যাদবাচার্য্য জয়তীর্থাচার্য্যক্ত ব্রহ্মস্থবের টীক। "ভায়স্থধার" উপর কোনও বিবৃতি রচনা করিয়াছেন। এই বিবৃতি এখনও প্রকাশিত হয় নাই। যাদবাচার্য্যের নিকট শ্রীনিবাস বিভা শিক্ষা করেন এবং তাঁহারই অন্তর্গ্রহে ভায়ামৃতের ভায় প্রমেয়বছল গ্রন্থের বৃত্তি রচনা করিয়াছেন। তিনি এই বিষয়ে নিজেই লিথিয়াছেন---

অথ তৎক্রপয়া ক্যায়ামৃতক্ষেদং প্রকাশনম্। ক্রিয়তে শ্রীনিবাসেন গুরু শিক্ষাস্ক্সারতঃ॥

শ্রীনিবানের দীক্ষাগুরু যাদবাচার্য্য বা যত্পতি আচার্য্য। তিনি আপনাকে যত্পতি আচার্য্যের শিশু বলিয়া পরিচয় দিয়াছেন।* যাদবাচার্য্যই এই যত্পতি আচার্য্য।

শীনিবাস ন্যায়ামৃতের বৃত্তি "ন্যায়ামৃত-প্রকাশ," তত্তােছােত টীকার বৃত্তি, ক্লফামৃতমহার্ণবের টীকা, তৈত্তিরীয় উপনিষং ও মাঞ্ক্য উপনিষদের বৃত্তি রচনা করিয়াছেন। এই সকল বৃত্তি ও টীকা মধ্ববিলাস বৃক্তিপাে হইতে প্রকাশিত হইয়াছে।

মতবাদে **এ**নিবাস মধ্ব-মতকেই অমুসরণ করিয়াছেন; স্থতরাং ইনিও স্বতন্ত্রাস্বতন্ত্রবাদা। মধ্বাচার্য্যের মত তৎপ্রণীত সকল গ্রন্থেই প্রপঞ্চিত হইয়াছে। ক

প্রত্যেক পরিচেছদের সমাথিতে লিখিরাছেন—''ইতি শীমদ্ বছপতি আচার্য্য প্রাপাদারাধক
 শীনিবাসেন বিরচিতে স্থারায়তপ্রকাশে' ইত্যাদি।

[🕇] अज्ञ अरे अर्छत ००२ — ०८७ भृष्ठी अहेता।

সাচার্যা অচ্যুত কৃষ্ণানন্দ তীর্থ।

অবৈতবাদ ৷

(শান্ধরদর্শন-১৭শ শতাকী)

কৃষ্ণানন্দতীর্থ অপ্লয়দীক্ষিতের সিদ্ধান্তলেশের টীকাকার। ইহার টীকার নাম "কৃষ্ণালম্বার"। ইনি ছায়াবল নিবাসী স্প্রাসিদ্ধ স্বয়ংপ্রকাশানন্দ সরস্বতীর নিকট বিভাশিক্ষা করেন। কৃষ্ণানন্দ কাবেবী নদীর তীরে নীলকণ্ঠেশ্বরম্ নামক স্থানে আবিভূতি হন। স্বীয়গুরু স্বয়ংপ্রকাশানন্দ সম্বন্ধে কৃষ্ণালম্বারের প্রারম্ভে লিথিয়াছেন—

প্রকাশিতং ব্রহ্মতত্বং প্রকৃষ্ট গুণশালিনম্।
প্রণবস্থাপদেষ্টারং প্রণমাম্যানিশং গুরুম্ ॥
বোমে বিশ্বেরক্ষেত্রং বিশ্বেরসমোগুরু:।
সমধ্যান্তে স্বয়ংক্যোতির গিনংজ্ঞো ভঙ্গামি তম্ ॥
বস্তা শিষ্য প্রশিষ্যান্তিঃ ব্যাপ্তেয়ং সাম্প্রতং মহী।
সর্বজ্ঞ প্রবান্তস্তা চরগৌ সংশ্রমে সদা।

"ষয়ংক্যোতির্বাণীসংজ্ঞঃ" অর্থে ষয়ংপ্রকাশানন্দ সরস্বতী। "ষয়ং-প্রকাশানন্দের শিশ্য প্রশিশ্যগণ তথন প্রশিদ্ধিলাভ করিয়াছিলেন। "ব্রহ্ম-তথামুসদ্ধান"ও তট্টীকা অধৈতিচিস্তাকৌস্তভকার নহাদেব সরস্বতীও "ষয়ং প্রকাশানন্দ সরস্বতীর শিশ্য। আর স্বয়ংপ্রকাশানন্দ বোধহয় অধৈতানন্দ সরস্বতীর শিশ্য ছিলেন। কারণ, কৃষ্ণালঙ্কারে দেখা যায় কৃষ্ণানন্দ স্বীয় গুরু হইতেও তাঁহাকে অধিকতর সন্মান দিয়াছেন—

গুরোরপি গরীয়ান্মে য: কলাভিরলক্কত:।

অবৈতানন্দ বাণ্যাখ্যক্তং বন্দে শমবারিধিম ॥

কৃষণানন্দ শ্রীকৃষ্ণের ভক্ত ছিলেন। কৃষণালন্ধার নামটিও কৃষ্ণভক্তিরই পরিচায়ক। কৃষণালন্ধারের প্রারম্ভে শ্রীকৃষ্ণের বন্দনা ও পরিসমাপ্তিতে শ্রীকৃষ্ণেই গ্রন্থ অর্পিত হইয়াছে দেখা যায়।*

কৃষ্ণানন্দ তৈত্তিরীয় উপনিষদের শাঙ্করভাষ্যের উপর "বন্মালা" নামক টীকা প্রণয়ন করেন। এই "বন্মালা" নামাকরণও কৃষ্ণভক্তিরই পরিচায়ক।

কৃষ্ণানন্দ প্রণীত দিদ্ধান্তলেশের টীকা কৃষ্ণালন্ধার সহ শাস্ত্রসিদ্ধান্তলেশ ১৮৯৪ খৃষ্টান্দে কৃষ্ণকোনাম শ্রীবিভা প্রেস হইতে অবৈতমঞ্জরী দিরিজে প্রকাশিত হইয়াছে। কাশী চৌথান্বা সংস্কৃত দিরিজেও ইহা প্রকাশিত হইয়াছে।

তৈত্তিরীয় উপনিষদের ভাষ্যের টীকা 'বন্মালা' শ্রীরঙ্গম্ বাণীবিলাস প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।

কৃষ্ণানন্দ অবৈতবাদী। কৃষ্ণালম্বার টীকায় তিনি অসাধারণ কৃতিত্বের পরিচর দিয়াছেন। অবৈতশাস্ত্রে তাঁহার ব্যুৎপত্তি প্রকট, এত পাণ্ডিত্য সম্বেও তিনি নিরভিমান। কৃষ্ণালম্বার বাধ্যার প্রারম্ভে তিনি লিধিয়াছেন—

> আচার্য্য চরণদ্বন্দ্ব স্মৃতি: লেথকরূপিণম্। মাং কৃত্বা কুরুতে ব্যাখ্যাং নাহমত্রপ্রভূর্যত:॥

অর্থাৎ আচার্য্যের পাদপন্মন্বয়ের স্মৃতিই আমাকে লেখকরূপে রাখিয়া সমস্ত ব্যাখ্যা করিয়াছে; স্থতরাং আমি এই ব্যাখ্যার প্রভুনহি। ক্রফানন্দের হৃদয়ের উদারতা ইহাতে বেশ স্থপরিস্ট। সিদ্ধান্তলেশের ন্যায় গ্রন্থের টীকা রচনা করায় তাঁহার দার্শনিক স্ক্রাদৃষ্টির পরিচয় পাওয়া যায়।

"শ্রীকৃষ্ণচরণদ্বন্ধং প্রণিপত্য নিবন্ধনম্।
 ব্যাকৃর্ব্বে শান্ত্রসিদ্ধান্তলেশসংগ্রহ সংজ্ঞিতম্।।"
 (কুষ্ণানদ্বার—আরম্ভল্লোক)

"শ্ৰীকক্ষচরণঘন্দে স্মৰ্ভ ণাং মঙ্গলপ্ৰদে। যোগিখ্যের কৃতিরিরমলকারার্থমর্পিতা। শ্ৰীকৃক্ষং মনসা ধ্যাতা শ্ৰীকৃক্ষং সংগ্রণম্য চ। ব্যাখ্যাতোহরং পরিচ্ছেদঃ শ্ৰীকৃক্ষ পরিভূষ্টরে।।''

আচার্য্য মহাদেব সরস্বতী।

(শান্ধরদর্শন--- ১৮শ শতাকী)

মহাদেব সরস্বতী স্বয়ংপ্রকাশানন্দ সরস্বতীর শিষ্য। মহাদেব "তথায়-সন্ধান" নামক একথানি প্রকরণগ্রন্থ রচনা করিয়। নিজেই ইহার উপর "অবৈতিচিস্তাকৌস্তভ" নামক টীকা প্রণয়ন করেন। 'তথামুসন্ধানের' প্রারম্ভে স্বীয় গুরু স্বয়ংপ্রকাশানন্দ সরস্বতীকে বন্দনা করিয়াছেন—

ব্রহ্মাহং যৎ প্রসাদেন ময়ি বিশ্বং প্রকল্পিতম্। শ্রীমৎ স্বয়ংপ্রকাশাখ্যং প্রনৌমি জগতাং গুরুম্॥

"তত্বাহ্নসন্ধান" অতি সরল ভাষায় লিখিত। টীকাটী অতি বিশদভাবে তাৎপর্য্য প্রকাশ করিয়াছে। "তত্বাহ্নসন্ধানে" অতি সহজভাবে বেদান্তের প্রতিপাত্য সকল বিষয় আলোচিত হইয়াছে। চারিটা পরিচ্ছেদে গ্রন্থখানি সম্পূর্ণ। অবৈতবাদে যে সকল প্রকরণগ্রন্থ আছে, তাহার মধ্যে এইখানি বোধহয় সর্বাপেক্ষা সহজ। ভাষার কাঠিত নাই, অথচ বেদান্তের স্বারসিক ভাৎপর্য্য ইহাতে বেশ বিক্তন্ত হইয়াছে।

অবৈতচিস্তাকৌন্তভ সহ "তত্বাহুসন্ধান" কলিকাতা এশিয়াটিক সোসাইটী হইতে ১৯০১ খৃষ্টান্দে প্রকাশিত হইতে আরম্ভ হইয়া ১৯০৬ খৃষ্টান্দ পর্যান্ত থণ্ড প্রকাশিত হইয়াছে। বাকী অংশ এখনও অপ্রকাশিত, ইহা ছঃখের বিষয়।

'ওত্বান্সন্ধান' বেনারস সংস্কৃত সিরিজে ১৯০৬ গৃষ্টাব্দে পণ্ডিতপ্রবর রামশাস্ত্রী তেলান্ধ মহোদয়ের সম্পাদনায় প্রকাশিত হইয়াছে। কিন্তু ইহাতে 'অবৈতিচিন্তাকৌন্তভ' নাই।

মহাদেব অবৈতবাদী। তিনি তত্তামুসন্ধানের প্রারম্ভে ও সমাপ্তিতে তিনটা স্নোকেই সমন্ত প্রতিপাছ বিষয়ের সারমর্ম প্রদান করিয়াছেন—

দেহোনাহং শ্রোত্ত বাগাদিক।নি নাহং বুদ্ধিন হিমধ্যাসমূলম। নাহং সত্যানন্দরপশ্চিদাত্মা মায়াসাকী কৃষ্ণ এবাহ্মন্মি।"

(প্রারম্ভ-শ্লোক)

"পরমন্থপয়োধৌ মগ্নচিত্তোমহেশং र्तिविधिच्त्रम्थान् तिभकः तिर्माखम्। ৰগদপি ন বিজ্ঞানে পূৰ্ণ সত্যাত্ম সংবিৎ স্থতস্বহমাত্মা সর্বসংসারশৃষ্ঠ: ॥ যতুকুলবররত্বম্ কুষ্ণমন্তাংশ্চ দেবান্ মহজ পশুমুগাদীন বান্ধণাদীরজানে। পরমন্থপসমুদ্রে মজ্জনাত্তরয়োইহং গলিতনিখিলভেদ: সভাবোধৈকরপ: ""

(সমাপ্তি-শ্লোক)

এই কয়েকটা লোকেই অবৈতবাদের পারমাথিক তাৎপর্য নির্ণীত হইয়াছে। কবিতাগুলিও প্রসাদগুণ-সম্পন্ন। তত্তামুসদ্ধান গতে লিখিত। এই গ্রন্থে কোনও মৌলিকতা না থাকিলেও বেশ সরলভাবে সকল বিষয় সন্ধিবেশিত হইয়াছে।

আচার্য্য সদাশিবেন্দ্র সরস্বতী।

(শাঙ্করদর্শন-১৮শ শতাব্দীর প্রথমভাগ)

সদাশিবেক্ত সরস্বতীর অপর নাম দদাশিবেক্ত ব্রাহ্মণ। সাধারণতঃ তিনি সদাশিব ব্রাহ্মণ নামেই পরিচিত ছিলেন। তিনি একজন অসাধারণ যোগী-পুরুষ ছিলেন। তাঁহার জীবনের ইতিবৃত্ত দক্ষিণভারতে প্রায় সকলের মুখেই শুনিতে পাওয়া যায়। তিনি অষ্টাদশ শতাব্দীর প্রারম্ভে বর্ত্তমান করুর (karur) নামক নগরের নিকটে জন্মগ্রহণ করেন।

সদাশিব ছাত্রজীবনে অতি চতুর ও কৃতী ছিলেন। তিনি তাঞ্জোর জিলার অন্তঃপাতী তিরুবিদানাল্লর (Tiruevisanallur) নামক গ্রামে থাকিয়া অধ্যয়ন করিতেন। সদাশিবের ছাত্রজীবনে "জানকী-পরিণয়" নাটককার—রামভদ্রদীক্ষিত, দায়শতক ও অক্ষরষ্ঠী প্রভৃতি প্রবন্ধের গ্রন্থকার—শ্রীবেস্কটেশ, এবং মহাভাগ্রের টীকাকার—গোপালকৃষ্ণ প্রভৃতি তাহার সমসাময়িক ছিলেন। শ্রীবেস্কটেশের চরিত্রের মাধুর্য্যে তাহাকে সকলেই সাধুপুরুষ বলিয়া পরবর্ত্তীকালে সম্মান করিয়াছেন। দক্ষিণভারতে এখনও তিনি তাঁহার সর্বজনপরিচিত "আয়বল" (Ajyaoal) নামে সম্মানিত হন। তৎকৃত অক্ষয়ষ্ঠিও দায়শতকে কবিত্ব ও ভাব পরিস্কৃট। গোপালকৃষ্ণ শাস্ত্রী "মহাভাগ্রম্" এই উপাধিতে পরিচিত ছিলেন। গোপালকৃষ্ণ শোস্ত্রণ (Paduka) নামক স্থানের তোঁড়াথানদিগের দীক্ষাগুরু হইয়াছিলেন।

সদাশিব ছাত্রজীবনে তাকিক ছিলেন। অধ্যাপকের সহিত প্রায়ই তাঁহার বিচার চলিত। ছাত্রজীবনের শেষসময়ে তাঁহার স্ত্রী বয়:প্রাপ্তা হন। এই উপলক্ষে সদাশিবের মাতা নিমন্ত্রণের আয়োজন করেন। সদাশিব গুরুগৃহ হউতে ফিরিয়া আসিয়া আহারের জক্ত প্রতীক্ষা করিলেন। নিমন্ত্রিত লোকজনের আসিতে বিলম্ব হইল। ইহাতে সদাশিবের মনে হইল—"বিবাহিত জীবনের আরম্ভেই যথন এইরূপ, তথন না জানি পরে আরপ্ত কত কি হইবে?" এইরূপ ভাবিতে ভাবিতে তাঁহার বৈরাগ্যের সঞ্চার হইল। তিনি শ্রীগুরুর পদাশ্রয়ের জক্ত বাস্ত হইয়া পরিলেন। সাংসারিক স্থাদিতে বিস্ক্রন দিলেন। দরিজের জক্ত তাঁহার হৃদয় সর্বাদা করুণায় পূর্ণ থাকিত। ক্রমে তিনি গুহুস্থাক্ষম

ত্যাগ করিলেন। জাতিধর্ম নির্বিশেষে সকলকে ভালবাসিতে লাগিলেন।
যিনি যাহা দিতেন, তিনি তাহাই সাদরে গ্রহণ করিতেন। কোনওরূপ
জাতি বা সাম্প্রদায়িক বিচার তাঁহার ছিল না। যেদিন কোনপ্রকার থাত
আসিত না, সেদিন পথিমধ্যে পরিত্যক্ত উচ্ছিষ্ট সংগ্রহ করিয়া থাইতেন।
অনেকে তাঁহাকে পাগল মনে করিত। কারণ, তাঁহার অস্তর্নিহিত মাহাত্ম্য
অনেকের নিকট অবিদিত ছিল।

অইরপে কিছুকাল অতিবাহিত হইলে, পরমশিবেন্দ্র সরস্বতীর সহিত তাঁহার সাক্ষাৎ হয় ও তাঁহার পদাশ্রম লাভ করেন। তাঁহার নিকট দীক্ষিত হইয়া যোগের সাধন আরম্ভ করেন। তিনি অধ্যয়নে যেরপ রুতিত্ব প্রদর্শন করিয়াছেন, যোগেও সেইরপ রুতী হন। এই সাধনাবস্থায় তিনি কীর্ত্তনের পদাবলী রচনা করেন। এই কীর্ত্তনের পদগুলি বড়ই উপাদেয়। শ্রীরঙ্গম্ বাণীবিলাস প্রেস হইতে এই সঙ্গীতগুলি প্রকাশিত হইয়াছে। এই সঙ্গীতগুলি প্রসাদপ্তণ-সম্পন্ন। ভাবের প্রদার্য্য ও ভাষার মাধুর্য্যে ইহা অতুলনীয়। এই সঙ্গীতগুলিতে তাঁহার তৎকালীন জীবনের ও চিন্তার চিত্র প্রকট। যোগের পথে কিছুদ্র অগ্রসর হইলে তিনি আত্মোপলির সম্বন্ধে অতি মনোজ্ঞ কবিতা রচনা করেন। এই কবিতাই "আত্মবিদ্যাবিদ্যাস"। ইহা ২২টী শ্লোকে সম্পূর্ণ। শ্রীরঙ্গম বাণীবিলাস প্রেস হইতে ইহা মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। এই প্রবন্ধে আত্মোপলির যাহার হইয়াছে—এরপ যোগীর বর্ণনা আছে। ইন্দ্রিয় জন্ম, দক্ষজ্ব, সর্বাভূতে সমদশিতা এবং আত্মানন্দের বিলাস অতি স্থচান্ধরণে বর্ণিত। এইরূপ জীবনই তাঁহার আদর্শ। এই আদর্শলাভের আকাজ্ঞাও এই কবিতায় প্রকাশিত। পরে তাঁহার আদর্শ। এই আদর্শলাভের আকাজ্ঞাও এই কবিতায় প্রকাশিত। পরে তাঁহার আকাজ্ঞা পূর্ণও হইয়াছিল।

জনপ্রবাদ এইরপ যে সদাশিব অনেককে বিচারযুদ্ধে পরাজিত করিতেন।
যাহারা তাঁহার গুরুর নিকট আগমন করিত, তাহাদিগকে কভকগুলি প্রশ্ন
করিয়া বিব্রত করিতেন। একদিন সেই সকল লোক, তাঁহার গুরুদেব পরমশিবেন্দ্র সরস্বতীর নিকট ঐ সকল নিবেদন করিল। তাহাতে তিনি স্বীয় শিষা
সদাশিবকে বিরক্তির সহিত বলিলেন—''কবে তুমি নিজের মুথ বন্ধ করিতে
শিখিবে?'' তথন সদাশিব নিজের অপরাধ ব্বিতে পারিয়া, গুরুর চরণ ধারণ
করতঃ ক্ষমা প্রার্থনা করিলেন এবং চিরজীবনের জন্ম মৌনত্রত অবলম্বন
প্র্বেক গুরুর নিকট হইতে বহির্গত হইলেন। জীবনের আদর্শ পরিপ্রণই
এখন তাহার ব্রত হইল।

ইহার পর হইতে প্র্যাটনই তাঁহার কার্য্য হইল। কোথায়ও তেমন অবস্থান করিছেন না। একদিন তিনি কোনও ক্ষেত্রের আলির উপর মন্তক রাখিয়া লায়িত ছিলেন। রুষকগণ পথে যাইতে যাইতে তাঁহাকে তদবস্থ দেখিয়া একটু উপহাসচ্ছলে বলিল—"বাঁহারা সংসারত্যাগী তাঁহাদেরও মন্তক রক্ষার জন্ম উপাধানের দরকার হয়।" তৎপর দিন রুষকদল পুনরায় সেই স্থলে সদাশিবকে দেখিতে পাইল, কিন্তু আজু আরু মাধাটি আলির উপরে নাই। তাহাক্তে তাহারা বলিতে লাগিল,—'হায়! সর্ব্বত্যাগী সন্ম্যাসীরও দেখিতেছি নিন্দার তম্ম আছে।" এই ঘটনার কিছুদিন পরে শ্রীবেষটেশের নিকট বর্ণিত হয় এবং কথিত আছে যে, তিনি নিয়ােদ্ধত কবিতায় স্বীয় মন্তব্য প্রকাশ করিয়াছিলেন—

তৃণতুলিতাখিলজগতাং করতলকলিতাখিলরহস্তানাম্। শ্লাঘাবাবরধূটী ঘট দাসতং স্ত্রনিরসম্।

ইহার তাৎপর্য্য এই—যাঁহারা সংসারকে তৃণজ্ঞান করিয়াছেন, যাঁহারা সকল রহস্ম অবগত হইয়াছেন, তাঁহাদেরও সমালোচনার অতীত হওয়া বড়ই কটকর। সদাশিব ক্রমে যৌবনের লীলাভূমি ত্যাগ করিয়া ক্ইম্বাটোর (Coimbatore) জিলার অন্তঃপাতী অমরাবতী ও কাবেরী নদীর তীরে দিন অতিবাহিত করিতে লাগিলেন। অনেক সময় উন্মত্তের ত্যায় বিচরণ করিতেন; সদাশিবের অবস্থা শুনিয়া তাঁহার গুরুও আক্ষেপ করতঃ বলিতেন—"হায়! আমার ঐরপ অবস্থা হইলে রুতার্থ হইতাম।"

কথনও সদাশিব নদীর তীরে বালুকার উপর শয়ান থাকিতেন। একদিন হঠাৎ নদীতে "বান" আসিলে ঐ 'বানে' সদাশিব ভাসিয়া চলিলেন। নিকটে যাহারা ছিল, তাহারা যোগীকে রক্ষা করিতে পারিল না। কাবেরী নদীর তীরে কোডমুড়ির (kodumudee) সল্লিকটে এই ঘটনা হয়। তিন মাস্পরে যথন পাবনের হ্রাস হইল, তথন গ্রামের কর্মচারীবর্গ বাঁধ বারি জন্ম নদীর চড়ায় উপস্থিত হইল। কাজ করিতে করিতে কোনও মজুরের কোলালে যোগীর দেহ কোলালীবদ্ধ হইল। তথন কোলালে রক্তের দাগ দেখিতে পাইয়া স্বত্মে চতুর্দিক খুঁড়িয়া যোগীকে বাহির করা হইল। তথন দেখা গেল—এই যোগীই সেই সদাশিব। কিছুক্রণ পরে সমাধি ভঙ্গ হওয়ায় সদাশিব তথা হইতে প্রস্থান করিলেন।

সদাশিবের জীবনে এক্কপ ঘটনা বিস্তর আছে। তিনি একজন সিদ্ধপুরুষ ছিলেন। একই সময়ে তিনি তুই তিন স্থানে দৃষ্ট হইতেন। কোনও সময়ে এক বন্ধচারী তাঁহার নিকট শ্রীরঙ্গমের মূর্ত্তি দেখিতে চান। তৎপরে ঐ বন্ধচারী একদিন চক্ষু মৃদিয়া দেখিতে পাইলেন—তিনি রঙ্গনাথের মন্দিরে দাঁড়াইয়া আরতি দেখিতেছেন। এই বন্ধচারী শেষে সদাশিবের মন্ত্রশিষ্য হন। পরে বন্ধচারী, পুরাণশান্তে বৃহৎপন্ন হইলেন এবং কথকতার জন্ম স্থপ্রসিদ্ধ হওয়াতে অনেক ভূদপত্তিও লাভ করিয়াছিলেন। নেরুরের (Nerur) নিকটে এখনও ভাহার উত্তরাধিকারী সেই সম্পত্তি ভোগ করিতেছেন।

দদাশিবের জীবনে এরূপ অত্যাশ্চর্যা ঘটনার অন্ত নাই। : १৩৮ খুষ্টাব্দে দদাশিব পত্রকোটার (Padlukota) নিকটবর্ত্তী 'তিরুবরঙ্গুলম্' নামক জনপদের নিকটবর্ত্তী বনে বিচরণ করিতেছিলেন। তথায় পত্রকোটার শাসনকর্ত্ত। বিজয় রঘুনাথ টোড়ামলের সহিত (১৭৩০-১৭৬৯) সাক্ষাৎ হয়। বিজয়রঘুনাথের অপর নাম শিবজ্ঞান পুরম্দোরাই। বিজয়রঘুনাথ ভক্তিভরে যোগী সদাশিবকে প্রণাম করতঃ উপবেশন করেন। সদাশিব প্রীত হইয়া বালুকার উপরে কতকগুলি উপদেশ লিথিয়া দেন। তাহাতে তাঁহার সতীর্থ গোপালরুষ্ণ শান্ত্রী মহাশয়ের উল্লেখন্ত ছিল। গোপালরুষ্ণ তথন ত্রিচিনাপলী জিলার ভিক্ষণদারকৈল (Bhikshandarkoila) নামক স্থানে বাস করিতেন। ১৭৯৮ খুষ্টাব্দে তাঁহাকে রাজসভায় নিমন্ত্রণ করা হয় এবং বহু সম্পত্তি তাঁহাকে প্রদত্ত হয়। ১৭৬৮ খুষ্টাব্দের তামশাসন এখনও বিভ্যমান। পত্রকোটার রাজ-প্রাসাদের মন্দিরের দশহরার উৎসব এবং দক্ষিণামূর্ত্তির পূজা সদাশিব-প্রবৃত্তিত নিয়মান্ত্রসারে হইয়া থাকে। যে বালুকার উপরে সদাশিব লিথিয়া ছিলেন, তাহাও রাজ-প্রাসাদের মন্দিরে স্বত্ত্বে রক্ষিত হইয়াছে। এই সময় হুইতেই পত্রকোটা-রাজের শ্রীবৃদ্ধি আরম্ভ হয়।

শুন। যায় সদাশিব ইউরোপীয় তুরস্কদেশ পর্যাস্ত ভ্রমণ করিয়াছিলেন। নেরুরের নিকট তাহার সমাধি অভাপি বর্ত্তমান আছে।

সদাশিব অনেক প্রবন্ধ রচনা করেন, তাঁহার অনেকই এখন পাওয়া যায় না। তাঁহার বিরচিত "ব্রহ্মস্ত্র-বৃত্তিই" প্রধান। ইহাতে অতি সরল ভাষায় ব্রহ্মস্ত্রের তাৎপর্য্য সন্নিবেশিত হইয়াছে; পূর্ববেশক ও সিদ্ধান্ত উভয়ই অতি দক্ষতার সহিত নির্ণয় করিয়াছেন। শাঙ্করভাষ্য পাঠেচছুর পক্ষে এই বৃত্তি বিশেষ উপযোগী। সকলের পক্ষেই ব্রহ্মস্ত্র-বৃত্তি সহজ্বোধ্য। এই বৃত্তির নাম "ব্রহ্মতন্ত্ব-প্রকাশিকা।" এই বৃত্তিতে শাঙ্করমত প্রপঞ্চিত হইয়াছে। "ব্রহ্মতন্ত্ব-প্রকাশিকা" ১৯০৯ খৃষ্টাব্দে শ্রীরঙ্গম্ বাণীবিশাস প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।

তিনি দাদশথানি উপনিষদের দীপিকা রচনা করিয়াছেন। এই দীপিকা এখনও প্রকাশিত হয় নাই। ইহা ভিন্ন 'আত্মবিজাবিলাস,' 'সিদ্ধান্তকল্পবলী' 'অদ্বৈত্তরসমঞ্জরী' প্রভৃতি বেদান্তের সংক্ষিপ্ত প্রবন্ধ তাঁহার রচিত।

- (১) আত্মবিক্তা-বিক্লাস—ইগতে যোগীর অবস্থা বণিত হইয়াছে। ইহাতে ৬২টা শ্লোক আছে। আর্থ্যাচ্ছন্দে ইহা লিখিত। শ্রীরঙ্গম বাণী বিলাস প্রেস হইতে এই প্রবন্ধ প্রকাশিত হইয়াছে।
- (২) কবিতাকপ্লবজ্লী—এই কবিতায় অপ্লয়দীক্ষিতের 'সিদ্ধান্ত লেশসংগ্রহের' তাৎপর্য্য প্রদত্ত হইয়াছে। ইহার উপর "কেশবাবলী" নামক টীকা আছে। এই প্রবন্ধও বাণীবিলাস প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।
- (৩) তালৈত বস- ন কেরী—এই প্রবন্ধে অবৈত্মত প্রপঞ্চিত হইয়াছে। ৪৫টা শ্লোকে ইহা সম্পূর্ণ। অবৈত্মতের সারতত্ব অতি সংক্ষেপে ইহাতে বিবৃত হইয়াছে। কাঁহারও কাঁহারও মতে এই প্রবন্ধ সদাশিবের শিষ্য নল্লদীক্ষিত বিরচিত। ইহা সঙ্গত মনে হয় না। এই প্রবন্ধ সদাশিবের রচিত বলিয়াই মনে হয়।

এতদ্ব্যতীত তাহার রচিত অনেকগুলি কীর্ত্তন আছে। তাহাও বাণীবিলাস প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।

সদাশিব যোগস্ত্তের উপরেও এক বৃত্তি রচনা করিয়াছেন। এই বৃত্তির নাম "যোগস্থাসার" এই বৃত্তিও শ্রীরঙ্গম্ বাণীবিলাস প্রেস হইতে প্রকাশিত হইয়াছে।

সদাশিব অবৈতবাদী। তাঁহার মতের কোনও বিশেষত্ব নাই। সদাশিবের জীবন বাস্তবিকই সিদ্ধজীবন। তৎপ্রণীত গ্রন্থেও তাহার সিদ্ধজীবনের আভাস পাওয়া যায়। তাহার সকল গ্রন্থই বেশ সরল, কবিতাগুলি প্রসাদগুণ-সম্পন্ন, মধুর ও প্রাণস্পর্শী।

আচার্য্য আয়ন্নদীক্ষিত।

(শান্ধরদর্শন-১৮শ শতাকী)

আয়ন্ত্রদীক্ষিত শ্রীবেষটেশের শিষ্য। আয়ন্ত্রদীক্ষিত ''ব্যাসতাৎপর্য্যনির্ণয়" নামক প্রবন্ধ রচনা করেন। এই গ্রন্থের প্রারম্ভে তিনি স্বীয় গুরুর পরিচয় প্রদান করিয়াছেন, যথা—

> যদ্বীক্ষাথিললোককি বিষতমন্ধাণ্ডস্য চণ্ডত্যুতিঃ মৃর্তির্যস্থাবিরক্তিভক্তি ভগবছোধাপ্ররোহাবনিঃ। ব্রহ্মানন্দস্ক্রাব্যিমন্থনগিরির্যস্যোপদেশক্রম-স্তামে শ্রীধরবেন্ধটেশগুরবে কুর্বে প্রণামাযুত্ম॥

শ্রীবেষটেশ সদাশিবেন্দ্রের সমসাময়িক ও সতীর্থ। বেষ্টেশ "অক্ষয়ষ্টি" ও "দায়শতক" প্রভৃতি প্রবন্ধের রচয়িতা। স্থতরাং আয়ন্ত্রদীক্ষিত সদাশিবেন্দ্রের সমসাময়িক, কিন্তু বয়সে নবীন। অষ্টাদশ শতাব্দী ইহার স্থিতিকাল।

আয়ন্ত্রদীক্ষিত "ব্যাসতাৎপর্যানিণর" নামক প্রবন্ধে ব্যাসদেবের অভিমত নির্ণয় করিয়াছেন। এই প্রবন্ধ ১৯১০ খৃষ্টান্দে শ্রীরঙ্গম বাণীবিলাস প্রেস হইতে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। এই প্রবন্ধে তুইটা পরিচ্ছেদ আছে। প্রথম পরিচ্ছেদে ব্যাসদেব-কৃত ব্রহ্মস্ত্রের তাৎপর্যা অছৈত কি ছৈতপর, তাহা নির্ণীত হইয়াছে। প্রথমে আপত্তি তুলিলেন—য়খন আচার্য্য শঙ্কর, শ্রীকণ্ঠ, রামাস্কুজ, মধ্ব, বল্লভ প্রভৃতি আচার্য্যগণ ভিন্ন ভিন্ন ব্যাখ্যা করিয়াছেন, তখন কাহার মত ব্যাসদেবের অভিপ্রেত হইবে? ইহারা ত সকলেই বিদ্বান্, মণীয়াসম্পন্ন ও শাস্ত্রদর্শী ? ইহারা ত সকলেই স্ব সিদ্ধান্ত ব্যাসের অভিপ্রেত বলিয়া সাব্যস্ত করিয়াছেন ? এমতাবস্থায় প্রকৃত তাৎপর্য্য কি ?

আচার্য্য শহরের মতে জীব ও ব্রন্মের স্বাভাবিক ও পারমার্থিক অভিন্নতা, ভেদ উপাধিক। ভট্টভাস্করের মতে—জীব ও ব্রন্মের অভেদ স্বাভাবিক ও পারমার্থিক, ভেদ উপাধিক হইলেও পারমার্থিক। যাদবপ্রকাশের মতে— জীব ও ব্রন্মের ভেদাভেদ স্বাভাবিক। শ্রীকণ্ঠ ও রামায়জের মতে—জীব ও ব্রন্ম ভিন্ন। ইংহারা উভয়েই বিশিষ্টাবৈতবাদী। শ্রীকণ্ঠ শিববিশিষ্টাবৈতবাদী

এবং রামামুজ বিষ্ণুবিশিষ্টাবৈতবাদী। মধ্বাচায্যের মতে—জীব ও ব্রন্ধের ভেদ স্বাভাবিক। এখন কাঁহার মত ব্যাদের অমুমোদিত, শ্রুতি ও যুক্তিবলে ইহা নির্ণয় করা অসম্ভব। কারণ ইহারা সকলেই শ্রুতির অমুসরণ করিয়াছেন এবং সকল ভাষ্যকারই উপক্রম, উপসংহারাদির যুক্তিবলে সিদ্ধান্ত নির্ণয় করিয়াছেন। তাহা হইলে কি প্রকারে ব্যাসদেবের আভমত নির্ণয় করা সম্ভব ? এ বিষয়ে আয়ন্ত্রদীক্ষিত এক অভিনব উপায় উদ্ভাবন করিলেন, তিনি দেখাইলেন যে, পাশুপতশান্ত্র, সাংখ্য, পাতঞ্জল, ত্যায়, বৈশেষিক ও মীমাংসা-দর্শনে—বাাদের মত খণ্ডনের প্রচেষ্টা আছে। সর্ব্বত্রই ব্যাদের মত অদ্বৈত্রপর বলিয়া গ্রহণ করিয়া খণ্ডন করা হইয়াহে। পুরাণ প্রভৃতিতেও অধৈতমত উপনিষদের মত বলিয়া গ্রহণ করা হইয়াছে এবং কপিল, কনাদ প্রভৃতিও যে সে মতের অন্থমোদন করেন নাই—তাহাও পুরাণে বণিত আছে। কপিল, গৌতম প্রভৃতি সাধারণলোকের বুদ্ধি পরিমাজ্জিত করিবার জন্ম প্রথমতঃ দৈতবাদের ব্যবস্থা দিয়াছেন, কিন্তু অদৈতবাদই তাঁহাদের অভিপ্রেত। গীতা, যাজ্ঞবন্ধাশ্বতি, বিফুপুরাণ, ভাগবত প্রভৃতি শ্বতি ও পুরাণেও অদৈত-মতই ব্যাদের অভিমত বলিয়। নির্ণীত আছে। সিদ্ধান্তে আয়ন্নদীক্ষিত বলিতেছেন—"তস্মাৎ দকলশ্রতিস্ত্রস্বতীতিহাসপুরাণাগমতন্ত্রাণাং ব্যাসাভি-মতকেবলাদৈতএব তাৎপ্য্যাস্থাবধারিতত্বেন তাদৃশাদৈতমেব প্রমার্থ ইতি निक्रम्।"

বাস্তবিক এস্থলে তিনি এক অভিনব উপায় উদ্ভাবন করিয়াছেন। যথন
অক্সান্ত দার্শনিকগণ ব্যাদের নত খণ্ডন প্রদক্ষে অবৈতবাদের অম্বাদ করিয়া উহা
খণ্ডন করিয়াছেন, তথন অবৈতই যে ব্রহ্মস্তের তাংপর্য্য তদ্বিষয়ে সন্দেহ
করিবার কারণ নাই। রামান্ত্রজ্ঞ আচায্য, শন্ধর আচার্য্য। অবতার বলিতে
তৎতৎ সম্প্রদায় রামান্ত্রজ্ঞের অবতার বলেন, মধ্বকেও অবতার বলেন;
আবার শন্ধরকেও মহাদেবের অবতার বলা হয়; স্কতরাং এ বিষয়ে কোনও
পৃথক্ত নাই। ব্যাদের অভিমতান্ত্রসারে ব্যাখ্যা করিতেছেন—ইহা সকল
পক্ষই অঙ্গীকার করিয়াছেন, স্কতরাং আয়ন্ত্রদীক্ষত অন্ত্রত এই নৃতন পদ্বাদী
বাস্তবিকই তাঁহার মৌলিক গবেষণার নিদর্শন। নানা গ্রন্থ হইতে বছ
উদ্ধৃতবাক্য প্রয়োগ করিয়া প্রবন্ধের প্রামাণিকতা আরও স্থৃত্ করিয়াছেন।
এই প্রবন্ধ প্রকাশিত করিয়া বাণীবিলাদ প্রেদ সর্ব্বদাধারণের ধন্তবাদার্হ
হইয়াছেন। এই প্রবন্ধের উপাদেয়তার তুলনায় মূল্য অতি কম হইয়াছে।

'ব্যাসতাৎপর্যানির্ণয়ের' দিতীয় অধ্যায়ে শৈব ও বৈষ্ণবমতের তুলনা করিয়াছেন। শৈবগণ বলেন শিব বড়—"শিবতুরীয় ব্রহ্ম" আবার বৈষ্ণবগণ বলেন বিষ্ণু বড়,— বিষ্ণুই 'পুরুষোভ্রম,' শিব প্রভৃতি তাঁহার অধীন। কেহ কেহ বলেন, অপ্লয়দীক্ষিত তৎক্বত শিবতত্ত্ব-বিবেকাদি গ্রন্থে ব্রহ্মা, শিব ও বিষ্ণু অপেক্ষা তুরীয় শিবের ব্যবহারাধিক্য বর্ণন করিয়াছেন। আয়য়দীক্ষিতের মতে এরপ ধারণা ভ্রমাত্মক। তিনি বলেন—অপ্লয়দীক্ষিতও শিব, বিষ্ণু প্রভৃতিকে সগুণব্রহ্মা বিন্মাই নির্দেশ করিয়াছেন এবং শিব ও বিষ্ণুকে অভিন্ন বলিয়াই তিনি অঙ্গীকার করিয়াছেন। এই প্রবহ্মেও দীক্ষিতের গ্রন্থ হইতে দীক্ষিতের মতবাদ প্রপঞ্চিত করিবার জন্ম বহুবাক্য উদ্ধৃত হইয়াছে। শ্রুতি ও প্রাণাদির বাক্য হইতেও আয়য়দীক্ষিত শিব ও বিষ্ণুর সগুণত্ব নির্ণয় করিয়াছেন। তাঁহার সিদ্ধান্ত এই—

"তৃস্মাদ্ ব্যাসাভিমত কেবলাদৈতরপ সচিদাননাথণ্ড নির্বিশেষপরব্রহ্মণ এব মায়োপহিতামূর্ত্তরপেণ জগজ্জনাদিকারণত্তরপেণ ব্রহ্মাবিফুরুজন্তরাম-রুষ্ণাদিরপেণ চ মুম্কৃপাশ্ভতং তংপ্রাসাদাদেব ব্রহ্মজ্ঞান প্রাপ্তিশ্চেতি সর্ববং রমনীয়ম্।"

আয়য়দীক্ষিত এরপ নিরপেক্ষভাবে বিচার করিয়াছেন যে, তাহা বাস্তবিকই প্রসংসার্হ। তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য এই প্রবন্ধে স্থবাক্ত। বিষয়ের শৃঙ্খলায়, ভাষার প্রাঞ্জলত্বে প্রবন্ধধানি বড়ই উপাদেয়। তৎকৃত অন্ত কোনও প্রবন্ধ আছে কি না জানা যায় না, কিন্তু এই একথানি ক্ষুদ্র প্রবন্ধই তাঁহার স্ক্ষেব্দির পরিচয় যথেষ্ট পাওয়া যায়। আমাদের মতে এই গ্রন্থখনি সকলেরই পাঠ করা উচিত।

গোসামী পুরুষোত্তমজী মহারাজ।

(বল্লভীয় দর্শন-১৮শ শতাকী)

পুরুষোত্তমজী মহারাজ বল্লভ-মতাবস্থী। তিনি বিট্ঠলনাথ দীক্ষিতের পুত্র বালক্ষের বংশধর। বিট্ঠলনাথ বল্লভচার্য্যের পুত্র আর বালক্ষ্ণ বিট্ঠলের পুত্র। পুরুষোত্তম বালকৃষ্ণ হইতে সংখ্যাগণনায় পর্ক্ষমপুরুষ। পুরুষোত্তম অষ্টাদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন বলিয়াই অমুমিত হয়। পুরুষোত্তম অমুভাষ্যের টীকাকার। স্থদর্শনাচার্য্য যেমন শ্রীভাষ্যের ও জয়তীর্থ যেমন মধ্বভাষ্যের টীকাকার, পুরুষোত্তমও তেমন বল্লভীয় অমুভাষ্যের টীকাকার।

পুরুষোত্তমের পিতার নাম পীতাম্বর ও পিতামহের নাম যত্পতি। যত্-পতির পিতা ব্রজরাজ ও ব্রজরাজের পিতা বালকৃষ্ণ। পুরুষোত্তম "ভাষ্য-প্রকাশ" নামক অফ্লাষ্যের টীকায় পিতা ও পিতামহাদির পরিচয় দিয়াছেন। * অফ্লাষ্যসহ "ভাষ্যপ্রকাশ" টীকা ১৯০৭ খুটান্দে বেনার্য সংস্কৃত সিরিজে প্রকাশিত হইরাছে। 'ভাষ্যপ্রকাশের' একটু বিশেষত্ব আছে। আচার্য্য শঙ্কর, ভাস্কর, রামান্ত্রজ, নিম্বার্ক, মন্দ্র, বিজ্ঞানভিক্ষ্ প্রভৃতি আচার্য্যগণের মতবাদ অফ্রাদ করিয়া খণ্ডন করিবার প্রচেষ্টা ইহাতে আছে; স্ক্তরাং পুরুষোত্তমের টীকায় এই সকল আচার্য্যের মতবাদের সার্মন্ম পাওছা যাইতে পারে।

তৎপুত্রান্ সহ সমুভির্নিজগুরান্ শীকুঞ্চক্রাহ্বয়ান্।

ভক্তা নৌমি পিতামহং বছপতিং তাতং চ পীতাশ্বয়ম্।

বন্দে চ ব্রজয়ালময়য়মিণিং বদ্রোচিবামাদৃশো
২প্যাসীয় প্লিক্পাপরং প্রভুবরং শীবালকৃঞ্চঃ য়য়য়্॥ ৭

(অমুভাষ্য ২ পৃষ্ঠা)



পুরুষোত্তম বিট্ঠলনাথ প্রণীত "বিষমগুনের" উপর "স্থবর্ণস্ত্ত" নামক টীকা রচনা করিয়াছেন। 'বিষমগুনে' মায়াবাদ খগুনের প্রচেষ্টা আছে। স্থবর্ণস্ত্ত্তেও পুরুষোত্তম শান্ধরমত খগুনে যথেষ্ট চেষ্টা করিয়াছেন। এই নিবন্ধ বেনারস সন্ধৃত দিরিজে প্রকাশিত হইয়াছে।

পুরুষোত্তম "প্রস্থানরত্বাকর" নামক একপানি প্রবন্ধ রচন। করিয়াছেন। এই প্রবন্ধ কাশী চৌথায়া সংস্কৃত সিরিজ হইতে প্রকাশিত হইয়াছে।

মতবাদে পুরুষোত্তম শুদ্ধবিতবাদী বল্লভাচার্য্যেরই অন্তর্মণ। তাঁহার মতে অন্ত কোনও বিশেষত্ব নাই।

শ্ৰীনিবাদ দীক্ষিত। বিশিষ্টাইন্বভবাদ (১৮শ শতাকী)

শীনিবাস দীক্ষিতের পিতার নাম শীনিবাস তাতার্য এবং পিতামহের নাম অন্নয়াচার্য্য। অন্নয়াচার্য্য "তত্ত্বমার্ত্তাণ্ড" প্রভৃতি গ্রন্থের গ্রন্থকার শীনিবাসের অগ্রন্ধ আতা। সপ্তদশ শতাব্দীতে উভয়ে বর্ত্তমান ছিলেন; স্থতরাং শীনিবাসদীক্ষিত সপ্তদশের শেষ হইতে অষ্টাদশ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন। শীনিবাসদীক্ষিত "বিরোধ-বর্ক্তথিনা-প্রমাথিনী" নামক এক প্রবন্ধ রচনা করেন। এই প্রবন্ধ রামান্ত্রভাচার্য্যের শীভাগ্যের ও শীনিবাসের "বিরোধ-নিরোধের" মতরকা করিবার জন্ম রচিত। গ্রন্থ্যানি এখনও প্রকাশিত হইযাছে কি নাজানা যায় না। *

^{*} Madras. G. O. M. L. Catalogue Vol X. No. 4998 See page 3786.

আচার্যা বিশ্বনাথ চক্রবর্তী।

দৈভাৱৈভবাদ

(নিম্বার্ক-দর্শন-->৮শ শতাকী)

বিশ্বনাথ চক্রবর্ত্তী ১৬৩৬ শকাকায় অর্থাৎ ১৭১৪ খৃষ্টাকে বর্ত্তমান ছিলেন। স্থতরাং তাঁহার অবস্থিতিকাল অষ্টাদশ শতাকী। গৌড়ীয় সতের ভাষ্যকার বলদেব বিশ্বাভ্ষণ বিশ্বনাথ চক্রবর্ত্তীর শিষাত্ব গ্রহণ করিয়াছিলেন। বিশ্বনাথ নিম্বার্ক মতাবলম্বী ছিলেন। তৎক্রত ভাগ্যতের টীকাই নিম্বার্ক সম্প্রদায়ের প্রামাণিক ব্যাখ্যা। অক্রৈত্তমতে 'শ্রীধরী' রামাক্তক সম্প্রদায়ে "বীররাঘবীয়," মধ্বসম্প্রদায়ে "বিজয়ধ্বজী," বল্পভীয় সম্প্রদায়ে "স্ববোধিনী" এবং গৌড়ীয় সম্প্রদায়ে "ক্রমসন্দর্ভ" যেমন প্রামাণিক, নিম্বার্ক সম্প্রদায়ে চক্রবর্ত্তীর টীকাও দেইরূপ প্রামাণিক।

বিশ্বানাথ গীতার উপরেও এক টীকা প্রণয়ন করিয়াছেন। তিনি তদ্গ্রন্থে জীব গোস্বামীর মত খণ্ডন করায় বৃন্দাবনের রাধাদামোদরের মন্দিরে বিশ্বনাথের গ্রন্থ প্রবেশ করিতে দেওয়া হয় না। দার্শনিকতা সাম্প্রদায়িকতার ক্ষুম্র গণ্ডীর পীড়নে এখন এইরূপ হইয়া পরিয়াছে!

বিশ্বনাথের ভাগবতের টীকা বৃন্দাবনের বনমালী রায় মহাশয়ের ভাগবতের সংস্করণে প্রকাশিত হইয়াছে। গীতাব টীকাও কলিকাতা দামোদর মুখো-পাধ্যায়ের গীতার সংস্করণে প্রকাশিত হইয়াছে।

বিশ্বনাথ বৈতাবৈতবাদী। নিম্নার্ক স্থামীর মত হইতে তাঁহার মতের কোনও পৃথকত্ব নাই। বিশ্বনাথ চক্রবর্ত্তীর জন্মস্থান বঙ্গদেশ। আচার্য্য বিশ্বনাথ চক্রবর্ত্তী ও বলদেব বিভাভ্ষণের তিরোভাবের পর তাদৃশ প্রতিভাসম্পন্ন পণ্ডিত আর বৈষ্ণব সম্প্রদায়কে গৌরবান্থিত করেন নাই।

আচাৰ্য্য বলদেব বিছাভূষণ।

অচিন্ত্য ভেদাভেদবাদ

(গৌড়ীয় বৈষ্ণবমত—১৮শ শতাকী)

শ্রীমদ্ বলদেব বিভাভ্ষণ গৌড়ীয় বৈষ্ণব মতের ভাষ্যকার। গৌড়ীয় মতের প্রবর্ত্তক শ্রীচৈতভাদেব কোনও গ্রন্থ রচনা করেন নাই। শ্রীনিত্যানন্দেরও কোন গ্রন্থ নাই। শ্রীরূপ, স্নাতন ও শ্রীক্ষীব গোস্বামীত্রয় নানাবিধ প্রবন্ধ রচনা করিলেও ব্রহ্মস্ত্রের কোনও ব্যাখ্যা তাঁহারা রচনা করেন নাই। রূপ ও স্নাতন ভক্তিবাদের ব্যাখ্যা করিয়াছেন। জীব গোস্বামী দার্শনিক-ভিত্তিতে অচিস্ত্যভেদাভেদবাদ স্থাপন করিয়াছেন। বলদেব বিভাভ্ষণ বোধহয় এই তিনজন গোস্বামীর পদাক্ষান্থ্যরণ করিয়া স্বীয় ভাষ্য রচনা করিয়াছেন ও তাঁহাদের গ্রন্থ হইতেই অচিস্ত্যভেদাভেদবাদের আস্বাদ পাইয়াছেন। তাঁহাদের গ্রন্থ বলদেবের গোবিন্দভাষ্যের মূল উপাদান।

বন্ধদেশে বলদেবের জন্ম হয়। তিনি রসিকানন্দের শিষ্যপরস্পরায় চতুর্থ অধস্তন পুরুষ। রসিকানন্দ শ্রামানন্দের শিষ্য। বলদেবের গুরুর নাম রাধাদামোদর। বলদেব শেষজীবনে বৃন্দাবনে গমন করিয়া বিশ্বনাথ চক্রবর্তীর শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন। বলদেব পীতাম্বর দাসের নিকটেও শাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন।

বলদেব ব্রহ্মন্থরের উপর "গোবিন্দভাষ্য" প্রণয়ন করেন। প্রীচৈতক্সদেব মধ্বাচার্য্যের ভাষ্যকেই স্বীয় সম্প্রদায়ের ভাষ্য বলিয়া অঙ্কীকার করিয়াছিলেন, এইরূপ প্রবাদ আছে। স্বতরাং গোড়ীয় বৈষ্ণবমতের কোনও সাম্প্রদায়িক ভাষ্য ছিল না। বলদেব বিচ্ছাভূষণ জনৈক পণ্ডিতের সহিত বিচার করেন। বিচারের পরে পণ্ডিত জিজ্ঞাসা করিলেন—'আপনি যে মত ব্যক্ত করিতেছেন, তাহা কোন্ সম্প্রদায়ের ভাষ্যের অস্থুমোদিত'? ঐরপ কোনও ভাষ্য না থাকায় একমাসের মধ্যে বলদেব ভগ্বান্ গোবিন্দদেবের স্বপ্রাদেশে ভাষ্য রচনা করেন। গোবিন্দের আদেশ পাইয়া ভাষ্য রচনা করেন বলিয়া স্বীয় ভাষ্যের "গোবিন্দভাষ্য" নামাকরণ করেন। একমাসের মধ্যে এই ভাষ্য রচিত হইয়াছিল—এরণ জ্বনপ্রবাদ আছে। এই প্রবাদের মূলে সত্য থাকারই সম্ভাবনা।

্বলদেব বিভাভ্ষণ বৈষ্ণব সম্প্রদায়ে স্থারিচিত ছিলেন। ইনি সীয় চরিত্র ও পাণ্ডিত্যবলে সকলের নিকট সম্মানিত হইয়াছিলেন। বিভাভ্ষণ মহাশয় এই গোবিন্দভাষ্য ভিন্ন আরও করেকথানি উৎকৃষ্ট প্রবন্ধ রচনা করিয়াছেন। তাঁহার রচিত গ্রন্থসকলের মধ্যে সিদ্ধান্তরত্ব বা ভাষ্যপীঠক, প্রমেয়-রত্নাবলী, বেদান্ত-স্যমন্তক, গীতাভাষ্য ও দশোপনিষদ্ভাষ্যই স্থাসিদ্ধ। তবাবলীটীকা ও সংস্থাম-ভাষ্যও বিভাভ্ষণের বিরচিত বলিয়া প্রসিদ্ধি আছে।

বিভাভ্ষণ অষ্টাদশ শতাকীর মধ্যভাগে অর্থাৎ ১৭৬৪ খৃষ্টান্দে (১৬৮৬ শকাব্দে) বর্ত্তমান ছিলেন। তিনি বিশ্বনাথ চক্রবর্তীর শিষ্যত্ত গুহুণ করেন। বিশ্বনাথ অষ্টাদশ শতাকীর প্রথমভাগে (১৭১৪ খৃষ্টান্দে) বর্ত্তমান ছিলেন; স্কৃতরাং বলদেব বিভাভ্ষণের কাল অষ্টাদশ শতাকী।

वलर्पात्वत थरञ्ज विवत्र।

- >। পোবিক্ভাষ্য—ইহা ব্রন্ধত্ত্রের অচিন্তাভেদভেদবাদে বা গৌড়ীয়মতে বিস্তৃত ব্যাখ্যা। এই ভান্যের উপর এক টীকা আছে। অনেকের মতে এই টীকাও বলদেবের রচিত। গৌবিক্ভাম্য ১৩•১ বঙ্গাক্ অর্থাং ১৮৯১ খুটাকে ক্রফ্গোপাল ভক্ত মহাশয়ের সম্পাদনায় কলিকাতা ইইতে প্রকাশিত হইয়াছে।
- ২। সিক্ষান্তর সা ভাষ্যপী কি-ইং। গোবিন্দ ভাষ্যান্ত্রপারে প্রকরণগ্রন্থ। গোবিন্দ ভাষ্য পাঠেছু ব্যক্তিগণের ইং। উপযোগী। সাধারণে যাহাতে ঐ ভাগ্যে প্রবেশ করিতে পারে, তত্নেশ্যেই এই প্রকরণগ্রন্থ বিরচিত হইয়াছে। পণ্ডিতপ্রবর শ্যামলাল গোস্বামী মহাশ্যের সম্পাদনায় ইংলার এক সংস্করণ প্রকাশিত হইয়াছিল। *
- দশ্রতি বারাণদী সংস্তৃত কলেঞ্জের সরস্বতীভবন গ্রন্থমালার এই গ্রন্থের এক সংক্ষরণ প্রকাশিত হইরাছে। সম্পাদক—শ্রীযুক্ত গোপীনাথ কবিরাজ এন, এ।

- ু এ প্রতিমন্ত্র ক্রান্ত ইহাও একথানি প্রকরণগ্রন্থ। এই প্রবন্ধে অচিস্তাভেদবাদ নির্ণীত হইয়াছে। এই প্রবন্ধও কলিকাতা হইতে প্রকাশিত হইয়াছে। প্রমেয়রত্বাবলীর টীকাকার শ্রীকৃষ্ণ বেদাস্তবাগীশ। এই বেদাস্তবাগীশ মহাশয় বিশ্বনাথ চক্রবর্তীর শিষ্য ছিলেন।
- ৪। প্রিভাভাষ্য—ইহার নাম গীতাভ্ষণ। কেদারনাথ দত্ত ভক্তবিনোদ মহাশয় এই ভাষ্যের উপর বান্ধালার এক বিবৃতি রচনা করিয়াছেন।

 ঐ ভাষ্যহ গীতা রামদেবক চট্টোপাধ্যায় ভক্তিবৃক্ষ মহাশারের
 সম্পাদনায় ৪০৬ চৈত্যাক অথাৎ ১৮৯২ গৃষ্টাকে কলিকাত। ইইতে প্রকাশিত
 হইয়াছে। কলিকাতা দামোদর ম্পোপাধ্যায় মহাশায়ের গীতার সংশ্বরণেও
 "গীতাভূষণ" নামক গীতার ভাষ্য প্রকাশিত হইয়াছে।
- ও। উপনিষদে-ভাষ্য-ঈশ, কেন কঠ, প্রশ্ন, মুগুক, মাণ্ডুক্য, ঐতরেয়. তৈতিরীয়, ছান্দোগ্য ও বৃহদারণ্যক—এই দশ্ধানি উপনিষদের মচিষ্যভেদাভেদবাদে ব্যাখ্যা।
 - ৭। স্তবাবলী তীকা—ইহা এখনও অপ্রকাশিত।
- ৮। বিস্থসহস্রনাস-ভাষ্য—ইংার নাম নামার্থ স্থাভিধভাষ্য। ইংগ পণ্ডিত বিপিনবিংারি গোস্বামীর অম্বাদ সহ ৪০০ চৈত্যান্তে কেদারনাথ ভক্তবিনোদ মহাশয় কলিকাতা ২ইতে প্রকাশ করিয়াছিলেন।

আচার্য্য বলদেবের মতবাদ।

শ্রীচৈতন্ত সম্প্রদায়ের মতে শীমদ্ভাগবত বেদাস্তস্ত্রের ভাষ্য। এরপ ভাষ্য থাকাতে ভাষ্যাস্তরের প্রয়োজন নাই দেখিয়া শ্রীচেতন্তদেব স্বয়ং বেদাস্তস্ত্রের কোনও ভাষ্য রচনা করেন নাই, তবে শ্রীমন্মধ্বাচার্য্য প্রণীত ভাষাকেই অপেক্ষাকৃত শ্রীমদ্ভাগবতের অহুমোদিত দেখিয়া তিনি উহাকেই স্বীয় সম্প্রদায়ের ভাষ্য বলিয়া এক প্রকার স্বীকার করিয়া গিয়াছেন। শ্রীচৈতন্তদেবের পার্যদ গোস্বামীপাদগণও বেদাস্তস্ত্রের ভাষ্য প্রণয়নে প্রবৃত্ত হন নাই। মঞ্জাব্যের যে যে অংশ আপাত্ত শ্রীমদ্ভাগবতের বিরোধী

বলিয়া প্রতীয়মান হয়, শ্রীচৈতগ্রদেব দেই সেই অংশের প্রকৃত অর্থ আবিষ্কার করিয়া তাহার সামঞ্জন্ম বিধান করেন; পরস্তু সেইগুলি তৎকাল পর্যস্ত কোনও গ্রন্থে নিবন্ধ হয় নাই দেখিয়া বলদেব বিভাভ্যণ মহাশয় তাহা শতস্কভাষ্যরূপে প্রকাশ করেন। সাম্প্রদায়িক মতের ভিতরে একটা সার সত্য নিহিত আছে। চৈতন্তের মতবাদ মধ্বমতের প্রভাবে প্রভাবিত হইয়াছিল— এই সত্যই ঐতিহাসিকের দৃষ্টি আকর্যণ করে। কেবল মধ্বের মত নহে, পরস্তু নিম্বার্কের মতের প্রভাবও শ্রীচৈতন্তের মতে দেখিতে পাওয়া যায়। জীব অণু ও সেবক, আর ভগবান্ দেব্য। জগৎ সত্য, এ সকৃল বিষয়ে শ্রিটিতন্তের মত মধ্বমতের অন্থবর্তী। ভেদাভেদবাদ নিম্বার্কমতের হৈতাহৈতের অন্থব্ধ। নিম্বার্কের "অচিন্ত্যাশিক্তই" চৈতন্তমতে অচিন্ত্যাশক্তিরণে প্রকৃতী। মধ্বমতের স্থব্যাখ্যাও বলদেব বিত্যাভ্যণ অঙ্গীকার করিয়াছেন। ১৷১৷৫ স্বত্রের "ঈক্ষতেনাশক্ষম্" ব্যাখ্যায় বলদেব মধ্বমুনির অন্থবন করিয়াছেন। আচার্য্য শহর, শ্রীকণ্ঠ, রামান্ত্রক্ত প্রভৃতি এই স্বত্রে সাংখ্যের প্রধান কারণবাদ নিরাকরণ করিয়াছেন, আর মধ্বাচার্য্য ও বলদেব এই স্ব্রে ব্রেক্সর শক্বাচ্যন্ত নির্ণয় করিয়াছেন।

চৈতন্তের মত বল্লভাচার্য্যের মতেও প্রভাবিত হইয়াছে। গৌড়ীয়মতের মধুরভাবের সাধন বল্লভীয় "পুষ্টিমার্গ" সাধনের প্রতিধানি মাত্র।

মধ্যেতে ব্রহ্ম সগুণ সবিশেষ। গৌড়ীয়মতেও ব্রহ্ম সগুণ সবিশেষ।
মধ্যেতে জীব অণু, সেবক, আর ভগবান্ সেবা। ভগবানের প্রসাদেই জীবের
মৃক্তি। গৌড়ীয়মতেও জীব অণু, জীব সেবক—আর ভগবান্ সেবা।
ভগবানের প্রসাদেই জীবের মৃক্তি হয়। মধ্যমতে জগৎ সত্য। গৌড়ীয়
মতেও জগৎ সত্য। মধ্যমতে জগৎ ব্রহ্মের পরিণাম, ব্রহ্ম জগতের নিমিত্ত ও
উপাদান কারণ। গৌড়ীয় (বলদেবের) মতেও জগৎ ব্রহ্মেরই পরিণাম।
ব্রহ্ম জগতের নিমিত্ত ও উপাদান কারণ। মধ্যমতে জীব ও ব্রহ্ম চিরন্ডিয়।
মৃক্ত অবস্থায়ও জীব ব্রহ্ম হইতে ভিন্ন থাকে। বলদেবের মতেও জীব ও ব্রহ্ম
ভিন্ন, তবে গুণ ও গুণিভাবে অভিন্ন এবং ভিন্ন, সেই অর্থে সমস্ত জীবজগৎ
ব্রহ্মেতে লার পায়। সাধন সম্বন্ধে মধ্যের সহিত বলদেবের মতের পার্থক্য
আছে। উপাসনা ও ভক্তি সম্বন্ধে উভয়ে একমত; কিন্তু মধ্যমতে কেবল সেব্য-সেবক ভাবের স্ফুর্তি আছে। বলদেবের মতে দাস্থ ব্যতীত আরও চারিটী
ভাবের স্থান আছে, যথা—শাস্ত, স্থা, বাৎসল্য ও মধুর।

বলদেব বিভাভ্ষণের মতে প্রথম অধ্যায়ের প্রথম পাদের প্রথম একাদশটী স্তেই ভত্তজান নির্ণীত হইয়াছে। এ বিষয়ে তিনি অন্তান্ত আচার্য্যগণের মত অতিক্রম করিয়াছেন। অন্তান্তমতে চতৃঃস্ত্রীতেই তত্তজান নির্ণীত হইয়াছে। তিনি টীকায় বলিয়াছেন—

এতামেকাদশস্ত্রীং সভাষ্যাং পঞ্চায়ীং যে পঠেয়ুঃ সম্ব্রাম্। তত্তজ্ঞানং স্থলভং কিং ন তেষাং শেষগ্রন্থোহয়মতিবিস্তারকারী ॥১১*

বলদেব বিভাভ্ষণের মতে পাঁচটী তত্ব, যথা—ঈশ্বর, জীব, প্রকৃতি, কাল ও কর্ম। "ঈশ্বর-জীব-প্রকৃতি-কাল-কর্মানি পঞ্তত্তানি শ্রেয়স্তে।" (১২ পৃষ্ঠা) রামাস্থজের মতে তত্ত্ব তিনটী, যথা—চিৎ, অচিং ও পুরুষোত্তম। রামাস্থজ কাল ও কর্মকে পৃথক্রপে গ্রহণ না করিয়া অচিং বা জড়পদার্থের অন্তর্ভুক্তরপে গ্রহণ করিয়াছেন।

অবিকারী-বলদেব বিভাভ্ষণের মতে নিষাম ধর্মে নির্মাণচিত্ত, সংপ্রসঙ্গলুর, শ্রদানু, শমদমাদি সম্পন্ন জীব ত্রন্ধজিজ্ঞাসার অধিকারী। তিনি বলিতেছেন—"যত্র নিষ্কামধর্মনির্মলচিতঃ সংপ্রসঙ্গলুর শ্রন্ধালুঃ শাস্ত্যাদিমান্ অধিকারী।"
ক তাহার মতে শিক্ষাদি ষড়ক ও উপনিষদের সহিত সমগ্র বেদ অধ্যয়ন পূর্ব্বক তদর্থ আপাতত: অবগত হইয়া তত্ত্ববিং আচার্য্যের সহিত প্রদক্ষে, অনিত্য জগৎ হইতে নিত্য বন্ধকে ভিন্ন জানিয়া তাঁহার বিশেষ অবগতির জন্ম চতুরধ্যায়ী বেদাস্কস্থত্তে নিবিষ্টচিত্ত হইবে। তিনি বলেন— সা**দং** সশির্ভঞ্ বেদমধীত্য তদর্থানাপাততোহধিগম্য তত্ত্বিৎপ্রসঙ্গেন নিত্যানিত্যবিবেকতোহনিত্যবিত্ফো নিত্য - বিশেষাবগ্তয়ে প্রবর্ত্ত ইতি ৷"

তাঁহার মতে যাগাদিকর্মের অনস্তর ব্রহ্মজিজ্ঞাসা উচিত. এক্লপ বলা যায় না। কারণ, তাদৃশ কর্ম করিয়াও কোন কোন ব্যক্তির সাধুসঙ্গের অভাব বশত: ব্রন্ধজ্ঞাসার অভাব এবং তাদৃশ কর্ম না করিয়াও সত্যাচরণ-পবিন ক্লতনৎপ্রদঙ্গ ব্যক্তির বন্ধজ্জাসার সন্তাব দৃষ্ট হয়, অর্থাৎ তাঁহার মতে যজ্ঞাদিকর্ম নিরপেক্ষভাবেও ব্রদ্ধজিজ্ঞাসার অধিকারী হওয়া যায়। শঙ্করের মতে নিত্যানিত্যবস্তুবিবেক প্রভৃতি সাধনচতৃষ্টয়সম্পন্ন ব্যক্তিই ব্রদ্ধজিজাসার অধিকারী। বলদেবের মতে ইহা অসঙ্গত। কারণ,

[ে] গোবিন্দভাষ্য—কলিকাভার কৃষ্ণগোপাল ভক্তের সংস্করণ ৫৭ পৃষ্ঠায় ভাষ্যবিবৃতি দ্রপ্তব্য ।

[†] গোৰিলভাষ্য—১৬ পৃষ্ঠা। ‡ গোৰিলভাষ্য—২০ পৃষ্ঠা।

তত্ত্বজ্ঞ সংব্যক্তির সহিত প্রসঙ্গের পূর্বের ঐ সকল সাধনসম্পত্তি স্থলত নহে।
তিনি বলেন — "ন চ নিত্যানিত্যবিবেকাদি সাধনচতৃষ্ট্রসম্পত্ত্যানস্তর্ঘৃংশক্যং
বক্তৃং। প্রাক্ তত্ত্যা দৌর্লভ্যাং সংপ্রসঞ্গশিক্ষাপরভাব্যবাচ্চ।" * বলদেব
শাহ্ণরমতের সম্বন্ধে বে যুক্তির অবতারণ। করিয়াছেন, তাহার সার্থকতা কম।
বাস্তবিক যাহার বিবেকর্দ্ধির উদয় হয় নাই, সে সংসঞ্গ লাভের ক্ষন্ত ব্যাকুলও
হয় না। সাধুসঙ্গ করিবার নত চিত্তর্ত্তির উদয় না হইলে শত শত সাধু
নিকটে থাকিলেও চিত্তে কোনও প্রভাব হয় না। অবশ্যই আমরা সংসঞ্জের
উপকারিতা স্বীকার করি, কিন্তু উষরক্ষেত্রে বীজ বপনের ন্যায় অসমাহিত্চিত্তে
সাধুর উপদেশও কার্য্যকরী হয় না।

বলদেব শাহ্বমত আংশিকভাবে স্বীকারও করিয়াছেন। তিনি শমদমাদি সাধনসম্পরকে অধিকারী বলিয়াছেন—"শান্ত্যাদিমান্ অধিকারী" এবং "নিত্যানিত্য বিবেকতোহনিত্যবিত্যো" ব্যক্তিই ব্রহ্মত্ত্রের বিচারের অধিকারী। এ স্থলেও তিনি শাহ্বমতের "নিত্যানিত্য বস্তবিবেক" অদীকার প্রকারান্তরে করিয়াছেন। বলদেবের মতের বিশেষত্ব কেবল সং বা সাধু ব্যক্তির আপ্রয় গ্রহণে। তিনি "সংপ্রসন্ধল্বঃ শ্রহ্মাল্বঃ" ব্যক্তিরই প্রাধান্ত দিয়াছেন। তিনি সাধুপ্রসঙ্গের উপর সমধিক জাের দিয়াছেন। সংপ্রসন্ধলকরিত জীবসকলের ত্রিবিধন্ত অদ্বীকার করিয়াছেন। তিনি বলেন—আচার্য্য ভাবান্ত্রসারে সনিষ্ঠাদিভেদে সংপ্রসন্ধলকরিত জীব ত্রিবিধ। নিষ্ঠা সহ্কারে কর্ম্মকারী সনিষ্ঠ,লোকসংগ্রহেছায় কর্ম্মাচারী পরিনিষ্ঠিত, ধ্যান-মাত্রাবলন্থী নিরপেক্ষ। তিনি বলিতেছেন—"তদবাপ্তজ্ঞানাংথলু দেশিকভাবান্ত্রসারিণঃ সনিষ্ঠাদিভেদাং ত্রিধা ভবন্তি। নিষ্ঠ্যা কর্ম্মাণ্যাচরস্তঃ সনিষ্ঠা:। লোকসংজিত্বক্ষা তান্তাচরস্তঃ পরিনিষ্ঠিতাঃ। ধ্যানমেবান্ত্রতিষ্ঠন্তো নিরপেক্ষান্চ।" প

তাঁহার মতে সংপ্রদঙ্গকারীরই প্রাধান্ত এবং তাহাকেই মুখ্যাধিকারী বলা হইয়াছে। তবে বেদবেদান্তাদি অধ্যয়নের সার্থকতাও অল্পবিন্তর স্বীকার করিয়াছেন।

সম্ভ্রহ্ম—তাঁহার মতেও বাচ্যবাচক সম্বন্ধ স্বীকৃত। শাস্ত্র বাচক এবং ঈশ্বর-বাচ্য। শঙ্করের মতেও বাচ্যবাচক সম্বন্ধ অঙ্গীকৃত। তবে তাঁহার মতে

- গোবিন্দভাষ্য কলিকাভার সংস্করণ, ২৪ পৃঠা দ্রষ্টব্য।
- । গোবিন্দ ভাষ্য—কলিকাতার কে, জি, ভক্তের সংস্করণ, ২৫ পৃষ্ঠা দ্রষ্টব্য।

সগুণ সোণাধিক ব্রহ্মই বাচ্য এবং নিগুণ নির্দ্ধণাধিক ব্রহ্মই লক্ষ্য। শহর বাচ্যার্থ ও লক্ষ্যার্থ অঙ্গীকার করেন। বলদেব বাচ্যার্থ মাত্র স্বীকার করেন। শহর বলেন—নিগুণ নির্বিশেষ ব্রহ্ম অবাচ্য। শ্রুতিবাক্য কেবল নিষেধমুখে উপলক্ষণরূপে ব্রহ্মকে নির্দ্দেশ করে। বলদেব বলেন—ব্রহ্ম শব্দের অবাচ্য নহেন। কারণ, উপনিষদ্বেত্য পুরুষকে জিজ্ঞাসা করি—এছলে জিজ্ঞাস্থ পুরুষরই উপনিষদ্বেত্য দর্শনহেত্য এবং বেদসকল তাঁহাকেই ব্যক্ত করে—এইরণ উক্তিহেত্, ব্রহ্মের শব্দবাচ্যইই প্রমাণিত হয়। যেমন মেরু দৃষ্ট হইলেও সম্পূর্ণরূপে দর্শন হয় না বলিয়া উহাকে অদৃষ্ট বলা হয়, তেমন বেদসকল সাকলো ব্রহ্মনির্দ্ধণ করিতে পারে না বলিয়াই, ব্রহ্মের অবাচ্যত্ব উক্ত ইইয়াছে।

দেবদত্ত কাশী হইতে নিবৃত্ত হইয়াছে বলিলে, যেমন তাহার কাশীপুরী গমন পূর্বাক নিবৃত্তি ব্ঝায়, তদ্রপ বাক্যদকল না পাইয়া যাহা হইতে নিবৃত্ত বলিলেও তদ্বিষয়ক্ কিঞ্চিং জ্ঞান বৃঝিতে হইবে; এবং যিনি বাক্যদারা স্বাত্তভাবে প্রকাশিত হন না বলিলে কিঞ্ছিং প্রকাশিত হন বৃঝিতে হইবে; স্পতরাং ব্রহ্ম শন্ধবাচ্য। বলদেব বলিয়াছেন—

অশব্দ কাংস্যোনাশব্দিততাং। দৃষ্টোগ্পি মেকঃ কাংস্যোনাদর্শনাদদৃষ্টঃ
কথ্যতে। অক্সথা যত ইতি, অপ্রাপ্যেতি, অনভ্যাদিত্যিতি, তদেব ব্রহ্মেতি
চ ব্যাকুপ্যাং। স্বাত্মনা বেদেন জ্ঞাপনং গলু স্বপ্রকাশতয়া ন বিরুধ্যতে। * * *
তশ্বাং শব্দবাচ্যঃ ব্রহ্ম। *

বিষয়—বলদেবের মতে নিরবত বিশুদ্ধ অনস্তপ্তণশালী, অচিস্তা অনস্ত-শক্তি, সচ্চিদানন্দ পুরুষোত্তম শ্রীকৃষ্ণই বিষয়। তিনি বলেন—"বিষয়ো নিরবতো বিশুদ্ধানস্ত গুণগণোচিস্ত্যানস্তশক্তিঃ সচ্চিদানন্দঃ পুরুষোত্তমঃ।" (গোবিন্দভাষ্য—১৬:১৭ পুঠা)।

প্রক্রমের সাক্ষাৎকারই প্রয়োজন। তিনি বলেন—"প্রয়োজনন্ত অশেষ-দোষবিনাশপুরঃসরস্তংসাক্ষাৎকার ইতি।" (গোবিন্দভাষ্য—১৭ পৃষ্ঠা)।

ব্রক্স —বলদেবের মতে ব্রহ্ম স্বতন্ত্র, কর্ত্তা, সর্বজ্ঞ, মৃক্তিদাতা ও বিজ্ঞান-স্বরূপ। ঈশ্বর পূর্ণচৈত্ত্য, নিত্যজ্ঞানাদি গুণবিশিষ্ট ও অস্মংশব্দবাচ্য। জ্ঞানেরই জ্ঞাতৃত্ব প্রকাশের স্বপ্রকাশকত্ববং অবিক্রদ্ধ। ঈশ্বর স্বতন্ত্র ও স্বরূপশক্তিমান্ এবং প্রকৃতি আদিতে অফুপ্রবেশ ও তন্নিয়মনদারা জ্গতের

৫ম স্থক্তের গোবিন্দভাষ্য—৪৬ পৃষ্ঠা।

স্থান্তি করিয়া জীবের ভোগ ও মৃক্তি প্রদান করেন। ঈশ্বর এক ও বছভাবে অভিন্ন হইয়াও গুণ ও গুণী এবং দেহ ও দেহীভাবে জ্ঞানীর প্রতীতি-বিষয় হন। জীব অগুটেততা হইলেও নিত্যজ্ঞানাদিগুণবিশিষ্ট এবং অস্থংশন্দবাচ্য। এই বিষয়ে জীব ও ঈশ্বরের সমতা আছে, তবে ঈশ্বর বিভূ ও জীব অণু। তিনি বলেন - "কেষ্ বিভূচৈততামীশরোহগুটেততাস্ক জীবঃ। নিত্যজ্ঞানাদি গুণকত্মসাদর্থবিকোভয়ার। জ্ঞানতাপি জ্ঞাতৃত্বং প্রকাশতা স্প্রপ্রাণকত্বদবিক্রমন্। তত্ত্বেশ্বরং স্বতন্ত্বং প্রকাশ ক্রিমনাভ্যাং জগদিদধৎ ক্ষেত্রজ্ঞ ভোগাপবর্গে। বিতনোতি। একোহপি বছভাবেনাভিন্নোহপি গুণুগুণিভাবেন দেহদেহিভাবেন চ বিষৎপ্রতীতেবিষয়ঃ।" (গোবিন্দভাষ্য — ১২।১৩ পৃষ্ঠা)।

ঈশর ব্যাপক হইলেও ভক্তিগ্রাহ্ন। তিনি একরদ হইলেও স্কর্মণভ্ত জ্ঞানানন্দ বিতরণ করেন। তিনি বলেন—"মব্যক্তোহিপি ভক্তিব্যঙ্গ একরমঃ প্রযুক্তিতি চিৎস্থাং স্বরূপম্।" (গোবিন্দভাষ্য ১০ পৃষ্ঠা)। ব্রহ্ম জ্ঞানৈকগন্য—"ব্রহ্মব তু জ্ঞানৈকগন্যম্।" ব্রহ্ম অক্ষয় অনস্তস্থারপ—"অক্ষয়ানস্তস্থাম্।" ব্রহ্ম নিত্যজ্ঞানাদি গুণযুক্ত—"নিত্যজ্ঞানাদি গুণকম্।" ব্রহ্মের শক্তি স্বাভাবিক। তাঁহার শক্তি দ্বিং, দদ্ধিনী ও হ্লাদিনীরূপা। ব্রহ্ম নিত্যস্থাদ। বলদেবের মতেও ব্রহ্ম নিগুণ। নিগুণ অর্থে ব্রহ্মের প্রাক্তত সন্ধ, রক্ষন্তযোগ্যণ নাই, তবে স্বরূপাযুবন্ধি অতিপ্রাকৃতগুণ তাঁহার আছে। তিনি বলিতেছেন—"নম্থ নিগুণাহিপি গুণবানিতি বিক্লছং। মৈবং। রহ্মানববোধাং। তথাহি, নিগুণাদয়ং শব্দা নৈগুণ্যাদিনা নিমিন্তেন তত্ত্ব প্রবর্ত্তেরন্। সর্বজ্ঞাদয়স্ত সার্বজ্ঞাদিনা। তেন প্রাকৃতিং সন্থাদিভিগ্র গৈবিহীনং স্বরূপাযুবন্ধিভিত্তৈক্তম্ব বিশিষ্টোহদাবিতি ন কাপি বিচিকিৎদা। স্মরস্তি চেথম্। সন্থাদয়ো ন সন্থীশে যত্ত্ব প্রাকৃত। গুণাং; সমন্তকল্যাণগুণাত্মকোহদাবিত্যাদিভিং।" * ভগবান্ ভোক্ত। আর জীব ভোগ্য।

ত্রক্ষ ও জনপৎ—বন্ধই জগতের কর্ত্তা অর্থাৎ নিমিত্তকারণ।
তিনিই উপাদান কারণ। ব্রহ্ম অবিচিস্ত্যশক্তিমান্। এই শক্তিবলেই তিনি
জগংরূপে পরিণত হন। জগৎ সং কিন্তু অনিত্য।

ি বাস্তবিক বলদেবের ভেদাভেদবাদ অসঙ্গত; কারণ ব্রহ্ম ও জীব গুণগুণিভাবে অথব। দেহদেহিভাবে ভিন্নাভিন্ন বলিলে, জীব গুণ ও ব্রহ্ম গুণী হন। অথবা জীব দেহ আর ব্রহ্ম দেহী হন। দেহ জ্বাত্ত স্বতরাং তাহার বিকার

গোবিন্দভাষ্য—কলিকাতার সংস্করণ, ৫০।৫৬ পৃষ্ঠা।

আছে। বিকার যাহার আছে তাহা অনিত্য; স্থতরাং জীব অনিত্য হইয়া পড়ে। ইহাতে বলদেবের স্বীয় দিদ্ধান্তেরই ব্যাকোপ হয়। তিনি জীবের নিত্যত্ব স্বীকার করেন। গুণগুণিভাবে গ্রহণ করিলেও এই দোষ অনিবার্য্য। গুণের বিকার তাঁহাকে অবশ্যই স্বীকার করিতে হইবে। প্রকৃতির সাম্যাবস্থায় গুণসাম্য তিনি স্বীকার করিয়াছেন। কিন্তু গুণসাম্য অঙ্গীকারে জগতের বিচিত্রতা থাকিতে পারে না। বৈচিত্র্যই স্থাষ্ট, স্থতরাং গুণের বিকার অবশ্যস্তাবী। জীব গুণ হইলে জীবের বিকার অনিবার্য্য, আর বিকার থাকিলেই নিত্যত্বেরও হানি হয়। স্থতরাং গুণগুণিভাব বা দেহদেহিভাবের অম্বলে ভেদাভেদবাদ সাব্যস্ত করা অযৌক্তিক ও অসঙ্গত।

বলদেব নিশুনির যে ব্যাখ্যা দিয়াছেন, তাহার সঙ্গতি নাই। অতি-প্রাকৃত গুণ কিরূপ? অবশ্যই অতিপ্রাকৃত গুণ অনির্কাচনীয় নহে। অতিপ্রাকৃত বলায় কিছুই বুঝিতে পারা যায় না। এস্থলে বলদেব Confusion worse confounded করিয়া তুলিয়াছেন। অতিপ্রাকৃত গুণ কি? তাহার উত্তর বলদেব দেন নাই। সন্ত, রক্ষ ও তমোগুণের অতীত কোনও গুণ অদ্যাপি আবিকৃত হয় নাই। সমস্ত কল্যাণগুণাত্মক বলিলেও বিশুক্ষমন্ত্রণনাই মনে হয়। এতদতিরিক্ত কোনও বোধ জন্মেন।।

ঈশর নিব্বিকার থাকিয়া কি প্রকারে জগদ্রূপে পরিণত হন? এতত্ত্বের বলদেব বলিয়াছেন—"অবিচিন্তাশক্তিকত্বাৎ।" এই উত্তরেও সংশয়ের তৃষ্ণা মিটিল না; চেতন ঈশর কি প্রকারে জড়রূপে পরিণত হইলেন? তিনি কি প্রকারে বিরুদ্ধর্মাক্রান্ত হইলেন? অবশ্রুই জগৎ ব্রন্ধের কার্য্য, কার্য্য ও কারণ কতকটা পরিমাণে ভিন্নাভিন্ন। বাস্তবিক ভিন্নাভিন্ন না বলিয়া কার্য্যকারণকে অনির্বাচনীয় বলাই যুক্তিযুক্ত। কার্য্য ও কারণ ভিন্নও নহে, অভিন্নও নহে, আবার ভিন্নাভিন্নও নহে। স্তরাং অনির্বাচনীয়। বলদেবের "অবিচিন্তাগক্তি" অবশ্রুই অনির্বাচনীয় নহে। এই অবিচিন্তা শক্তি কি তাহা ব্রিবার উপায় নাই, কারণ তাহা অবিচিন্তা; স্তরাং বলদেবের দার্শনিক মত আমাদিগকে সংশয়ের হাত হইতে উদ্ধার না করিয়া দিগুণ সংশয়ে নিমজ্জিত করিবার ব্যবস্থা দিয়াছে। যে স্থলে আর উপায়ান্তর নাই, দেই স্থলেই Kantএর "Transcendental object" বা Thing in itselfএর মত অব্যক্ত বস্তুর নির্দ্ধেশ কতকটা পরিমাণে স্বাভাবিক হইয়া পড়ে।

' বলদেব ঈশবের ত্রিশক্তির উল্লেখ করিয়াছেন—সংবিৎ, সদ্ধিনী ও হলাদিনী। এই শক্তিত্রয়ই কি অবিচিন্তা শক্তি? এই তিন শক্তিই যদি অবিচিন্তাশক্তি হয়, তাহা হইলে সংবিৎ বা জ্ঞানশক্তি কি প্রকারে জড়ভাবাপন্ন হয়? অগ্নি উষ্ণ ও ঠাণ্ডা—ইহা অসম্ভব। স্থতরাং বলদেবের এই সিদ্ধান্ত স্থোক্তিক নহে। সেইরূপ হলাদিনীশক্তি কি প্রকারে জড়ত্ব প্রাপ্ত হয়? তাহা কথনই হইতে পারে না।

জনীব—বলদেবের মতে জীব অণুচৈতন্ত। ঈশ্বের ন্যায় নিত্যাদিজানগুণবিশিষ্ট এবং অসংশব্দবাচা। ঈশ্বর গুণী, জীব গুণ। ঈশ্বর দেহী, জীব
দেহ। জীবাত্মা বহু ও নানাবস্থাপর। ঈশ্বরবৈষ্থাই তাহাদিগের বন্ধের
কারণ এবং ঈশ্বের সাম্পাই তৎস্বরূপাবরণ ও তদ্গুণাবরণরূপ দ্বিধি বন্ধন
মোচন করিয়া স্বরূপসাক্ষাৎ কার লাভ করায়। বলদেব বলেন—"জীবাত্মানস্থনেকাবস্থা বহুবং। পরেশবৈম্থ্যাত্তেষাং বন্ধন্তংসাম্থ্যাৎ তু তৎস্বরূপ তদ্গুণাবরণরূপ দ্বিধ বন্ধবিনিবৃত্তিগুৎস্ক্রপাদিসাক্ষাৎকৃতিং।" (১০ পৃষ্ঠা)
জীব নিত্য। ঈশ্বর, জীব, প্রকৃতি ও কাল এই পদার্থচতুইয় নিত্য এবং জীব,
প্রকৃতি ও কাল ঈশ্বেরে বশ্য। বলদেব বলেন—"ঈশ্বরাদয়শ্বত্মারোহ্থা
নিত্যাং। * * * জীবাদয়স্ত তদ্শ্যাশ্চ।" জীব ঈশ্বের শক্তি, ব্রন্ধ শক্তিমং।

মুক্তি—বলদেবের মতে মুক্তাবস্থায়ও জীব ব্রহ্ম হইতে পৃথক, ব্রহ্মম্বর্রণ ব্যাপ্তি অর্থে মুক্তজীব ব্রহ্মের সমান ভোগ করিতে পারেন। মুক্তজীব ব্রহ্মের রূপায় অনস্ত আনন্দ লাভ করেন, কিন্তু নিজের অণুত্ব প্রযুক্ত অনস্ত আনন্দ হইতে পারেন না। অল্লধনযুক্ত ব্যক্তি মহাধনের আশ্রয়েই সম্পন্ন হন—ইহাই যুক্তিসক্ত। "অল্লধনো হি মহাধনমাশ্রিত্য সম্পন্নে। ভবতীতি যুক্তিশ্চ শকাৎ." ব্রহ্মের সহিত জীবের কেবল ভোগ বিষয়েই সামা আছে। কিন্তু জীব ও ব্রহ্মে সার্বকালিক স্বরূপগত ও সামর্থ্যগত পারমার্থিক বৈলক্ষণ্য নিত্যই আছে, ইহাই বাস্তবিক তত্ব। বেদান্তশান্তের চরম উপদেশ এই বে, মুক্তপুরুষের ক্লেশাভাবে এবং আনন্দাংশে পরমেশ্রের সাম্যভাব স্বীকার করা যায়। কিন্তু আর সমস্ত বিষয়েই ভেদ থাকিয়া যাইবে; অতএব ভোগাংশে সাম্য থাকিলেও সামর্থ্য ও অন্ধপাংশে ভেদ অবশ্য স্বীকার্য। তিনি বলেন—"মুক্তশ্য ভোগমাত্রে ভগবংসাম্যবচনাৎ লিকাদেব স্বরূপসাম্যং বাক্যার্থো ন ভবতীত্যর্থ।* * * আনেন স্বরূপনির্গান্ত্যস্ত্রেণ জীবব্রন্ধণো র্ভোগমাত্রেনৈর সাম্যং ব্রবন্ শাস্ত্রক্ত ত্রোঃ স্বরূপসামর্থ্যকৃতং বৈলক্ষণ্যং বাস্তব্মিত্যুপাদিশৎ।" মুক্তপুরুষের

ভগবৎসাল্লিধ্য লাভ হয়। ভগবত্বপাসনা ও ভগবতত্ত্বজ্ঞানদারা ভগবল্লোকগত জীবের তথা হইতে পুনরাবৃত্তি হয় না। সর্পেশ্বর হরি স্বাধীন মুক্ত জীবকে ম্বলোক হইতে পাতন করিতে ইচ্ছা করেন না এবং মুক্তপুরুষও ক্লাচিৎ ভগবানকে পরিত্যাগ করিতে চাহেন না। সত্যবাক, সত্যসঙ্কল্ল, ভক্তবাংসল্য-নীরধি হরি স্থানিমিত্ত পরিত্যক্ত সমস্ত বিষয় ভক্তের সম্বন্ধে স্থাবৈমুখ্যকারী অবিদ্যা বিনিধৃত করিয়া দেই অতিপ্রিয় নিজালগণকে স্বসমীপে আনয়নপূর্ব্বক আর তাহাদিগকে পরিত্যাগ করিতে ইচ্ছা করেন না। জীবও স্থথারেষণ করিতে করিতে স্থাভাদ দর্শনে তুচ্ছ জড়বস্তুতে অমুরজ্যমান হইয়া অসন্খ্য জন্ম অতিবাহিত করিবার পর ভাগ্যক্রমে সদগুরুর প্রসাদে নিজাংশী ভগবানের স্বরূপতত্ত প্রাপ্ত হন এবং তদিতর সমস্ত বিষয়ে নিস্পৃহ হইয়া ভগবদ্মবৃত্তি দ্বারা পরিশুদ্ধ হন। তথন সেই অনস্তানন্দ চিৎস্বরূপকে নিজস্বামী ও স্বস্তুত্ব জানিয়া তাঁহাকে প্রসাদাভিমুখরূপেই প্রাপ্ত হন। তিনি বছকাল পরে সেই প্রমরমণীয় রদস্বরূপ বস্তু প্রাপ্ত হইয়া আর তাঁহাকে পরিত্যাগ করিতে স্বভাবতই অনিচ্ছুক হন। অতএব তাদৃশ মুক্তপুরুষের পুনরাবৃত্তির সম্ভাবনাই নাই। বনদেব বলেন—''স্তাবাক স্তাসম্প্র স্বাপ্রিতবাৎস্ল্য-বারিধিঃ সর্বেশ্বর স্বভক্তানাং স্বনিমিত্ত পরিত্যক্ত সর্ববিষয়াণাং স্ববৈম্প্যকারীমবিদ্যাং নিধ্য তানতিপ্রিয়ান্ নিজাংশান্ স্বান্তিকমুপানীয় কদাচিদপি ন জিহাসতি। জীবক হথৈকাৰেষী হথাভাসায় তুচ্ছেষ্ তেষহবজ্ঞান্ ব্যতীতাসংখ্যেজহৰ্ভাগ্য বিশেষোপলন্ধাৎ সদ্গুরুপ্রসাদাৎ বিদিত নিজাংশিশ্বরূপন্তদিতর নিস্পৃহন্তদ-তুর্তি পরি**ভর্**তমনস্তানন চিৎস্বরূপং প্রসাদাভিমুখং তুর্তমং নিজ্যামিনং প্রাণ্য কর্দাচিদ্পি তদ্বিচ্যুতিং নেচ্ছতীতি "' বলদেবের মতে মুক্তি সাধ্যা ও ভগ্ৰদমুগ্ৰহনভা ৷

প্রকৃতি — বলদেবের মতে সন্ধ, রজ ও তমোগুণের সাম্যাবস্থাই প্রকৃতি। উহা তমোমায়াদি শব্দবাচা। এবং ঈশরের ঈশ্বনে উদ্ধনে উদ্ধনের মতে প্রকৃতি ঈশরের আশ্রিতা, প্রকৃতি নিত্যা ও ঈশরের বশ্যা; প্রকৃতি বলদেব মতে প্রকৃতি ঈশরের আশ্রিতা, প্রকৃতি নিত্যা ও ঈশরের বশ্যা; প্রকৃতি বলদেব শক্তি, বন্ধ শক্তিমান্। সাংখ্যের মহতত্ত্ব ও অহঙ্কারতত্ব প্রভৃতি বলদেব শ্রীকার করিধাছেন। শহর ২০০২ প্রকৃতি বলদেব শরিকল্পিত মহত্ত্ব প্রভৃতি অশ্রীকার করিধাছেন। প্রকৃতি বলদেব মহত্ত্বে প্রভৃতি অশ্রীকার করিধাছেন, কিন্তু বলদেব মহত্ত্বে প্রভৃতি অশ্রীকার করিধাছেন। প্রকৃতি সম্বন্ধে বলদেব বলিয়াছেন,—

"প্রকৃতিঃ সন্তাদিগুণসাম্যাবস্থা তমোমায়াদিশব্দবাচ্যাতদীক্ষণাবাপ্তসামর্থ্যা বিচিত্রজগজ্জননী।" (১৩ পৃষ্ঠা)

কাল্য—বলদেবের মতে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যুগপৎ চিরক্ষিপ্ত প্রভৃতি
শব্দ প্রয়োগের কারণভূত ক্ষণ হইতে পরার্দ্ধ পর্যন্ত উপাধিবিশিষ্ট, চক্রবৎ
পরিবর্ত্তমান, প্রলম্ন ও স্বাষ্টির নিমিত্তভূতজড়দ্রব্য বিশেষের নাম কাল। তিনি
বলেন—"কালস্ত ভূতভবিষ্যদ্ধর্ত্তমান যুগপচ্চিরক্ষিপ্রাদি ব্যবহারহেতুঃ ক্ষণাদিপরার্দ্ধান্তশ্বত্বৎ পরিবর্ত্তমানঃ প্রলম্পর্যনিমিত্তভূতো জড়দ্রব্যবিশেষঃ।"
(১৪ পঃ) তাঁহার মতে কাল নিত্য। কাল ঈশ্বেরর অধীন।

কর্ম-বলদেবের মতে কর্ম জড়পদার্থ। অদৃষ্টাদি শব্দব্যপদেশ্র, অনাদি ও বিনশ্ব। তিনি বলিয়াছেন—কর্ম চ জড়মদৃষ্টাদিশব্দব্যপদেশ্রমনাদি বিনাশী চ ভবতি।" (১৫ পৃষ্ঠা) কর্ম ঈশবের শক্তি, ঈশ্বর শক্তিমান্। জীব, প্রকৃতি, কাল প্রভৃতি নিত্য, কিন্তু কর্ম অনিত্য বা বিনাশী।

তক্ত্রমাসি বাক্ষ্য — বলদেবের মতে তত্ত্বমশ্রাদি বাক্য অথগুর্থপর নহে। "তত্ত্বমিসি" বাক্যের অর্থ — তাহার তুমি, "তস্তু ত্বম্ অসি।" "তত্ত্বমিসি" বাক্যবলে জীব ও ব্রম্বের অভিন্নতা নির্ণীত হয় না; পরস্কু ভেদই নির্দিষ্ট হয়।

সাপ্র- বলদেবের মতে ভক্তিই ম্থ্য সাধন। উপাসনার ফলেই ভগবান্প্রীত হন্। তিনি প্রাত হইয়া মৃক্তি প্রদান করেন। জ্ঞান, বৈরাগ্য সহকারী সাধন। বলদেবের মতে জ্ঞান বৈরাগ্য ও ভক্তি ব্যতীত ভগবং-প্রাপ্তি হইতে পারে না। তিনি তৃতীয় অধ্যায়ের গোবিন্দভান্তের প্রারম্ভক্ষোকে বলিয়াছেন—

ন বিনা সাধনৈর্দেবো জ্ঞানবৈরাগ্যভক্তিভি:।
দদাতি স্বপদং শ্রীমানতস্থানি বুধঃ শ্রমেৎ ॥

গৌড়ীয়বৈষ্ণবগণের পক্ষে বলদেবের এই সিদ্ধান্ত অম্থাবন করা উচিত। তাঁহারা আজকাল জ্ঞানের নামে চটিয়া আকুল হন। শ্রীচৈতন্ত চরিতামূতের দোহাই দিয়া বলেন—জ্ঞানশূন্তা ভক্তিই প্রকৃত প্রেম। কিন্তু বলদেব বলিলেন—"জ্ঞানবৈরাগ্যভক্তিভিবিনা স্থপদং ন দদাতি।" তিনি ভাল্যের অন্তন্ত্রও বলিয়াছেন—"ব্রহ্ম জ্ঞানকগন্যং।"

বলদেব পাঁচটী ভাব অঙ্গীকার করিয়াছেন, যথা—শাস্ত, দাস্য, স্থ্য, বাৎসলা ও মধুর। এই মধুর ভাবের গ্রহণ কল্লভাচার্য্যের মত হইতে হইয়াছে বলিয়া প্রতীত হয়। স্বামী-স্ত্রী ভাবের সাধনা প্রবর্ত্তিত হওয়ায় প্রীচৈতত্ত্যের মতবাদ বালকের হত্তে আগুনের ত্যায় উপকারী না হইয়া অপকারীই হইয়াছে। বোধহয় এই মধুরভাবের ফলেই প্রকৃতিসাধক সহজিয়া, কর্ত্তাভজা প্রভৃতি সম্প্রদায়ের উদ্ভব হইয়াছে এবং ব্যভিচারের প্রোতে সমাজ কলঙ্কিত হইয়াছে। আমাদের বিবেচনায় বলদেব প্রভৃতির সিদ্ধান্তগ্রন্থই বৈষ্ণব-সমাজে বহুল পরিমাণে প্রচারিত হওয়া আবশ্যক।

ব্রক্ষবিভায় শূদ্রাথিকার—বলদেবের মতেও পূলাধিকার নাই। তিনি বলেন—"তস্তাং শৃদ্রোনাধিক্রিয়তে।" শৃদ্রাদির যথন বেদ পাঠাদিতে অধিকার নাই, সংস্কার নাই, তথন তাহারা ব্রহ্মবিছার অনধিকারী—"শুদ্রস্থ নাধিকার:।" বিছুরাদির বিষয়ে কিছুই উক্ত হয় নাই; কারণ তাঁহার। সিদ্ধপ্রক্ত। শূলাদির মোক্ষ পুরাণাদি শ্রবণ অফুবলে হইতে পারে, কিন্তু ফলের তারতম্য অবশুস্তাবী। তিনি বলেন—"তথা বিহুরাদীনাং তু সিদ্ধপ্রজ্ঞবার কিঞ্চিটেছে:। শূদাদীনাং মোকস্ত পুরাণাদিশ্রবণজ জ্ঞানাৎ সম্ভবিশ্বতি, ফলে তু তারতম্যং ভবতি।" যে বৈষ্ণব সম্প্রদায় মুসলমানকেও ভক্তিবাদের ক্রোড়ে আনিয়া হিন্দুধর্মে স্থাপিত করিতে সচেষ্ট, তাহাদের প্রধান আচার্য্য আবার ব্রহ্মবিভায় শূদ্রাধিকার নিরস্ত করিলেন। ইহাকেই বলে প্রকৃতির প্রতিশোধ। বলদেব শূদাদির মুক্তিফলের তারতম্যও স্বীকার করিয়াছেন। শূদ্র মুক্ত হইলেও তাহার মুক্তি ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের মুক্তি অপেক্ষা নিক্কষ্ট হইবে। যাঁহারা বলেন, গৌড়ীয় বৈষ্ণবমত প্রেমের ধর্মে আচণ্ডাল ব্রাহ্মণকে সমান করিয়াছে, তাঁহাদের এইস্থলে প্রণিহিত হওয়া আবশ্রক। আচার্য্য শঙ্কর বলিয়াছেন, শূজাদির বেদপূর্ব্বক জ্ঞান না হইলেও ইতিহাস পুরাণাদির সাহায্যে হইতে পারে। এই অংশে কিন্তু বলদেব শঙ্করের অন্তবর্ত্তন করিয়াছেন। শঙ্কর মুক্তির তারতম্য অঞ্চীকার করেন নাই। শুদ্র মুক্ত হইলেও তাহার মুক্তি নিকৃষ্ট, বলদেব ইহা বলিতে কুন্ঠিত হন নাই।

ভক্তি—বলদেবের মতে ভক্তিই জীবের একমাত্র পুরুষার্থের সাধন।

ঐ ভক্তি হলাদিনীশক্তি ও সম্বিংশক্তির সারভূতা, স্বতরাং ডক্তি জ্ঞানরূপিনী
ও আনন্দদায়িনী। জ্ঞানের সারই ভক্তি। ঐ জ্ঞান দ্বিধি, যথা—বিছা ও বেদন।
শুদ্ধ "ত্বং" পদার্থান্থসন্ধি জ্ঞানের নাম বিছা। এই বিছা কৈবল্য বা নির্বাণ
মুক্তির সাধন এবং "তং" পদার্থ-পরিশুদ্ধি-বিজ্ঞানরূপ সাধকজ্ঞান বা বিধিভক্তি
ও নিগ্রণভক্তিরূপ প্রাকৃত প্রকৃষার্থ-সাধক জ্ঞান বা ক্ষতিভক্তির নামই বেদন।

ভক্তি অন্থানিনের তিনটী অবস্থা, যথা—সাধন, ভাব ও প্রেম। ইন্দ্রিয়গণের প্রেরণাদ্বারা সাধনীয়া সামান্তা ভক্তির নাম সাধনভক্তি। ইহা জীবের
হৃদয়নিহিত প্রেমকে উদ্দীপিত করে বলিয়াই ইহাকে সাধনভক্তি বলা হয়।
শুদ্ধসন্থবিশেষরপ, প্রেমস্থ্যাংশুসদৃশ এবং রুচিদ্বারা চিন্তের স্নিগ্ধতা সম্পাদক
ভক্তিবিশেষের নামই ভাব। এই ভাবই প্রেমের প্রথম অবস্থা। এই নিমিন্ত
ভাব ঘনীভূত হইলেই তাহাকে প্রেম বলা যায়। প্রেমই চেষ্টার চরম ফল,
প্রেমই জীবের নিত্যধর্ম।

বৈষ্ণবমতে ভক্তি জ্ঞানের সার। বাস্তবিক এই সিদ্ধান্ত সমীচীন মনে হয় না। ভক্তি বা প্রেম জ্ঞানে পরিসমাপ্তি লাভ করে —ইহাই মনোরাজ্যের সত্য। সকল দর্শনশাস্ত্রই একবাক্যে বলিয়াছেন জ্ঞানই পুরুষার্থের মুখ্যসাধন, কর্ম ও ভক্তি সহকারীসাধন। ভক্তি কর্মবিশেষ মাত্র, জ্ঞানকে ভক্তির বা প্রেমের —সার বলাই সঙ্গত ও শোভন।

বলদেবের মতের সারার্থসংক্ষেপ।

বলদেবের মতে নয়টী প্রমেয়, যথা—

- ১। শ্রীকৃষ্ণই একমাত্র পরতম বস্তু।
- ২। তিনি নিখিল শাস্ত্রবেছ।
- ৩। বিশ্ব সতা।
- ৪। তদগতভেদও সত্য।
- ৫। জীবমাত্রই শ্রীহরির দাস।
- ৬। জ্বীবের সাধনগত তারতম্য অবশ্য স্বীকার্য্য।
- ৭। শ্রীক্লের চরণ লাভই মৃক্তি, মৃক্তির তারতম্য আছে।
- ৮। নির্গুণ হরি ভজনরপ অপরোক্ষজ্ঞান বা ভক্তিই মুক্তির হেতু।
- »। প্রত্যক্ষ, অহমান ও শব্দ + এই তিনটী প্রমাণ।

मखवा।

বলদেবের মতবাদ মধ্বাচার্য্যের মতের প্রতিধ্বনি মাত্র। মধ্ব হইতে বলদেবের মতের যে যে অংশে বৈশিষ্ট্য দেখা যায়, তাহাও নিম্বার্ক ও বল্পভীয় মতের প্রভাব ভিন্ন অন্ত কিছুই নহে। কেবল মাত্র মতবাদ হিদাবে বলদেবের মৌলিকতা দেখা যায় না। তবে রং পরং তোলায় ক্রতিষ আছে এবং যেরূপভাবে ইহার মতবাদ সংস্থাপিত হইয়াছে সেই প্রণালীতে অবশ্য মৌলিকতা অল্পবিস্তর আছে। বলদেব তাঁহার ভায়্মেও মৌলিকতা প্রদর্শন করিয়াছেন, ব্যাখ্যার মৌলিকতাও আছে। কোন কোন বিষয়ে তিনি শহরের মতবাদেও প্রভাবিত হইয়াছেন। বলদেবের মতবাদ থে মধ্বমতের প্রভাবে প্রভাবিত, তাহা বলদেব নিজেও প্রকারান্তরে স্বীকার করিয়াছিন। তাঁহার রচিত সিদ্ধান্তরের বা ভাল্গণীঠকের সমাপ্তিশ্লোকে মধ্বকে নমস্কার ও আচার্য্যরূপে গ্রহণ করিয়াছেন করিয়াছেন ইহা হইতেও প্রতীয়মান হয় গৌড়ীয় মত মধ্বমতের ক্রমবিকাশ মাত্র। গোবিন্দভাষ্যের টীকায় সম্প্রলায়-প্রবর্ত্তকরূপে আনন্দতীর্থ বা মধ্বাচার্য্যকে বন্দনাও করা হইয়াছে:—

"আনন্দতীর্থনামা স্থপময়ধামা যতির্জীয়াৎ। সংসারার্গবতরণিং যমিহ জনাং কীর্ত্তয়ন্তি বুধাঃ॥" স্বপ্তরু প্রস্পরায় মধ্বাচার্য্যের সম্প্রদায়েরই উল্লেখ রহিয়াছে :—

শ্রীকৃষ্ণ-ব্রহ্ম-দেবর্ষি-বাদরায়ণ-সংজ্ঞাকান্
শ্রীমধ্ব-শ্রীপদ্মনাভ-শ্রীমদ্বরি মাধবান্॥
অক্ষোভ্য-জয়তীর্থ-শ্রীজানসিদ্ধ-দ্যানিধীন্।
শ্রীবিভানিধি-রাজেন্দ্র জয়ধর্মান্ ক্রমাদ্বয়ম্॥
প্রক্ষোত্তম-ব্রহ্মণ্য-ব্যাসতীর্থাংশ্চ সংস্ক্রমঃ।
ততোলক্ষীপতিং শ্রীমন্ মাধবেন্দ্রঞ্চ ভক্তিতঃ॥
তচ্ছিষ্যান্ শ্রীশ্রাবৈতনিত্যানন্দান্ জগদ্গুরুন্।
দেবমীশ্রশিষ্যং শ্রীচৈত্ত্যঞ্জ ভক্ষামহে॥

আনন্দ তীর্থন তুমচ্তেং বে চৈতক্ত ভাষৎ প্রভয়াতিকুল্লন্।
 চেতোহরবিন্দং প্রিয়তায়রন্দং পিবত্যলিঃ সচ্ছিবতত্বনাদ্য।।

শ্রীকৃষ্ণপ্রেমদানেন যেন নিন্তারিতং জগং।
ভাষ্যমেতদিরচিতং বলদেবেন ধীমতা।
শ্রীগোবিন্দনিদেশেন গোবিন্দাধ্যমগান্ততঃ।
অধীত্য সর্বান্ বেদাস্তান্ গুরোর্লক্ষীধবপ্রিয়ান্॥ (৫ পৃষ্ঠা)

এতদৃষ্টে প্রতীয়মান হয় গৌড়ীয় বৈষ্ণবমত মধ্বমতের শাথাবিশেষ।
বলদেব বিভাভ্যণ মহাশয় একটী বিষয়ে বড়ই অফুদারভাব প্রকাশ
করিশ্বাছেন। তিনি গোবিন্দভাষ্যের সমাপ্তিতে গোবিন্দভক্তের ভাষ্য
পাঠের অধিকার নির্দেশ করিয়া অন্তোর প্রতি শপথ দিয়াছেন, যথা→

শ্রীমদ্ গোবিন্দপদারবিন্দমকরন্দল্রচেতোভিঃ।
গোবিন্দভাষ্যমেতৎ পাঠ্যং শপথোহপিতোহ্ন্সেভ্যঃ॥"
(গোবিন্দভাষ্য—১২২ পৃষ্ঠা)

এতদ্বৃষ্টে মনে হয় তৎকালে জিগীষার ভাব বড়ই প্রবল হইয়াছিল।
আক্রমণের ভরে বলদেব ওরূপ শপথ দিয়া থাকিবেন। যিনি গোবিন্দ-চর্নসংসক্ত, তাঁহার পক্ষে এরূপ শপথ দেওয়া শোভন হয় নাই। আয়ুর্বেদের
আচার্য্য চক্রদন্তও স্বীয় নিবন্ধের সমাপ্তিতে ঐরূপ শপথ দিয়াছেন। *

মধ্বভাষ্য হইতে বলদেবের গোবিন্দভাষ্য বিশদ ও প্রাঞ্জল। মধ্বাচার্য্যের ভাষ্যে কেবল পৌরাণিক প্রভৃতি বাক্য উদ্ধৃত হইয়াছে; কিন্তু বলদেবের ভাষ্যে সেরূপ নাই। ব্যাগ্যা সম্বন্ধে বলদেব অনেকস্থলে মৌলিকতাই প্রকাশ করিয়াছেন।

"য:সিদ্ধ যোগলিথিতাধিকসিদ্ধযোগা
নত্ত্বৈব নিক্ষপতি কেবলসৃদ্ধরেদ্ধরেদা ।
ভট্টত্রয়ত্তিপথ বেদবিদা জনেন
দত্ত: পতৎসপদি মুর্দ্ধনি ভক্ত শাপা: ॥"

ইউরোপীয় পণ্ডিত

সার উইলিয়ম জোনস্

সার উইলিয়ম জোনস্ (১৭৪৬—১৭৯৪) ইউরোপে সংস্কৃত চর্চ্চার অগ্রদ্ত। তিনি একাদশ বৎসরকাল ভারতে বাস করেন এবং ১৭৮৪ খুষ্টান্দে তাঁহারই ঐকান্তিক পরিশ্রমে কলিকাতায় Asiatic Society of Bengal ফুাপিত হয়। ইনি নিজে সংস্কৃত ভাষা শিক্ষা করেন। তৎপরে মহসংহিতার ইংরাজী অহ্বাদ প্রকাশিত হয়। তাঁহারই প্রয়ত্মে সংস্কৃত ভাষার গ্রন্থ দেবনাগর অক্ষরে প্রথম প্রকাশিত হয়। ১৭৯২ খুঃ 'ঝতুসংহার' নামক কালিদাসের গ্রন্থ প্রথমে দেবনাগর অক্ষরে মুদ্রিত হয়। তিনিই বলিয়াছেন—বেদান্ত পাঠে মনে হয় গ্রীসদেশীয় দার্শনিকগণ—প্রেটো পিথা-রোরাস প্রভৃতি ভারতীয় ঋষিগণের মূল প্রপ্রবণ হইতেই চিন্তা-ধারা পান করিয়াছেন। ইনি বেদান্তের কোনও গ্রন্থ প্রকাশ করেন নাই, কিন্তু এসম্বন্ধে প্রবন্ধ লিথিয়াছেন। জোনস্ সাহেবের গ্রন্থাবলী ১৭৯৯ খুষ্টান্দে লগুন হইতে ছয় থণ্ডে প্রকাশিত হইয়াছে।

অষ্টাদশ শভাব্দীর উপসংহার

এই শতানীই দার্শনিক মৌলিকতার শেষ। সহস্রাধিক বৎসরকাল যে দার্শনিক প্রতিভার ফ্রুন্তি হইতেছিল তাহা যেন ঐক্রজালিকের সন্মোহনে একেবারে নির্বাণিত হইল। পাণ্ডিত্য পল্লবগ্রাহিতায় পর্য্যবিসিত হইল। উদ্ভাবনী শক্তি কেবল সমালোচনায় পরিসমাপ্তি লাভ করিল। এই শতান্দীতে গৌড়ীয় মতের অভ্যুদয় বাতীত বিশেষ উল্লেখযোগ্য ঘটনা নাই। শতান্দীর পর শতান্দী যে দার্শনিক সমর চলিয়াছিল তাহারও অবসান হইল। কাতীয়-চিন্তা দার্শনিক ক্ষেত্রে মৌলিকতা পরিত্যাগ করিয়া কেবল জল্প-বিত্তায় অপব্যায়ত হইতে লাগিল। জাতীয় চিন্তার অন্তম্মুর্থীন্ ধারা বহিন্মুর্থীন্তায়

^{*} ইনি কালিদাসের শকুন্তলার ইংবাজী অনুবাদ করেন। তাঁহার এই অনুবাদ গেটে সাহেব পড়িয়া মৃদ্ধ হন এবং শকুন্তলার উচ্চ প্রশংসা করেন। গেটে সাহেবের এই প্রশংসা জর্মন পণ্ডিতগণের প্রাণে সংস্কৃত চর্চার প্রেরণা সঞ্চার করে। (প্রকাশক)

দার্শনিকতা হারাইল। ভারতীয় চিস্তার ধারা নৃতন পথে প্রধাবিত হইল। অষ্টাদশ শতাব্দীর দার্শনিক ইতিহাস অবনতির ইতিহাস।

উনবিংশ শভাকীর উপক্রম

এই শতাব্দীতে কোনও মৌলিক গ্রন্থ বিরচিত হয় নাই। দার্শনিক চিন্তা কেবল সমালোচনায় পর্য্যবসিত। ইতিহাসের দিকে মনীষিগণের চেষ্টা কতকটা পরিমাণে আকৃষ্ট হইয়াছে। এই শতাব্দীর চারিটা বিশেষত্ব আছে। প্রথম—প্রদেশীয় ভাষায় বেদান্ত-শান্তের অমুবাদ.ও প্রচার হইয়াছে। **দ্রিভীয়**—ইউরোপীয় এবং দেশীয় পণ্ডিতগণের প্রচেষ্টায় বেদান্তের মত ইউরোপে বিস্তার লাভ করিয়াছে, এবং ইউরোপীয় দর্শনকে প্রভাবিত করিয়াছে। ভূতীয়—খুষ্টান মতের আবির্ভাবে বেদাস্ত∗মত বিকৃত হইয়া নানারপ সাম্প্রদায়িক মতের উদ্ভব হইয়াছে। মুসলমান শাসনকালে বেমন নানক, কবীর প্রভৃতির মতবার মুসলমান ধর্ম-প্রভাবে প্রভাবিত হইয়াছে, উনবিংশ শতাকীতেও দেইপর বঙ্গদেশের ব্রাহ্মমত, থিয়োসপিষ্ট-মত, এবং পাঞ্চাবের আর্য্যসমাজের মত খৃষ্টান প্রভাবের ফল বলিয়া প্রতীত হয়। অবশ্বই এই তিন মতের ভিত্তি বেদান্তে, কিন্তু এই তিন মতই খুষ্টীয় পোষাকে বেদান্ত। স্থতরাং কতক্টা পরিমাণে বিকৃত হইয়াছে। নববিধান ব্রাহ্মমত চয়নবাদে (Eclecticism) পরিণতি লাভ করিয়াছে। থিয়োদফি দমন্বয়-বাদে (Syncretism) ব্যাপৃত। আর্থাদমাজের মতবাদ প্রাচীন ও আধুনিকে মিল করিতে গিয়া এক অভিনব মতবাদে প্র্যাবদিত হইয়াছে। আদ্মহতের প্রধান দোষ যে উহাতে জাতীয়তা বোধ থাকে না, কতকটা Abstraction এর স্ষ্টি করে। থিয়োদফিও সেই দোষে ছুষ্ট। বিশ্বমানবকে এক করিবার প্রচেষ্টা utopian, উহাতে কল্পনার গোষ্ঠব থাকিলেও বাস্তবত্ব নাই। আর্য্য-সমাজের মতবাদে Rationalism থাকিতে পারে, কিন্তু জাতির ইতিহাসের সহিত যোগ না থাকায় অনেকটা পরিমাণে আধারশূক্ত ভারের মত হইয়া পড়িয়াছে। অবশ্রই ঐ নকল মতাবলম্বী ব্যক্তিবর্ণের মধ্যে অনেক মহাত্মা ব্যক্তি আছেন, তাঁহাদের সম্বন্ধে আমাদের ধারণা অতি উচ্চ। কেবল দার্শনিক ও ঐতিহাসিক দিক দিয়া-এই সকল মতবাদের আলোচনার আমরা যে সিদ্ধান্তে উপনীত হইয়াছি, তাহাই নিপিবদ্ধ করা হইল। এই তিন সম্প্রদায় দল ভাঙ্গিতে পিয়া দল গড়িয়া বসিয়াছেন। ইহাই প্রকৃতির প্রতিশোধ।

কেবল ব্যবহারিক দিকে দৃষ্টি রাখিয়া ঘাত প্রতিঘাতের ফলে যে মতবাদের উদ্ভব হয়, যাহাতে বিজাতীয় অহুকরণ স্পৃহা থাকে, তাহা কতকটা পরিমাণে স্বাভাবিকতা হারাইয়া ফেলে। ধর্ম-জীবন ও দার্শনিক জীবন কেবল চয়নবাদ (Ecleticism) ও সমন্বয়বাদের (Syncretism) উপর দাঁড় হইতে পারে না। বিজ্ঞানভিক্ষর মতবাদ যেমন বেদাস্তের পোষাকে সাংখ্যবাদ হওয়ায় অস্বাভাবিক হইয়া পড়িয়াছে, দেইরূপ ত্রাহ্মবাদ, থিয়ো-मिक्तान ও आर्यामभाजनान * शृहोनी त्रायात्क त्वनास्त-तान इ अप्राटक অস্বাভাবিক হইয়াছে।

্ উনবিংশ শতান্ধীর চম্ভূর্থ বিশেষত্ত—শাস্ত্রের বছল প্রচার। ইংরাজ রাজত্বের শাসনগুণে আভ্যন্তরীণ শান্তি থাকায় প্রচার কার্য্যের স্থবিধা হইয়াছে। ভারতের নানা প্রাদেশে এবং ইউরোপ ও আমেরিকায় গ্রন্থ প্রচারক সমিতি স্থাপিত হওয়ার গ্রন্থের বছল প্রচার হইয়াছে। মাসিক পত্রগুলিও প্রচার-কার্য্যে যথেষ্ট সহায়তা করিয়াছে।

উনবিংশ শতান্দীতে মৌলিকতা একেবারে নির্ব্বাপিত, এই শতান্দী সমালোচনার ও প্রচারের যুগ। এই শতাব্দীর বিশেষত্ব এই বে, খুষ্টান মতবাদ ভারতকে প্রভাবিত করিয়াছে। ইউরোপীয় সাহিত্যের চিস্তা ভারতে প্রবেশ করিয়া ভারতীয় চিন্তার ধারা কতকটা পরিমাণে পরিবর্ত্তিত করিয়াছে; আধ্যাত্মিক ভারতকে অল্লাধিক পরিমাণে জড় ভারতে পরিণত করিয়াছে। পক্ষান্তরে ভারতের চিন্তা ও সাহিত্য ইউরোপীয় চিন্তা ও সাহিত্যকে প্রভাবিত ও সমূদ্ধ করিয়া তুলিয়াছে। স্বাধীন প্রকৃতি ইউরোপ ভারতীয় চিস্তাকে আপনার ছাঁচে ঢালিয়া আপনার করিতে ব্যস্ত। আর অমুকরণপরায়ণ ভারত কেবল গতামুগতিক ভাবে অমুকরণ করিতে গিয়া স্বীয় সনাতন ভাব হইতে বিচ্যুত হইতেছে। আদান প্রদান প্রকৃতির নিয়ম, কিন্তু পরশ্ব গ্রহণ করিতে হইলেও স্বাধীন ভাবে গ্রহণ করিতে হয়। আপনার মূল উপাদান বন্ধায় রাখিয়া পরশ্ব গ্রহণ করিতে হয়।

 আর্থাদমাজ-বাদ পুষ্ঠীয়ভাবে প্রভাবিত না হইলেও হইতে পারে, তবে জাতির ইতিহাসের সহিত ইহার যোগ কম। আমাদের মনে হয় দল্লানন্দ স্বামী একেবারে উনবিংশ শতাব্দীর সভ্যতার হস্ত হইতে উদ্ধার পান নাই। বৈজ্ঞানিক ও পুষ্টান প্রভাব তাঁহার জীবনে গাকিবার সম্ভাবনা। বৃন্দাবনে অবস্থান কালীন বৈঞ্চব প্রভাবেরও সম্ভাবনা আছে।

ইউরোপীয় জড়বাদে মৃগ্ধ ভারত বাহিরের চাক্চিক্যে মৃগ্ধ হইয়া সনাতন ভাবের সহিত জড়বাদের মিলন করিতে না পারিয়া, জড়বাদের ভিত্তিতে অধ্যাত্মবাদকে, স্থাপন করিতে গিয়া অস্বাভাবিকতাদোষে ছুষ্ট হইয়াছে।

ইউরোপীয় বৈজ্ঞানিক-উন্নতি বেদান্ত দর্শনের বিকাশের সহায় হইয়াছে। বিজ্ঞান বতই অগ্রসর হইতেছে ততই বেদান্তের প্রতিপাদিত সত্যের বিকাশ হইতেছে। স্পাদন ওড়ের ধর্মা, প্রকাশ চিতের ধর্মা; ক্রমে ক্রমে বিজ্ঞান সেই দিকে অগ্রসর হইতেছে। রসায়ণশাস্ত্র পরমাণুবাদ অতিক্রম করিয়া স্ক্রাণুবাদ অর্থাৎ electron theory তে পৌছিরাছে। রেডিয়মের (Radium) আবিদ্ধারে পরমাণুবাদ বিদ্ধান্ত হইয়াছে, স্ক্রাণু বা electron আবিষ্কৃত হইয়াছে। স্ক্রাণুতেও স্পাদন আছে, স্ক্তরাং ক্রমশঃ স্ক্রাদিপি স্ক্র্নারণ আবিষ্কৃত হইডেছে। স্ক্রাণুতে স্পাদন থাকায় তাহাও সাংখ্য পরিকল্পিত 'অব্যক্ত প্রকৃতি" নহে। স্পাদন জড়ের ধর্ম্ম নির্ণীত হওয়ায় আত্মা মন হইতে পৃথক-চৈত্যু হরপ এই মতবাদের আরও ক্রৃতি হইয়াছে। বিজ্ঞানের বিকাশে তাই বেদান্তের বিকাশ সংসাধিত হইয়াছে। বিজ্ঞান ক্রমে বেদান্তের অভিমুখীন হইতেছে। বেদান্তের প্রতিপাদিত সত্যের ইহাই মহিমা।

উনবিংশ শতাকী

প্রথম বিশেষত্ব

এই শতাকীতে কোনও বিশেষ আচার্য্যের আবির্ভাব হয় নাই; কেবল প্রদেশীয় ভাষায় বেদান্তের সত্য সঙ্কলিত হইয়াছে। প্রদেশীয় ভাষার মধ্যে বৈদান্তিক সাহিত্যে হিন্দী ভাষার আসন সর্ব্বোপরি। বঙ্গভাষায় শারীরক ভাষাদির অসুবাদ ও প্রকরণ গ্রন্থও অনুদিত হইয়াছে।

বঙ্গভাষা

কালিবর বেদান্তবাগীশ মহাশয় শারীরক ভাষ্যের বন্ধান্থবাদ প্রচার করেন (বঙ্গাব্দ ১২৯৪, খৃষ্টাব্দ ১৮৮৭)। তিনি বেদাস্ত-সারেরও অহুবাদ করিয়া-ছেন। মহেশচক্র পাল মহাশয় উপনিষদ সমৃহের বঙ্গাস্থাদ প্রকাশ করিয়া বলভাষার পুষ্টি সাধন করেন। এই শতাব্দীর শেষভাগে মহামহোপাধ্যায় চন্দ্রকাস্ত তর্কালস্কার মহোদয় স্বীয় অসাধারণ পাণ্ডিতা ও অতিমাত্রষ প্রতিভার পরিচয় দিয়াছেন। গোপাল লাল বস্থ মল্লিক মহাশয়ের ফেলোশিপের বক্তৃতায় চক্রকান্ত পাঁচ বৎসরকাল বেদান্ত সম্বন্ধে বিচারপূর্ণ প্রবন্ধ পাঠ করেন। প্রথম বর্ষে উপক্রমণিকা, নামকরণ প্রণালী, দর্শন শাস্ত্র এবং ন্তায়, বৈশেষিক, সাংখ্য, পাতঞ্জল প্রভৃতি দর্শনের সারমর্ম প্রদান করিয়াছেন। বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ষে অভাত দার্শনিক মতের সহিত তুলনা করিয়া বেদাভের ধৈতবাদ ও অধৈতবাদের তুলনামূলক বিচার মত স্থাপিত করিয়াছেন। এই প্রবন্ধে ষেরপ আছে, বোধহয় বঙ্গভাষায় আর কোনও প্রবন্ধে তাহা নাই। চক্রকান্তের গ্রন্থ ব্যতীত বঙ্গভাষায় উল্লেখযোগ্য গ্রন্থও বিরল। চন্দ্রকান্তের প্রবন্ধে প্রতিবিশ্ববাদ ও অবিচ্ছিন্নবাদ সবিশেষ আলোচিত হইয়াছে। তিনি প্রতিবিম্ববাদেরই সমর্থন করিয়াছেন। তাঁহার প্রথমবর্ষের বক্তৃতা ১৮৯৮ খৃষ্টাব্দে (১৮২• শকে) প্রকাশিত হয়। ১৯০৪ খৃষ্টাব্দে ইহার দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছে। অন্ত চারি বর্ধের বক্তৃতা বিংশ-শতাব্দীর প্রারম্ভে (১৯০০—১৯০৩ গ্রীষ্টাব্দে) মৃদ্রিত ও প্রকাশিত হইয়াছে। চন্দ্র-কান্তের প্রবন্ধের স্থায় প্রবন্ধ অন্থান্থ প্রাদেশিক ভাষায় বিরল, কিন্ত জাতীয় তু:ভাগ্য এখন চন্দ্রকান্তের প্রবন্ধ পাওয়া যায় না।

গৌড়ীয় বৈষ্ণব-মত সম্বন্ধে শ্রামলাল গোস্বামী মহাশয়ের প্রচেষ্টা উল্লেখ যোগ্য। তিনি বলদেব বিছাভ্যণের গোবিন্দভাশ্তের অন্থবাদ ও গোবিন্দ-ভাশ্ত-বিবৃতি নামক এক প্রবন্ধ লিখিয়া বলদেবের মত বিবৃত করিয়াছেন। বলদেবের "দিদ্ধান্তরত্ব বা ভাষ্যপীঠকের" বঙ্গান্থবাদও গোস্বামী মহাশ্য প্রকাশ করিয়াছেন। শ্রামলাল গোস্বামী মহাশ্য বৃহদারণ্যক্ ও ছান্দোগ্য উপনিষ্দের সম্কৃত ভাষায় টীকাও রচনা করেন।

বঙ্গবাদী আফিন হইতে শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ব মহাশায় পঞ্চদশীর বঙ্গান্থবাদ প্রকাশ করিয়াছেন। প্রবন্ধ হিসাবে একমাত্র চন্দ্রকাস্ত তর্কালঙ্কার, মহাশয়ের নামই উল্লেখযোগ্য।

লামোদর মুখোপাধ্যায় মহাশয় গীতার এক সরল ব্যাখ্যা করিয়াছেন। তপ্তক্রদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় "জ্ঞান ও কর্ম্ম" নামক এক প্রবন্ধ রচনা করিয়াছেন। এই প্রবন্ধ উনবিংশ শতাব্দীর অস্তের চিত হইয়াছে। ইহাতে বেদান্তের দিক হইতে জ্ঞান ও কর্মের আলোচন। করা হইয়াছে।

গৌড়ীয়মতে কেদারনাথ দত্ত ভক্তিবিনোদ মহাশয় অনেক গ্রন্থ অন্থবাদ সহ প্রকাশ করিয়াছেন। "আমায়স্ত্র" নামক এক প্রবন্ধে তিনি গৌড়ীয় মতের সংক্ষিপ্ত মর্ম্ম প্রদান করিয়াছেন। এই প্রবন্ধ সংস্কৃত ভাষায় লিথিত, ইহার সঙ্গে তাহার স্বকৃত বঙ্গাত্যাদ আছে।

বর্ত্তমান বিংশ শতাব্দীর প্রারম্ভে শ্রীযুক্ত কোকিলেশ্বর ভট্টাচার্য্য মহাশয় "উপনিষদের উপদেশ" নামক এক প্রবন্ধ রচণা করিয়াছেন। এই প্রবন্ধ কয়েকথণ্ডে প্রকাশিত হইয়াছে। ইহাতে উপনিষদের আখ্যায়িকাগুলির তাৎপর্য্য প্রদর্শিত হইয়াছে। শান্ধরমত ব্যাখ্যাকল্পে স্থান বিশেষে তিনি শঙ্করকে অতিক্রম করিয়াছেন বলিয়া বোধ হয়। *

হিস্ফী ভাষা

হিন্দী ভাষায় অনেক প্রবন্ধ রচিত হইয়াছে, বোধহয় প্রাদেশিক ভাষার মধ্যে হিন্দী দার্শনিক সাহিত্য সর্বাপেক্ষা পরিপুষ্ট।

১। স্বামী অভিলাথ দাস উদাধী "অভিলাথ সাগর" নামক এক প্রবন্ধ রচনা করিয়াছেন। ইহাতে বন্দন-বিচার, গ্রন্থ-বিচার, মার্গ-বিচার, ভদ্ধন-বিচার,

পরিশিষ্ট ক্রেইবা।

জড়বন্ধ-বিচার, চৈতন্ত বন্ধ-বিচার, নিরাকার বন্ধ-বিচার, মিথ্যা ব্রন্ধ-বিচার, অহং বন্ধবিচার, বন্ধ-বিচার প্রভৃতি বিষয় বর্ণিত আছে।

- ২। ভগবানদাদ নিরঞ্জনী ''অমৃতধারা'' নামক বেদাক্তের এক প্রাক্তরণ গ্রন্থ পাছ লিথিয়াছেন।
- ৩। পর্মহংস চিদ্ঘনানন্দ স্বামী ''আত্মপুরাণ'' নামক এক বৃহৎ প্রবন্ধ রচনা করিয়াছেন। ইহাতে দশোপনিষদের ভাবার্থ বর্ণিত আছে। স্বামিন্দী মহাদেবানন্দ সরস্বতী কৃত ''তত্ত্বাহুসন্ধান ও অবৈতচিস্তাকৌস্তভের'' হিন্দী অসুবাদও ক্রিয়াছেন।
- ৪। আনন্দগিরি স্থামী "আনন্দামৃতবর্ষিণী নামক এক প্রবন্ধ রচন।
 করিয়াছেন। ইহাতে গীতার তাৎপর্যা নির্ণয়াবসরে বেদান্ততত্ত্ব নির্ণীত ইইয়াছে। ।
- ৫। কাম্লীবালে বাবাজী "প্ৰক্ষণাত রহিত অন্তব প্রকাশ" নামক এক প্রবন্ধ রচনা করেন। সকল শাস্ত্রের অধ্যাত্ম তাৎপ্র্য্য এই প্রবন্ধে নির্ণীত ইইয়াছে।
- ৬। গুলাব সিংহ শ্রীকৃষ্ণ মিশ্র কৃত 'প্রেবোধ চক্রোদয়' নাটকের ভাষ্যান্থ-বাদ করিয়াছেন।
 - १। পরমহংস লক্ষ্যানন্দ স্বামী "মোক্ষগীতা" এবং "বিবেক বীর বিজয়" নামক ছইখানি বেদান্তের প্রকরণগ্রন্থ রচনা করিয়াছেন।
 - ৮। গুলাব রায়জী "মোক্ষণস্থ" নামক এক প্রবন্ধ রচনা করিয়াছেন।
 - ৯। স্বামী নিশ্চলদাসজী "বিচারসাগর" নামক প্রবন্ধ রচনা করিয়া-ছেন। ইহার উপর নিজেই টীকা রচনা করেন। পীতাম্বর দাস ইহার উপরে স্থবিস্তৃত টীকা রচনা করিয়াছেন। বোধহয় হিন্দী ভাষায় বৈদান্তিক গ্রন্থের মধ্যে "বিচারসাগর" সর্বশ্রেষ্ঠ। স্বামী নিশ্চলদাস "বৃত্তি প্রভাকর" নামক অন্ত এক প্রবন্ধ রচনা করিয়াছেন। ইহাতে ষড়্দ্শনের আলোচনা প্রসঙ্গে বেদান্তমতের প্রতিষ্ঠা করিয়াছেন।
 - ১০। স্বামী গোবিন্দদাস "বিচার-মালা" প্রবন্ধ রচনা করিয়াছেন।
 - ১১। পীতাম্বর দাস বালবোধিনী টীকা সহ "বিচার চক্রোদয়" রচনা করিয়াছেন। বঙ্গদেশে শীযুক্ত রামদয়াল মজুমদার মহাশয় বিচার চক্রোদয়ের বঙ্গাহ্মবাদ প্রকাশ করিয়াছেন। বিচার চক্রোদয়ে বেদাস্ত প্রতিপাত্য বিষয় অতি স্বন্ধররূপে প্রপঞ্চিত হইয়াছে।

১২। কবিংর কেশবদাস "বিজ্ঞান গীতা" নামক প্রবন্ধ রচনা করিয়া-ছেন। এতদ্বাতীত স্থলর-বিলাস, স্বরূপাস্থসদ্ধান, স্বাস্কৃত্ব প্রকাশ, সন্তোষ-স্থরতক্ষ, সম্ভপ্রভাব প্রভৃতি অনেক প্রবন্ধ হিন্দীভাষায় বিরচিত হইয়াছে। যোগেশর বলানাথজী মারবাড়ী ভাষায় ''অস্কৃত্বপ্রকাশ" নামক এক প্রবন্ধ রচনা করিয়াছেন। ইহাতে ''তত্ত্বমিস'' প্রভৃতি বাক্যের তাৎপর্য্য নির্ণীত হইয়াছে। উনবিংশ শতাকীতে হিন্দীসাহিত্য দার্শনিকক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করিয়াছে। *

উনবিংশ শতাকী

দ্বিতীয় বিশেষত্ব

ইউরোপীয় পশুভিগণ

ইউরোপীয় পণ্ডিতগণের মধ্যে সার উইলিয়ম জোনস্ (Sir William Jones ', চার্লস্ ইউল্কিনস্ (Charles Wilkins), কোলক্রক (Cole Brook) প্রভৃতি সাহেবগণ প্রথমে দার্শনিকক্ষেত্রে অবতীর্ণ হন। অষ্টাদশ শতান্দীর শেষ হইতে উনবিংশ শতান্দীর প্রথমভাগেই তাঁহারা সংস্কৃত-সাহিত্য-রাজ্যে প্রবেশ করেন। তাঁহাদের দৃষ্টান্তে উইলসন্, রোয়ার, কাওয়েল, বথলিং, ডসেন্, গার্কের, মোক্ষমূলর, থিব, কর্ণেল জেকব, বুলার, ডেভিস, বেনিস, গফ্ প্রভৃতি ইউরোপীয় পণ্ডিতগণ দার্শনিক সাহিত্য আলোচনা করিতে লাগিলেন। এই সকল পণ্ডিতগণের প্রচেষ্টায় দার্শনিকসাহিত্য ইউরোপীয় স্থীসমাজের দৃষ্টি আকর্ষণ করে। দার্শনিক সাহিত্যের প্রচারে ইউরোপীয় চিন্তা ও কাব্য প্রভাবিত হয়। এডুইন্ আরনক্ত (Edwin Arnold) সাহেব Light of Asia নামক গ্রন্থ রচনা করিয়া বৃদ্ধদেবের জীবনী ইউরোপীয় সমাজের নিকট উপস্থাপিত করেন। বর্ত্তমান শতান্ধীতে ধ্রেয়স্ (yeats) ও রাসেল্ (Russel) প্রভৃতি ইংলণ্ডীয় পণ্ডিতগণ ভারতীয় প্রভাবে প্রভাবে প্রভাবিত

পরিশিষ্ট দ্রষ্টব্য

দার্শনিক চিস্তায় সোপেনহৌর, ভন্হার্টম্যান্ প্রভৃতি দার্শনিকগণ প্রভাবিত হইয়াছেন। বর্ত্তমানে দিনেমার অধ্যাপক হফ্ডিং (Harold Hoffding) তৎকৃত Philosophy of Religion নামক গ্রন্থে উপনিষ্দের চিস্তার প্রাচীনত্ব ও শ্রেষ্ঠ্য অঙ্গীকার করিয়াছেন।

ইউরোপীয় পণ্ডিতগণের প্রচেষ্টা প্রশংসনীয়। বিদেশীর পক্ষে যতদ্র সম্ভব তাহা তাঁহার। করিয়াছেন। তাঁহাদের যে ভ্রম প্রমাদ নাই এমন নহে। অনেক স্থলে তাঁহারা তাৎপর্য্য হৃদয়ঙ্গম কবিতে না পারিয়া ভ্রান্ত শিক্ষান্তে উপনীত হইয়াছেন।

শ্বেষা ব্যক্তিক (Colebrook ১৭৬৫ খৃঃ—১৮৩৭ খৃঃ)—ইনি ১৮০৫ খৃষ্টাব্দে "Asiatic Researches" নামক প্রবন্ধে বেদ সম্বন্ধে—On The Vedas প্রবন্ধ রচনা করেন। ১৮৩৭ খৃষ্টাব্দে কোল্জক্ ও উইল্সন্ সাহেব "গৌড়পাদীয়-ভাষ্য সহিত" সাংখ্য-কারিকার ইংরাজী অন্থবাদ সহ এক সংস্করণ প্রকাশিত করেন। অক্স্কোর্ডে এই সংস্করণ প্রথম প্রকাশিত হয়। কোল্জক্ * ভারতীয় দর্শন সম্বন্ধেও প্রবন্ধাদি রচনার স্থচনা করিয়া যান। পরবর্জীকালে তাঁহারই পথ অন্থসরণ করিয়া অন্থান্য পণ্ডিতর্গণ বেদান্ত-দর্শনাদি সম্বন্ধে আব্যাচনা করেন।

উইল্সন্ (Horace Hayman Wilson)—উইল্সন্ সাহেব ভারতীয় নাট্য সম্বন্ধ একটা স্থবিস্কৃত প্রবন্ধ লিথিয়াছেন। এই প্রবন্ধের তৃতীয় সংস্করণ ১৮৭১ খৃষ্টাব্দে লগুনে প্রকাশিত হয়। প্রবন্ধের নাম "Select Specimens of the Theatre of the Hindus"। অবশ্রুই এই প্রবন্ধে উইল্সন্ সাহেব যে সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা সকলাংশেই সম্বত্ধ শোভন নহে। ইনি কোল্জ্রক্ সাহেবের সহিত সাংখ্যকারিকার এক সংশ্বরণও প্রকাশ করিয়াছেন। ক শঙ্করাচার্য্যের অবস্থিতি-কাল সম্বন্ধেও

- * ইনি প্রথমে সংস্কৃত ব্যাকরণের ইংরাজী অনুবাদ করেন, এবং অনেক সংস্কৃত হাতের লেখা সংগ্রহ করিয়া East India Companyকে প্রদান করেন। ওাঁহারই ঐকান্তিক প্রচেষ্টার ফলে লণ্ডনে Royal Asiatic Society স্থাপিত হয়।—(প্রকাশক)
 - † ইনি সংস্কৃত-ইংরেজী অভিধান রচনা করেন।

বোডেন্ (Colonel Boden)—একজন থুষ্টান ধর্ম প্রচারের উগ্র উৎযোজা। তাঁহার বিধাস সংস্কৃতে স্থাশিকিত হইলে ভারতে মিশনারিগণের প্রচার কার্য্যের বিশেষ স্থবিধা ছইবে, এই বিখাসে অনুপ্রাণীত ছইরা খুষ্টান ধর্ম প্রচারের সৌকার্য্য সাধনের জন্ম তাঁহার সমৃদর সম্পত্তি ১৮০০ খৃঃ অক্স্ফোর্চ বিশ্ববিদ্যালরে প্রদান করেন। ইহা ছইতে বোডেন্ বুজির ব্যবস্থা করা হয়, এবং ১৮৮০ খুঃ সংস্কৃত চর্চার একটি বিশেষ বিভাগ খোলা হয়। (প্রকাশক)

উইলসন্ সাহেব প্ৰেষণা করিয়াছেন। কিন্তু তাঁহার গবেষণার ফলে যে সিদ্ধান্ত স্থাপিত হইয়াছে তাহা সঙ্গত বলিয়া মনে হয় না। উইলসন্ সাহেবও পথ প্রদর্শক মাত্র।

ভারশেস্ উইল্কিন্স (Charles Wilkins)—ইনি: ११० খৃঃ ভারতে আগমন করেন, এবং সংস্কৃত ভাষায় ব্যুৎপত্তি লাভ করিয়া ভাগবত গীতার ইংরাজী অমুবাদ করেন। ১৭৮৫খৃঃ এই গীতামুবাদ লগুনে প্রকাশিত হয়, এবং ভাগবত গীতার এই ইংরাজী অমুবাদ জার্মাণী ও ফরাসী ভাষায় অফুদিত হয়।

েকা ছাব্র (Roer)—রোয়ার সাহেব কএকথানি উপনিষদের সম্পাদক।
১৮৫০ খৃষ্টাব্দে কলিকাতা "বিব্লিওথিকা ইণ্ডিকা সিরিজে" ঐতরেয়, কেন,
খেতাখতর, কঠো, তৈজিরীয় প্রভৃতি উপনিষদ সম্পাদন করিয়া প্রকাশিত
করেন।

কাওকের বিব্লিওথিকা ইণ্ডিকা সিরিজে কএকগানি উপনিষদের সম্পাদক। কলিকাতার বিব্লিওথিকা ইণ্ডিকা সিরিজে কএকগানি উপনিষদ প্রকাশিত করেন। ১৮৬১ খৃষ্টাব্দে কৌষীতকী উপনিষদ, ১৮৭০ খৃঃ মৈত্রী উপনিষদ সম্পাদন করেন। ইনি বৃদ্ধ চরিতের অন্থবাদক, ১৮৯০ খৃঃ বৃদ্ধ চরিত অক্স্ফোর্ডে প্রকাশিত করেন।

বেদা ক্রিক্তির (Both Ling)—ইউরোপীয় পণ্ডিতগণের মধ্যে অক্সতম প্রধান পণ্ডিত। ইনি রথ (Roth) সাহেবের সহিত মিলিত হইয়া সংস্কৃত ভাষার এক জর্মন্ অভিধান প্রণয়ন করিয়াছেন। রুশিয়ার রাজধানী দেণ্ট পিটারস্বার্গ (বর্ত্তমান নাম লেনিন্ গ্রাড্) ইইতে এই স্ববৃহৎ অভিধান ৭ খণ্ডে প্রকাশিত হইয়াছে (১৮৫২-১৮৭৫)। বৎলিক্ষ্ সাহেব ইহার এক সংক্ষিপ্ত সংস্করণও (১৮৭৯—১৮৮৯ খৃঃ) লিপ্জিগে প্রকাশ করেন। ১৮৯৭ খৃঃ ইহার রচিত Sanskrit Chrestomathic নামক প্রবন্ধের তৃতীয় সংস্করণ লিপ্জিগ্ নগর হইতে প্রকাশিত হয়। *

১৮৮৯ খঃ ইনি ছান্দোগ্য উপনিষদ্ অমুবাদ সহ সম্পাদিত করিয়া লিপ্জিগ্ নগর হইতে প্রকাশিত করেন। ঐ খৃষ্টান্দেই সামুবাদ বৃহদারণ্যক উপনিষদ সম্পাদিত হইয়া প্রকাশিত হয়। ১৮৭০—১৩ খৃষ্টান্দে সেন্ট্-পি-টারস্বার্গ্

 ^{*} ইনি 'পাণিনি' অমুবাদ করেন, এবং এই অমুবাদে প্রাচ্য পণ্ডিতগণের পাণিনি অধ্যয়নে বিশেষ দহারতা করিয়াছে।—(প্রকাশক)

নগর হইতে ছুই খণ্ডে "Indische Spriuche" নামক প্রবন্ধের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়। ইনি বৈদিক সাহিত্যেই স্বীয় প্রতিভার পরিচয় দিয়াছেন।

ভিলেন। ভারতীয় দর্শন আলোচনায় ইউরোপীয় পণ্ডিভগণের মধ্যে ইনি শ্রেষ্ঠ। বৈদিক ও বৈদান্তিক সাহিত্যে ই হার রচিত অনেক প্রবন্ধ আছে। ইনি ঋগুবেদের সম্পাদক। ১৮৭০ খৃ: কেবল ঋগুবেদের মূল লগুনে প্রকাশিত. করেন। ১৮৭৭ খৃ: উহার পদপাঠ প্রকাশিত হয়। ১৮৭৭ খৃ: Aufrecht Bonn নগর হইতে রোমান অক্সরে (Roman Characters) ঋক্সংহিতা প্রকাশিত করেন। ১৮৯০-৯২ খৃ: সায়নভাষ্য ও পদপাঠ সহিত ঋক্সংহিতা লগুন নগরী হইতে প্রকাশিত করেন। ১৮৯১ খৃ: অক্স্ফোর্ড হইতে প্রকাশিত Sacred Books of the East Series এ কতকগুলি বৈদিক ভক্তের অফুবাদ প্রকাশিত করেন। *

Sacred Books vol. I and XV এতে কএকথানি উপনিষ্দের অন্থাদ করিয়াছেন। ১৮৯৪ খুষ্টান্দে Royal Institutionএতে বেদান্ত-দর্শন স্থমে কয়েকটা প্রবন্ধ পাঠ করেন, ইহাই—"A Vedanta Philosohpy" নামে অভিহিত। ১৮৯৯ খৃ: Six Systems of Indian Philosohpy প্রকাশ করেন। ইনি কালিদাসকত মেঘদ্তের জার্মান্ ভাষায় অন্থাদণ্ড প্রকাশ করিয়াছেন। ১৮৪৭ খৃ: কনিগ্সবার্গ্ (Konigs Berg) নামক নগরে এই অন্থাদ প্রকাশিত হয়। মোক্ষম্লার—Contribution to the Science of Mythology, Introduction to the Science of Religion, Natural Religion (The Gifford Lectures), Physical Religion (Gifford Lectures), Anthropological Religion, Theosophy of Psychological Religion, The origin and growth of Religion, Biographies of words, and the Home of the Aryans, The science of Language, chips from a German work

^{* (}Vedic Hymns—মকং, কজ,বায়ু, বাত—Sacred Bks. of the East Series vol. xxx ii)

shop; India, what it can teach us" * প্রভৃতি অনেক প্রবন্ধ রচনা ইনি বেদান্ত-দর্শনে শান্ধর মতের অফুসরণ করিয়াছেন, কিন্তু স্থল বিশেষে ইহার দিদ্ধান্ত অসমীচীন ও অসমত হইয়াছে। তিনি যে বেদান্তের প্রভাবে প্রভাবিত তাহাও স্বীকার করিয়াছেন। তিনি Vedanta Philosophy নামক প্রবন্ধে লিখিয়াছেন—"Any how let me tell you that a philosopher so thoroughly acquainted with all the historical systems of philosophy as Schopenhauer, and certainly not a man given to deal in extravagant praise of any philosophy but his own, delivered his opinion of the Vedanta philosophy, as contained in the Upanishads, in the following words,—'In the whole world there is no study so beneficial and so elevating as that of the Upanishads. It has been the solace of my life, it will be the solace of my death.' If these words of Schopenhauer's required any endorsement, I should willingly give it as the result of my own experience during a long life devoted to the study of many philosophies and many religions. If philosophy is meant to be a preparation for a happy death or Enthanasia, I know of no better preparation for it than the Vedanta philosophy."

ভেসেল্ (Paul Deussen) —ইনি জার্মান অধ্যাপক, বেদাস্ক-দর্শনের ক্ষেত্রে ইহার প্রচেষ্টা ও সাধনা সর্ব্বোপরি উল্লেখযোগ্য। ইনি ভারতবর্ষে আসিয়া তথ্য সংগ্রহ পূর্ব্বক প্রবন্ধ সকল রচনা করিয়াছেন। বেদাস্কের প্রাণস্পর্শী ভাবে তিনি মুগ্ধ হইয়াছেন। যে কয়েকজন ইউরোপীয় পণ্ডিত বেদাস্ক-দর্শনের আলোচনা করিয়াছেন, তন্মধ্যে ইনিই সব্বাপেক্ষা অধিকতর পরিমাণে বেদাস্কের রস উপলব্ধি করিতে পারিয়াছেন। স্থল বিশেষে

^{* &}quot;India what can it teach us"—এই প্রবন্ধে তিনি বলিয়াছেন—"If I were asked under what sky the human mind has most fully developed some of its choicest gifts, has most deeply pondered on the greatest problems of life, and has found solution of some of them which well deserve the attention of those who have studied Plato and Kant, I would point out to India."—(থাকা)

ইহার সিদ্ধান্তও অশোভন হইয়াছে; অবশুই তাহা দোবের নহে, কারণ ইনি विरामी হইয়াও যেরপ পরিশ্রম করিয়াছেন তাহার জন্তই ইনি ধন্তবাদার্হ। বিদেশীর পক্ষে ভ্রম-প্রমাদ ক্ষমার্হ, কারণ ভাষা ও ভাবের ভিতর তাঁহাদের প্রবেশ করাই স্থকঠিন। ভদেন বৈদিক দর্শন সম্বন্ধে ১৮৯৪ খৃষ্টাব্দে— "Allgemeine Geschichte der philosophie" নামক গ্রন্থের প্রথম খণ্ডের প্রথম অ'শে (Vol. I Prt I) "Philosophie des Veda" নামক প্রবন্ধ লিপ্ জিগ -নগরীতে প্রকাশিত করেন। বেদান্ত-দর্শন সম্বন্ধে ডসেন্ কৃত "Die Philosophie der Upanishads" (The philosophy of the Upanishads) নামক গ্রন্থ স্থাসিদ। ১৮১৯ থঃ লিপ্জিগ্নগর হইতে এই প্ৰবন্ধ প্ৰকাশিত হয়। ১৯০৬ খঃ গেডেন্ (Geden) সাহেব ইহার ইংরাজী তেজ্ঞমা প্রকাশ করেন। ইউরোপীয় পণ্ডিতগণের মধ্যে বেদান্ত সম্বন্ধে এরূপ স্থাচিন্তিত প্রবন্ধ আর কেংই লিখিতে পারেন নাই। গৃফ (Gough) সাহেবের প্রবন্ধ স্থবিস্তৃত হইলেও এরপ-মনীধার সহিত লিখিত হয় নাই। মোক-মূলারের Vedanta Philosophy হইতে গফ্ সাহেবের প্রবন্ধ যে স্থচিস্তিত তদ্বিয়ে দন্দেহ নাই। ডদেন্ ১৮৯৭ খঃ অন্থবাদ ও ভূমিকা দহ "Schoig Upanishads" প্রকাশ করেন। লিপ্-জিগ্নগর হইতে ইহা প্রকাশিত হয়। ১৮৮৩ খঃ লিণ্-জিগ্নগর হইতে ডনে-"Das System des Vedanta"-A System of Vedanta নামক প্রবন্ধ প্রকাশ করেন। ১৯১২ গুটান্দে আমেরিকার সিকাগো নগরী হইতে Ch. Johnston ক্বত এই গ্রন্থের ইংরাজী অন্থ্রাদ প্রকাশিত হইয়াছে। এই প্রবন্ধে বেদান্ত-দর্শন আলোচিত হইয়াছে। শান্ধর ভাষা ও স্তের অফ্বাদ সহ ব্রহ্মস্ত্র লিপ্জিগ্ নগর হইতে প্রকাশিত হয়। এই প্রবন্ধের নাম "Die Sutra's des Vedanta-the Sutras of Vedanta" বেৰান্ত দৰ্শনের ক্ষেত্রে ভদেন্ সাহেব ইউরোপীয় পঞ্জিতগণের মধ্যে শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছেন। সংস্কৃত সাহিত্য, বিশেষতঃ ভারতীয় দর্শন অধ্যয়ন কেরিবার জ্ঞাই ডদেন্ ভারতে আসিয়া ছিলেন। স্থান বিশেষে ডসেন্ সাহেবের সিদ্ধান্ত সমীচীন না হইলেও তিনি অতিশয় শ্রদ্ধার সহিত আলোচনা করিয়াছেন। তাঁহার Philosophy of the Upanishads নামক প্রবন্ধ স্থীসমাজে বিশেষ স্মাদৃত।

তৈহাবার (Albrecht Weber)—ইনি মোক্ষমূলারের সমসাময়িক।
ইনি যযুবেদের এক অন্থাদ সম্পাদন করেন। ইনি Berlin Royal
Libreryর জন্ম সংস্কৃত হস্ত লিখিত পুস্তকাবলীর এক তালিকা নির্মাণ করেন।
তৎকৃত "Indischen studien" ১৮৫০ খৃ: হইতে ১৮৮৫ খৃষ্টান্দের মধ্যে ১৭
খণ্ডে প্রকাশিত হয়। ইহা ভারতীয় সংস্কৃত-সাহিত্যের খনিবিশেষ। তৎকৃত
History of Indian Literature নামক গ্রন্থে তিনি বলিয়াছেন যে, হিন্দুগণের
মৌলিকতা ছিলনা, এবং কাব্য, বিজ্ঞান ও শিল্পকলায় তাঁহারা গ্রীকগণের
অন্থারণ করিয়াছেন, হিন্দুদের রামায়ণ হোমারের (Homer) অন্থাকরণ ভিল্ল
আর কিছুই নহে। বন্ধের স্বর্গীয় পণ্ডিত কাশীনাথ ত্রিম্বক তৈলক মহোদ্য
তাঁহার এই সকল অসার সিদ্ধান্তের অযৌক্তিকতা বিষদভাবে দেখাইয়া
দিয়াছেন।

পাত্র (Garbe) — ইনি বেদান্ত দর্শন সম্বন্ধে বিশেষ ভাবে না লিখিলেও ভারতীয় দর্শন সম্বন্ধে প্রবন্ধাদি 🚜 । মুণ্যন করিয়াছেন। ১৮৯৭খঃ সিকাগো (Chicago) নগর হইতে "Philosophy of Ancient, India" নামক প্রবন্ধ প্রকাশিত করেন। ১৮৯৪ খঃ লিপ্জিগ্ নগর হইতে "Die Sankhya Philosophie" নামক প্রবন্ধ প্রকাশিত হয়। ১৮৯৫ খু: হার্কার্ড (Harvard) হইতে সাংখ্যপ্রবচন ভাষ্যের এক সংস্করণ প্রকাশ করেন। ১৮৮৯ খৃঃ জার্মন ভাষায় ইহার অন্তবাদ লিপ্জিপ নগরে প্রকাশিত করিয়াছেন। ১৮৮৮-- ৯২ খু: গার্কে সাহেব সামুবাদ সাংখ্যসূত্র কলিকাতার বিব্লিওথিকা ইণ্ডিকা সিরিছে প্রকাশ করেন। ১৮৯২ খুঃ মিউনিক্ (Munich) নগরে গার্কে সাহেবের সাংখ্যতত্ত্ব-কৌমুদীর অন্থবাদ প্ৰকাশিত হয়। তিনি "Sankhya und yogo" নামক প্ৰবন্ধে গ্ৰীক দর্শনের উপর ভারতীয় দর্শনের প্রভাব বিশদ ভাবে দেখাইয়াছেন। তিনি ১৮ १৮ খু: লণ্ডন হইতে 'বৈতান স্ত্রের" এক সংস্করণ প্রকাশিত করিছাছেন। এই খৃষ্টাব্দেই ট্রাস্বর্গ। (Strasburg) নগরে বৈতান স্ত্তের অফুবাদ প্রকাশিত হয়। দার্শনিক ক্ষেত্রে গার্কে সাহেব যথেষ্ট পরিশ্রম করিয়াছেন। বেদান্ত সম্বন্ধে বিশেষ কিছুই না করিলেও ভারতীয় দর্শনের প্রভাবাদি সম্বন্ধে আলোচনা করিয়াছেন বলিয়াই তাঁহার নাম উল্লিখিত হইল। তিনি গীতার প্রক সংস্করণ প্রকাশ করেন, তাহার ভূমিকায় গার্কে সাহেব সাংখ্য-ভাব-প্রবণতার মথেষ্ট পরিচয় দিয়াছেন। এবং এই ভূমিকায় তিনি অসার যুক্তি। অমাছ্যিক কল্পনা ও নিজের অকৃতিত্বের পরিচয় প্রদান করিয়াছেন। তিনি ভূমিকায় লিথিয়াছেন যে, তিনি ৬।৭ বার গীতা পড়িয়াছেন। আমাদের বিবেচনায় তিনি গীতা পড়িলেও কিছুই বুঝেন নাই। গার্কে সাহেবের উক্তি দেখিয়া মনে হয় ইউরোপীয় পণ্ডিতগণ ভারতীয় সাহিত্যে সম্যকরূপে প্রবেশ করিতে পারেন নাই। কেহ গার্কে সাহেবের ভূমিকার প্রতিবাদ স্চক আলোচনা করিলে ভাল হয়। এই ভূমিকা Bhandarkar Research Institute, Poona হইতে প্রকাশিত হইয়াছে।

থিকো (Dr. Thibaut)—ইনি কাশী Queen's Collegeodর অধ্যাপক হইয়া ১৮৭২ খৃ: ভারতে আগমন করেন। শেষে কলিকাতা বিশ্বিভালয়ের Registrar হইয়াছিলেন। কাশীর প্রাসিদ্ধ "পণ্ডিত" পত্রে তিনি অনেক প্রবন্ধ লিথিয়াছেন। 'পণ্ডিত' পত্রিকায় বেগধায়ন শুবুহুত্র অহ্বাদ সহ প্রকাশিত করেন। (Pandit vol.ix.) শুবুহুত্র সম্বন্ধে ১৮৭৫ Journal of the Asiatic Society of Bengal নামক পত্রিকায় আলোচনা করিয়া প্রাচীন ভারতের জ্যামিতি (Geometry) সম্বন্ধে জ্ঞানের পরিচয় প্রদান করিয়াছেন। ১৮৯৬ গু: Sacred Books of the East Series এ বেদান্ত স্ত্রের শান্ধর ভাল এবং পরে রামান্থল ভাল্যের ইংরাজী অহ্বাদ প্রকাশ করিয়াছেন। *

থিবো সাহেব রামান্ত্রন্ধ মতবাদের পক্ষপাতী। তিনি শাহর মতের সম্বন্ধে কয়েকটি আপত্তি তুলিয়াছেন। প্রথম আপত্তি, শহর সাম্প্রদায়িক ভাবে ভায়্ম রচনা করেন নাই, কিন্তু রামান্ত্র্য বোধায়ন ভায়্মের অন্ত্রস্বন করিয়াছেন। দ্বিতীয়, শাহ্বরিক মায়াবাদ স্থ্রের তাৎপর্য্যে পাওয়া য়য় না। তৃতীয়, রক্ষের সম্ভব ও নিগুর্ন এই চুই ভাব শ্রুতির অন্থমোদিত নহে। ব্রহ্ম স্থেরের পরিসমাপ্তিতে যে যুক্তির বিষয় কথিত হইয়াছে তাহাতে মনে হয় শহর প্রতিপাদিত নির্বাণম্কি স্ত্রকার ব্যাসের অভিপ্রেত নহে। থিবো সাহেবের এই সকল যুক্তির অসারতা অধ্যাপক কে, স্থন্দররাম আয়ার মহোদয় শ্রীরক্ষম বাণীবিলাদ প্রেদ হইতে প্রকাশিত "আপদেবী" টীকা সহ "বেদাস্তদারের" ভূমিকায় অতি স্থচাক্রপে খণ্ডন করিয়াছেন। বান্তবিক ভূমিকায় আয়ার মহোদয় থিবো সাহেবের যুক্তিজাল এরপ দক্ষভার সহিত

 ^{* (}শাক্ষর ভাষ্য Sacred Books vol. xxx iv of 1890 এবং vol. xxx viii.
 of 1896. রামাসুজ ভাষ্য—Sacred Books vol. xl viii, অক্স্কোড (Oxford) ইউতে প্রকাশিত ইইয়াছে।)

থগুন করিয়াছেন যে, তাহা প্রশংসাযোগ্য। অনেকস্থলে থিবো সাহেবের অনুবাদও দোষযুক্ত হইয়াছে। থিবো সাহেব যে সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা লাস্ত সিদ্ধান্ত। থিবো সাহেব ব্যতীত অন্যান্ত ইউরোপীয় পণ্ডিতগণ রামান্তজ-ভাষ্যের বা অন্ত কোনও আচার্য্যের ছাষ্যের কোনওরূপ আলোচনা করেন নাই। আয়ার মহোদ্যের ভূমিকা সকলের পাঠ করা উচিত। তিনি ইংরাজী ভাষায় ভূমিকাটি লিখিয়াছেন। আমাদের মনে হয় প্রাদেশিক ভাষায়ও ইহার অনুবাদ হওয়া উচিত। অনেক ইংরাজী শিক্ষিত ভদ্রলোক সংস্কৃতের ভিতর দিয়া শাহ্মরভাষ্যাদি পাঠ করিতে না পারিয়া থিবো সাহেবের অনুবাদের শরণাপন্ন হন; স্কৃত্রাং তাঁহারা যে লাস্ক্ত ধারণা পোষণ করিবেন তদ্বিয়ে সন্দেহ নাই। তাঁহাদের পক্ষে আয়ার মহোদ্যের ভূমিকা অবশ্রপাঠ্য। থিবো সাহেব ও কর্ণেল জেকব যেরূপ অসার দিদ্ধান্ত স্থাপন করিয়াছেন, দেইরূপ ডদেন্ ও গফ্ সাহেব করেন নাই। জেকব সাহেবের সিদ্ধান্ত থিবো সাহেবের সিদ্ধান্ত হইতেও হীন; তবে থিবো সাহেবের প্রচেটার জন্ত ভিনি ধন্তবাদার্হ। *

কেলে ভেক্কব (Cornal Jacob) – ইনি ১৮৯১ খৃঃ
বাষে সংস্কৃত সিরিজে "A Concordance to the Principal Upanishads and Bhagabat Gita" নামক গ্রন্থ প্রকাশ করেন। ১৮৯১ খৃঃ
ক্ষেকব সাহেব "কঠোপনিষদের" এক সংস্করণ প্রকাশ করেন। ঐ খৃষ্টাব্দে
মৃত্তক, প্রশ্ন ও মাঙ্কা উপনিষদ সম্পাদিত ও প্রকাশিত হয়। ১৮৮৮
খৃঃ বোমে সংস্কৃত সিরিজে সভাষ্য "মহানারায়ণ উপনিষদ" সম্পাদিত ও
প্রকাশিত হয়। ১৮৯৪ খৃঃ স্টীক বেদান্তদার নির্ণয়্যাগ্র প্রেদ হইতে
প্রকাশিত হয়। ইংরাজী অমুবাদ সহ ১৮৯২ খৃঃ লগুন নগরে বেদান্তদার
প্রকাশিত হয়। বেদান্তসারের ভূমিকায় জেকব সাহেব শঙ্করের উপর
কটাক্ষ করিয়াছেন এবং খৃষ্টান মতের শ্রেষ্ঠত প্রতিপাদন করিয়াছেন। তিনি
বলেন—শঙ্করের অসন্থতি আছে। অধ্যাপক স্ক্রেরমাম আয়ার মহোদয়

^{*} শিবো সাহেব নিয়লিথিত অমুবাদ প্রকাশিত করেন :— >। শুলুহত্ত ১৮৭৫ খৃঃ; ২। বোধায়ন শুলুহত্ত ১৮৮২ খৃঃ; ০। অর্থ সংগ্রাহ্ — পূর্ক মীমাংসার অমুবাদ, ১৮৮২ খৃঃ; ৪। পণ্ডিত স্থাকর দিবেদীর সহযোগে পঞ্চাদছান্তিকা — বরাহ-মিহিরের জ্যোতিষ, ১৮৮৯ খৃঃ; ৫। বেদান্তহত্ত, শাক্ষর ভাষ্যনহ (Sacred Bks. of the East Series Vols. 34, 38; ৬। বেদান্তহত্ত্ত রামানুজ ভাষ্যনহ (Sacred Bks of the East Series Vol. 48) ১৯০৪ খৃঃ; ৭। গঙ্গানাথ ঝা মহোদ্যের সাহচর্যো ত্রেমানিক অমুবাদ পত্রিকা "Indian Thought" সম্পাদন করেন। — (প্রকাশক)

শীরক্ষম বাণীবিকাস প্রেস ইইতে প্রকাশিত বেদাস্কসারের ভূমিকায় জেকব সাহেবের মতের অসারতা প্রতিপন্ন করিয়াছেন। আমাদের মনে হয় জেকব সাহেবের মতই অসঙ্গত। তিনি শাঙ্করভাষ্য ব্বিতে পারেন নাই। আয়ার মহোদয় অতি স্থন্দর ভাবে জেকব সাহেবের অসার ও অপদার্থ মুক্তিগুলি খণ্ডন করিয়াছেন।

পাহ্ছ — (Gaugh) গফ সাহেব Trubner's Oriental Seriesএ "Philosophy of the Upanishads" প্রকাশিত করেন। এই প্রথম্ম তিনি বিভাবতার পরিচয় দিয়াছেন, এবং বেদান্ত-দর্শন বুঝিবার জন্ম তাঁহার যে একটা আন্তরিক প্রচেষ্টা ছিল, ভাহাও বেশ ব্রিতে পারা যায়। ১৮৯৪ খঃ কাউয়েল (Cowell) সাহেবের সহিত একত্রে তিনি ইংরাজী অমুবাদ সহ "সর্বা-দর্শন-সংগ্রহ" লণ্ডন নগরীতে প্রাকাশ করেন: এই গ্রন্থ Trubner's Oriental Series এ প্রকাশিত হইয়াছে ত্রেন ও গফ সাহেব বেদান্ত-রদে রসিক ছিলেন। ভ্রমপ্রমাদ সত্ত্বেও তাঁহাদের গ্রন্থ স্থাপাঠ্য। তাঁহার। বেশ সহ্রদয়তার সহিত বেদান্ত শাস্ত্র অধ্যয়ন করিয়াছেন। দেশ বা ধর্মভেদের সংকীর্ণতায় তাঁহাদের চিত্ত কলুষিত ছিল ন।। তবে বিদেশীর পক্ষে সামান্ত ত্রুটি থাকা সম্ভবপর। কিন্তু খুষ্ট ধর্মাবলম্বী নীলকণ্ঠ শান্ত্রী ঘোর মহাশায় তাঁহার "A Rational Refutation of the Hindu Philosophical Systems" নামক প্রবন্ধে যেরূপ সংকীর্ণভার পরিচয় দিয়াছেন, তাহার তুলনায় গফ্ ও ডদেনের উদারতার দীমা নাই। শাস্ত্রী মহাশয় পুণাতে পাদরী ছিলেন। হিন্দী ভাষায় তাঁহার প্রবন্ধ রচিত হয়। ১৮৬২ থু: ডা: এড ওয়ার্ড হল (Dr. Fitz Edward Hall) কলিকাতায় ইহার ইংরাজী অমুবাদ প্রকাশ করেন। আমাদের মনে হয় শাস্ত্রী মহাশয় ভারতীয় দর্শন কিছুই বুঝিতে পারেন নাই, বিশেষতঃ ধর্মান্ধতায় দার্শনিক দৃষ্টি লোপ পাইয়াছিল, মোক্ষমূলার গফ সাহেবের সিদ্ধান্ত সর্বাংশে গ্রহণ করেন নাই। তিনি তৎকৃত "Vedanta Philosophy" নামক প্রবন্ধে লিথিয়াছেন,— "Colebrook's Essays on Indian Philosophy, though written long ago, are still very instructive, and professor Gough's Essays on the Upanishads deserve careful consideration though we may differ from the spirit in which they are written." *

^{*} Vedanta Philosophy (by Mak muller) Page 122. Edition 1911.

আমাদের মনে হয় গফ্ সাহেব যে ভাবে ভাবিত হইয়া লিখিয়াছেন তাহাই শোভন। মোক্ষমূলার সাহেব পাদরিগণের আক্রমণ সৌকর্য্যের জন্ম হিন্দুধর্ম আলোচনা করিয়াছেন। এইরূপ অভিমত "Chips from a German Workshop" নামক প্রবন্ধে -লিখিয়াছেন। তিনি বরং হৃদয়ের সংকীর্ণতা লইয়া সংস্কৃত সাহিত্য আলোচনা করিয়াছেন, কিন্তু অধ্যাপক গফ সাহেবে তাহা কম।

বেনিস্ (Venis)—ইনি কাশী Queen's Cellege এর অধ্যক্ষ ছিলেন। "পণ্ডিত" পত্তে নানাবিধ প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। ১০০০ খৃঃ 'পণ্ডিত' পত্তে প্রকাশানন্দকত "বেদান্ত-সিদ্ধান্ত মৃক্তাবলী" ইংরাজী অন্ধ্বাদ সহ প্রকাশ করেন।

ভেভিস্ (Davies)—ইনি ইংরাজী ভাষায় শ্রীমন্তাগবদ্ গীতার অন্নবাদ করেন। ১৮৯৪ খৃঃ "Trubner's Oriental Series"এ সাত্রাদ গীতার তৃতীয় সংস্করণ প্রকাশিত হয়। ডেবিস্ সাহেব ''Hindu Philosophy" নামক এক প্রবন্ধ রচনা করেন। ইহাও Trubner's Oriental Seriesএ প্রকাশিত হইয়াছে।

সারে উইলি হান্ তেলান স্ব (Sir William Jones)—ছোনস্
সাহেবও বেদান্তের সবিশেষ পক্ষপাতী ছিলেন। ইউরোপীয় পণ্ডিতগণ সকলেই
বেদান্ত-দর্শন বলিতে শান্ধরমতই গ্রহণ করিয়াছেন। কেবল থিবো
(Dr. Thibout) সাহেব রামান্তক্ষের পক্ষ সমর্থন করিয়াছেন। বেদান্তদর্শন ইউরোপে প্রচারিত হওয়ায় ইউরোপে নৃতন ভাবের সঞ্চার হইয়াছে।
কেবল দার্শনিক সোপেনহৌর নহে অভান্ত পণ্ডিতবর্গও উচ্চকণ্ঠে ভারতীয়
দর্শনের বিশেষতঃ বেদান্তের প্রশংসা করিয়াছেন। Sir William Jones
লিখিয়াছেন—"That it is impossible to read the Vedanta or the
many fine composition in illustration of it, without believing
that Pythagoras and Plato derived their sublime theories from
the same fountain with the Sages of India." * 'Jone's work
Cal. Ed. I P. P. 20, 125, 19.)

^{*} মোক্ষ্লার ভারতবর্ষীয় এই প্রভাব শীকার করেন না। তিনি বলেন —গ্রীক দর্শন স্বাধীন ভাবে ক্ষুর্ত্তি পাইরাছে, তবে দোসাদৃগু দেখিয়া বিশ্বিত হইতে হয়,—"It is not quite clear whether Sir William Jones meant that the ancient Greek Philosophers borrowed their philosophy from India. If he did, he

কোজিলা (Victor Cousin)—ইনি ফরাসী দেশের দার্শনিক ঐতিহাসিক। তিনি প্যারিস্ (Paris) সহরে ১৮২৮—২৯ খৃঃ বর্তমান দর্শন সম্বন্ধে বক্তৃতা করিয়াছিলেন। তিনিও ভারতীয় দর্শন সম্বন্ধে অতি উচ্চকণ্ঠে প্রশংসা করিয়াছেন। তিনি সেই বক্তৃত। প্রসঙ্গে বলিয়াছেন,—When we read with attention the poetical and philosophical monuments of the East, above all, those of India which are beginning to spread in Europe, we discover there many a truth, and truths so profound, and which make such a contrast with the meanness of the results at which the European genius has sometimes stopped, that we are constrained to bend the knee before the philosophy of the East, and to see in this cardle of the human race the native land of the highest Philosophy."—(Vol. I P. 35)

জর্মণ দার্শনিকগণ সকলেই সংস্কৃত সাহিত্যের বিশেষতঃ দর্শনের পক্ষণাতী। (Frederik Schlegel) দে গেল * তাহার প্রন্থে লিখিয়াছেন,—"It cannot be denied that the early Indians possessed a knowledge of the true God; all their writings are replete with Sentiments and expressions, noble, clear and severely grand, as deeply conceived and reverentially expressed as in any human language in which men have spoken of their God." তিনি

would find few adherests in our time, because a wider study of mankind has taught us that what was possible in one country, was possible in another also. But the fact remains nevertheless that the similarities between these two streams of Philosophical thought in India and Greece are very startling, nay sometimes most perplexing.

* -ইনি ১৮০৮ থৃঃ ভারতীয় ভাষা, সাহিত্য, দর্শন সম্বন্ধে প্রবন্ধ রচনা করেন এবং সংস্কৃত চর্চচার জক্ম জর্মণিতে নৃত্ন প্রেরণা প্রদান করেন। তাঁহার সময় হইতে জন্মণিতে সংস্কৃতের নিয়মিত অনুশীলন হইতে থাকে। ইংরাজ এবং ফরাসীর মত জন্মণির পণ্ডিতগণ ভারতে কোন রাজনৈতিক স্বার্থে প্রণোদিত হইরা সংস্কৃত চর্চচা আরম্ভ করেন নাই—(প্রকাশাক)।

মারও লিখিয়াছেন,—"Even the loftiest philosophy of the Europeans the idealism of reason, as it is set forth by Gree philosophers, appears in comparison with the abundant light and vigour of oriental idealism, like a feeble Promethean spark in the full flood of heavenly glory of the noon-day sun faltering and feeble and ever ready to be extinguished"

বেদান্ত-দর্শন দপ্তক্ষে ভিনি বলিয়াছেন,—"The divine origin of man is continually inculcated to stimulate his efforts to return, to animate him in the struggle, and incite him to consider a re-union and re-incorporation with divinity as the one primary object of every action and exertion," এভদুটো প্রভীয়মান হয় বেদান্তের চিন্তা ইউ:রাপীয় হদয়ে কিরপ প্রভাব বিস্তার করিয়াছে। ফরাদী ও জর্মণ দার্শনিক উভয়ই মুক্তকণ্ঠে ভারতীয় দর্শনের প্রেষ্ঠিত ঘোষণা করিয়াছেন। বেদাস্ত-দর্শনের প্রচারে ইউরোপের চিন্তারাজ্যেও একটা বিপ্লবের স্টনা হইয়াছে। ইউরোপীয় পণ্ডিভগণ ব্যতীত ভারতীয় ইংরাজী শিক্ষিত পণ্ডিভগণ ওই কার্যোর সহায়ক হইয়াছেন।

উনবিংশ শতাকী

দ্বিতীয় বিশেষত্ব—দেশীয় পশুভগণ

দেশীয় পণ্ডিতগণের মধ্যে ভাক্তার রাজেন্দ্রলাল মিত্র মহাশয়ের নাম সবিশেষ উল্লেখযোগ্য। তিনি দার্শনিক গ্রন্থ সম্বন্ধে বিশেষ কিছুন। করিলেও সংস্কৃত সাহিত্যসম্বন্ধে তাঁহার প্রচেষ্টা ও সাধনা প্রশংসাহ। দার্শনিক সাহিত্য সম্বন্ধে কে, টী, তেলাম্ব ও স্বামী বিবেকানন্দের নাম উল্লেখযোগ্য। তেলাম্ব মহোদ্য বোদ্বাই এর "Indian Antiquary" পত্রে অনেক প্রবন্ধ লিথিয়াছেন, তিনি আচার্য্য শহরের অবস্থিতিকাল সম্বন্ধে গবেষণা করিয়া

৬ষ্ঠ শতাকী স্থির করেন। তৎকৃত ভগবদ্গীতার ইংরাজী অনুবাদ ১৮৯৮ খু: অব্দে Sacred Books of the East Seriesএ প্রকাশিত হয়। *

পরমহংস স্বামী বিবেকানন্দ সিকাগো ধর্মসভায় বক্তৃ আ প্রদান করিয়া আমেরিকায় বেদাস্তের মহিমা উদ্ঘোষিত করেন। তিনি ইংরাজী ভাষায় জ্ঞানযোগ ও কর্মযোগ সম্বন্ধে ইয়োরোপ ও আমেরিকায় বক্তৃতা প্রদান করেন। তৎকৃত জ্ঞানযোগ, কর্মযোগ ও রাজযোগ জর্মণ, রুশ ও ফরাসী প্রভৃতি ভাষায় অন্দিত হইয়া ইয়োরোপে প্রচারিত হইয়াছে। বঙ্গভাষায়ও এই সকল গ্রন্থ অন্দিত ও প্রকাশিত হইয়াছে। বর্জনানে বঙ্গদেশে ও ভারতের সর্বত্র বিবেকানন্দের গ্রন্থের সমাদর।

বর্ত্তমান শতাকীব প্রারম্ভে এলাহাবাদের গঙ্গানাথ ঝা মহোদয় ছান্দোগ্য উপনিষদের শান্ধরভাষ্য ইংরাজীতে অনুবাদ করিয়াছেন। মাল্রাজের নেটিসন্ কোম্পানী (Natesan & Co.) হইতে উহা প্রকাশিত হইয়াছেও পরে একাকীই ঝা মহাশয় বহু বেদান্ত গ্রন্থ ইংরাজীতে অনুবাদ করিয়াছেন। তিনি থিবো সাহেবের সহযোগে "Indian Thought" নামক একথানা অনুবাদপত্রিকা সম্পাদন করেন। উহাতে বহু দার্শনিক গ্রন্থের অনুবাদ প্রকাশিত হইয়াছে। 'বিবরণ-প্রমেয়-সংগ্রহ', 'থওন-থও-থাছা', 'অছৈতসিদ্ধি' প্রভৃতি গ্রন্থের ইংরাজী অনুবাদ প্রকাশিত করিয়া ঝা মহাশয় বিছয়গুলীর ধয়্যবাদার্হ ইয়াছেন। এদ স্বকারাও (S. Subba Rao) মহাশয় মধ্বাচার্থ্যের ব্রহ্মত্তরের ভাষ্য ও গীতাভাষ্যের ইংরাজী অনুবাদ করিয়াছেন। এই অনুবাদ মাল্লাক হইতে প্রকাশিত হইয়াছে।

বিংশ শতাব্দীর ৺প্রিয়নাথ সেন মহোদয় "Philosophy of Vedanta" নামে এক প্রবন্ধ রচনা করেন। ইহাতে আচার্য্য শহরের মতবাদ আলোচিত হইয়াছে। প্রিয়নাথ বাবু দার্শনিক স্কৃদৃষ্টির সহিত প্রতিপান্থ বিষয় আলোচনা করিয়াছেন। এই প্রবন্ধে তাঁহার ক্রতিত্ব প্রকট। অধ্যাপক Dr. Caird হিন্দৃধর্মের উপর অযথা আক্রমণ করিয়া গিয়াছেন। তিনি তৎকৃত "Introduction to the Phiosophy of Religion" নামক প্রবন্ধে ব্রাহ্মণাধর্ম সম্বন্ধে অতি তীব্র কটাক্ষ করিয়াছেন। তাঁহার মতে হিন্দুগণের নৈতিক অবনতির কারণ—হিন্দুদিগের ঈশ্বর সম্বন্ধে বিশাস। তিনি লিখিয়াছেন—"A Pantheistic, or rather acosmic idea of God,

^{*} Sacred Books-2nd Edition, Vol. VIII

such as that of Brahmanism not only offers no hindrance to idolatry and immorality, but may be said even to lead to them by a logical necessity." অবশ্ব এই প্রসঙ্গে তিনি খুষ্টান ধর্মের সৌন্দর্য্য ও ঔনার্য্য বিশেষক্ষণে বর্ণনা করিয়াছেন। প্রিয়নাথবাবু Caird সাহেবের এই অযথা অসারগর্ভ বাক্য খণ্ডন করিয়াছেন। তিনি বলিয়াছেন কুসংস্কার, অজ্ঞতা ও হঠকারিতার বংশই Caird সাহেব এরপ মত প্রকাশ করিয়াছেন, তিনি বলেন,—"The late Principal Caird has displayed an unexpected combination of ignorance, hastiness and prejudice in passing strictures upon Brahmanism and Bhahmanic philosophy." প্রিয়নাথবাবুর বাক্য যথার্থ। তিনি বেশ স্থান্দর যুক্তিবলে Caird সাহেবের অসারগর্ভ বাক্য নিরাস করিয়াছেন। ইয়োরোপীয় পণ্ডিভগণের এরপ অন্থাবতা প্রশংসাহ নহে।

উনবিংশ শতাকী

ভূভীয় বিশেষত্ব – ধর্ম সমাজের আবিভাব

উনবিংশ শতান্দীর তৃতীয় বিশেষত্ব ধর্ম সমাজের আবির্ভাব। বেদান্তের তত্ত্ব মূল করিয়া, খৃষ্টান-ধর্ম ও বৈজ্ঞানিকতার প্রভাবে প্রভাবিত হইয়। ব্রাহ্মসমাজ, থিয়সফি সম্প্রদায় ৬ আর্য্য সমাজের উদ্ভব হইয়াছে। থিয়সফি সম্প্রদায় বৈজ্ঞানিক ব্যাখ্যা ও সমন্বয় সাধন করিতে কৃতসঙ্কল্ল; ব্রাহ্মসমাজ সমাজ সংস্কারে ব্যন্ত; এবং আর্য্যসমাজ প্রাচীন ও নবীনের সামঞ্জ্ঞ করিতে বন্ধপরিকর। আমাদের মনে হয়, এই তিনটী মতই কতকটা পরিমাণে Political religión।

ব্রাক্ষ সমাক্ত

ব্রাহ্মমতে ব্রহ্ম উপাস্থা, কিন্তু নিরাকার। ব্রহ্ম সগুণ ও সবিশেষ, কিন্তু তাঁহার কোন আকার নাই। ব্রাহ্ম দার্শনিকমত অনেকটা পরিমাণে বৈতাবৈতবাদ। ৺রাজা রামমোহন রায় ব্রাহ্ম সমাজের প্রবর্ত্তক, তিনি উপনিষং ও তন্ত্রশান্ত্রের অনেকস্থল ব্যাখ্যা করিয়াছেন। প্রশোজরচ্ছলে ও বিচার প্রদক্ষে আনেক বিষয় আলোচনা করিয়াছেন। তৎকৃত গ্রন্থাবালীতে বেদান্তের আলোচনা আছে। এলাহাবাদ পাণিনি আফিস হইতে ঐ গ্রন্থাবালী প্রকাশিত হইয়াছে। তৎপরে দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশ্য রাক্ষ সমাজের কর্ণধার হয়েন। তিনিও বহুশ্রুতিবাক্য ব্যাখ্যা করিয়াছেন। দেবেন্দ্রনাথের গ্রন্থ আদিব্রাক্ষসমাজ হইতে প্রকাশিত হইয়াছে। তিনি শ্রুতি ও মন্থ্যংহিত। হইতে অতি মনোজ্ঞ বাক্য সকল চয়ন করিয়া স্বীয় অভিমতাম্পারে সরল ব্যাখ্যা করিয়াছেন।

৺কেশবচন্দ্র সেন মহাশয় আদি সমাজ ত্যাগ করিয়া শিবনাথ শাস্ত্রী ও বিজয়য়য়য় গোস্বামী প্রভৃতির সহিত একত্তে সাধারণ ব্রাহ্মসমাজ স্থাপন করেন। কেশববাবুর ইংরাজী ভাষায় কতকগুলি বক্তৃতা আছে, তাহাতে ব্রহ্মতত্ব প্রকাশ করিবার প্রচেষ্টা আছে। কেশববাবু যথন সাধারণ ব্রাহ্মসমাজ পরিত্যাগ করিয়া নববিধান সমাজ স্থাপন করেন, তথন গৌরগোবিন্দ রায় ও প্রতাপ মজুমদার প্রভৃতি স্থধীবর্গ তাঁহার অস্থসরণ করেন। কেশব-দেনের নির্দ্দেশে গৌরগোবিন্দ রায় মহাশয়গীতার "সময়য়ভাষ্য" প্রণয়ন করেন। নববিধান সমাজ হইতে ইহা প্রকাশিত হইয়াছে। সাধারণ ব্রাহ্ম সমাজের অস্তর্ভুক্ত পণ্ডিত সীতানাথ দত্ত তত্তৃত্বণ মহাশয় কয়েকথানি উপনিষদের সরল ব্যাখ্যা করিয়াছেন। তিনি বর্ত্তমান শতান্দ্রীতে "Philosophy of Brahmoism" নামক এক প্রবন্ধ রচনা করিয়া দার্শনিকতা প্রদর্শন করিয়াছেন। ব্রাহ্ম সমাজের প্রচেষ্টায় এইরপে বেদাস্তের তত্ত্ব প্রচারিত হইয়াছে। কবিবর রবীক্রনাথের কবিতায়ও ব্রহ্মবাদ ফুটিয়া উঠিয়াছে।

থিয়ুস**ষ্টি**

থিয়দফি দম্প্রাণায়ের প্রবর্ত্তক Col. Olcott সাহেব। থিয়দফি মতবাদ বেদান্ত, সাংখ্য ও পাতঞ্জলের সংমিশ্রণে উভূত। মহাত্ম। অল্কটের অবর্ত্তমানে মিসেস্ এনিবেশান্ত থিয়দফিক্ সম্প্রদায়ের নেত্রীরূপে অভিষিক্ত হইয়াছেন। থিয়দফি মতের অফুক্লে ক্ষুম্র বৃহৎ নানারূপ প্রবন্ধ রচিত হইয়াছে। *

* Theosophical publications :-

- C. W. Leadbeater সাহেব কৃত-
 - (i) An Outline of Theosophy.

থিয়সফি নিও ণিত্রকাবাদ অঙ্গীকার করেন। তন্মতে ব্রহ্ম নিও ণি ২ইলেও দয়া প্রভৃতি তাঁহার আছে। ঈশ্বর বা ব্রহ্ম সংক্ষে C. W. Leadbeater

- (ii) The Astral plane.) এই ছইখানি Theosophic
- (iii) The Deva chanic plane. ∫ Manual এর অন্তর্ভ ক।
- (iv) The Cristian Creed (religious)
- (v) Clair Voyance.
- (vi) Dreams.

H. P. Blavatsky 35-

- (i) The Key to Theosophy.
- (ii) The Secret Doctrine—3 vols. (For advanced students of Theosophy)
- (iii) The voice of the Silence (Ethical)
- (iv) The Stanzas of Dzyan (Ethical)
৫ ৽৩,৫৪৩,৫৪৩	७, ११७,१৫७,৮৪२	রহস্থত্য সার	დად
মৃক্তির উপায়	(80	রঙ্গরাজাধ্বরী	⋯ ৬৯৩
মুগেন্দ্ৰসংহিতা	••• २११	রত্বর পরীক্ষা	9>७
মোক্ষমূলার ৮,১৬,১৯),२७,२३, ७ 8, ৫१ ,	রত্নাবলী	··· १৯ ৯
	b e >, b % e	রামাকুজ ২,৫১১	(°, %°, 5°8-°¢, 5°9,
মোক্ষকারণভাবাদ	دىك	. ১৩৯, ১৮৯, ২৮৬,২৮	রর ৽,৶র৩,৩র৩, ८র <i>৯</i> ,-
		्रागक् कानम्या मो	<i>«</i> १,७९२,७৯ ८ -৯৫
		া গ্ৰমাৰ্ত্তণ্ড	৮৮
যতিরাজ দ পুতি	७३३,६३५	রামতীর্থ	>• 2,968
গতি পশ্মসমূত্ত্য	8 . 2	न धक्रत भ	>0?
६ छ भू . छि	8 0 9	র্মানন্দ সরস্বতা	১१२,७० १, १२)
য্মকভারত	৫৩১	র্গোগুজ ও শৃন্ধনের	। भट ' :र्थका ८८३ ८०

বিষদ স্ফীপত্ত					W.
বিষয়		পৃষ্ঠা	বিষয়		পৃষ্ঠা
রাজেন্দ্রশেধর		8৮२	শাল্পৈক্যবাদ	•••	৬৬০
রাজেন্দ্রলাল মিত্র	•••	৮ 66	শরীরবাদ	•••	৬৫৯
রাঘবদাস আচার্য্য	•••	৫৭৯	শারিরীকভাষ্য	•••	ર
রামায়ণ তাৎপর্য্য সংগ্রঃ	ξ	959	শারীরিক মিমা	<i>۹</i> ۲,1	२-७
রামাচার্য্য		٥٠٩	শাবর স্বামী	২, १ ৬,১০৯-১	•,২২৯
রাঘবেক্ত স্বামী		b .8	শাস্ত্র দীপিকা	•••	२
कसम्खनाय •	•••	७१२	শান্তি বিবরণ		898
বোয়ার্		b (b	শান্ত দৰ্পণ	•••	200
_			শাস্ত্রের প্রচার	•••	> 9€
ল ,)		শিবার্ক-মনিদী	পক। ২৮৪ <i>-৮</i> ৫	2,936
লক্ষীনূসিংহ	•••	794	শিবশক্তি দিদ্ধি	•••	8 >¢
লঙ্কাবতার স্থ্র	;	२३-७१	শিখবিনী মালা	•••	959
ললিত৷ ত্রিংশতিভাগ্য		১৮২	শিবতত্ব বিবেক		959
লঘুচন্দ্ৰিকা		- 59	শিবকর্ণামৃত	•••	9>9
লোকায়তিক মতবাদ		68	শিরার্চন চন্দ্রিক	ı r	959
লৌগ।ক্ষি ভান্ধর		ર	শিবাদৈত বিনি	ৰ্থ	959
×			শিবধ্যান পদ্ধতি	·	959
·			<u> একণ্ঠাচার্য্য</u>	৫,১২২,১৩৪,১৩ ৯	,\$8 \$,
শঙ্করাচার্য্য — ২,৫,১০,			२ ११-१४	r,२৮ >- ৮৩,२৮৫,२৮৯	
@@,&o,৮ ২, 58o-	87,289-8	৮,১७२,		₹ २२,७ ०১,७১৮,88°	
<i>ऽ</i> ७१, : ৮७,२:	२०,२৮०,२३	06,055	শ্ৰীভাষ্য	৫,৬৯৩,৪০৬-১	1,835
শতপথ বান্ধণ	****	8	শ্ৰীধনস্বামী	৫০ ৩৬	•
শঙ্কর মিশ্র	•••	¢ 8	শ্রী হর্য	¢\$,>\$,0\$0,8 ¢ \$	
শঙ্কর বিজয়	92,85,5	>>,७ २२	8	9२ - 9७,8१৯-৮ ० ,७०२	
শঙ্করের কাল	•••	> 8	श्रीहर्ष भिर्ध	, ه ۹ د	
শতশোকী	•••	১৮৩	শ্ৰী নিবাস	० ४४,०६८,०६७,८५०	
শরণাপত্তি	•••	©@8	শ্ৰীসম্প্ৰদায়	७१२,	
*'क्द्रानन	¢ b	> ,७১:	শ্ৰীকৃষ্ণ চৈন্তদেব		৬৮৯
শতদ্ধনী		123	শ্ৰীকৃষ্ণ মিশ্ৰ	৩৯৬	,8¢>

বেদাস্ত-দর্শনের ইতিহাদ।

বিষয়	शृ ष्ठे।	বিষয়	
শ্ৰীনিবাস শৰ্ম।	833	সংক্ষপ শারিরীক	১ <i>৩</i> ,১ ૧૧, ૨৬১,૨৬૨
শ্রী হিরপণ্ডিত	৪৮৩	সর্ব্বান্তিত্ববাদী	٠٠٠ عرد
এ চৈতগ্ৰ	৫ ১৪,৬৪০,৬৬ ১		··· >>
এ রঙ্গনাথ	৫৮৬	স্বন্পুরাণ	১২৬
এ মলোকাচার্য্য	••• ७०8	স্দাশিবেন্দ্র সরস্বতী	١٩٦, 8 ٩૨,
ঐরপ গোস্বামী	৬৮०		۶٤ ۱۶
শ্ৰীজীব গোস্বামী	৬৮৪	সনদ স্কলাতীয় ভাষ্য	, >>-t-d
শ্ৰীনিবাস ভীৰ্থ	··· ৮ ን ዓ	দৰ্ব্ব বেদান্ত দিদ্ধান্তদ	ার সংগ্রহ
শ্ৰীনিবাস দীক্ষিত	bos		24.5
শুদ্ধাধৈতবাদ	৬৬৪, ৬৭৬	मन्त्राम .	২১৬
শূদ্রাধিকার	७,४,७४৮,८७७,१४७,	সম্বন্ধ	७५२,७७१,७৮०,४२५
•	৬ ৭ ৫,৭৫ <i>৩</i> ,৮৪৫	İ	(09,690,60 6
শৃকারী	>90	স্পন্দপ্ৰদীপিকা	৩৫৯
শৈবভাষ্য	«	স্পন্দ বাদ	৩৬৫,৩ <u>৬</u> ৬
শ্লো কবার্ত্তিক	٠٠٠ ء	সনকাদি সম্প্রদায়	… ૭૧૨
		সন্মাত্ৰ ব্ৰহ্মবাদ	అస్స
	ষ	সদাচার শ্বতি	৫৩১
		স্বভন্না স্বভন্নবাদ	૯૭૨,૯૯ ১
ষ্ড়দৰ্শন	২৩	স ৩ য	৫৩৩
ক্ষোটবাদ	२ .२— ३७	नक्त्र ऋर्यग्रान्य	৫৯€ "
	স	সকা-দর্শন সংগ্রহ	··· ৬২•
	(সম্বন্ধ দীপিক।	৬৫৫
সংহিত া	· · · •	স্কররাম আয়ার	৭৯
সংকৰ্ষণকাণ্ড	১-২	সু শ্ভ	৩৩
मना नन	৫,৬৪,৯৪,৭২৩	<i>স্ব</i> ভাষিতনিতি	າດາ
"সক্মক"	५२	স্থোপ যোজনী	958
সক্রেটিস্	७৮	স্দর্শন গুরু	१२३
স ৰ্ব্যজ্ঞাত্ম মূনি	> · • - · · · · · · · · · · · · · · · · ·	স্তৃসংহিতা টা কা	৬১৯
ર	७०,२७১,२१ ১,२३१,२३१	স্থাসবাদ	15 y o



শ্রীমৎ স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতী

পুৰুৰ্বাভাস

সন্ধ্যাসী সংসার-মন্দিরের আরতি-প্রদীপ, গগনের অক্সন ভরিষা যথন পূজার ঘণ্টা বাজিয়া উঠিয়াছে, অথচ হৃদয় দেউলের অক্ষকার ঘুচে নাই, তথন সন্ধ্যাদের ত্যাগোজ্জন দীপ-শিথায় দেবতার আসন স্কুম্পষ্ট হইয়া উঠে, মহাপুরুযের পুণ্যময় জীবন-কথায় দেবতার সান্নিধ্যের আভাস দেয়, বিশ্ব-দেবতার সন্ধান করিতে গিয়া মানুষ তাই যুগে ষুগে সন্ধ্যাদের শরণ লইয়াছে।

স্বামী প্রজ্ঞানানন্দের জীবন ভারতের সেই সম্পদ, যাহা অন্ধকারে হীরকথণ্ডের মত দেবতার মন্দিরের পথ নির্দেশ করে, দগ্ধ করিয়া কাহাকেও
ব্যথা দেয় না, কিন্তু আপনার পুণা প্রভায় জগতের হিতে কল্যাণ বিকীর্ণ
করিতে থাকে। বর্ত্তমান 'বেদান্ত-দর্শনের ইতিহাস' প্রণেতা স্বামীন্দীর
জীবনেও সেই ঔজ্জ্বল্য প্রতিভাত হইয়াছিল। কিন্তু ক্লিজ্ঞাসা জাগে, এ রত্ব
আসিল কোথা হইতে? কোন অজানা পুরীর অজ্ঞাত প্রকোষ্ঠ হইতে
ইহার উদ্ভব হইল? সেই প্রসঙ্গই আজিকার প্রবন্ধের মুধ্য বিষয়।

বাল্য-ক্ষীবন

স্বামীজী যথন প্রজ্ঞানানন্দ হন নাই, তথন তিনি ছিলেন সতীশচন্দ্র।
শ্রাবণের বারি-ধারা মন্তকে লইয়া ১২৯১ সালের ২৮শে তারিধ রবিবারে
তাঁহার জন্ম হয়। বরিশাল জিলার অন্তঃপাতী উজিরপুর গ্রাম তাঁহার পৈতৃক
বাসভূমি। কুলীন ব্রাহ্মণ তাঁহার পিতা ৺ষষ্ঠীচরণ মুঝোপাধ্যায় পুলিশ বিভাগে
দারোগা ছিলেন। মাতা ক্ষেত্রমোহিনী বিশ্বনাথের চরণ প্রান্তে কাশীধামে
দিন কাটাইতেছেন। সতীশচন্দ্র ছিলেন তাঁহার কনিষ্ঠ সন্তান। সংসারে
থাকিয়াও জননীর মন যথন উর্দ্ধলোকে আলোকের সন্ধানে ঘুরিয়া ফিরিড,
জীবনের সেই শুভক্ষণের শুভ দীপ্তির মধ্যে সভীশচন্দ্রের জন্ম। তিন ভাতা
ও এক ভগিনী মুঝোপাধ্যায় পরিবারে পুশিত বন-কুস্থমের মত অবিচ্ছির

আনন্দে বর্দ্ধিত ইইতেছিল, কিন্তু অকশ্বাৎ একদিন নিদাঘের উত্তাপে মধ্যম স্থানীকুমার ঝরিয়া পড়িল! জ্যেষ্ঠ অশ্বিনীকুমার অধ্যয়নের অমুরাগে সকলকে আকৃষ্ট করিয়াছিলেন। ভারতীর সেবাকেই তিনি একাস্ত চিত্তে বরণ করিয়া লইয়া বছ বৎসর ঢাকা কলেজে এবং অধুনা রাজসাহী কলেজে ভাইস্ প্রিন্সিপালের কার্য্য করিতেছেন।

যাহার নিকট হইতে প্রথম প্রেরণা পাইয়া উজিরপুর ম্থোপাধ্যায় পরিবারের সতীশচন্দ্র একদিন বিশ্ববাসীর প্রজ্ঞানানদ হইয়াছিলেন, তিনি তাঁহার অগ্রজা ভগিনী সরোজিনী দেবা । ক্রীড়ারত এই ঘটি ভাই ভগিনীকে দেখিয়া মনে হইত যেন একর্ন্তের ঘটি ফ্ল। সংসার-কাননে স্বর্গের হাসি ফ্টান ছাড়া আর ইহাদের অগ্র কাজ নাই। যেথানে প্রাণের আনন্দ উৎস, শক্তি সেথানে বাসা বাধিয়াছে। সতীশচন্দ্রের জীবনে শক্তি সাধ্নার উন্মেষ বাল্যকাল হইতেই পরিলক্ষিত হইয়াছিল। ভাই ভগিনীর উচ্ছল আনন্দে শৈশবের যে দিন গুলি কাটিয়া গিয়াছে, তাহাব মধ্যেও এই বালকের অসাধারণ নিভীকতা ফুটিয়া উঠিত।

রামায়ণ মহাভারতের প্রতি আকর্ষণ

রাত্রির স্থিমিতালোকে শ্যার প্রাস্ত হইতে মাতার নিকট শ্রুত রামায়ণ, মহাভারতের কাহিনীগুলি তাঁহাকে এমন আকর্ষণ করিত, যে জানালার ফাঁকে প্রভাতালোক প্রবেশ করিবার বহু পূর্ব্বেই ছুই ভাই ভগিনীতে পরামর্শ আঁটিত—আজ থেলিব "রাবণ-বধ", কাল "ইক্রজিং পতন", ভগিনী হয়তো বলিতেন—না আজ ইক্রজিং পতন। কিন্তু সে কলহ যদি বা মিটিত, ভূমিকা লইয়া মারামারি কিছুতেই ঘুচিত না। রাবণ বা ইক্রজিং হইয়া অপরের হস্তে নিহত হইবার অপমান সে কিছুতেই স্থীকার করিত না, থেলা যদি ভাজিয়া যায়, সেও ভাল, তথাপি সে পরাজিতের অভিনয় করিবে না। শৈশবের এই পণ শেষ পর্যন্ত তাঁহার অটুট ছিল।

ু রামায়ণ মহাভারতের অলৌকিক ঘটনাবলী সে একা শুনিয়াই খুসী থাকিত না। প্রতিবেশী বালক মহলে, সে এই অলৌকিক কাহিনীগুলি বিবৃত করিয়। মৃগ্ধ বালকদের বিশ্বিত দৃষ্টি আকর্ষণ করিত। একদিন আহারের সময় উত্তীর্ণ হইয়াছে, কিন্তু সতীশচন্দ্রের দেখা নাই। ভগিনী খুঁজিয়া খুঁজিয়া হয়রান, অবশেষে গৃহের সন্ধিকটে এক ঘন সন্নিবিষ্ট প্রোন্তরালে দেখা গেল, সাত আটটি বালকের মৃগ্ধ দৃষ্টির সম্মুখে সতীশচন্দ্র মহাভারতের বীর কাহিনীর ব্যাখ্যা করিতেছে।

স্তবপাই

শৈশবৈ গাজোখানের পূর্ব্ধে শ্লোক আবৃত্তি এখন উঠিয়া গিয়াছে। সতীশ
চন্দ্র বে যুগের মাত্ম, দে যুগে উঠিয়া না গেলেও এই প্রধার আদর আনেকটা
কমিয়া আসিয়াছিল। ব্রাহ্মণের সন্তান সতীশচন্দ্র স্বয়ে এই শ্লোকগুলি কঠন্ত্র
করিয়া রাখিতেন। স্নান স্মাপন করিয়া বাড়ী ফিরিবার পথে, একাকী
রাস্তায় ভ্রমণ করিতে করিতে তুড়ি দিয়া বালক শ্লোক আবৃত্তি করিত, সঙ্গে
সঙ্গে বিশ্ববীণার আনাহত প্রণবহবনি তাঁহার কর্ণে ঝাক্কত হইতে থাকিত।

বিশ্ববিভালয়ের শিক্ষা

গ্রাম্য বিভালয়ে তাঁহার পাঠ আরম্ভ হইন। পাঠে তাঁহার অম্বরাগ এবং নিষ্ঠা শিক্ষকগণের দৃষ্টি আকর্ষণ করিল। তিনি ক্রমে বিভালয়ের পাঠ সমাপন করিয়া প্রবেশিক। পরীক্ষায় উত্তীর্ণ হইলেন; কিন্তু এফ, এ পড়িতে গিয়া তাঁহার মন বাঁকিয়া বিদল। ঢাকা হইতে পরীক্ষা দিলেন, কিন্তু পাশ হইলেন না। অখিনীকুমার তথন ঢাকা কলেজের অধ্যাপক। দাধারণ শিক্ষায় লাতার অমুরাগের অভাব দেখিয়া তাহাকে ডাক্ডারী পড়িতে দিলেন। কিন্তু সতীশচন্দ্রের মন পরাজয়ের কথা স্মরণ করিয়া বিদ্রোহী হইয়া উঠিল। কয়েক মাস ডাক্তারী পড়িয়া স্থির করিলেন, ললাটে পরাজয়ের লিখন রাখা হইবে না। এফ, এ, পরীক্ষায় উত্তীর্ণ হইব। নিজের বাসনা সঙ্গোপন রাখিয়া তিনি গ্রামে ফিরিয়া গেলেন। যে উচ্চ ইংরেজী বিভালয় হইতে প্রবেশিকা উত্তীর্ণ হইয়াছিলেন, সেথানেই শিক্ষকতা আরম্ভ করিলেন এবং তৎপর তাঁহার সয়ল্প সফল হইল, বিশ্ববিভালয়ের দপ্তরে তাঁহার নাম উত্তীর্ণের তালিকা ভুক্ত হইল।

বিবাহ প্রস্তাব

পুত্রের বয়োর্ছির সহিত স্থেহাতুর জননীর চিত্ত উদ্বেলিত হইতে লাগিল।
গৃহ কর্ম্মের অবদানে নিরালা নিভূত অবদরে তিনি পুত্রের জন্ত গৃহলক্ষ্মী
আনিবার স্থর্গ কল্পনা করিতেন। জননীহৃদয়ের স্নেহাদ্ধতা এখন বিদেশীর
নিকট প্রবচনের বিষয় হইয়াছে। নিরপেক্ষতার আদর্শ দেখাইতে গিয়া
আমরাও মাতৃস্নেহের উল্লেখ করিয়া থাকি। কিন্তু এই নিরপেক্ষ মাতৃস্নেহের
মধ্যেও কেহ কেহ বলিয়া থাকেন, মাতার স্নেহ কনিষ্ঠ পুত্রে অধিক বিশ্বমান।
সতীশচন্দ্রের মাতৃ-হৃদয় এই অপবাদে আনন্দ উপভোগ করিতেন কিনা বিধাতা
জানেন, কিন্তু কনিষ্ঠ পুত্র সতীশচন্দ্রকে সংসারের মাত্র্যহ সাজাইয়া, ঘরে বধ্
আনিয়া তাহাকে লইয়া দিনাতিপাতের স্থ্য-কল্পনা যে তাহাকে অধীর করিয়া
ত্রিয়াছিল তাহাতে আর সন্দেহমাত্র নাই।

কিন্তু হায়রে বিধির বিধান ! পুত্রের মন যখন গৈরিক পতাকার উদ্দেশে উর্দ্ধ হইতে উর্দ্ধলোকে আগুনের উন্ধার মত ঘুরিয়া ফিরিতেছে, স্নেহাতুর মাতৃহদয় তথন তাঁহার জন্ম গৃহকোণে সংসার সাজাইতে ব্যস্ত ৷ দৃচ্প্রতিজ্ঞ পুত্রকে জিজ্ঞাসা করিবার সাহস হয়না, কিন্তু মনের বাসনা চাপিয়া রাখাও দায়। এমনি এক উৎকণ্ঠার মুথে মা এক দিন সতীশচক্রকে ধরিয়া বসিলেন— "একলা ত আর পারিনা সতীশ, এবার কি বৌ আনবেনা ।" সতীশচক্র হাসিয়া বলিলেন "কেন মা, বৌদি রহিয়াছে যে!" মা মুখভার করিয়া বলিলেন, "দে ত আমার কাছে থাকেনা, তোমার বৌ আনিয়া কাছে রাখিব।" পুত্র বুঝিয়াছিল এ ফাঁকির কোন অর্থ নাই। হাসিয়া বলিল, "দে যদি বিদেশে আমার কাছে থাকে ?" সহজ সরল মায়ের মনে উত্তর জোগাইতে ছিলনা। মুখ তাঁহার ভারী হইয়া উঠিল দেখিতে পাইয়া সতীশচক্র বলিলেন, "আচ্ছা তোমার কাছে রাথার জন্মই যদি বিবাহ, আমি বৌকে তোমার কাছে রাথিয়া বিবাহের পরেই চলিয়া যাইব, আর ফিরিবনা-তাহাতে তোমার আপত্তি নাই ত ?" পুত্রের সংসার হইতে নির্লিপ্ততা মাতা কিছুকাল যাবৎ লক্ষ্য করিয়া শঙ্কিত হইতেছিলেন; তাই আর কথা বাড়াইতে माहरम कूनाहेनना, वनितनन, "थाक आत नृতन त्वी काज नाहे, जुमिहे আমার কাছে থাক।" সতীশচল্রের গার্হস্ত জীবনের এই খানেই যবনিকা পডিয়াছিল।

সন্থ্যাসের পথে

আর একদিন কথা-প্রসঙ্গে সতীশচন্দ্র তাঁহার পিতামহের কথা উল্লেখ করিয়া বলিতেছিলেন, "আমাদের সংসারে যত উন্নতি সবই ঠাকুরদার পুণ্যফলে।" পাখে উপবিষ্টা বৃদ্ধা পিতামহীর হানয়ে অত্যন্ত আঘাত লাগিল। তবে কি তাঁহার জীবনব্যাপী দেবার দে গৃহে কোন মূল্যই নাই? ক্ষুর, আহত অভিমানে পিতাঁমহী জিজ্ঞাদা করিলেন, ''আমার কাজে কি এ গুহের কিছুই হয় নাই;" সতীশচক্র বৃদ্ধাকে ক্যাপাইবার জন্ম বলিলেন, "না ঠাকুরমা, ঠাকুরদার পুণাকলেই দব উন্নতি।" অতি বার্দ্ধক্যে অনেক দময় মাহুষের বৃদ্ধি লোপ পায়; ওপারের অন্তাচল হইতে আকাশ যাহাকে হাতছানি দিয়া ভাকে, এপার সম্বন্ধে তাহার কেবল বিভ্রমই ঘটতে থাকে। ঠাকুরমাও তথন অস্তাচলের যাত্রী, পূর্ব্বাচলের সংসারে তাঁহার পদে পদে ভূল হইত। থানিকটা ক্ষোভে, থানিকটা উত্তেজনায় তিনি বলিয়া বসিলেন,—তাঁহার পুণ্যেই সব উন্নতি? আচ্ছা এই দেখ তবে,--এক ঝাটা, তুই ঝাটা, তিন ঝাটা--বলিয়া পার্শ্ব হইতে একথানি ঝাঁটা উঠাইয়া তিনবার মাটিতে আঘাত করিলেন। যুবক সতীশচন্দ্র স্তম্ভিত হইয়া গেলেন। বলিলেন, বাবা, এই সংসার। এই সহধর্মিণী ! ঠাকুর্দ। আজ বিশ বৎসর পরপারে, আর তুমি তাহার মুখে এখনো ঝাঁটা মার ?" মাকে ডাকিয়া বলিলেন, "শোন মা, শোন ঠাকুরমা, এই यनि সংসার, আমি এ জীবনে বিবাহও করিবনা, স্ত্রীলোকের সহিত সম্পর্কও রাখিবনা।" সংসার, সমাজ, পরিবারে এমন তুচ্ছ ব্যাপার অহরহ কতইত ঘটিতেছে। যাহা ভূলিয়া যাইবার, যাহা শ্বতিপট হইতে মুছিয়া ट्रिनिवात, जाहार श्रेष्ठानानत्मत कृत्य गाँथा श्रेषा त्रिन, जेनामी कृत्यत्र সংসারের জন্য শেষ আকর্ষণটকুও নিঃশেষ হইয়া গেল।

ব্ৰহ্মচৰ্য্যের অন্তঃব্ৰভ

তারণর যথন তাঁহাকে বরিশালে ব্রদ্ধনোহন স্থূলের শিক্ষকরণে দেখিতে পাই, তথনও তিনি সতীশচন্দ্র। শিক্ষকতার মধ্যে তাঁহার মন অনস্তের জন্ম আকুল হইত। তথন অনুমান ১৯০৬ খৃষ্টান্দ হইবে, একদিন সতীশচন্দ্র নৈষ্ঠিক ব্রন্ধানের অন্তঃব্রত গ্রহণ করিলেন। ছাত্র জীবনের বিলাসিতা-প্রিয় বাবু সতীশচন্দ্রকে যাহারা দেখিয়াছিলেন, ব্রন্ধারী সতীশচন্দ্রকে দেখিয়া তাঁহারা অবাক হইয়া গেলেন, ঢাকা কলেজের সেই গোরবর্ণ
নধর-কাস্তি দেহ-বল্পরীর মধ্যে যে শাল তরুব বিশালতা ও কছে সাধনার
অপ্র্ব দৃঢ়ত। ল্কাইয়া ছিল তাহা কে জানিত ? যে মেঘ আকাশ হইতে
শীতল বারিধারা বর্ষণ করে, দেই মেঘের ব্কেই বজ্রের আগুন ল্কাইয়া
থাকে। ব্রন্ধচারী সতীশচন্দ্রের সান্নিধ্যে আসিয়া তাঁহার বন্ধুগণ অবাক
হইয়া যাইতেন। তথনও তিনি প্রজ্ঞানানন্দ নহেন, নামের পূর্ব্বে মাত্র বন্ধচারী
লিথিয়াই আত্ম পরিচয় দিহেন। নৈতিক আদর্শের তপঃক্ষেত্র ব্রন্ধমোহন
বিভালয়ের ছাত্রবৃন্দ তাঁহাকে পাইয়া বসিল। ব্রন্ধচারীর ত্যাগোজ্জ্লল
আদর্শ তাহাদিগের জীবনে নবশক্তি সঞ্চার করিত। সতীশচন্দ্র আপন
মনে সাধনায় রত থাকিতেন, কিন্তু ছেলেরা তাঁহার সঙ্গ ছাড়িতনা,
সাধনপথে নবীন আনন্দের যথন নিত্য নৃতন আভাস পাইতে
লাগিলেন, তথন আর তাঁহার সংসারের আকর্ষণ ভাল লাগিলনা।
এই বন্ধন হইতে নির্মাক্ত হইতে একদিন নৈষ্ঠিক ব্রন্ধচর্যের নিয়মান্ত্র্যায়ী
সংসারের সহিত তিনি সকল সম্পর্ক ছেদন করিলেন।

সন্ন্যাসগ্রহণে ইঞ্চিভ

নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য গ্রহণের অনতিপূর্ব্বে প্রজ্ঞানানন্দের জীবনে একটি কৃদ্র ঘটনা আছে। সহরের কোলাহল হইতে যথাসম্ভব আপনাকে দ্রে রাখিবার নিমিত্ত তিনি প্রায় প্রত্যহই সহর হইতে দ্রেড় মাইল দ্রবর্ত্তী মহামায়ার মন্দিরে গমন করিতেন। রাত্রিকালে সেখানে ঘাইয়া ধ্যানস্থ হইতেন, আবার প্রভাত হইতে না হইতে সহরে ফিরিয়া আদিতেন। একদিন গভীর রাত্রির অন্ধকারে মন্দিরের প্রাঙ্গণে বিদিয়া একচিত্তে কি ভাবিতেছিলেন, এমন সময় নৈশ নিস্তন্ধতা ভক্ষ করিয়া অদ্রে এক পথিক গাহিয়া গেল:—

"গৌর চ'ল্লো ব্রজনগরে ছেঁড়ো কাঁথা মুড়ো মাথা করঙ্গ লয়ে হাতে :"

প্রজ্ঞানানন্দের চক্ষ্ হইতে অশ্রু গড়াইয়া পড়িল, কতক্ষণ চুপ করিয়া রগিলেন। পাশে তাঁহার একটি অহুগত ছাত্র বিসয়াছিল - ডাক্য়া বলিলেন, "আমার জীবনের ধারা নিরূপিত হইয়াছে; চল বাসায় যাই।"

লোকালয়ে আর মন টি কিলনা। ইচ্ছা হইল হিমালয়ের মত কোন সাধনোপযোগী স্থানে যাইয়া জীবন যাপন করেন, কিন্তু ছাত্রগণ ছাড়েনা। গুরুগোবিন্দের নির্জ্জন তপস্থা তাঁহাকে আহ্বান করিতেছিল, আবার লোকালয় হইতে নরনারায়ণের আহ্বানও উপেক্ষা করিতে পারিতেছিলেন না! কেমন করিয়া কেহ জানেনা, মধুচক্রের মত প্রজ্ঞানানন্দের চতুর্দিকে এই সময় হইতেই সহর এবং মফস্বল হইতে লোক ভিড় কবিতে লাগিল।

বঙ্গভঙ্গ ও জাগরণ

১৯০৫ থৃষ্টাব্বের ১৬ই অক্টোবর, ৩০শে আখিন বাংলার ইতিহাসে শারণীয় দিন। লর্ড কার্জ্জনের বঙ্গভঙ্গে সমগ্র বাংলায় যে প্রতিবাদ উথিত হইয়াছিল, তাহারই ফলে খাদেশী আন্দোলনের আরম্ভ। বাঙ্গালীর নিকট উহাই মাতৃপূজার বোধন। বরিশালে মাতৃপূজার এই বোধনে ব্রহ্মচারী সতীশচন্দ্র, পূজারী অখিনীকুমার দত্ত এবং অধ্যাপক সতীশচন্দ্র চট্টোপাধ্যায়ের সহিত মায়ের পূজামন্দিরে প্রথম প্রবেশ করেন।

চুভিক্ষ ও স্বদেশ-বান্ধব সমিভি

পরবংসর ১৯০৬ খৃষ্টান্ধ বাধরগঞ্জের বড়ই তুর্বংসর। তুর্ভিক্ষের আর্দ্রনাদে সমস্ত বরিশাল ব্যথিত হইয়া উঠিল। সতীশচন্দ্র আর স্থির থাকিতে পারিলেন না। তাঁহার মনে হইল, বরিশালের নারায়ণ উপবাসী, পল্লীর অখ্যাত, অবজ্ঞাত প্রান্তে ঘুরিয়া ঘুরিয়া অখিনীকুমারের সহকর্মীরূপে নরসেবায় আত্মনিয়োগ করিলেন, "স্বদেশ-বান্ধব সমিতি" আর নাই, কিন্তু এই সমিতির কার্য্যাবলী আলোচনা যে একদিন বরিশালবাসীর নিক্ট পুণ্যক্পায় পরিণত হইয়াছিল, তাহার কারণ অখিনীকুমার, সতীশচন্দ্র প্রভৃতির ঐকান্তিক সাধনা। "স্বদেশবান্ধব সমিতির" দেশদেবা বরিশালের ইতিহাদে শ্বরণীয় হইয়া আছে।

জ্ঞান-পিপাসা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষায় মন বসে নাই বলিয়াই বোধহয় প্রজ্ঞানানন্দের জীবন বিশ্বের জ্ঞান লাভের জন্ম হৃদিয় ত্যিত হৃইয়াছিল। প্রাচ্য এবং পাশ্চাত্যের সাহিতা, ইতিহাস, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রনীতির অনেক পুস্তক তিনি একাস্ত সমাহিত চিত্তে অধ্যয়ন করিয়াছিলেন। বরিশাল শঙ্করমঠের যে বিরাট গ্রন্থাগার দেখিয়া অনেক পর্য্যটক এখন বিশ্বয় প্রকাশ করিয়া থাকেন, সেই গ্রন্থাজি একদিন প্রজ্ঞানানন্দের জ্ঞান-তৃষ্ণা নিবারণ করিয়াছিল।

শঙ্করমই প্রতিষ্ঠা

স্বামী প্রক্ষানানন্দের চরিত্রের বৈশিষ্ট্য তাহার নির্ভীকতা। ঝড়ঝঞ্চা প্রলয়ের আবর্ত্তেও তাঁহার হাস্যোজন প্রদীপ্ত মুখখানি যে-ই দেখিয়াছে সে-ই মুগ্ধ হইয়াছে। কাপুরুষতা, তুর্বলতার মোহ তিনি লগুড়াঘাতে চুর্ণ করিয়া দিয়াছিলেন। যেখানে বাধাবিপদ কেবল তুল ভ্ছা প্রাচীর রচনা করে, দেখানে তিনি মহীক্রহের অটলতায় সকল বাধা উল্লন্ডন করিয়া আপন মহিমায় প্রকাশ পাইতেন। হয়ত এই জন্তই আচার্য্য শঙ্করের আদর্শ তাঁহাকে মৃগ্ধ করিত। শঙ্করের অবিচলিত নিষ্ঠা, সাধনার উগ্র একাগ্রতা তাঁহার স্থার প্রেরণ। সঞ্চার করিয়াছিল। ১০১৭ সনে তিনি আচার্য্য শঙ্করের আদর্শ অনুযায়ী বঙ্গদেশে বৈদিক শিক্ষা ও আদর্শ প্রচার মানদে বরিশালের সহরতলীতে ,'শঙ্করমঠ'' প্রতিষ্ঠা করেন। হয়ত অদ্র ভবিষ্যতে বহু নরনারীর সমাগমে বরিশাল শঙ্করমঠ একদিন পীঠস্থানে পরিণত হইবে, হয়ত সহস্র সহস্র যাত্রীর শিবার্চ্চনায় একদিন ইহার শাস্ত প্রাঙ্গণ মুখরিত হইয়া উঠিবে। নিষ্ঠাবান পুরোহিতের পূজার্চনা উপেক্ষার বস্তু নহে; তবে ধর্মহীন কর্ম এবং কর্মহীন ধর্ম উভয়ই তাঁহাকে পীড়া দিত। তাই তিনি চাহিতেন, বাংলায় এমন একদল সর্বব্যাপী সন্ন্যাসী ও কন্মী গড়িয়া উঠুক, বাঁহাদের কর্মের অঞ্চলি দেবত।-পূজার সাধন-সামগ্রী হইবে। এই কর্মান্তশীলনের উপরেই তাঁহাদের চিত্তরুত্তি অন্তমুখীন হইবার যোগাতা লাভ করিবে। চিত্তস্থির হইলেই জ্ঞানালোকে চিত্তভূমি আলোকিত হইতে থাকিবে এবং সঙ্গে স্থানন্দের দারগু উদ্ঘাটিত হইবে, তাঁহাদের সাধনায় সিদ্ধি আসিবে, জীবন সার্থক হইবে। শঙ্করমঠের এই উদ্দেশ্য তাঁহার অমুচর-বর্গের স্থতিপটে ন্দাগরুক রাখার জন্ম তিনি প্রায় সময়েই বলিতেন--দাধনহীন জীবন দাঁড়াইতে পারেনা, আবার সাধন ব্যতীত শক্তিলাভ অসম্ভব।" সাধনোপযোগী প্রতিষ্ঠান গড়িয়া তোলাই শঙ্করমঠ স্থাপনের অন্ততম উদ্দেশ্য।

সন্যাস প্রহণ

এইবারে দীক্ষা গ্রহণের সময় আসিল। ১৩১৯ সালে শ্রীশ্রী শঙ্করানন্দ সরস্থতীর নিকট তিনি পবিত্র গ্রাক্ষেত্রে সন্যাস গ্রহণ করিলেন। তথন আর তিনি সতীশচন্দ্র রহিলেন না। সংসারের শেষ চিহ্ন পিতৃদন্ত নামট্কুও বিলোপ করিয়া দিয়া তিনি ব্রহ্মচারী সতীশচন্দ্র হইতে স্বামী প্রজ্ঞানানন্দ হইলেন। সন্যাস গ্রহণের সক্ষে সক্ষে তাঁহার জ্ঞান পিপাসা অত্যন্ত বৃদ্ধি পাইল। আকঠ পিপাসা লইয়া তিনি জ্ঞানাম্শীলনের জ্ঞাকাশী গ্রমন করিলেন; সেখানে একান্ত চিত্তে, হ্রদয়ের দীপে আলোক জ্ঞালাইয়া জ্ঞানের অন্ত্রসন্ধান করিলেন। এই অধ্যয়ন ও জ্ঞানান্থেমণের ফলে তিনি অল্পকাল মধ্যেই ইংরাজী, বাংলা, সংস্কৃত ও হিন্দী ভাষায় বিশেষ বৃহ্পত্তি লাভ করেন। তিনি পালি ভাষা আয়ন্ত করিতেও কিছুদ্র অগ্রসর হইয়াছিলেন।

স্বামী প্রজ্ঞানানন্দের জীবনের ইহার পরের অধ্যায়টি প্রকাশ করা কঠিন।
সন্ন্যাসীর জীবনে আমরা বাহির হইতে যতটুকু দেখিতে পাই, অস্তরের
মান্ত্র্যটি যে তাহার অনেক বেশী, বাহিরে সে গৈরিকধারী মান্ত্র্য মাত্র, অস্তরের
তাহার তল খুজিয়া পাই না। অথচ জীবনের সর্ব্বপ্রেষ্ঠ অধ্যায়—তাহার বাসনা
কামনা জয়ের অভিযান, তাহার ত্যাগ নিষ্ঠার ঐকাস্তিক সাধনা, দেহ জয়ের
ঘাত প্রতিঘাতের কথা, কিছুই জানিবার উপায় নাই। নিভ্তে নিরালায়,
নিষ্ঠার তৈল নিষেকে সংযমের অগ্নি সংযোগে জীবনের যে প্রদীপটি একদিন
অনির্বাণ আলোকে জলিয়া উঠে, তাহার নিকট হইতে অন্ধকারের ইতিহাস
খুজিয়া বাহির করা সহজ নহে। স্বামী প্রজ্ঞানানন্দের জীবন-প্রদীপেও কেমন
করিয়া কথন দীপ্ত শিখা সঞ্চারিত হইল, নিভ্ত সাধনার সে গোপন কাহিনী
আমাদের নয়নে আড়াল হইয়া আছে। প্রজ্ঞানানন্দও বলিয়া যান নাই,
আমাদেরও জানিবার উপায় নাই।

নিভীকভা

শুধু একদিন চক্ষু খুলিতে দেখা গেল ভারতের ধ্লি ধন্ম করিয়া আপন শুদ্র দীপ্তিতে স্বামী প্রজ্ঞানানন্দ শোভা পাইতেছেন। ভয় চকিত বিমৃঢ় নরনারীর প্রাণে বল সঞ্চার করিয়া বলিতেছেন—মাভৈঃ। তাঁহার এই অভয়বাণী শত শত যুবকের বুকে প্রতিধ্বনিত হইয়াছিল। তাহারা দলে দলে আসিয়া প্রজ্ঞানানন্দের পদতলে ভিড় করিয়া দাঁড়াইল। একদল আত্মত্যাগী যুবক লইয়া তিনি ভারতের কল্যাণ কামনায় আত্মনিয়োগ করিলেন। সংকীর্ণতার বন্ধন, কুসংস্কারের বন্ধন, অন্তর বাহিরের সকল বন্ধন হইতে দেশের আত্মাকে মুক্ত করাই ছিল এই যুবক দলের একমাত্র সাধনা।

নিপ্রহ

ভিতরে বাহিরে এমনি করিয়া যিনি সকলকে অভয় দিতে ছিলেন, একদিন তাঁহাকে দেখিয়া সকলের বেশী ভয় হইল ব্রিটিশ সরকারের। বাঁহার পশ্চাতে যুবকদল দিবারাত্র ভিড় করিয়া থাকে, বাঁহার বাক্যে, কার্য্যে বা চিস্তায ভয়ের কিছু মাত্র চিহ্ন নাই, না জানি সে কত বড় বিপ্লবী! এতবড় বন্দুক, কামান, গোলা-বাক্ষদ স্থাজিত ব্রিটেশ গভর্গমেন্ট একজন সন্মাসী দেখিয়া আঁতকাইয়া গেলেন। বাংলার স্বাধীনতাকামী যুবকদলের একজন নায়ক সন্দেহে স্বামী প্রজ্ঞানানন্দ কাশীতে অবস্থান কালে ১৩২২ সালের কার্ত্তিকমাদে অন্তরীণের পরোয়ানা পাইলেন! তাঁহার অন্তরর্মণণ্ড একে একে বন্দী হইল! স্বামীজীকে অন্তরীণ করা হইল! বরিশাল হইতে গলাচিপায়,—গলাচিপা হইতে মেদিনীপুর জিলার মহিষাদল গ্রামে—এমনি করিয়া চারিবংসব তাঁহাকে নানা স্থানে আটক করিয়া রাথা হইল। এই অবরোধ সময়েই স্বামীজী বর্ত্তনান পুন্তক প্রেণান্ত-দর্শনের ইতিহাসে, "রাজনীতি" কর্মতন্ত্ব," নামক তিন থানা পুন্তক প্রণ্যন করেন।

রাজ-রোষে অন্তরীণে আবদ্ধ অবস্থা প্রজ্ঞানানন্দের জীবনের আর এক অধ্যায়। এই অবরোধকে তিনি সন্মানোচিত উদাসীন্যের নহিত গ্রহণ করিয়া-ছিলেন। কোনও দিন তাঁহাকে কিছুনাত্র বিচলিত হইতে দেখা যায় নাই, বরং তাঁহার নিভীকতা এবং তেজস্বিতা কত সত্য, সরকারী কর্মচারীবৃন্দপ্র তাহার পরিচয় পাইয়াছিলেন।

ভেক্তস্মিভা

গলাচিপা যাইবার পথে সরকারী আদেশ মত তিনি একদিন পুলিশ স্থপারিটেণ্ডেন্টের সহিত বরিশালে সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। সাহেব কাষ্ঠপাত্বাধারী সন্ধ্যাসী দেখিয়া বিরক্ত হইলেন, ক্র কুঞ্চিত করিয়া বলিলেন,— থড়ম ছাড়িয়া এসো (put off your sandals.)। প্রজ্ঞানানন্দ উত্তর করিলেন "ইহা আমার সন্ধ্যাসের অঞ্চ, আমি ছাড়িব না।" সাহেব তথনকার মত চুপ করিয়া গেলেন।

মহিষাদল অবস্থান কালে সরকার হইতে তাঁহাকে মাদিক চল্লিশ টাকা ভাতা দেওয়া হইত। কিন্তু মেদিনীপুরের ম্যাজিট্রেটের নিকট তাহা অতিরিক্ত মনে হওয়ায় একদিন তাঁহাকে ডাকিয়া বলিলেন, "একজন সয়্যাসীর পক্ষে চল্লিশ টাকা অনাবশ্যক।" প্রজ্ঞানানন্দ উত্তর করিলেন,—কুকুর পুষিবার মাদিক ব্যয় যাহাদের ৬০১ হইতে ৭০১ টাকা তাহাদের মুথে মায়্য়্য সম্বন্ধ এমন কথা শোভা পায় না।" সত্য কথার প্রতিবাদ চলেনা, তাই সাহেব চুপ করিয়া রহিলেন।

পরস্কুগখ কাতরতা

এই ত গেল এক দিকের কথা। মাস্থ্যের ছংখ দৈল্যকেও এই সন্মাসী নিজের বিলিয়া গ্রহণ করিয়া লইয়াছিলেন। করণার এই কোমল প্রস্ত্রবণটি তাঁহার হৃদয়ে মানবের ছংখ মোচনের জল্ল সতত প্রবহমান ছিল। কাশী হন্তমান ঘাটে শীতের এক ছুপুর রাত্রে একটা অসহায় লোক শীতের কটে আর্ত্তনাদ করিতেছিল। স্থামীজীর কণে এই ধ্বনি প্রবেশ করিল, তিনি স্থির থাকিতে পারিলেন না, নিজের কম্বল্থানি গাত্র হইতে উন্মোচন করিয়া বেচারার গায়ে জড়াইয়া দিলেন। তারপর অর্ক্ষ্ট কঠে ক্তুক্ততার কাকুতি শুনিবার জন্ম মুহুর্ত্ত মাত্রও বিলম্ব না করিয়া চলিয়া গোলেন।

আর এক দিন মহিষাদল গ্র'মে বছ সংখ্যক নিঃসহায় লোককে বস্তু বিতরণ করিতেছিলেন। কর্মশেষে ফিরিবার পথে একটি ভিক্ক্ক তাঁহার দিকে কাতর নয়নে তাকাইয়। বস্ত্র প্রার্থনা করিল, কিন্তু তথন প্রজ্ঞানানন্দের হাত একেবারে বিক্ত, একথানি বস্ত্রপ্ত অবশিষ্ট ছিল না। বলিলেই চলিত—নাই। কিন্তু নিজের অঙ্গে বসন থাকিতে তিনি অপরের হুঃখ সহিতে পারিলেন না। কৌপিনমাত্র সম্বল রাথিয়া নিজের একমাত্র পরিধেয় বস্ত্রখানি খুলিয়া দিয়া ভিখারীকে বিদায় করিলেন। খাহার হাদয় বজের মত কঠোর ছিল, তাঁহার অন্তবের প্রতিরদ্ধে দরিদ্রের জন্ম করুণার এমনি শত উৎস সর্ব্বদার জন্ম উৎসারিত থাকিত। অপরকে দ্রবীভূত করিতেন, কিন্তু নিজে দ্রব

স্থাথীনভা

শুধু দরিদ্রের ক্রন্দন নহে, আমাদের বর্ত্তমান সমাজের সর্কাব্যাপারেই একটা দাকণ অভাবের হাহাকার সংসারের সকল রসটুকু নিঃশেষে শুষিয়া লইতেছে। আয় নাই, বস্ত্র নাই, স্বাস্থ্য নাই, সাহস নাই—চারিদিকে কেবল নাই, নাই। ভিক্ষাপাত্র হত্তে লইয়া আমরা কেবল রূপার ভিথারীরূপে দারে দারে ঘ্রিয়া মরি। দেহ মনের এই মর্মান্তিক দৈন্তের একমাত্র কারণ যে পরাধীনতা, স্বামী প্রজ্ঞানানন্দ সেই কথাই বারংবার আমাদের জানাইয়া গিয়াছেন। দেহ যাহার মুক্ত নহে, তাহার পক্ষে মনের মুক্তি যে বিড়ম্বনা মাত্র, একথা তিনি বহুবার বহুলোকের নিকট ঘোষণা করিয়া গিয়াছেন। ভারতবর্ষের জন্ম সর্বপ্রকার অধীনতা হইতে মুক্তি কামনা করিয়াছিলেন বলিয়াই সরকারের রোষরক্ত নয়ন তাহার পশ্চাতে পশ্চাতে জ্রকুটি করিয়া ফিরিত। কিন্তু তিনি তাহাতে ভীত হন নাই। সর্বপ্রকার অধীনতা হইতে মুক্তি প্রচারই তাহার জীবনের প্রধান লক্ষ্য ছিল। প্রেমদারা জগৎ জয় করা, অথবা অশ্বর প্রাবনে, বিশ্বের নয়ন প্লাবিত করাকেই তিনি শ্রেষ্ঠকর্ম মনে করিতেন না। মুক্তভারত, মুক্ত মানব, মুক্ত জগতের সত্যই তিনি প্রচার করিয়া গিয়াছেন।

ব্ৰহ্মচৰ্য্য মক্তৰ্মধ্বক

কিন্তু সে মুক্তির পথ কি ধর্ম ? প্রজ্ঞানানন্দ বলিতেন, —'নিশ্চয়'। স্বাধীনতার ভিত্তির প্রধান মশলা ব্রহ্মচর্য্য। বর্ত্তমান সমাজের নৈতিক দীনতাও হীনতার একমাত্র কারণ ব্রহ্মচর্য্যের অভাব, বড় বড় চোর, ডাকাত, বাজীকর, গায়ক, বক্তা, সাধু সন্ন্যাসী—সকলের ক্বতকার্য্যতা ব্রহ্মচর্য্যের তেজে, ইহাই আয়ুর্ব্বেদের মকরধ্বত্র, অহুপান ভেদে সকল রোগের ঔষধ। তিনি আরও বলিতেন যে, আমাদের সকল ছুর্দ্মণার মূলে আমাদের শক্তিহীনতা, সেই ভাগ্যদোষেই আমরা পরণদলেহন করিয়া মরিতেছি। এই দাসত্ব দূর করিতে আমাদের মরণ পর্যান্ত যুদ্ধ করিতে হইবে, সে যুদ্ধের সেনা হইবে একদল চরিত্রবান যুবক, যাহার। গ্রামে গ্রামে, পল্লীতে পল্লীতে গিয়া দরিত্র, অজ্ঞ, পদদলিত, দ্বণিত জীবের শক্তি উদ্ধুদ্ধ করিয়া চরিত্রের আদর্শ দেখাইবে। প্রায়শঃ স্বামী বিবেকানন্দের কথা উল্লেখ করিয়া বলিতেন, দেশকে যদি ভালবাসিতে হয় ত স্বামী বিবেকানন্দের মত ভালবাসিতে হইবে। তিনি জানিতেন, ধনদান নহে, প্রেম্বান নহে, শক্তিদানই শেষ্ঠিদান। এই জন্ম তিনি চির্দিনই শক্তির উপাসক ছিলেন।

সবলতা সাধন

এই প্রেমপ্লাবিত বঙ্গদেশে, এই বৈষ্ণব প্রেমের লীলাভূমিতে এই কারণেই তিনি বরিশাল সহরে আচার্য্য শহরের আদর্শে শক্তি সাধনার জন্ম শহরের আদর্শে শক্তি সাধনার জন্ম শহরের আদর্শে শক্তি বাবলতা ও তুর্বলতা' পুতিকার ভূমিকায় ব্রজমোহন কলেজের দর্শন শাস্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত হেমন্ত কুমার বন্ধ লিথিয়াছেন,—

"আজ ভারতের ঘোর ছদিন। ভারতের ঘরে ঘরে আগুন লাগিয়াছে; দারিদ্রের আগুন, অকাল-মৃত্যুর আগুন, ছর্বলের প্রতি সবলের অত্যাচারের আগুন, ভ্রাতৃ বিরোধের আগুন, স্বামী-স্ত্রীর বিবাদের আগুন, চতুর্দিকে ঁআণ্ডন, ভারতবাদী পুড়িয়। ছাই হইতেছে। কিন্তু উপায় নাই ; ভারতবাদী আজ চঞ্চল, অস্থির, প্রমত। কথনও পশ্চিমে, কথনও পূর্বের, কথনও উত্তরে আবার কথনও দক্ষিণে ধাবমান। কোথা পথ ? কিন্তু সাড়া নাই, শব্দ নাই, আশ্বাদের কোনও লক্ষণ নাই। এমন সময়ে শ্রীমৎ স্বামী প্রজ্ঞানানন্দ অতি প্রাচীন পদা নৃতন করিয়া ভারতীয় যুবকের সম্মুখে উন্মুক্ত করিয়াছেন— বল সাধনা। প্রাচীন? অতি প্রাচীন। বহু সহস্র বৎসর পূর্বের, ভুল হিমাজি-শিখরে খাপদ সমাকীর্ণ গিরিকন্দরে, ধীর সমীরণান্দোলিত তরক্ষরাজি চুম্বিত নদী পুলিনে বদিয়া আর্যাঝ্বি ধ্যান-ন্তিমিত-নেত্রে ব্যোমপটে জ্বনস্ত অক্ষরে অন্ধিত পদা দেখিয়া গাহিয়াছিলেন, "নায়মাত্মা বলহীনেন লভ্যঃ।" ''যোহদাবদৌ পুরুষ: দোহহমিখা।" এই ধ্বনি দিগন্ত প্লাবিত করিয়াছিল, ভারতে আর্য্য সম্ভান আগ্রহে শুনিয়াছিল; এই অগ্নিমন্ত্র আদরে গ্রহণ করিয়াছিল। স্থরপুরে ইন্দ্র লজ্জায় মলিন হইয়াছিলেন, ধনকুবের মন্তক হেঁট করিয়াছিলেন, আর বোধকরি ভয়ে কাঁপিয়াছিলেন 'মৃত্যু'। কিন্তু আজ ভারতের দেদিন ফুরাইয়াছে, আজ ভারতবাদী আত্মজানের মাহাত্ম ভূলিয়াছে। স্বামা প্রজ্ঞানানন্দ এই গুপ্তনিধি উদ্ধার করিয়া—দেশের আশার পথ খুলিয়া দিয়াছেন।"

সত্য সত্যই তিনি এমন সবলতার সাধনা করিয়াছিলেন, যাহাতে মৃত্যুও মাথা নত করিয়া থাকে। ত্বলি ভীক্ষ, ইন্দ্রিয়পরায়ণ জাতির জন্ম তিনি আর কোনও সাধনাকেই শ্রেষ্ঠ বলিয়া প্রচার করিতে পারেন নাই। সাধনার নামে, ধর্মের নামে তামসিকতার যে লীলা-বিলাস বাংলার ঘরে ঘরে জকর্মের প্রশ্রম্ব দিয়া আদিতেছে, তিনি তাঁহার বিক্দ্পে তাঁহার অমিত বিক্রম লইয়া দাঁড়াইয়াছিলেন। পূজার নামে ভিক্ষা, দেবার নামে দক্ষ—লিপ্সাকে তিনি কথনই প্রশ্রম্ম দিতেন না। যে সাধনায় ভয় নাই, দীনতা নাই, কাকুতিমিনতির কণা মাত্র নাই, তিনি সেই অভয় মন্ত্রের সাধক ছিলেন। এই কারণেই বৈদিক সাধনাকেই তিনি শ্রেষ্ঠ উপাসন। বলিয়া প্রচার করিয়াছিলেন। বলিতেন, বৈদিক সাধনা সর্ব্বত্রই তেজদীপ্ত মহানের সাধনা। ঋষি কাতর নহে, তুর্বল নহে, ভীক্র নহে। সে ব্রন্ধবীর্য্য চায়, সে আত্মাগ্রিতে পাপ আছুতি দিয়াছে। তাঁহার হৃদয় সংশ্যে আন্দোলিত হয়না, তৃংপে বিচলিত হয়না; হর্ষে অকারণ উৎফুল্ল হয়না। নির্ব্বাত্ত নিদ্ধপ্ত প্রদীপ-শিথার স্থায় সে হৃদয়ে কালিমা নাই। তপস্থায় একাগ্র, সাধনায় অটল, সে বৃদ্ধদেবের মত বলিবে—

ইহাসনে শুশুতু মে শরীরং ত্বগন্থি মাংসং প্রলয়ঞ্চ যাতু অপ্রাণ্য বোধিং বছকল্প ত্রভং নৈবাসনাৎ কায়ঃ সমুচ্চলিশ্বতে।

এই আসনে শরীর শুকাইয়া যাক্, মাংস চর্ম বিশয় প্রাপ্ত হউক, তথাপি বহু-কল্প-তুর্লভ কাম্য-লাভের পূর্বে এই আসন হইতে একটুকুও নিজ্বনা—এমনি দৃঢ় প্রতিজ্ঞা, এমনি বহুজন বাঞ্ছিত নিষ্ঠা তাঁহার জীবনের সাধনা ছিল।

আদৰ্শ

কিন্তু প্রদাসত্ব, প্রাধীনতা বাংলার বাক্য, কার্য্য, চিন্তাধারার গতিরোধ করিয়া দিয়াছে বলিয়া তিনি জাতির জন্ত সর্বপ্রথমে স্বাধীনতা কামনা করিতেন। তিনি এই মৃক্তির পথ নির্দেশ করিয়া গিয়াছেন,—সবলতা, অন্তরে বাহিরে সকল বন্ধন হইতে দেশের আত্মাকে মৃক্ত করাই ছিল স্বামী প্রজ্ঞানানন্দের একমাত্র সাধনা। তিনি বলিতেন, "বিরাট পুরুষের পূজাই ভারতের নিজস্ব, চিরস্তন সনাতন আদর্শ। বিরাট পুরুষই জাতির, দেশের, ধর্মের অন্তর্মাত্ম। সমস্ত ব্যক্তিগত কর্ত্তব্য, সমগ্র রাষ্ট্রীয় কর্ত্তব্য শ্রীভগ্নানের প্রেরণায়, তাঁহার প্রীতির জন্ত, কেবল তাঁহারই জন্ত অনুষ্ঠিত হয়—ইহাই জাতি, ধর্ম ও দেশের প্রাণ প্রতিষ্ঠার শ্রেষ্ঠ মন্ত্র।

এই কারণেই স্বামী প্রজ্ঞানানদ কোনদিন দেশ ফেলিয়া স্থ্যু আপনার মুক্তি কামনা করেন নইে। একটা কথা তাহাকে প্রায়ই বলিতে শোনা যাইত। তাঁহার জীবনের মূল লক্ষ্য ছিল—

"বাধন ছিড়িতে হবে এই মোর মতি, লক্ষ কোটি প্রাণীসহ মোর এক গতি। বিশ্ব যদি চলে যায় কাঁদিতে কাঁদিতে একা আমি ব'দে রব মৃক্তি সমাধিতে?"

রাজনৈতিক সন্ন্যাসী সন্দেহে সরকারী নিগ্রহের কোন তুর্ভোগই তাঁহার ভাগ্যে বাকী ছিল না। কিন্তু রাজনীতি, ধর্মনীতির বিভেদ তিনি স্বীকার করিতেন না। ধর্মই যে সকল নীতির যোগস্থ্য—সার। জীবন তিনি এই সভ্যই প্রচার করিয়া গিয়াছেন।

অন্তিম শ্য্যায়

মেদিনীপুর জিলার অন্তঃপাতী মহিষাদল গ্রামে অবরুদ্ধ থাকার সময় স্বামী প্রজ্ঞানানন্দ ম্যালেরিয়া রোগে আক্রান্ত হন। এই ব্যাধির ঘন ঘন আক্রমণের ফলে একটু একটু করিয়া তাঁহার দেহ জার্ণ হইতেছিল, কিন্তু দে দিকে তিনি দৃক্পাত করেন নাই। একবার শীতের সময় এই আক্রমণ দারুণ হইল। ২নং তাঁতি বাগান লেনস্থ তাঁহার অন্তরক্ত শিশু প্রীযুক্ত যোগেশচন্দ্র মুখোপাধ্যায় তাঁহার সর্বপ্রকার শুশ্রষার ভার লইলেন। ইহার পূর্ব্বেও অনেকবার তাঁহাকে এই রোগের আক্রমণ সহ্য করিতে হইয়াছে, কিন্তু কথনই তাহা তেমন মারাত্মক আক্রমণ সহ্য করিতে হইয়াছে, কিন্তু কথনই তাহা তেমন মারাত্মক আক্রমণ ধারণ করে নাই। কিন্তু সেবারকার আক্রমণ দেখিয়া শিশ্রবৃদ্ধ চিন্তিত হইয়া পড়িলেন। চিকিৎসা ও শুশ্রষা উভয়ই হইল; কিন্তু স্বামী প্রজ্ঞানানন্দের জীবন রক্ষা হইলনা! ১০২৭ সনের ২৩শে মাঘ সন্ধ্যা সাড়ে সাত ঘটিকার সময় তিনি ইহধাম ত্যাগ করেন। পরলোক প্রশ্বাণের পূর্বের নিদারুণ রোগ যন্ত্রণার মধ্যেও তিনি তাঁহার অন্তর্গ্রবিহীন দেশবাসীর কথা ভূকিতে পারেন নাই। রোগ

অপেক্ষা এই চিস্তাই তাঁহাকে অধিকতর আকুল করিয়া তুলিতেছিল, ডক্রার ঘোরেও তিনি বলিয়া উঠিতেন,—"বুভূক্ষিত নিরন্ন দেশ আমার!"


এই বুভূক্ষিত নিরন্ন দেশের মৃক্তি কামনা করিতে করিতে স্বামী প্রজ্ঞানানন্দ জ্যোতির্লোকে চলিয়া গেলেন।

সমাধি

শিষ্য এবং ভক্তগণ তাঁহার পবিত্র দেহ লইয়। ২৫শে মাঘ বেলা একটার সময় বরিশালে পৌছেন। সেথানেই তাঁহার প্রতিষ্ঠিত শ্রীশ্রীশঙ্করমঠে, বিপুল জনতার আর্ত্তনাদের মধ্যে তাঁহার দেহ সমাহিত করা হয়। বরিশালেব আবাল-বৃদ্ধ-নরনারী সেদিন তাহাদের শ্রদ্ধাতর্পণের জন্ম শঙ্করমঠে সমবেত হইয়াছিলেন।

স্বামী প্রজ্ঞানানন্দের সংক্ষিপ্ত জীবনে ঘটনাবাহুল্য নাই। একই সাধনাকে তিনি সিদ্ধির পথে লইয়া যাওয়ার পণ গ্রহণ করিয়াছিলেন, স্কৃতরাং কর্মজীবনের আড়ম্বর, বা বাহুল্য হইতে তিনি আপনাকে দূরে রাখিতেন। সন্যাস-জীবনের বৈশিষ্ট্য, বৈচিত্র জানিবার সহজ কোন উপায় নাই; তাই প্রজ্ঞানানন্দের জীবনের অনেক কথাই অকথিত রহিয়। গিয়াছে। যাহা অন্তরের জিনিস তাহা ত বাজারে বিকাইবার নহে।

আমর। দেখিতে পাই ত্যাগপৃত গৈরিকের উজ্জ্বল আলোকে ভারত-বাদীর জন্ত অনন্তম্ক্তি কামনায় মঠগুলি বলিতেছে,—মাতৈ:। স্বামী প্রজ্ঞানানন্দের মৃক্ত আত্মাও তাহারই প্রতিধ্বনি তুলিয়া বলিতেছেন,— মাতি:। ধর্মজীবনে ও কর্মজীবনে শক্ষরমঠের এই অভয় সাধনাই ভারত-বাদীর বন্ধনম্ক্তির একমাত্র পন্থা; তাই বাংলার স্বস্তু চৈত্ত জাগ্রত করিবার জন্ত স্বামী প্রজ্ঞানানন্দ আবার মঠ স্থাপন করিয়া গিয়াছেন।



বেদান্ত দর্শনের ইতিহাস সম্বন্ধে সুধীবৃন্দের অভিমত।

মহামহোপাধ্যায় শ্রীলক্ষ্মণ শাস্ত্রী জাবিডঃ—

শ্রীমৎ প্রজ্ঞানানন্দ সরস্থতী প্রবীতে। বঙ্গভাষাময়ো বেদান্তদর্শনেতিহাসঃ
প্রথমোভাগাত্মকোহস্মাভিল বিঃ সম্যুগ্ বাচিত্র । অক্সমুদ্রনকার্য্যঃ শ্রীমতা
রাজেন্দ্রনাথ ঘোষেণ নির্বৃত্তিতঃ প্রেক্ষাবতাং মনোহরং সংবৃত্তম্। গ্রন্থস্থললেখনশৈল্যপি সমীচীন বর্ত্তে। অস্মিংশ্চ বেদাস্তমন্থন্ধিনো বহবো বিষয়া
পিজ্জাস্থনাং জিজ্ঞাসাশান্তরে সমর্থাঃ। অস্যুচ প্রচারণেন বহুনাং রাজভাষাপণ্ডিতানামিদানীস্থনৈতিহাসিকানাং চিন্ততোষঃ স্যাদিতি সন্তাব্যতে।
অচিরেবৈব থওদ্বরে প্রকাশিতে লোকানাম্থকগা শান্তির্ভবিষ্যতীত্যাশাস্যতে
ইতি।

জয়পুর-রাজসভা-প্রধান-পণ্ডিত-মহামহোপদেশক-বিভাবাচস্পতি-শ্রীমধুস্থদন শর্মা ওঝা—

(হিন্দী হইতে অনুবাদ)

* * * বেদাস্ত-দর্শনের ইতিহাস, প্রথমভাগ, আছোপাস্ত পাঠ করিলাম। ইহাতে গ্রন্থকর্ত্তার বিচারের রীতি এবং বিষয় নির্বাচনের স্ক্রপ্রণালী দেখিয়া সন্তোষ লাভ করিলাম। এই গ্রন্থে অত্যন্ত উত্তমরূপে সমালোচনা করিয়া বিষয় নির্বাচন করা হইয়াছে। ভাষাব প্রাঞ্জলতাও হৃদয়-গ্রাহিণী হইয়াছে।

এই ভারতবর্ষ একটি দর্শন-প্রধান দেশ। এই দেশে অনেক বড় বড় গভীর বিচারশীল দার্শনিক জন্মগ্রহণ করিয়াছেন। যজপি বিশেষরূপে ষড়-দর্শনই প্রদিদ্ধি লাভ করিয়াছে, তথাপি সর্ব্বদর্শনসংগ্রহের অকুসারে অক্সান্ত কতিপয় দর্শনও অধিক প্রাপ্ত হওয়া যায়। এই সকল দর্শনের মধ্যে পরস্পারের ঘাত-প্রতিঘাত বশতঃ কোন এক সিদ্ধান্ত স্থির করা কঠিন হইয়া পড়িয়াছে। প্রত্যেক দার্শনিক পণ্ডিত প্রথর বৃদ্ধিশালী হইলেও নিজ নিজ মতের পূর্ণরূপে পক্ষপাতী হইয়া অক্সমতের তীত্র সমালোচনা করিয়াছেন। ইহা ছারা সকল দর্শনেরই মূলভিত্তি বিচলিতপ্রায় হইয়া গিয়াছে। এই সকল দর্শনের মধ্যে

আবার বেদান্ত-দর্শনে শুদ্ধাদৈত, বিশিষ্টাদৈত, দৈতাদৈত, দৈত প্রভৃতি সিদ্ধান্ত এবং সদসদক্ষতাদি নানাবিধ খ্যাতিবাদের অনেক বিবাদগ্রস্থ বিষয়ের সমাবেশে, বেদান্তের বাস্তবিক স্বরূপ অনু সকল দুর্শনের অপেক্ষা অধিক किंग रहेशारह। हेरारेनत मास्य कान मिन्नाल मासात्र এवः कानि विभिन्ने, ইহা জানিবার উৎকণ্ঠা সাধারণ ব্যক্তি হইতে পূর্ণ বিদমগুলী পর্যান্ত প্রায় সকলেরই হওয়া সন্তব। এ অবস্থায় এরূপ এক জন মধ্যস্থ বিচারকের আবশ্যতা ছিল, যিনি বিশেষরূপে কোন মতবিশেষের পক্ষপাতী ন। হইয়া, ভিন্ন ভিন্ন বাদী প্রতিবাদীগণের মতেব উপর বিশুদ্ধ হৃদয়ে বিচার ক্ররিয়া, ঐ সকল মতের মধ্যে কোন একটি মতের উৎকৃষ্টতা স্থির করিতে পারেন। এই আবেখকতা এইরূপ ইতিহাস-গ্রন্থের দারাই পূর্ণ হইতে পারে, যে গ্রন্থ আরম্ভ হইতে অন্ত পর্যান্ত একসংক দৃষ্টিপাত পূর্ব্বক দার্শনিক বিজ্ঞানের ক্রমিক-বিকাশের পরীক্ষা করিয়া সকল মতের তুলনা পূর্ব্বক উহাদের উৎকর্ম অপকর্ষ স্থির করিতে সমর্থ হয়। আমি যতদূর দেখিতেছি তাহাতে এই কার্য্য এই 'বেদান্ত-দর্শনের ইতিহাদ' ছারা অনেকাংশে সিদ্ধ হইয়াছে। বেদান্ত-দর্শনেব যতগুলি মত পাওয়া যায়, এই গ্রন্থে তাহাদের ক্রমিক বিকাশের আভাস একরণ উত্তমরূপেই পাওয়া যাইতেছে। এই কারণে এই ইতিহাদের দার। বেদান্ত-দর্শনের জিজ্ঞাস্থগণের বিশেষ উপকার ও সন্তোয হওয়ার সন্তাবনা।

পাশ্চাত্য দর্শনগুলিতে দার্শনিক মত বিচারের সঙ্গে সঙ্গে তাহার কিছু বিছু ইতিহাসও প্রায় সন্ধিবিষ্ট থাকে; পরস্তু ঐ ইতিহাস প্রত্যেক মত বিচারের সঙ্গে থাকায় সেই মড়ের শর্বীবে বিকাশক্রম দেখাইতে দেখাইতে তাহার অন্তঃপ্রবিষ্ট হইয়া গিয়াছে। অতএব ঐ ইতিহাস উত্তনরূপে সেই মধ্যস্তভার কার্য্য করিতে পারে না। কোন একমতের গ্রন্থ না হইয়া স্বাধীনভাবে বিচার করিয়া এই গ্রন্থ রচিত হইয়াছে। এই জন্ম আমি বেদান্ত-জিজ্ঞান্থ বিছন্মগুলীকে অন্থ্রোধ করিতেছি যে ভাহারা যেন এই 'বেদান্ত-দর্শনেব ইতিহাস' খানি একবার আতোপান্ত পাঠ করেন।

মহামহোপাধ্যায় অধ্যাপক শ্রীযুক্ত বামাচরণ স্থায়াচার্য্য— ৺কাশীধাম—

শ্রীমংস্থামী প্রজ্ঞানানন্দ সরস্বতী প্রণীত 'বেদাস্ত-দর্শনের ইতিহাস' পাঠ করিয়া আমি অতিশয় প্রীতিলাভ করিলাম। স্থামীজী বহুকাল

৺কাশীধানে বাস করিয়াছিলেন, সে সময় তাঁহার এতদ্র প্রগাঢ় পাণ্ডিত্যের পরিচয় পাইবার স্থাগে ঘটে নাই। এই ইতিহাসে অবৈতবাদের ত কথাই নাই, রামান্ত্রজ, মাধব সাংখ্য, পাতঞ্জল প্রভৃতি দর্শনান্তরেরও স্বামীক্রী যেরপ বিশদভাবে আলোচনা করিয়াছেন তাহাতে তাঁহার সমস্ত দর্শনেই প্রগাঢ় পাণ্ডিত্যের পরিচয় পাওয়া যায়। বঙ্গভাষায় এরপ গ্রন্থ ত্লভি বলিয়াই মনে হয়। বিজ্ঞ পাঠকগণ এই গ্রন্থ আলোচনা করিলে স্থ্যী হইবেন বলিয়া আশা করি।

শ্রীযুক্ত হীরেক্সনাথ দত্ত—এম,এ, বি, এল, বেদাস্তরত্ব—(২১।৪।২৬)

'বেদান্ত-দর্শনের ইতিহাস' পাঠ করিয়া প্রীত ও উপকৃত হইয়াছি। গ্রন্থকার এই গ্রন্থে বিবিধ গবেষণা ও প্রচুর পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন এবং কয়েকটি নৃতন বিষয়ের অবতারণা করিয়াছেন। আমার যতদ্র জানা আছে, এ ধরণের পুস্তক বাঙ্গলা ভাষায় এই প্রথম। এ গ্রন্থের বহুল প্রচার হইলে এবং পরবন্ধী খণ্ডগুলি সন্তর প্রকাশিত দেখিলে আমি আনন্দিত হুইব ইতি।

বরিশাল শহরমঠ হইতে প্রকাশিত শ্রীমৎ স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতীপ্রশীত "বেদান্তদর্শনের ইতিহাস" প্রথমভাগ পড়িয়া আমি বিশেষ পরিতোষ
লাভ করিলাম। স্বামীজীর অসাধারণ অধ্যবসায় ও পাণ্ডিভারে যথার্থপরিচয়
এই পুস্তক পাঠে পাইলাম। বেদান্ত সম্বন্ধে যত প্রকার মতবাদ আকার
পরিগ্রহ করিয়াছে স্বামীজী স্থানপুণতার সহিত তাহা ধারাবাহিক রূপে
বিশ্রন্থ করিয়াছেন। বেদান্তদেবী মাত্রেরই যে এই পুস্তক অতীব উপাদেয়
হইবে তাহা আমি নিঃসন্দেহে বলিতে পাবি। বেদান্ত সম্বন্ধে সকল প্রকার
মতবাদের দার্শনিক ভাবে একত্র সমাবেশের প্রয়াস এই প্রথম বলিয়াই আমার
মনে হয়। পুস্তকথানার অবশিষ্ট অংশ শীল্র প্রকাশিত দেথিবার জন্ম আশায়
রহিলাম।

মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ— ৺কাশীধাম—৩, ফাল্কন, ১৩৩২।

শ্রীমং স্বামী প্রজ্ঞানানদ সরস্থতী প্রণীত "বেদান্তদর্শনের ইতিহাস"
পাঠ করিয়া ব্ঝিলাম স্বামীজী সত্যই সার্থকনামা ব্যক্তি ছিলেন। এই
পুস্তকে প্রাঞ্জল ভাষায় ভারতীয় দর্শন শাস্ত্রের ঐতিহাসিক সিদ্ধান্ত
বিষয়ে কত কথাই যে লিখিত হইয়াছে তাহা এই পুস্তক যিনি পরিশ্রম
স্থীকার করিয়া পাঠ করিবেন তিনিই ব্ঝিবেন। বঙ্গভাষাভিজ্ঞ যে কোন
শিক্ষিত ব্যক্তি এই পুস্তকের যে কোন পৃষ্ঠায় দৃষ্টিপাত কবিলেই স্বামীজীর
প্রচুর অধ্যয়ন, অসাধারণ পাণ্ডিত্য ও অসাধারণ সংগ্রহশক্তির পরিচয় পাইয়া
মুগ্ধ হইবেন সন্দেহ নাই।

স্বামীন্দ্রী পাশ্চাত্য মতে বিশেষ অভিজ্ঞ ইইয়াও এই পুস্তকে থেরপে প্রাচ্যমতের সমর্থন করিয়াছেন ভাহাতে তাঁহার প্রাচ্যমতে স্থাচ় নিষ্ঠার বিশেষ পরিচয় পাওয়া যায়। তিনি ভারতীয় দর্শনের প্রভাব, প্রসার ও গৌরব ঘোষণার জন্ম এবং বহুবহু তুজ্জেয় বিষয়ে স্বল্প পরিশ্রমে শিক্ষিত বাঙ্গালীদিগের জ্ঞানলাভের জ্ঞান যে কঠোর পরিশ্রম করিয়া গিয়াছেন ভজ্ঞা আমরা সকলেই তাঁহার নিকটে অতীব ক্বত্ঞ। এই পুস্তকের সাহায়েয়ে শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণও বহু জ্ঞাতব্য বিষয় জানিতে পারিয়া উপকৃত হইবেন সন্দেহ নাই। বঙ্গভাষায় এ পর্যান্ত এই ভাবে আর যে কোন পুস্তক প্রকাশিত হইয়াছে, তাহা আমি জানি না।

Sankar Pramanad Thirtha Swami-Benares.

া have read the History of the Vedanta Philosophy (বেলান্ড দ্বনের ইতিহাস) written by the late Swami Prajnanananda Saraswati of Barisal Sankarmath. One who reads the book cannot but admire the spirit of research and the historical accuracy exhibited by the holy another in almost every page of the book. The style is lucid, clear and dignified. The life of Sankaracharyya though brief contains almost all the salient points in the illustrious life of the great Vasyakara. Readers of

the Vedanta Darsana will find it a very interesting and useful study. The history of the Vedanta Philosophy has been treated from the very ancient time to the end of 11th Century as treated in the volume before me. I am told that it has been written up to the time of the another which will be published in subsequent volumes.

The author a devout follower of Sankaracharyya's Theories of the Yedanta Darshana, has scarcely missed any opportunity in answering the adverse criticism of their assailants. His criticism of the adverse opinions are marked by sobriety and modesty which is peculiar to the saintly author.

Pandit Batuk Nath Sharma M. A.

Shahityopadhyaya,
Profesor, The Benares Hindu University.—
6th Feb. 1926.

There are only a few such occasions in the life of a book-loving student when he, coming across a book of extraordinary merits, feels as if he was taken aback by an agreeable surprise. Fortunately I have had such a good fortune quite recently. That was when I saw, for the frist time, the "Vedanta darsaner Itihas" Vol. 1 by Sri Swami Prajnanananda Saraswati. 1 never thought that even now there are persons among us who could devote all their energies and resources towards the study of a particular subject. Indeed this work of the late revered Swamiji, is a monumental one and will place, by its outstanding merits, all the Bengli-reading public under a very deep obligation. The other parts should also come out as early as possible, for delay, especially in such a matter, is too unbearable.

শ্রীযুক্ত হরিহর শান্ত্রী — কাশী, হিন্দুবিশ্ববিভালয়— ৩, ফাল্গুন, ১৩৩২।

শ্রীমৎ প্রজ্ঞানানদ সরস্বতী প্রণীত, "বেদান্ত-দর্শনের ইতিহাস" প্রথমভাগ আছান্ত পাঠ করিলাম। ইহা একাধারে দর্শন, ইতিহাস ও জীবন-চরিত।
প্রাগৈতিহাসিক যুগ হইতে বেদান্ত সম্বন্ধে যে সমস্ত সিদ্ধান্ত প্রচারিত হইয়াছে,
তাহার সংক্ষিপ্ত মর্মা, তৎসংক্রান্ত তুলনামূলক আলোচনা, বৈদান্তিক আচায্যগণের জীবনী ও গ্রন্থাদির বিবরণ এবং আচার্যার্দের কাল নিরূপণ প্রসঙ্গে
বিদেশীয় মতবাদের যুক্তিপূর্ণ সমালোচনা প্রভৃতি বিবিধ অত্যাবশাক তথা
এই গ্রন্থে সবিশেষ নিপুণ্তার সহিত সন্নিবেশিত হইয়াছে। এরপ গ্রন্থ কোনও দার্শনিক সাহিত্যেই এ পর্যান্ত প্রকাশিত হয় নাই। বাঁহার। বেদান্ত
দর্শনের রহস্য জানিতে ইচ্ছা করেন, তাঁহাদের পক্ষে এ গ্রন্থ অবশ্য
আলোচনীয়। আমরা ইহার পরবন্তী ভাগের জন্য উৎস্কক রহিলাম ইতি।

পণ্ডিত শ্রীযুক্ত হারাণচন্দ্র শাস্ত্রী—৮কাশীধাম—

পরম শ্রন্ধাপদ স্থামী প্রজ্ঞানানন্দ সরস্বতী মংগ্রান্থ প্রণীত "বেদান্ত-দর্শনের ইতিহাস" প্রথম ভাগ পাঠ করিয়া অতিশয় আনন্দ লাভ করিয়াছি। এই গ্রন্থ বঙ্গভাষার গৌরবের বস্তু, এ কথা বলিলে এইরূপ গ্রন্থের বাস্তবিক প্রশংসা করা হয় না; সত্য কথা বলিতে গেলে ইহাই বলিতে হয়, এইরূপ গ্রন্থ বিশ্বসাহিত্যের সম্পদ্রূপে পরিগণিত হইবার যোগ্য।

বৃহদিন হইতে এই শ্রেণীর একথানি গ্রন্থের অভাব অন্থত্ব করিতে ছিলাম। পূজনীয় স্থামীজীর এই গ্রন্থ সেই অভাব মোচন করিয়াছে। আমাদের মাতৃভাষার ভূমিতে আজকাল যে পরিমাণ কণ্টকর্ক বহুলভাবে উৎপন্ন হইতেছে, তাহার অনুপাতে সারবান্ বৃক্ষ অতি অল্প সংখ্যায় জ্বাতিছে, ইংগ অত্যন্ত হংথের বিষয় হইলেও অত্যন্ত স্তা কথা, সে বিষয়ে লেশমাত্র সন্দেহ নাই। মাতৃভাষার এইরপ তৃদ্নিন এইরপ শিক্ষাপ্রদা, বহুল পাণ্ডিত্য পরিপূর্ণ ও গবেষণামূলক গ্রন্থ অত্যন্ত তৃল্ভি; এই কারণে এই গ্রন্থের প্রকাশ বর্ত্তমান সময়ে স্থা সমাজের একান্ত আন্দের কারণ হইয়াছে।

এইরপ সারবান্ গ্রন্থ কেবল বঙ্গভাষায় নিবদ্ধ থাকিলে, অভা দেশীয় ফ্রীস্মাজ এই রত্ন ইংতে বঞ্জিত হইবেন; এই জভা আমাদের মনে হয়,

এই গ্রন্থ হিন্দী প্রভৃতি ভাষান্তরে অন্দিত ইইলে, অন্ত দেশের সুধী সমাজের বিশেষ উপকার হইবে এবং সঙ্গে সক্ষে রচয়িতার অসাধারণ পাণ্ডিত্য-প্রতিভা দেশান্তরে প্রসারিত হইলে, স্বসন্তানের গৌরবে জননী বঙ্গভূমিরও মুখ উজ্লল হইবে।

ভারতবর্ষ—ভাজ ১৩৩৩, সন।

স্বামী প্রজ্ঞানন্দ সরস্বতী মহোদয় "ভারতবর্গের" পাঠকগণের অপ্রিচিত নহেন। তাহার জ্ঞানগর্ভ দার্শনিক প্রবন্ধাবলী ভারতবর্ষে অনেক প্রকাশিত 🗲 ইয়াছে। তিনি কিছুদিন পূর্বে দেহ রক্ষা করিয়াছেন। তাহার গুণগ্রাহী ^{*}শিষ্য ও ভক্তগণ তাঁহারই প্রতিষ্ঠিত বরিশলে শঙ্রমঠ হ**ইতে খা**মীজীর এই অমূল্য পুস্তক প্রকাশিত করিয়া বঙ্গেলা দেশের দার্শনিক সাহিত্যের প্রচেষ্টার জন্ম যে আয়োজন করিয়াছেন, তাহা প্রশংসার্হ। বেদান্ত-দর্শনের এমন স্থন্দৰ প্ৰাঞ্জল আলোচনা আমরা ইদানীং দেখিয়াছি বলিয়া মনে হয় না। তিনি যাহা রাথিয়া গিষাছেন তাহা বর্ত্তমান সময়ে অতুলনীয বলিয়া মনে হয়। অবশ্য কালে হয়ত ইহা অপেক্ষাও গ্ৰেষণাপুৰ্ণ এ জাতীয় গ্রন্থ জনিবে: কিন্তু সরম্বতী মহাশয় যে ইহার প্রথপ্রদর্শক তাহাতে সন্দেহ নাই। এই পুন্তকে শহরদর্শনের যে বিবৃতি প্রদন্ত হইয়াছে, তাহ। বিশেষ গ্ৰেষ্ণাপূর্ণ। অনেকে মনে করেন শঙ্কবাচার্য্যই অবৈত্বাদের প্রতিষ্ঠাতা। কিন্তু আমর। যতদ্র জানি, তাহাতে শহরকে অহৈতবাদের প্রতিষ্ঠাত। বল। ঠিক নতে: তাহাব গুরু গোবিন্দপাদ ও গোবিন্দপাদের গুরু গৌরপাদাচার্য্য অহৈতবাদী ছিলেন। তবে শহর অহৈতবাদেব একজন প্রধান আচার্য্য, এ কথা স্বীকার করিভেই হইবে। স্বামীজিও দেখিলাম, এই মতের সমর্থন করিয়াছেন। অল পরিসবের মধ্যে এমন জ্বদর গ্রন্থের সমাক্ পরিচয় প্রদান ' করা অসম্ভব। আমরা জ্ঞানপিপাস্ত ব্যক্তি নাত্রকেই এই অমূল্য গ্রন্থগানি পাঠ করিবার জন্ম অমুবোধ করিতেছি।

FORWARD-16th May, 1926.

* * * The book Vedanta darshaner Itihas is unique in character as in no other language such a book has yet

appeared inspite of much advanced study in Indian Philosophy in Germany and other continental centres. *** The erudition and historical research which pervade every line have made the book a landmark in the history of the Bengli language and literature.

This volume also contains the lives of the great masters of Vedanta Philosophy and while dealing with their works, makes a critical estimate of each of these masters' views. This makes the book valuable to all livers of Indian Philosophy and is also sure to prove a great book to those who want to have some knowledge of the Vedanta and other Indian Philosophical works. ***

আনন্দবাজার পত্রিকা—১৩ই শ্রাবণ, ১৩৩৩।

বেদান্ত-দর্শন সম্বন্ধে এইরপ প্রায় শুধু বঙ্গভাগির কেন, পৃথিবীর যে কোনও ভাষার গৌববের সামগ্রী। প্রস্থানি না দেখিলে বিশ্বন হইত না, বাঙ্গালা ভাষায় এইরপ গবেষণাপূর্ণ দর্শনাত্মক প্রস্থারনা করিবার উপযোগী মনীষার এখনও আবির্ভাব হয়। নানা কারণে ভারতবর্ধের সর্বব্রেই এই জাতীয় আলোচনা ইংরাজি ভাষাতেই হইয়া থাকে। কিন্তু এ কথা বেশ জোর করিয়াই বলা যাইতে পারে, বেদান্ত-দর্শন সম্বন্ধে এরপ তথাপূর্ণ গ্রন্থ ইংরাজি ভাষাতে অথবা অন্ত কোনও পাশ্চাত্য ভাষাতেও নাই।

আমরা এই গ্রন্থ পাঠ করিয়া সাতিশয় উপকৃত হইয়াছি। বেদান্তান্থরাগী ব্যক্তিমাত্তের পক্ষে এই গ্রন্থের অধ্যয়ন অবশুক্তিব্য—অপরিহার্য। ইহার গ্রাহ্কসংখ্যা ক্রমশ: বন্ধিত না হইলে বাঙ্গালাদেশের ও বাঙ্গালীর ত্র্ভাগ্য বলিতে হইবে।

শ্রীযুক্ত মহেশ চন্দ্র ঘোষ—প্রবাসী, ফাল্পন, ১৩৩২

। বাহারা বেদাস্তদর্শনের ইতিহাস জানিতে চাহেন তাহার।
 এই গ্রন্থ পাঠ করিলে উপকৃত হইবেন। গ্রন্থ অতি উপাদেয় হইয়াছে।
 এপ্রকার গ্রন্থ আর প্রকাশিত হয় নাই।

গ্রন্থকার প্রণীত

১। রাজনীতি (২য় সংস্করণ)	٥,
২। সবলতা ও তুর্ববলতা (২য় সংস্করণ)	110
৩। শীৰিসহিমত্তোত্ৰ ও মণিরত্নমালা (২য় সংক্রণ)	10
৪। সামবেদীয় সন্ধ্যা-পদ্ধতি (২য় সংস্করণ)	10
৫। তর্পণ্ন ও অন্ত্যেষ্টিক্রিয়া-বিধি	/•
৬। বেদান্ত-দ র্শ নের ইতিহাস—	
১ম ভাগ—	8
২য় ভাগ—	o <
৩য় ভ†গ—	9 \

প্রাথিস্থান :--

(১) শ্রীশঙ্করমর্চ, বরিশাল

়। কর্মতত্ত্ব (যন্ত্রস্থ)

(২) সরস্বতী পুস্তকালয়,

৯, রমানাথ মজুমদার খ্রীট, কলিকাতা

এবং

কলিকাতা প্রধান প্রধান পুস্তকালয়।